**Q.** Log 2 + Log 4 + Log 8 + .....ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

a) 45 $\log_2$ b) 55 $\log_2$
c) 65 $\log_2$ d) 75 $\log_2$ **ans. B**

**Solution:** log 2 + log 4 + log 8 + ... 10 তম পদ পর্যন্ত

= log 2 + 2log 2 + 3log 2 + ..... 10 তম পদ পর্যন্ত

= log 2 (1 + 2 + 3 + ----- + 10)

$= \log 2 \left\{\frac{(10+1)10}{2}\right\}$

$\left[\because 1 + 2 + 3 + ..... + 10 = \frac{n(n+1)}{2}\right]$

= 55 log 2

***Alternative:*** log2 + log4 + log8 + ---- ১০ম পদ পর্যন্ত

$= \log 2^1 + \log 2^2 + \log 2^3 +$ ---------- $+ \log 2^{10}$

$= \log (2^1 . 2^2 . 2^3 . 2^4 . 2^5 . 2^6 . 2^7 . 2^8 . 2^9 . 2^{10})$

$= \log 2^{1+2+3+4+5+6+7+8+9+10}$

$= \log 2^{55} = 55 \log 2.$

**Q.** একটি ৪৮ মিটার লম্বা খুঁটি ভেঙ্গে গিয়ে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোন উৎপন্ন করে। খুঁটিটি কত উঁচুতে ভেঙ্গেছিল?

a) ১৪ মিটার b) ১৬ মিটার
c) ১৮ মিটার d) ২০ মিটার **ans. B**

**Solution:** অংকটি কিভাবে চিনবেন: খুঁটিটি সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হবে না বা ভাঙ্গবে না।

\# ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করবে।

***Shortcut Formula:*** কত উঁচুতে ভেঙ্গে ছিল $= \frac{\text{খুঁটির দৈর্ঘ্য}}{৩}$

***Solution:*** কত উঁচুতে ভেঙ্গে ছিল $= \frac{48}{3} = 16.$

**Details / Written Solution:**

মনে করি, খুঁটিটি মাটি হতে $x$ ফুট উঁচুতে ভেঙ্গে ছিল।

অতএব, ভাঙ্গা অংশের দৈর্ঘ্য $= (48 - x)$ ফুট


$\text{Sin } 30° = \frac{\text{লম্ব}}{\text{অতিভূজ}} = \frac{x}{48 - x}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{x}{48 - x}$

$\Rightarrow 48 - x = 2x$

$\Rightarrow 3x = 48$

$\Rightarrow x = 16$




Recent Publication

## বাংলাদেশ ডাক বিভাগ

পদের নামঃ পোস্টাল অপারেটর

তারিখঃ ১৩.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** ১০ সেন্টিমিটার ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অর্ন্তলিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?

a) ১০০ b) ২০০

c) ৪০০ d) ৯৮ ***ans.* B**


***Solution:*** এখানে, বৃত্তের ব্যাসার্ধ OD = ১০

∴ ব্যাস, BD = ১০ × ২ = ২০

ধরি, ABCD বর্গের একবাহুর দৈর্ঘ্য $a$

∴ কর্ণের দৈর্ঘ্য $a\sqrt{২}$ একক

∴ $a\sqrt{২} = ২০$




$\Rightarrow a = \frac{২০}{\sqrt{২}}$

$\Rightarrow a^২ = \left(\frac{২০}{\sqrt{২}}\right)^২ = \frac{৪০০}{২} = ২০০$ বর্গ একক

**Q.** $\frac{\sqrt{২}}{\sqrt{৬}+২}$ = কত?

a) $\sqrt{৩}+৩$ b) $\sqrt{২}-\sqrt{২}$

c) $\sqrt{৩}+২$ d) $\sqrt{৩}-\sqrt{২}$ ***ans.* D**

***Solution:*** দেয়া আছে, $\frac{\sqrt{২}}{\sqrt{৬}+২} = \frac{\sqrt{২}}{\sqrt{৩}\times\sqrt{২}+\sqrt{২}\times\sqrt{২}}$

$= \frac{\sqrt{২}}{\sqrt{২}(\sqrt{৩}+\sqrt{২})} = \frac{১}{\sqrt{৩}+\sqrt{২}}$

$= \frac{\sqrt{৩}-\sqrt{২}}{১} = \sqrt{৩}-\sqrt{২}$

**Q.** ৩০ ÷ $\frac{১}{২}$ + ১০ = কত?

a) ৭০ b) ৬০

c) ২৫ d) ৩০ ***ans.* A**

***Solution:*** দেয়া আছে, ৩০ ÷ $\frac{১}{২}$ + ১০ = ৩০ × ২ + ১০

= ৬০ + ১০ = ৭০

**Q.** দুটি ক্রমিকপূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের অন্তর ৪৯

a) ২১, ২২ b) ২২, ২৩

c) ২৪, ২৫ d) ২০, ২২ ***ans.* C**

***Solution:*** একটি সংখ্যা = $\frac{৪৯+১}{২} = ২৫$

অপর সংখ্যা = $\frac{৪৯-১}{২} = ২৪$

**Q.** একটি ৫১ মিটার লম্বা গাছ ভেঙ্গে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০ ডিগ্রি কোণ উৎপন্ন করে। খুঁটিটি কত উঁচুতে ভেঙ্গে ছিল?


a) ১৬ মিটার b) ১৭ মিটার

c) ১৮ মিটার d) ২০ মিটার ***ans.* B**

***Solution:*** ধরি, খুঁটিটি মাটি হতে $x$ ফুট উঁচুতে ভেঙ্গেছিল।

∴ ভাঙ্গা অংশের দৈর্ঘ্য = (৫১ − $x$) মিটার

প্রশ্নমতে, Sin ৩০° = $\frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{x}{৫১-x}$




$\Rightarrow \frac{১}{২} = \frac{x}{৫১-x}$

$\Rightarrow ২x = ৫১ - x$

$\Rightarrow ৩x = ৫১$

∴ $x = \frac{৫১}{৩} = ১৭$ মিটার

***Shortcut:*** কত উঁচুতে ভেঙ্গে ছিল = $\frac{\text{খুঁটির দৈর্ঘ্য}}{৩} = \frac{৫১}{৩} = ১৭$ মিটার।

**Q.** $\log_4 64$ = কত?

a) 4 b) 3

c) 5 d) 16 ***ans.* B**

***Solution:*** দেয়া আছে, $\log_4 64 = \log_4 4^3 = 3\log_4 4$

$= 3 \times 1 = 3$

**Q.** ১ মাইলে কত মিটার?

a) ১,৬৭০ b) ১,৬০৯

c) ১,৭০৯ d) ১,৭৭০ ***ans.* B**

***Solution:*** ১ মাইল = ১৬০৯.৩৪ মিটার।

**Q.** দুজন ব্যক্তি পরস্পরের সাথে ৯০ ডিগ্রি কোণে একটি বিন্দু হতে যাত্রা করে ১ ঘণ্টা পর যথাক্রমে ৫ কিলোমিটার এবং ৭ কিলোমিটার দূরত্ব অতিক্রম করলে তাদের মধ্যে আড়াআড়ি দূরত্ব কত?

a) ৮.৬০ কিমি b) ৭.৪ কিমি

c) ২৫ কিমি d) ৪৯ কিমি ***ans.* A**

***Solution:*** ধরি, তারা A বিন্দু হতে যাত্রা শুরু করে।

∴ ১ ঘণ্টা পর তাদের আড়িআড়ি দূরত্ব হবে BC.


যা ABC ত্রিভুজের অতিভুজ।

অতএব, পিথাগোরাসের সূত্রানুযায়ী

$BC^2 = AB^2 + AC^2$

$= 5^2 + 7^2 = 25 + 49 = 74$

∴ $BC = \sqrt{74} = 8.6\ km$




**Q.** ০.০২ এর ৫% কত?

a) ০.০০২ b) ০.০০৩

c) ০.০০৫ d) ০.০০১ ***ans.* D**

***Solution:*** দেয়া আছে, ০.০২ × $\frac{৫}{১০০}$ = ০.০০১

**Q.** ১২০% কে ভগ্নাংশ আকারে কত লেখা হয়?

a) $\frac{৬}{৫}$ b) $\frac{৬}{৭}$

c) $\frac{৫}{৪}$ d) $\frac{৭}{৩}$ ***ans.* A**

***Solution:*** দেয়া আছে, ১২০% = $\frac{১২০}{১০০} = \frac{১২}{১০} = \frac{৬}{৫}$

**Q.** একটি গাড়ি ঘণ্টায় ১২০ কিলোমিটার বেগে চলে ২ মিনিট ৪০ সেকেন্ডে কত দূর যাবে?

a) ৬.৩৫ কিমি b) ৫.৩৩ কিমি

c) ১৩.৭৫ কিমি d) ৭.১২ কিমি ***ans.* B**

Recent Publications

**Solution:** এখানে, ১ কিলোমিটার = ১০০০ মিটার

∴ ১২০ কিলোমিটার = ১২০ × ১,০০০ = ১২০০০০ মিটার

এবং ১ ঘণ্টা = ৩৬০০ সেকেন্ড

এখন, ২ মিনিট ৪০ সেকেন্ড = ১২০ + ৪০ = ১৬০ সেকেন্ড

গাড়িটি ৩৬০০ সেকেন্ডে যায় = ১২০০০০ মিটার

∴ গাড়িটি ১৬০ সেকেন্ডে যায় = $\frac{১২০০০০ \times ১৬০}{৩৬০০}$ মিটার

= ৫,৩৩৩.৩৩ মিটার = ৫.৩৩ কিমি

**Q.** ২ পাউন্ডে কত কেজি?

a) ১ কেজি b) ০.৮৭০ কেজি

c) ০.৪৫৪ কেজি d) ০.৯০৮ কেজি **ans. D**

**Solution:** আমরা জানি, ১ পাউন্ড = ০.৪৫৪ কেজি।

∴ ২ পাউন্ড = ২ × ০.৪৫৪ = ০.৯০৮ কেজি।

**Q.** ২০ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল ২০০ এর ৩% এর সমান হবে?

a) ৬ b) ১৫

c) ৫ d) ১৪ **ans. D**

**Solution:** ধরি, ২০ থেকে $x$ বিয়োগ করলে বিয়োগফল ২০০ এর ৩% হবে।

অর্থাৎ ২০ − $x$ = ২০০ এর ৩%

$\Rightarrow$ ২০ − $x = \frac{২০০ \times ৩}{১০০} = ৬$

∴ $x$ = ২০ − ৬ = ১৪

অর্থাৎ ১৪ বিয়োগ করতে হবে।

**Q.** একটি কোণের দ্বিগুণ ৫০ ডিগ্রি হলে, তার পূরক কোণ কত?

a) ৬০ ডিগ্রি b) ৪০ ডিগ্রি

c) ৬৫ ডিগ্রি d) ১৩০ ডিগ্রি **ans. C**

**Solution:** ২৫° কোণের দ্বিগুণ ৫০°।

দুইটি কোণের সমষ্টি ৯০° হলে একটিকে অপরটির পূরক কোণ বলে।

∴ ২৫° কোণের পূরক কোণ (৯০° − ২৫°) = ৬৫°

**Q.** বার্ষিক ৫% হার সরল মুনাফায় ১,০০০ টাকায় ২ বছরের সুদ কত?

a) ২০ টাকা b) ১০০ টাকা

c) ২০০ টাকা d) ৩৫০ টাকা **ans. B**

**Solution:** জানা আছে, সরল মুনাফার সূত্র, $I = \frac{prn}{100}$

∴ $I = \frac{১০০০ \times ৫ \times ২}{১০০}$ = ১০০ টাকা

এখানে, I = মুনাফা; $p$ = আসল; $r$ = মুনাফার হার; $n$ = বছর

**Q.** ১ থেকে ২৫ এর মধ্যে মৌলিক সংখ্যা কত?

a) ৭টি b) ৮টি

c) ৯টি d) ১০টি **ans. C**

**Solution:** ১ হতে ২৫ এর মধ্যে ৯টি মৌলিক সংখ্যা রয়েছে। যথাঃ ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯ এবং ২৩।

**Q.** $a - \{a - (a + 2)\}$ = কত?

a) $a + 2$ b) $a - 2$

c) $a - 1$ d) $a + 1$ **ans. A**

**Solution:** $a - \{a - (a + 2)\} = a - \{a - a - 2\}$

∴ $a - (-2) = a + 2$

**Q.** কোন সংখ্যার ১০% হয় ১৫?

a) ৩০০ b) ১৫০

c) ২০০ d) ২৫০ **ans. B**

**Solution:** ধরি, $x$ এর ১০% হলো ১৫

অর্থাৎ $x$ এর ১০% = ১৫

$\Rightarrow \frac{১০x}{১০০} = ১৫$

$\Rightarrow \frac{x}{১০} = ১৫$

∴ $x$ = ১৫০

অর্থাৎ সংখ্যাটি ১৫০

**Q.** ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে ভাজ্য কত?

a) ০.০২৫ b) ০.০২০

c) ০.২৫ d) ০.৫০ **ans. A**

**Solution:** দেয়া আছে, ভাজক = ০.৫ যা ভাগফলের ১০ গুণ।

∴ ভাগফল = $\frac{০.৫}{১০}$ = ০.০৫

আমরা জানি, ভাজ্য = ভাজক × ভাগফল

∴ ভাজ্য = ০.৫ × ০.০৫ = ০.০২৫

**Q.** ৭৫ টাকায় ১৫টি ডিম কিনে ৯০ টাকায় বিক্রি করলে কত % লাভ হবে?

a) ১৬% b) ২০%

c) ৩০% d) ১৫% **ans. B**

**Solution:** ৭৫ টাকায় কিনে ৯০ টাকায় বিক্রয় করলে,

লাভ হয় = ৯০ - ৭৫ = ১৫ টাকা

৭৫ টাকায় লাভ হয় = ১৫ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় = $\frac{১৫ \times ১০০}{৭৫}$ = ২০ টাকা বা ২০%

## পোস্টমাস্টার জেনারেল, রাজশাহী

পদের নামঃ পোস্টাল অপারেটর

তারিখঃ ২০.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** একটি প্রকৃত ভগ্নাংশের হর লব অপেক্ষা ৪ বেশি। ভগ্নাংশটি বর্গ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তার হর লব অপেক্ষা ৪০ বেশি। ভগ্নাংশটি কত?

a) $\frac{৩}{৫}$ b) $\frac{৫}{৯}$

c) $\frac{৩}{৭}$ d) $\frac{৫}{৩}$ **ans. C**

**Solution:** ধরি, ভগ্নাংশের লব = $x$

∴ ভগ্নাংশের হর = $(x + 4)$

∴ ভগ্নাংশটি হবে = $\frac{x}{x+4}$

প্রশ্নমতে, $(x + 4)^2 - x^2 = 40$

$\Rightarrow x^2 + 2 \times x \times 4 + 4^2 - x^2 = 40$

$\Rightarrow x^2 + 8x + 16 - x^2 = 40$

$\Rightarrow 8x + 16 = 40$

$\Rightarrow 8x = 40 - 16 = 24$

∴ $x = \frac{24}{8} = 3$

∴ লব = 3 এবং হর = 3 + 4 = 7

∴ নির্ণেয় ভগ্নাংশ = $\frac{3}{7}$

Recent Publications

**Q.** দুই অংকবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অংকটি দশক স্থানীয় অংক অপেক্ষা ২ বেশি। অংকদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যাবে তা প্রদত্ত সংখ্যার দ্বিগুণ অপেক্ষা থেকে ৬ কম হবে। সংখ্যাটি নির্ণয় করুন।

a) ১৫ b) ৩৫
c) ২৪ d) ৪৫ **ans. C**

***Solution:*** ধরি, একক স্থানীয় অঙ্ক $x$ ও দশক স্থানীয় অঙ্ক $y$

$\therefore$ সংখ্যাটি $= (১০y + x)$

১ম শর্তমতে, $x = y + ২$ ..... $(i)$

২য় শর্তমতে, $২(১০y + x) = (১০y + x) + ৬$ ... $(ii)$

এখন $(ii)$ নং সমীকরণ হতে পাই,

$২(১০y + x) = ১০x + y + ৬$

$\Rightarrow$ $২০y + ২x = ১০x + y + ৬$

$\Rightarrow$ $১৯y - ৮x = ৬$

$\Rightarrow$ $১৯y - ৮(y + ২) = ৬$

$\Rightarrow$ $১৯y - ৮y - ১৬ = ৬$

$\Rightarrow$ $১১y = ২২$

$\therefore$ $y = ২$

এখন $y$ এর মান $(i)$ নং সমীকরণে বসাই,

$x = y + ২ = ২ + ২ = ৪$

$\therefore$ $x = ৪$

$\therefore$ নির্ণেয় সংখ্যা $= ১০ \times (২ + ৪) = ২০ + ৪ = ২৪$

**Q.** সমাধান করুন: $(y - 1)(y + 2) = (y + 4)(y - 2)$

a) $y = 11$ b) $y = 23$
c) $y = 6$ d) $y = 19$ **ans. C**

***Solution:*** দেয়া আছে, $(y - 1)(y + 2) = (y + 4)(y - 2)$

$\Rightarrow$ $y^2 + 2y - y - 2 = y^2 - 2y + 4y - 8$

$\Rightarrow$ $y^2 + y - 2 = y^2 + 2y - 8$

$\Rightarrow$ $y - 2y = -8 + 2$

$\therefore$ $y = -8$

**Q.** যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

a) ৩০% b) ২০%
c) ২৫% d) ২১% **ans. D**

***Solution:*** % বৃদ্ধি / হ্রাস $= A + B + \frac{A \times B}{100}$

***Exam Shortcut:*** এখানে $A = B = +10$

$\% C = 10 + 10 + \frac{10 \times 10}{100} = 21\%$

**Q.** পিতার ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ ঃ ২। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত হবে ৮ ঃ ৩। বর্তমানে তাদের বয়স কত?

a) পিতা ৪৩ পুত্র ৮ b) পিতা ৫২ পুত্র ১৪
c) পিতা ৩৫ পুত্র ১০ d) পিতা ৪২ পুত্র ৭ **ans. C**

***Solution:*** ধরি, পিতার বর্তমান বয়স $৭x$ বছর।

এবং পুত্রের বয়স $২x$ বছর।

এখন ৫ বছর পর পিতার বয়স হবে $= (৭x + ৫)$ বছর।

এবং ৫ বছর পর পুত্রের বয়স হবে $= (২x + ৫)$ বছর।

প্রশ্নমতে, $\frac{৭x + ৫}{২x + ৫} = \frac{৮}{৩}$

$\Rightarrow$ $২১x + ১৫ = ১৬x + ৪০$

$\Rightarrow$ $২১x - ১৬x = ৪০ - ১৫$

$\Rightarrow$ $৫x = ২৫$

$\therefore$ $x = \frac{২৫}{৫} = ৫$

অতএব, পুত্রের বর্তমান বয়স $= ২ \times ৫ = ১০$ বছর।

এবং পিতার বর্তমান বয়স $= ৭ \times ৫ = ৩৫$ বছর।

**Q.** ৬৪ মিটার লম্বা একটি খুঁটি ভেঙ্গে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৬০ ডিগ্রী কোন উৎপন্ন করে। খুঁটিটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য কত?


a) ৪৪.৭৮৫ b) ৩৫.৩২৫
c) ২৭.৫০৩ d) ৩৪.৩১ **ans. D**

***Solution:*** ধরি, AB খুঁটি যার ভাঙ্গা অংশ AD = CD যা ভূমি BC এর সাথে $60°$ কোণ উৎপন্ন করেছে।

এখানে, AB = 64; AD = $x$

$\therefore$ BD = $(64 - x)$ মিটার।

$\therefore$ AD = CD = $x$ মিটার।




এখানে, $\text{Sin } 60° = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{64 - x}{x}$

$\Rightarrow$ $\frac{\sqrt{3}}{2} = \frac{64 - x}{x}$

$\Rightarrow$ $\sqrt{3}x = 128 - 2x$

$\Rightarrow$ $1.73x + 2x = 128$

$\Rightarrow$ $3.73x = 128$

$\therefore$ $x = \frac{128}{3.73} = 34.31$

অর্থাৎ ভাঙ্গা অংশের দৈর্ঘ্য 34.31 মিটার।

**Q.** একটি শ্রেণীর প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩টি বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন ছাত্রের দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণীর ছাত্র কত?

a) ৭০ b) ৬৫
c) ৭৩ d) ৬০ **ans. D**

***Solution:*** ধরি, ছাত্র সংখ্যা $y$ জন এবং বেঞ্চ সংখ্যা $x$ টি

প্রশ্নমতে, $y = 4x - (3 \times 4) = 4x - 12$ [4 জনের 3টি বেঞ্চ খালি থাকে]

$\Rightarrow$ $4x - y = 12$ ..... $(i)$

আবার, ২য় প্রশ্নমতে, $y = 3x + 6$

$\Rightarrow$ $3x - y = -6$ ..... $(ii)$

$(i)$ নং থেকে $(ii)$ নং সমীকরণ বিয়োগ করে পাই,

$4x - y = 12$

$3x - y = -6$

(–) ———————

$x = 18$

এখন, $x$ এর মান $(i)$ নং সমীকরণে বসাই,

$4x - y = 12$

$\Rightarrow$ $(4 \times 18) - y = 12$

$\therefore$ $y = 72 - 12 = 60$

অতএব, নির্ণেয় শিক্ষার্থীর সংখ্যা 60 জন।

AMCAT Online

**Q.** একটি বাগানের দৈর্ঘ্য ৫০ মিটার এবং প্রস্থ ৪০ মিটার। এর বাইরে একটা চওড়া রাস্তা আছে। রাস্তায় ক্ষেত্রফল ১২০০ বর্গমিটার হলে, রাস্তাটি কত মিটার চওড়া?

a) ১২ মিটার b) ৯ মিটার
c) ৫ মিটার d) ৭ মিটার **ans. C**

***Solution:*** ধরি, চওড়া $x$ মিটার।
অতএব, রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য $= (৫০ - ২x)$ মিটার
রাস্তাবাদে বাগানের প্রস্থ $= (৪০ - ২x)$ মিটার
প্রশ্নমতে, $(৫০ - ২x)(৪০ - ২x) = ১,২০০$
$\Rightarrow$ $২,০০০ - ১০০x - ৮০x + ৪x^2 - ১,২০০ = 0$
$\Rightarrow$ $৪x^2 - ১৮০x + ৮০০ = 0$
$\Rightarrow$ $x^2 - ৪৫x + ২০০ = 0$
$\Rightarrow$ $x^2 - ৪০x - ৫x + ২০০ = 0$
$\Rightarrow$ $x(x - ৪০) - ৫(x - ৪০) = 0$
$\Rightarrow$ $(x - ৪০)(x - ৫) = 0$
এখানে, $x - ৪০ = 0$ অথবা, $x - ৫ = 0$
$\therefore x = ৪০$ $\therefore x = ৫$
কিন্তু, এটা গ্রহণীয় নয়।
অতএব, রাস্তাটির চওড়া হলো ৫ মিটার।

**Q.** আব্দুল করিম সাহেব তার ৫৬০০০ টাকার কিছু টাকা বার্ষিক ১২% মুনাফায় এবং বাকি টাকা বার্ষিক ১০% মুনাফায় বিনিয়োগ করলেন। এক বছর পর তিনি মোট ৬৪০০ টাকা মুনাফা পেলেন। তিনি ১২% মুনাফায় কত টাকা বিনিয়োগ করেছেন?

a) ৫৬০০০ টাকা b) ৪০০০০ টাকা
c) ৪৩০০০ টাকা d) ৫০০০০ টাকা **ans. B**

***Solution:*** ধরি, তিনি ১২% মুনাফায় $x$ টাকা বিনিয়োগ করেছিলেন
১২% হারে ১০০ টাকায় ১ বছরের সুদ = ১২ টাকা
$\therefore$ $x$ টাকায় ১ বছরের সুদ $= \frac{১২x}{১০০} = \frac{৩x}{২৫}$ টাকা
$\therefore$ ১০% হারে বিনিয়োগ করে $= ৫৬,০০০ - x$
১০% হারে ১০০ টাকায় ১ বছরের সুদ = ১০ টাকা
$\therefore$ ১০% হারে $৫৬,০০০ - x$ টাকায় ১ বছরের সুদ
$= \frac{১০ \times (৫৬০০০ - x)}{১০০} = \frac{৫৬০০০ - x}{১০}$ টাকা
প্রশ্নমতে, $\frac{৩x}{২৫} + \frac{৫৬০০০ - x}{১০} = ৬,৪০০$
$\Rightarrow$ $\frac{৬x + ২৮০০০০ - ৫x}{৫০} = ৬,৪০০$
$\Rightarrow$ $৬x - ৫x = (৬,৪০০ \times ৫০) - ২,৮০,০০০$
$\therefore$ $x = ৩,২০,০০০ - ২,৮০,০০০ = ৪০,০০০$
$\therefore$ তিনি ১২% হার মুনাফায় ৪০,০০০ টাকা বিনিয়োগ করেছিলেন।

**Q.** $x^2 - 8x - 8y + 16 + y^2$ এর কত সঙ্গে যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?

a) $-2xy$ b) $8xy$
c) $6xy$ d) $2xy$ **ans. D**

***Solution:*** দেয়া আছে, $x^2 - 8x - 8y + 16 + y^2$
$= (-x)^2 + (-y)^2 + 4^2 + 2(-x)(-y) + 2(-y).4 + 2.4.(-x) - 2xy.$
$= (-x - y + 4)^2 - 2xy.$

**Q.** ক, খ, গ এর মধ্যে ২৬০ টাকা এরূপে ভাগ করে দাও যেন ক এর অংশের দ্বিগুণ, খ এর অংশের ৩ গুণ এবং গ এর অংশের ৪ গুণ পরস্পর সমান হয়।

a) ১৩০, ৭০, ৫০ b) ১০০, ৩০, ৫০
c) ১২০, ৮০, ৬০ d) ১১৫, ৪০, ৮০ **ans. C**

***Solution:*** এখানে ধরি, ২ক = ৩
$\Rightarrow$ ক ঃ খ = ৩ ঃ ২
$\therefore$ ক ঃ খ = ১২ ঃ ৮ [৪ দ্বারা ভাগ করে]
আবার, ৩খ = ৪গ
$\Rightarrow$ খ ঃ গ = ৪ ঃ ৩
$\therefore$ খ ঃ গ = ৮ ঃ ৬ [২ দ্বারা ভাগ করে]
অতএব, ক ঃ খ ঃ গ = ১২ ঃ ৮ ঃ ৬
অতএব, ক পাবে = ২৬০ এর $\frac{১২}{১২ + ৮ + ৬}$
= ২৬০ এর $\frac{১২}{২৬}$ = ১২০ টাকা
$\therefore$ খ পাবে = ২৬০ এর $\frac{৮}{১২ + ৮ + ৬}$ = ২৬০ এর $\frac{৮}{২৬}$
= ৮০ টাকা
$\therefore$ গ পাবে = ২৬০ এর $\frac{৬}{১২ + ৮ + ৬}$ = ২৬০ এর $\frac{৬}{২৬}$
= ৬০ টাকা
$\therefore$ ক পাবে ১২০ টাকা; খ পাবে ৮০ টাকা; গ পাবে ৬০ টাকা।

**Q.** $x^2 + 13x + 36$ উৎপাদকে বিশ্লেষণ করুন:

a) $(x + 4)(x + 9)$ b) $(x + 5)(x + 8)$
c) $(x + 3)(x + 7)$ d) $(x + 4)(x + 5)$ **ans. A**

***Solution:*** দেয়া আছে, $x^2 + 13x + 36$
$= x^2 + 9x + 4x + 36$
$= x(x + 9) + 4(x + 9)$
$= (x + 9)(x + 4)$

**Q.** কোনো শ্রেণিতে যতজন ছাত্র- ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠীর সমান টাকা চাঁদা দেওয়ায় মোট ৪২০ টাকা চাঁদা উঠলো। ঐ শ্রেণির ছাত্রছাত্রীর সংখ্যা কত?

a) ৩০ জন ১৫ টাকা b) ২১ জন ২০ টাকা
c) ২৫ জন ১৩ টাকা d) ৩২ জন ১২ টাকা **ans. B**

***Solution:*** ধরি, ঐ শ্রেণীতে ছাত্র-ছাত্রী আছে '$x$' জন।
$\therefore$ প্রত্যেকের সহপাঠীর সংখ্যা $= (x - ১)$ জন
প্রশ্নমতে, $x(x - ১) = ৪২০$
$\Rightarrow$ $x^২ - x = ৪২০$
$\Rightarrow$ $x^২ - x - ৪২০ = ০$
$\Rightarrow$ $x^২ - ২১x + ২০x - ৪২০ = ০$
$\Rightarrow$ $x(x - ২১) + ২০(x - ২১) = ০$
$\Rightarrow$ $(x + ২০)(x - ২১) = ০$
$\therefore$ $x = ২১$ [ছাত্র-ছাত্রী ঋণাত্মক হয় না;
তাই $x = -২০$ গ্রহণযোগ্য নয়

**Q.** মিতা একটি কাজ ১০ দিনে করতে পারে। রিতা সে কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?

a) ১০ দিন b) ১৫
c) ২০ দিন d) ৬ দিন **ans. D**

Recent Publications

**Solution:** মিতা একদিনে করে $\frac{১}{১০}$ অংশ কাজ।

এবং রিতা একদিনে করে $\frac{১}{১৫}$ অংশ কাজ।

∴ দুই জন একত্রে একদিনে করে

$= \frac{১}{১০} + \frac{১}{১৫} = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$ অংশ কাজ।

$\frac{১}{৬}$ অংশ কাজ করে = ১ দিনে

∴ ১ বা সমস্ত অংশ কাজ করে $= \frac{১ \times ৬}{১} = ৬$ দিনে।

**Q. একজন মাঝির দাঁড় বেয়ে ১৫ কিলোমিটার যেতে এবং সেখান থেকে ফিরে আসতে ৪ ঘন্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে ৫ কিলোমিটার যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে ৩ কিলোমিটার যায় দাঁড়ের বেগ ও স্রোতের বেগ কত?**

a) দাঁড়ের ও স্রোতের বেগ যথাক্রমে ৮ এবং ২ কি.মি./ ঘণ্টা
b) দাঁড়ের ও স্রোতের বেগ যথাক্রমে ৬ এবং ৪ কি.মি./ ঘণ্টা
c) দাঁড়ের ও স্রোতের বেগ যথাক্রমে ৯ এবং ৩ কি.মি./ ঘণ্টা
d) দাঁড়ের ও স্রোতের বেগ যথাক্রমে ৫ এবং ২ কি.মি./ ঘণ্টা

**ans. A**

**Solution:** ধরি, নৌকার বেগ $x$ kmph

এবং স্রোতের বেগ $y$ kmph

∴ স্রোতের অনুকূলে দাঁড়ের বেগ $= (x + y)$ *kmph*

এবং স্রোতের প্রতিকূলে দাঁড়ের বেগ $= (x - y)$ *kmph*

প্রশ্নমতে, $\frac{15}{x+y} + \frac{15}{x-y} = 4$ ..... $(i)$

এবং $\frac{5}{x+y} = \frac{3}{x-y}$ ..... $(ii)$

এখন $(ii)$ নং সমীকরণ হতে পাই,

$\frac{5}{x+y} = \frac{3}{x-y}$

$\Rightarrow 5x - 5y = 3x + 3y$

$\Rightarrow 2x = 8y$

$\therefore x = 4y$..... $(iii)$

এখন, $y$ এর মান $(iii)$ নং সমীকরণে বসাই

$x = 4y$

$\therefore x = 4 \times 2 = 8$

এখন $x$ এর মান $(i)$ নং সমীকরণে বসাই

$\frac{15}{x+y} + \frac{15}{x-y} = 4$

$\Rightarrow \frac{15}{4y+y} + \frac{15}{4y-y} = 4$

$\Rightarrow \frac{15}{5y} + \frac{15}{3y} = 4$

$\Rightarrow \frac{3}{y} + \frac{5}{y} = 4$

$\Rightarrow \frac{3+5}{y} = 4$

$\Rightarrow \frac{8}{y} = 4$

$\Rightarrow \frac{2}{y} = 1$

$\therefore y = 2$

উত্তরঃ দাঁড়ের বেগ 8 *kmph* এবং স্রোতের বেগ 2 *kmph*

## গণপূর্ত অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২০.০৫.২০২৩; সময়ঃ ৩০ মিনিট; পূর্ণমানঃ ১০০

**Q. ১ ইঞ্চি = কত সেন্টিমিটার?**

a) ২.৫ b) ২.৫৪
c) ২.৪৫ d) ৩.১ **ans. B**


**Solution:** ১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার (প্রায়)।

| | |
|---|---|
| ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি (প্রায়) | ১ গজ = ০.৯১৪৪ মিটার (প্রায়) |
| ১ কিঃমিঃ = ০.৬২ মাইল (প্রায়) | ১ মাইল = ১.৬১ কিঃমিঃ (প্রায়) |

**Q. সমকোণে কত ডিগ্রি হয়?**

a) ৪৫ b) ৯০
c) ১৮০ d) ৩৬০ **ans. B**

**Solution:** যদি একই রেখার ওপর অবস্থিত দুইটি সন্নিহিত কোণ পরস্পর সমান হয়, তবে কোণ দুইটির প্রত্যেকটি সমকোণ।




$\angle A = 90°$

**Q. ৩ ভাইয়ের বয়সের গড় ১৬ বছর। বাবাসহ তাদের বয়সের গড় ২৫ বছর। বাবার বয়স কত?**

a) ৪২ b) ৫২
c) ৬২ d) ৭২ **ans. B**

**Solution:** তিন ভাইবোনের বয়সের গড় = 16 বছর

∴ তিন ভাইবোনের বয়সের সমষ্টি $= 16 \times 3 = 48$ বছর

পিতাসহ তিন ভাইবোনের বয়সের গড় = 25 বছর

∴ পিতাসহ তিন ভাইবোনের বয়সের সমষ্টি

$= 25 \times 4 = 100$ বছর

∴ পিতার বয়স $= 100 - 48 = 52$ বছর।

**Q. ৬২৫ এর বর্গমূল কত?**

a) ১৫ b) ২৫
c) ৩৫ d) ৪৫ **ans. B**

**Solution:** ৬২৫ এর বর্গমূল হলোঃ $\sqrt{৬২৫} = ২৫$

**Q. 'XII' = কত?**

a) ১২ b) ৫২
c) ১০২ d) ২২ **ans. A**

**Solution:** IX = 9, X = 10, XI = 11, XII = 12

**Q. কোনটি বড়?**

a) ০.০১ b) ০.০০১
c) ০.০০০১ d) ০.১ **ans. D**

**Q. 'π' এর মান কত?**

a) 3.1614 b) 2.14
c) 3.1416 d) 3.5 **ans. C**

**Solution:** বৃত্তের পরিধি (Circumference) ও ব্যাসের (Diameter) অনুপাতকে $\pi$ বলে। আর 'π' এর মান $\frac{22}{7} =$ 3.1416

**Q. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ২২৫ বর্গমিটার হলে বাহুর দৈর্ঘ্য কত মিটার?**

a) ১৫ b) ২০
c) ২৫ d) ৬০ **ans. A**

Recent Publications

**Solution:** ধরি, বাহুর দৈর্ঘ্য = $a$ মিটার

শর্তানুযায়ী, $a^2 = 225$

$\therefore$ $a = \sqrt{225} = 15$ মিটার

**Q.** দুটি সংখ্যার গুণফল ১২০ এবং গ.সা.গু ১২ হলে সংখ্যা দুটির ল.সা.গু কত?

a) ৫ b) ১০

c) ১৫ d) ২০ **ans. B**

**Solution:** আমরা জানি,

দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

অতএব, দুটি সংখ্যার ল.সা.গু. = $\frac{১২০}{১২} = ১০$

**Q.** কতজন ছাত্রকে ১২৫টি আম ও ১৪৫টি লিচু সমান ভাগে ভাগ করে দেয়া যাবে?

a) ৫ জন b) ১০ জন

c) ১৫ জন d) ২৫ জন **ans. A**

**Solution:** ১২৫ ও ১৪৫ এর গ.সা.গু ই হবে নির্ণেয় সংখ্যা।

১২৫) ১৪৫(১
১২৫
---
২০)১২৫(৬
১২০
---
৫) ২০(৪
২০
---
০

$\therefore$ নির্ণেয় বালকের সংখ্যা ৫ জন।

**Q.** সরল করুনঃ ১ - ১ + ১

a) ১ b) ০

c) - নয় d) কোনটিই নয় **ans. A**

**Solution:** দেয়া আছে, ১ - ১ + ১ = ২ - ১ = ১

**Q.** ত্রিভুজের ক্ষেত্রফল কত?

a) ভূমি × উচ্চতা b) ভূমি + উচ্চতা

c) $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা d) (ভূমি × উচ্চতা)$^2$ **ans. C**

**Solution:** ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা।

সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা।

**Q.** $\frac{৪}{৫}$ = শতকরা কত?

a) ৫০% b) ৭০%

c) ৮০% d) ১২৫% **ans. C**

**Solution:** $\frac{৪}{৫} \times ১০০ = ৮০\%$

**Q.** $x^3 = 64$ হলে $x$ এর মান কত?

a) 3 b) 4

c) 5 d) 6 **ans. B**

**Solution:** দেয়া আছে, $x^3 = 64$

$\Rightarrow$ $x^3 = 4^3$

$\therefore$ $x = 4$

**Q.** $a + b = 7$ এবং $ab = 10$ হলে $(a - b)^2$ এর মান কত?

a) 7 b) 9

c) 11 d) 13 **ans. B**

**Solution:** দেয়া আছে, $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

$= 7^2 - (4 \times 10) = 49 - 40 = 9$

**Q.** ভাজক ১০, ভাগফল ১০, ভাগশেষ ১ হলে ভাজ্য কত?

a) ১০১ b) ২০১

c) ৯৯ d) ১১০ **ans. A**

**Solution:** আমরা জানি, ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ

$\Rightarrow$ ভাজ্য = ১০ × ১০ + ১

$\Rightarrow$ ভাজ্য = ১০০ + ১

$\therefore$ ভাজ্য = ১০১

**Q.** বার্ষিক কত হারে ৩,০০০ টাকার ৪ বছরের মুনাফা ১,২০০ টাকা হবে?

a) ২০% b) ১০%

c) ৩০% d) ১৫% **ans. B**

**Solution:** আমরা জানি, সুদ $(I) = prn$

এখানে, $r = ?$, $p = 3,000$; $n = 4$; এবং $I = 1,200$

$\therefore$ $r = \frac{1}{pn} \times 100 = \frac{1200}{3000 \times 4} \times 100 = 10\%$

**Q.** অনুপাত কী?

a) একটি পূর্ণ সংখ্যা b) একটি মৌলিক সংখ্যা

c) একটি জোড় সংখ্যা d) একটি ভগ্নাংশ **ans. D**

**Solution:** দুইটি সমজাতীয় রাশির একটি অপরটির তুলনায় কতগুণ বা কত অংশ তাকে একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়। এই ভগ্নাংশটিকে রাশি দুইটির অনুপাত (Ratio) বলা হয়। উল্লেখ্য, অনুপাত ৭ প্রকার। যথাঃ সরল অনুপাত, মিশ্র বা যৌগিক অনুপাত, ধারাবাহিক অনুপাত, বহুরাশিক অনুপাত, গুরু অনুপাত, লঘু অনুপাত এবং একক অনুপাত।

## সমবায় অধিদপ্তর

**পদের নামঃ সহকারী পরিদর্শক/মহিলা সহকারী পরিদর্শক**

**তারিখঃ ২৬.০৫.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০**

**Q.** ১০০ টাকায় ১০ টি ডিম কিনে ১০০ টাকায় ৮ টি ডিম বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

a) ১৬% b) ২০%

c) ২৫% d) ২৮% **ans. C**

**Solution:** প্রশ্নের ব্যাখ্যাঃ 100 টাকায় 10 টি ডিম ক্রয় করার পর সেই টাকায় অর্থাৎ 100 টাকায় 8 টি ডিম বিক্রয় করলে শতকরা কত লাভ হবে তা নির্ণয় করতে হবে।

**বিস্তারিত সমাধানঃ** 10 টি ডিমের ক্রয়মূল্য = 100 টাকা

$\therefore$ 1 টি ডিমের ক্রয়মূল্য = $\frac{100}{10} = 10$ টাকা

8 টি ডিমের বিক্রয়মূল্য = 100

$\therefore$ 1 টি ডিমের বিক্রয়মূল্য = $\frac{100}{8} = \frac{25}{2}$ টাকা

$\therefore$ লাভ হয় = $\left(\frac{25}{2} - 10\right) = \left(\frac{25 - 20}{2}\right) = \frac{5}{2}$ টাকা

অতএব, শতকরা লাভ হয়

$= \left(\frac{\frac{5}{2}}{10} \times 100\right) = \left(\frac{5}{2} \times \frac{1}{10} \times 100\right)\% = 25\%$

Recent Publications

***Shortcut* সমাধানঃ সূত্রঃ** ক্রয় সংখ্যা বিক্রয় সংখ্যা থেকে 1 বেশি হলে শতকরা লাভ $= \frac{১০০}{\text{বিক্রয় সংখ্যা}}$

***Shortcut* ব্যাখ্যাঃ** 100 টাকায় 10 টি ডিম কিনলে 50 টাকায় কিনে 5 টি

তেমনি 100 টাকা 8 টি ডিম বিক্রয় করলে 50 টাকায় বিক্রি করে 4 টি

যেহেতু এক্ষেত্রে ক্রয় সংখ্যা বিক্রয় সংখ্যা থেকে

$= 5 - 4 = 1$ বেশি

তাই শতকরা লাভ $= \frac{100}{4} = 25\%$.

**Q. $a^2 - 2ab$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?**

a) $b^2$ b) $a^2$

c) $b^3$ d) $ab$ ***ans.* A**

***Solution:*** দেয়া আছে, $a^2 - 2ab$

এখন আমরা জানি, $a^2 - 2ab + b^2 = (a - b)^2$ যা পূর্ণবর্গ। অতএব, $(a^2 - 2ab)$ এর সাথে $b^2$ যোগ করলে তা পূর্ণ বর্গ হবে।

**Q. $a^m \times a^n \times a^{-p}$ = কত?**

a) $a^{mnp}$ b) $a^{m+n-p}$

c) $a^{-mnp}$ d) $a^{-(m+n+p)}$ ***ans.* B**

***Solution:*** দেয়া আছে, $a^m \times a^n \times a^{-p}$

$= a^{m+n-p}$ [কারণ গুণের সময় Power গুলি যোগ হয়]

$\therefore$ $a^m \times a^n \times a^{-p} = a^{m+n-p}$

**Q. একটি চৌবাচ্চার ৬,০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ৩ মিটার এবং প্রস্থ ২ মিটার। চৌবাচ্চার গভীরতা কত?**

a) ১ মিটার b) ২ মিটার

c) ৩ মিটার d) ৪ মিটার ***ans.* A**

***Solution:*** আমরা জানি ১,০০০ লিটার = ১ ঘন মিটার

$\therefore$ চৌবাচ্চাটির গভীরতা $= \frac{৬০০০}{১০০০ \times ৩ \times ২} = ১$ মিটার

**Q. কোন বর্গক্ষেত্রের প্রতি বাহু যদি ১০% বৃদ্ধি পায় তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?**

a) ২০ b) ২১

c) ২২ d) ২৩ ***ans.* B**

***Solution:*** মনে করি, বর্গের বাহুর দৈর্ঘ্য $= x$ একক;

বর্গের ক্ষেত্রফল $= x^2$ বর্গ একক

প্রতি বাহু বৃদ্ধি পায় $= x$ এর $\frac{১০}{১০০}$ একক $= \frac{x}{১০}$ একক

$\therefore$ বাহুর পরিমাণ $= x + \frac{x}{১০} = \frac{১১x}{১০}$ একক

$\therefore$ নতুন বর্গের ক্ষেত্রফল $= \frac{১২১x^২}{১০০}$ বর্গ একক

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি $= \frac{১২১x^২}{১০০} - x^2 = \frac{২১x^২}{১০০}$ বর্গ একক

$\therefore$ শতকরা বৃদ্ধি পায়

$= \left(\frac{\frac{২১x^২}{১০০}}{x^২} \times ১০০\right)\% = \frac{২১x^২}{১০০x^২} \times ১০০ = ২১\%$

***Shortcut:*** $১০ + ১০ + \frac{১০ \times ১০}{১০০} = ২১\%$

**Q. একটি সমকোণী ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য ৫ মিটার এবং ১২ মিটার হলে অতিভুজের দৈর্ঘ্য কত?**

a) ১০ ব.মি. b) ১১ ব.মি.

c) ১২ ব.মি. d) ১৩ব.মি. ***ans.* D**

***Solution:*** পিথাগোরাসের সূত্রানুযায়ী সমকোণী ত্রিভুজের

(অতিভুজ)$^২$ = (ভূমি)$^২$ + (লম্ব)$^২$

$\Rightarrow$ (অতিভুজ)$^২ = ১২^২ + ৫^২ = ১৪৪ + ২৫ = ১৬৯$

$\therefore$ অতিভুজ $= \sqrt{১৬৯} = \sqrt{১৩^২} = ১৩$ মিটার।

**Q. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত?**

a) 6 b) 9

c) 11 d) 12 ***ans.* C**

***Solution:*** $a^2 + \frac{1}{a^2} = \left(a - \frac{1}{a}\right)^2 + 2 \times a \times \frac{1}{a}$

$= 3^2 + 2 = 9 + 2 = 11.$

**Q. ১ হতে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?**

a) ২৩ b) ২৪.৫

c) ২৫ d) ২৫.৫ ***ans.* C**

***Solution:*** আমরা জানি,

গড় $= \frac{\text{শেষ পদ} + \text{প্রথম পদ}}{২} = \frac{৪৯ + ১}{২} = ২৫$

**Q. একটি সংখ্যার সাথে ১৩ যোগ করলে তার $\frac{১}{৩}$ অংশ ঐ সংখ্যার দ্বিগুণের চেয়ে ১ বেশি হয়। সংখ্যাটি কত?**

a) ৬ b) ৫

c) ৩ d) ২ ***ans.* D**

***Solution:*** ধরি, সংখ্যাটি $x$

প্রশ্নমতে, $(x + ১৩)$ এর $\frac{১}{৩} = ২x + ১$

$\Rightarrow$ $x + ১৩ = ৬x + ৩$

$\Rightarrow$ $৬x - x = ১৩ - ৩$

$\Rightarrow$ $৫x = ১০$

$\therefore$ $x = \frac{১০}{৫} = ২$

**Q. যদি $x^2 - 25 = 12$ হয় এবং $x + 5 = 4$ হয় তবে $x - 5$ = কত?**

a) $-6$ b) $-2$

c) 3 d) 14 ***ans.* C**

Recent Publications

**Solution:** দেয়া আছে, $x^2 - 25 = 12$

$\Rightarrow x^2 - 5^2 = 12$

$\Rightarrow (x + 5)(x - 5) = 12$

$\Rightarrow 4(x - 5) = 12$

$\therefore (x - 5) = \frac{12}{4} = 3$

**Q. একটি ত্রিভুজের সর্বোচ্চ কয়টি কোণ স্থূলকোণ হতে পারে?**

a) ১ টি b) ২ টি

c) ৩ টি d) ৪ টি **ans. A**

**Solution:** যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ বা এক সমকোণ অপেক্ষা বড় তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

**Q. ইংরেজি বর্ণমালা থেকে যেমন খুশি টেনে একটি স্বরবর্ণের পাওয়ার সম্ভাবনা কত?**

a) $\frac{৩}{২০}$ b) $\frac{৫}{২৬}$

c) $\frac{১}{২৬}$ d) $\frac{৩}{১৫}$ **ans. B**

**Solution:** ইংরেজি বর্ণমালায় স্বরবর্ণ আছে মোট ৫টি।
আর মোট ইংরেজি বর্ণমালা আছে ২৬টি।

$\therefore$ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{৫}{২৬}$

## পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়

পদের নামঃ মেইল অপারেটর

তারিখঃ ২৬.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৬ এবং তাদের ল.সা.গু ১২০ হলে সংখ্যা দুইটির গ.সা.গু কত?**

a) 4 b) 5

c) 6 d) 8 **ans. A**

**Solution:** ধরি, সংখ্যা দুইটি যথাক্রমে $= ৫x$ এবং $৬x$

$\therefore$ সংখ্যা দুইটির ল.সা.গু. $= ৩০x$

এবং সংখ্যা দুইটির গ.সা.গু. $= x$

প্রশ্নমতে, $৩০x = ১২০$

$\therefore x = \frac{১২০}{৩০} = ৪$

**Q. $4^x = 8$ হলে, $x$ এর মান কত?**

a) $\frac{2}{3}$ b) $\frac{3}{2}$

c) $\frac{3}{4}$ d) $\frac{2}{4}$ **ans. B**

**Solution:** দেয়া আছে, $4^x = 8$

$\Rightarrow 2^{2x} = 2^3$

$\Rightarrow 2x = 3$

$\therefore x = \frac{3}{2}$

**Q. একটি ত্রিভুজের দুইটি কোণের পরিমাণ ৩৫° ও ৫৫°। ত্রিভুজটি কোন ধরনের।**

a) স্থূলকোণী b) সমকোণী

c) সমবাহু d) সমদ্বিবাহু **ans. B**

**Solution:** আমরা জানি, যে ত্রিভুজের একটি কোণ সমকোণ বা ৯০°-র সমান তাকে সমকোণী ত্রিভুজ বলে।

দুটি কোণের সমষ্টি $= ৩৫° + ৫৫° = ৯০°$

$\therefore$ তৃতীয় কোণ $= ১৮০° - ৯০° = ৯০°$

$\therefore$ ত্রিভুজটি সমকোণী।

**Q. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে তার পরিসীমা কত?**

a) ৭০ মিটার b) ৮০ মিটার

c) ৯০ মিটার d) ১০০ মিটার **ans. B**

**Solution:** দৈর্ঘ্য $= \sqrt{300 \times 3} = \sqrt{900} = 30$;

প্রস্থ $= \frac{300}{3} = 10$; পরিসীমা $= 2(30 + 10) = 80$

**Q. যদি $x + 2y = 4$ এবং $xy = 2$ হয়, তবে $x$ = কত?**

a) 2 b) 0

c) 12 d) 1 **ans. A**

**Solution:** দেয়া আছে, $x + 2y = 4$

$\Rightarrow x = 4 - 2y$ ..... $(i)$

আবার, $xy = 2$

$\Rightarrow (4 - 2y)y = 2$ [Putting value]

$\Rightarrow 4y - 2y^2 = 2$

$\Rightarrow 2y^2 - 4y + 2 = 0$

$\Rightarrow 2y^2 - 2y - 2y + 2 = 0$

$\Rightarrow (y - 1)(2y - 2) = 0$

$\Rightarrow y = 1$

$(i)$ নং সমীকরণে মান বসাই

$x = 4 - 2 \times 1$ [Putting value]

$\therefore x = 2$

**Q. ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?**

a) ১১ b) ১৩

c) ১৫ d) ১৭ **ans. C**

**Solution:** ১ হতে ৫০ এর মধ্যে ১৫টি মৌলিক সংখ্যা রয়েছে। যথাঃ ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩ এবং ৪৭।

**Q.** $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২}$ **= কত?**

a) $\frac{১}{৮০}$ b) $\frac{১}{১০০}$

c) $\frac{১}{১০০০}$ d) $\frac{১}{৮}$ **ans. D**

Recent Publications

**Solution:** দেয়া আছে, $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২}$

$= \frac{১ \times ১ \times ১}{২ \times ২ \times ২}$ [উভয়ক্ষেত্রেই দশমিকের পর ৬ ঘর আছে]

$= \frac{১}{৮}$

**Q.** $x + \frac{1}{x} = 5$ হয় তবে $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত?

a) $-4$ b) $4$

c) $\frac{1}{6}$ d) $\frac{3}{4}$ **ans. C**

**Solution:** দেয়া আছে, $x + \frac{1}{x} = 5$

$\Rightarrow x^2 + 1 = 5x$

$\therefore \frac{x}{x^2 + x + 1} = \frac{x}{(x^2 + 1) + x} = \frac{x}{5x + x}$ [মান বসিয়ে]

$= \frac{x}{6x} = \frac{1}{6}$

**Q.** ক ঃ খ = ৪ ঃ ৫, খ ঃ গ = ২ ঃ ৩। ক এর নিকট ৮০০ টাকা থাকলে গ এর টাকার পরিমান কত?

a) ১,০০০ টাকা b) ১,২০০ টাকা

c) ১,৫০০ টাকা d) ২,০০০ টাকা **ans. C**

**Solution:** ক ঃ খ = ৪ ঃ ৫ = ৮ ঃ ১০

খ ঃ গ = ২ ঃ ৩ = ১০ ঃ ১৫

$\therefore$ ক ঃ খ ঃ গ = ৮ ঃ ১০ ঃ ১৫

$\Rightarrow$ ক ঃ খ ঃ গ = ৮ × ১০০ ঃ ১০ × ১০০ ঃ ১৫ × ১০০

= ৮০০ ঃ ১০০০ ঃ ১৫০০


$\therefore$ গ এর টাকার পরিমাণ ১৫০০ টাকা।

**Q.** কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত হবে?

a) ১৮০° b) ২৭০°

c) ৩৬০° d) ৫০০° **ans. C**

**Solution:** ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।




$= (A + B) + (B + C) + (A + C)$

$= 2 (A + B + C)$ [$A + B + C = 180°$]

$= (2 \times 180°) = 360°$

**Q.** কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ২, ৩, ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে?

a) ৬১ b) ৩১

c) ৪১ d) ৫১ **ans. A**

**Solution:** ২, ৩, ৪, ৫ ও ৬ এর ল.সা.গু. = ৬০

$\therefore$ সংখ্যাটি হবে = ৬০ + ১ = ৬১

**Q.** ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

a) ১৪ বছর b) ১৫ বছর

c) ১৬ বছর d) ১৩ বছর **ans. D**

**Solution:** ৬ জন পরুষ, ৮ জন স্ত্রীলোক ও ১ জন বালকের মোট বয়স = ৩৫ × ১৫ = ৫২৫ বছর

৬ জন পুরুষের মোট বয়স = ৪০ × ৬ = ২৪০ বছর।

৮ জন স্ত্রী লোকের মোট বয়স = ৩৪ × ৮ = ২৭২ বছর

$\therefore$ বালকের বয়স = ৫২৫ - (২৪০ + ২৭২)

= (৫২৫ - ৫১২) = ১৩ বছর

**Q.** ১৫০ মিটার লম্বা ট্রেন ৪৫০ মিটার লম্বা একটি প্লাটফর্ম ২০ সেকেন্ডে অতিক্রম করলে ঐ ট্রেনের গতিবেগ প্রতি সেকেন্ডে কত হবে?

a) ২০ মিটার b) ৪০ মিটার

c) ৩০ মিটার d) ২৫ মিটার **ans. C**

**Solution:** প্লাটফর্ম অতিক্রম করতে ট্রেনটিকে তার নিজের দৈর্ঘ্য ও প্লাটফর্মের দৈর্ঘ্য অতিক্রম করতে হবে।

অর্থাৎ (১৫০ + ৪৫০) = ৬০০ মিটার।

$\therefore$ প্রতি সেকেন্ডে ঐ ট্রেনের গতিবেগ = $\frac{৬০০}{২০}$ = ৩০ মিটার।

**Q.** ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪ ..... ধারাটির পরের সংখ্যা কত?

a) ১৬ b) ৫৫

c) ১৩ d) ৩৫ **ans. B**

**Solution:** এখানে লক্ষণীয়,

$\therefore$ ৩য় পদ = ১ম পদ + ২য় পদ = ১ + ২ = ৩

$\therefore$ ৪র্থ পদ = ২য় পদ + ৩য় পদ = ২ + ৩ = ৫

$\therefore$ ৯ম পদ = ৮ম পদ + ৭ম পদ = ৩৪ + ২১ = ৫৫

**Q.** একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির.... ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হতো?

a) ৯০ b) ১২০

c) ১১০ d) ১০০ **ans. D**

**Solution:** ১০% কমে দ্রব্যটির ক্রয়মূল্য

= (৫০০ - ৫০০ এর ১০%) টাকা = ৫০০ - ৫০ = ৪৫০ টাকা

আবার, ১০% লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য

= (৫০০ + ৫০০ এর ১০%) টাকা = ৫৫০ টাকা

$\therefore$ লাভ = ৫৫০ - ৪৫০ = ১০০ টাকা

Recent Publications

## বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল)

পদের নামঃ মেইল অপারেটর

তারিখঃ ২৭.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। এদের ল.সা.গু ১২০ হলে সংখ্যা দুইটি কত?

a) ১৬ ও ১৮ b) ১৫ ও ২৪
c) ১৮ ও ২৬ d) ১৮ ও ২৬ **ans. B**

**Solution:** মনে করি, সংখ্যাদ্বয় = $৫x$ ও $৮x$

∴ সংখ্যা দুইটির ল.সা.গু = $৪০x$

প্রশ্নানুযায়ী, $৪০x = ১২০$

∴ $x = \frac{১২০}{৪০} = ৩$

∴ ১ম সংখ্যা = $৫ \times ৩ = ১৫$

এবং ২য় সংখ্যা = $৮ \times ৩ = ২৪$

**Q.** রহিমের বয়স ১২ বছর। রহিমের বয়স করিমের ৩ গুণ। যখন রহিমের বয়স করিমের বয়সের দ্বিগুণ হবে তখন রহিমের বয়স কত হবে?

a) ৮ বছর b) ১৩ বছর
c) ১৬ বছর d) ১৮ বছর **ans. C**

**Solution:** রহিমের বয়স = ১২ বছর

∴ করিমের বয়স হবে = ১২ ÷ ৩ = ৪ বছর।

ধরি, $x$ বছর পরে রহিমের বয়স করিমের বয়সের দ্বিগুণ হবে।

প্রশ্নমতে, $(১২ + x) = ২(৪ + x)$

⇒ $১২ + x = ৮ + ২x$

⇒ $২x - x = ১২ - ৮$

∴ $x = ৪$ বছর

∴ ৪ বছর পর করিমের বয়স হবে = ৪ + ৪ = ৮ বছর

অতএব ৪ বছর পর রহিমের বয়স হবে

= ১২ + ৪ = ১৬ বছর।

**Q.** যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

a) ৯ দিনে b) ১২ দিনে
c) ৮ দিনে d) ১০ দিনে **ans. A**

**Solution:** নতুন লোক সংখ্যা = ৯ + ৩ = ১২ জন

এখন, ৯ জনে কাজটি করে = ১২ দিনে

∴ ১২ জনে কাজটি করে = $\frac{১২ \times ৯}{১২}$ = ৯ দিনে।

**Q.** ৮৪ কোন সংখ্যার ২৪%?

a) ২৫০ b) ৩০০
c) ২২৫ d) ৩৫০ **ans. D**

**Solution:** ধরি, ৮৪ সংখ্যাটি $x$ এর ২৪%

শর্তমতে, $x$ এর ২৪% = ৮৪

⇒ $\frac{২৪x}{১০০} = ৮৪$

∴ $x = \frac{৮৪ \times ১০০}{২৪} = ৩৫০$

**Q.** ৬৬ লিটারের ১.২% কত?

a) ৬.১২ লিটার b) ১.২২ লিটার
c) ০.৬৯২ লিটার d) ০.৭৯২ লিটার **ans. D**

**Solution:** ধরি, ৬৬ লিটারের ১.২% হলো $x$ লিটার।

শর্তমতে, ১.২% × ৬৬ = $x$

⇒ $\frac{১.২ \times ৬৬}{১০০} = x$

∴ $x$ = ০.৭৯২ লিটার।

**Q.** কোন পরীক্ষায় বাংলায় ৬০%, গণিতে ৫০% এবং ৪০% উভয় বিষয়ে পাস করে। উভয় বিষয়ে ৬০ জন ফেল করলে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?

a) ১৭০ b) ২০০
c) ২৩০ d) ২২০ **ans. B**

**Solution:** আমরা জানি, শুধু বাংলায় পাস করেছে

= ৬০ - ৪০ = ২০

∴ শুধু গণিতে পাস করেছে = ৫০ - ৪০ = ১০%

এখন বাংলা, গণিত বা উভয় বিষয়ে পাস করেছে

= ২০ + ১০ + ৪০ = ৭০%

∴ উভয় বিষয়ে ফেল করেছে = ১০০ - ৭০ = ৩০%

এখন, ৩০ জন ফেল করে মোট শিক্ষার্থী = ১০০ জনে

∴ ৬০ জন ফেল করে মোট শিক্ষার্থী = $\frac{১০০ \times ৬০}{৩০}$ জনে

= ২০০ জনে

**Q.** একটি দ্রব্য ৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হল। শতকরা ক্ষতি কত?

a) ২০% b) ৪%
c) ৬% d) ৮% **ans. A**

**Solution:** ২০ টাকায় ক্ষতি হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

∴ ১০০ টাকায় ক্ষতি হয় = ২০ টাকা

∴ ১ টাকায় ক্ষতি হয় = $\frac{২০}{১০০}$ টাকা

∴ ১০০ টাকায় ক্ষতি হয় = $\frac{২০ \times ১০০}{১০০}$ = ২০%

**Shortcut:** % = $\frac{20 \times 100}{100}$ = 20%

**Q.** $\frac{x+y}{x} + \frac{x-y}{y} - \frac{x^2-y^2}{xy} = ?$

a) $\frac{y}{x}$ b) $\frac{x}{y}$
c) $\frac{zx}{y}$ d) $\frac{2y}{x}$ **ans. D**

Recent Publications

**Solution:** দেয়া আছে, $\frac{x+y}{x}+\frac{x-y}{y}-\frac{x^2-y^2}{xy}$

$=\frac{y(x+y)+x(x-y)-(x^2-y^2)}{xy}$

$=\frac{xy+y^2+x^2-xy-x^2+y^2}{xy}$

$=\frac{2y^2}{xy}=\frac{2y}{x}$

**Q.** $x+y=8, x-y=6$ হলে $x^2+y^2$ এর মান কত?

a) 45 b) 46

c) 50 d) 49 **ans. C**

**Solution:** $x^2+y^2=\frac{(x+y)^2+(x-y)^2}{2}=\frac{8^2+6^2}{2}$

$=\frac{64+36}{2}=50$

**Q.** $x+\frac{1}{x}=4$ হলে $x^4+\frac{1}{x^4}$ এর মান কত?

a) 79 b) 194

c) 192 d) 195 **ans. B**

**Solution:** দেয়া আছে, $x^4+\frac{1}{x^4}=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2\times x^2\times\frac{1}{x^2}=\left\{\left(x+\frac{1}{x}\right)^2-2\times x\times\frac{1}{x}\right\}^2-2$

$=\{(4)^2-2\}^2-2=(16-2)^2-2$

$=196-2=194$

**Q.** একটি কোণের পরিমাপ ৮০ ডিগ্রি হলে একে কি কোণ বলে?

a) স্থূল কোণ b) সূক্ষ্মকোণ

c) সমকোণ d) সরলকোণ **ans. B**

**Solution:** ৯০° অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।

৯০° অপেক্ষা বড় কোণকে স্থূলকোণ বলে।

৯০° অপেক্ষা সমান কোণকে সমকোণ বলে।

**Q.** ৯০° কোণের সম্পূরক কোণ কত ডিগ্রি?

a) ০° b) ২৮০°

c) ৯০° d) ১৮০° **ans. C**

**Solution:** ৯০° কোণের সম্পূরক কোণ = ১৮০° - ৯০° = ৯০°

**Q.** একটি চতুর্ভুজের তিন কোণের সমষ্টি ২৮০° হলে চতুর্থ কোণটি কত?

a) ৬০° b) ৮০°

c) ৯০° d) ১০০° **ans. B**

**Solution:** যেকোনো চতুর্ভুজের ৪ কোণের সমষ্টি ৩৬০°

তাই, ৪র্থ কোণ = ৩৬০° - ২৮০° = ৮০°

**Q.** $x+y, x-y, x^2-y^2$ এর গ.সা.গু কত?

a) 0 b) 1

c) $x^2-y^2$ d) $x+y$ **ans. B**

**Solution:** ১ম রাশি $= x+y$

∴ ২য় রাশি $= x-y$

∴ ৩য় রাশি $= x^2-y^2=(x+y)(x-y)$

∴ রাশি তিনটির মধ্যে কোন সাধারণ গুণনীয়ক নেই, তাই রাশি তিনটির গ.সা.গু. হবে ১

**Q.** একটি সংখ্যা ৩০১ থেকে যত বড় ৩৮১ হতে তত ছোট, সংখ্যাটি কত?

a) ৩৩৯ b) ৩৪০

c) ৩৪১ d) ৩৪২ **ans. C**

**Solution:** ধরি, সংখ্যাটি $x$

শর্তমতে, $x-৩০১=৩৮১-x$

$\Rightarrow x+x=৩৮১+৩০১$

$\Rightarrow ২x=৬৮২$

∴ $x=\frac{৬৮২}{২}=৩৪১$

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২৭.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?

a) ৩৪ বছর b) ৩৮ বছর

c) ৪১ বছর d) ৪৫ বছর **ans. C**

**Solution:** পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = ৩৭ × ৩ = ১১১ বছর

পিতা ও পুত্রের মোট বয়স = (৩৫ × ২) = ৭০ বছর

∴ মাতার বয়স = (১১১ – ৭০) বছর = ৪১ বছর

**Shortcut:** মাতার বয়স = (৩৭ × ৩) – (৩৫ × ২) = ৪১ বছর।

**Q.** $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে $\frac{y}{x}$ যোগফল হবে?

a) $\frac{x^2-y^2}{xy}$ b) $\frac{2x^2-y^2}{xy}$

c) $\frac{y^2-x^2}{xy}$ d) $\frac{x^2-2y^2}{xy}$ **ans. C**

**Solution:** দেয়া আছে, $\frac{y}{x}-\frac{x}{y}=\frac{y^2-x^2}{xy}$

**Q.** একটি কোণের দ্বিগুণ ৬০° হলে, তার পূরক কোণ কত?

a) ৩০° b) ২০°

c) ১৫° d) ৬০° **ans. D**

**Solution:** 30° কোণের দ্বিগুণ 60°।

দুইটি কোণের সমষ্টি 90° হলে একটিকে অপরটির পূরক কোণ বলে।

∴ 30° কোণের পূরক কোণ (90° – 30°) = 60°

Recent Publications

**Q.** কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৫ যোগ করলে যোগফল ১৭ হবে?

a) ১০ b) ৬
c) ৫ d) ৪ ***ans.* B**

***Solution:*** ধরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $২x + ৫ = ১৭$

$\Rightarrow ২x = ১৭ - ৫$

$\Rightarrow ২x = ১২$

$\therefore x = \frac{১২}{২} = ৬$

**Q.** ৫০০ এর $১২\frac{১}{২}$ % কত?

a) ৬২.৫০ b) ৬৫
c) ৬৭.৪০ d) ৬৬ ***ans.* A**

***Solution:*** ৫০০ এর $১২\frac{১}{২}\% = ৫০০ \times \frac{২৫}{২} \times \frac{১}{১০০} = ৬২.৫$

**Q.** $\frac{\sqrt{২}}{\sqrt{৬} + ২} =$ কত?

a) $\sqrt{৩} + \sqrt{২}$ b) $৩ - \sqrt{২}$
c) $\sqrt{৩} + ২$ d) $\sqrt{৩} - \sqrt{২}$ ***ans.* D**

***Solution:*** দেয়া আছে, $\frac{\sqrt{২}}{\sqrt{৬} + ২} = \frac{\sqrt{২}(\sqrt{৬} - ২)}{(\sqrt{৬} + ২)(\sqrt{৬} - ২)}$

$= \frac{\sqrt{২}(\sqrt{৬} - ২)}{(\sqrt{৬})^২ - (২)^২} = \frac{\sqrt{২}(\sqrt{৬} - ২)}{৬ - ৪} = \frac{\sqrt{১২} - ২\sqrt{২}}{২}$

$= \frac{২\sqrt{৩} - ২\sqrt{২}}{২} = \frac{২(\sqrt{৩} - \sqrt{২})}{২} = \sqrt{৩} - \sqrt{২}$

**Q.** ৩৫২ গজ ১ মাইলের কত অংশ?

a) $\frac{১}{৩}$ b) $\frac{১}{৪}$
c) $\frac{১}{৫}$ d) $\frac{১}{৮}$ ***ans.* C**

***Solution:*** আমরা জানি, ১,৭৬০ গজ = ১ মাইল।

$\therefore$ ১ গজ $= \frac{১}{১৭৬০}$ মাইল।

$\therefore$ ৩৫২ গজ $= \frac{১ \times ৩৫২}{১৭৬০} = \frac{১}{৫}$ মাইল।

**Q.** একটি সংখ্যাকে ২১ দ্বারা গুণ করলে সংখ্যাটি ৪২০ বৃদ্ধি পায়। সংখ্যাটি কত?

a) ২১ b) ২৩
c) ২৪ d) ২৫ ***ans.* A**

***Solution:*** ধরি, সংখ্যাটি $x$

প্রশ্নমতে, $২১x = x + ৪২০$

$\Rightarrow ২১x - x = ৪২০$

$\Rightarrow ২০x = ৪২০$

$\therefore x = \frac{৪২০}{২০} = ২১$

**Q.** ০, ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩. . . . . ধারাটির পরবর্তী পদ কত?

a) ১৫ b) ১৮
c) ২১ d) ২৬ ***ans.* C**

***Solution:*** এই সিরিজকে ফিবোনাক্কি সিরিজ বলা হয়।

পরবর্তী সংখ্যা = পূর্ববর্তী দুই সংখ্যার সমষ্টি। সেই হিসেবে, পরবর্তী সংখ্যা $= ৮ + ১৩ = ২১$

**Q.** কোনটি সবচেয়ে ছোট?

a) $\frac{২}{১২}$ b) $\frac{৩}{১১}$
c) $\frac{৪}{১৫}$ d) $\frac{২}{১৩}$ ***ans.* D**

***Solution:*** আমরা ভগ্নাংশগুলোর মধ্যে তুলনা করে সম্পর্ক নির্ণয় করিঃ

$\frac{২}{১২} \times \frac{৩}{১১} = ২২ < ৩৬$ $\therefore \frac{২}{১২} < \frac{৩}{১১}$

আবার, $১২ \times ১৫ = ৩০ < ৪৮$ $\therefore \frac{২}{১২} < \frac{৪}{১৫}$

আবার, $১২ \times ১৩ = ২৬ > ২৪$ $\therefore \frac{২}{১২} > \frac{২}{১৩}$

$\therefore$ নির্ণেয় ক্ষুদ্রতম ভগ্নাংশ $\frac{২}{১৩}$

**Q.** একটি শ্রেণীতে যতজন শিক্ষার্থী প্রত্যেকে তত দশ পয়সা করে চাঁদা দেয়ায় নব্বই টাকা সংগ্রহ করা হয়। ঐ শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা কত?

a) ৯০ b) ৬০
c) ১৫ d) ৩০ ***ans.* D**

***Solution:*** মনে করি, ঐ শ্রেণীতে শিক্ষার্থী সংখ্যা $x$

প্রশ্নমতে, $১০ \times x \times x = ৯০০০$ [১ টাকা = ১০০ পয়সা]

$\Rightarrow ১০x^2 = ৯০০০$

$\Rightarrow x^2 = \frac{৯০০০}{১০} = ৯০০$

$\Rightarrow x^2 = ৯০০$

$\Rightarrow \sqrt{x^2} = \sqrt{৯০০}$

$\therefore x = ৩০$

***Shortcut:*** শিক্ষার্থী $= \sqrt{\frac{৯০ \times ১০০}{১০}} = \sqrt{৯০০} = ৩০$

**Q.** বেলা ২:৩০ মিনিটের সময় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার পার্থক্য কত ডিগ্রি?

a) ১০৫° b) ১৫°
c) ১১৫° d) ১১০° ***ans.* A**

***Solution:*** আমরা জানি, ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ নির্ণেয়র সূত্র হলোঃ

$= \left|\frac{11M - 60H}{2}\right|^\circ = \left|\frac{11 \times 30 - 60 \times 2}{2}\right|^\circ = \frac{210^\circ}{2}$


$= 105^\circ$

Recent Publications

**Q.** দুইটি বিচ্ছিন্ন বৃত্তে কয়টি সাধারণ স্পর্শক আঁকা যায়?

a) ৪টি b) ৩টি
c) ২টি d) কোনটিই নয় ***ans.* C**

***Solution:*** দুইটি বিচ্ছিন্ন বৃত্তে ২টি সাধারণ স্পর্শক আঁকা যায়।



**Q.** একটি বই ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয় মূল্য ৪৫০ টাকা হলে ৫% বেশি লাভ হতো। বইটির ক্রয়মূল্য কত?

a) ৩০০০ টাকা b) ৩৫০০ টাকা
c) ৩৭৫০ টাকা d) ৪০০০০ টাকা ***ans.* A**

***Solution:*** ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ৯০ টাকা এবং ৫% লাভে বিক্রয়মূল্য = ১০৫ টাকা

∴ বিক্রয়মূল্য বেশি = ১০৫ - ৯০ = ১৫ টাকা
বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ক্রয়মূল্য

$= \frac{৪৫০ \times ১০০}{১৫} = ৩,০০০$ টাকা

**Q.** একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে। অতিরিক্ত ৩ জন লোক নিলে কাজটি কত দিনে করতে পারবে?

a) ৭ b) ৯
c) ১০ d) ১২ ***ans.* B**

***Solution:*** ৯ জন লোক ১টি কাজ করে = ১২ দিনে

∴ ১ জন লোক ১টি কাজ করে = ১২ × ৯ দিনে

∴ ১২ জন লোক একটি কাজ করে $= \frac{১২ \times ৯}{১২} = ৯$ দিনে

## সমবায় অধিদপ্তর

পদের নামঃ তাঁত সুপারভাইজার/ ক্যাশিয়ার/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর।
তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে ফলাফল হবে একই সংখ্যা। সংখ্যাটি কত?

a) ৮০ b) ৭০ c) ৭৫ d) ৯০ ***ans.* B**

***Solution:*** ধরি সংখ্যাটি $x$

∴ $x \times \frac{৪০}{১০০} + ৪২ = x$

⇒ $\frac{২x}{৫} + ৪২ = x$

⇒ $x - \frac{২x}{৫} = ৪২$

⇒ $৫x - ২x = ৪২ \times ৫$

∴ $x = \frac{৪২ \times ৫}{৩} = ৭০$

**Q.** $\log_x \frac{3}{4} = 2$ হলে $x$ এর মান কত?

a) $\frac{4}{9}$ b) $\frac{9}{4}$ c) $\frac{\sqrt{2}}{3}$ d) $\frac{\sqrt{3}}{2}$ ***ans.* D**

***Solution:*** দেয়া আছে, $\log_x \frac{3}{4} = 2$

⇒ $\frac{3}{4} = x^2$

∴ $x = \frac{\sqrt{3}}{2}$

**Q.** ৪ কি.মি. ঘণ্টা বেগে চললে কোন স্থানে পৌঁছাতে যে সময় লাগে ৫ কি.মি./ ঘণ্টা বেগে চললে তার চেয়ে ৩০ মিনিট কম সময় লাগে, স্থানটির দূরত্ব কত?

a) ৮ কি.মি. b) ১০ কি.মি.
c) ২৫ কি.মি. d) ১৫ কি.মি. ***ans.* B**

***Solution:*** ধরি, নির্ণেয় স্থানটির দূরত্ব $x$ কিলোমিটার

আমরা জানি, সময় $(t) = \frac{\text{দূরত্ব } (d)}{\text{বেগ } (v)}$

প্রশ্নমতে, $\frac{x}{৪} - \frac{x}{৫} = \frac{১}{২}$

$\frac{৫x - ৪x}{২০} = \frac{১}{২}$

∴ $x = \frac{২০}{২} = ১০$ কিলোমিটার।

অর্থাৎ, নির্ণেয় দূরত্ব ১০ কিলোমিটার।

**Q.** ১২টি পুস্তক থেকে ৫টি কত প্রকারে বাছাই করা যায়, যেখানে ২টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে?

a) 792 b) 224
c) 120 d) 252 ***ans.* C**

***Solution:*** 2 টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকলে

মোট পুস্তকের সংখ্যা বাকি থাকবে = 12 – 2 = 10 টি
আর পুস্তক বাছাই করতে হবে = 5 – 2 = 3 টি
এখন 10টি পুস্তক থেকে 3টি পুস্তক বাছাই করার উপায় সংখ্যা = $10_{c_3}$

$= \frac{10!}{3!(10-3)!}$ [সূত্রঃ $n_{c_r} = \frac{n!}{r!(n-r)!}$ প্রয়োগ করে]

$= \frac{10!}{3! \times 7!} = \frac{10 \times 9 \times 8 \times 7!}{3 \times 2 \times 1 \times 7!} = 120$

**Q.** কোন সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ৬° হলে, ক্ষুদ্রতম কোণের মান কত?

a) ৩৮° b) ৪২°
c) ৪১° d) ৪৯° ***ans.* B**

***Solution:*** সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি = 90°

∴ নির্ণেয় ক্ষুদ্রতম কোণ $= \frac{90^0 - 6^0}{2} = 42°$

Question Bank

**Q.** একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ২ ঃ ৩ ঃ ৪ হলে, ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত?

a) ৯০° b) ৮০°
c) ৭০° d) ৪৫° ***ans.*** **Note**

***Solution:*** অনুপাতগুলোর যোগফল = ২ + ৩ + ৪ = ৯

∴ ক্ষুদ্রতম কোণের দৈর্ঘ্য = $\frac{২}{৯} \times ১৮০° = ৪০°$

**Q.** একজন ব্যাটসম্যান ২১টি বাউন্ডারি ও ওভার বাউন্ডারির মাধ্যমে মোট ৯৬ রান করে। তার বাউন্ডারির সংখ্যা কত?

a) ১৫ b) ১৬
c) ১২ d) ৮ ***ans.*** **A**

***Solution:*** এখানে বাউন্ডারি বলতে ৪ এবং ওভার বাউন্ডারি বলতে ৬ কে বুঝাচ্ছে।
এখানে সে ৪ এবং ৬ এর মাধ্যমে ৯৬ রান করে।
এখন, অপশন ধরে করতে পারেনঃ
বাউন্ডারির সংখ্যা ১৫টি হলে = ৪ × ১৫ = ৬০ রান হয়
বাকি = ৯৬ - ৬০ = ৩৬ রান ৬টি ৬ এর মাধ্যমে হয়েছিল। কাজেই সঠিক উত্তর হবে অপশন *a*).

**Q.** যদি $x^3 < x^2 < x$ হলে $x^2$ এর মান কোনটি?

a) 1 b) $\frac{1}{2}$
c) $-1$ d) $-2$ ***ans.*** **Note**

***Solution:*** প্রশ্নে $x^2$ এর মান না চেয়ে যদি $x$ এর মান চাইতো তাহলে উত্তর *b)* হতো।
দেয়া আছে, $x^3 < x^2 < x$
এখন অপশন ধরে এগোই,
$x = 1$ হলো; $x^3 = x^2 = x$ হবে।
আবার, $x =$ হলে $\frac{1}{2}$ হলে

$x^3 = \left(\frac{1}{2}\right)^3 = \frac{1}{8}$ হয়

আবার, $x^2 = \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{4}$ হয়

∴ $x = \frac{1}{2}$

∴ $\frac{1}{2} = x$ হলে $x^3 < x^2 < x$ হয়।

**Q.** বৃত্তের বাইরে কোন নির্দিষ্ট বিন্দু থেকে কতটি স্পর্শক আঁকা যাবে?

a) ২টি b) ১টি
c) ৩টি d) ৪টি ***ans.*** **A**

***Solution:*** দেখুন, বৃত্তের বাহিরের একটি বিন্দু হতে কীভাবে দুটি স্পর্শক আঁকা যায়ঃ




P একটি বিন্দু O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে OA এবং OB হলো P বিন্দু হতে দুটি স্পর্শক।

**Q.** একটি গাড়ির চাকা মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?

a) ২৭০° b) ৩৬০°
c) ৫৪০° d) ৪৫০° ***ans.*** **C**

***Solution:*** ১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°
∴ ৯০ বার ঘুরলে অতিক্রম করে = (৩৬০ × ৯০)°
∴ ৬০ সেকেণ্ডে চাকাটি ঘুরে = (৩৬০ × ৯০)°
∴ ১ সেকেণ্ডে ঘুরে = $\frac{৩৬০ \times ৯০}{৬০}$ = ৫৪০°

## সমবায় অধিদপ্তর

পদের নামঃ কম্পিউটার/ সহকারী প্রশিক্ষক
তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** ৫টি ক্রমিক সংখ্যার মধ্যে প্রথম ৩টির যোগফল ২৪ হলে শেষ ৩টির যোগফল কত হবে?

a) ৩০ b) ২৮
c) ২৯ d) ২৭ ***ans.*** **A**

***Solution:*** ধরি, প্রথম সংখ্যাটি $x$
প্রশ্নমতে, $x + x + 1 + x + 2 = 24$
$\Rightarrow 3x + 3 = 24$
$\Rightarrow 3x = 24 - 3 = 21$
∴ $x = \frac{21}{3} = 7$
অতএব, শেষের 3টি সংখ্যার সমষ্টি হবে =
$x + 2 + x + 3 + x + 4 = 3x + 9 = (3 \times 7) + 9$
$= 21 + 9 = 30$

**Q.** একটি শ্রেণির প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩ খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন ছাত্র দাড়িয়ে থাকে। শ্রেণির ছাত্র সংখ্যা কত?

a) ৪০ জন b) ৬০ জন
c) ৪৫ জন d) ৪৮ জন ***ans.*** **B**

***Solution:*** ধরি, বেঞ্চ আছে $x$ টি।
প্রতি বেঞ্চে ৪ জন করে বসলে ৩ খানা বেঞ্চ খালি থাকে।
∴ শ্রেণীতে ছাত্র সংখ্যা = ৪($x$ - ৩) জন
কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন করে দাঁড়িয়ে থাকে।
∴ শ্রেণির ছাত্র সংখ্যা = ৩$x$ + ৬
প্রশ্নমতে, ৪($x$ - ৩) = ৩$x$ + ৬
$\Rightarrow$ ৪$x$ - ১২ = ৩$x$ + ৬
$\Rightarrow$ ৪$x$ - ৩$x$ = ৬ + ১২
∴ $x$ = ১৮
∴ ছাত্রসংখ্যা = ৪($x$ - ৩) = ৪(১৮ - ৩)
= ৪ × ১৫ = ৬০ জন

Recent Publications

**Q.** ৬টি সংখ্যার গড় ৩০। এদের মধ্যে প্রথম ৪টির গড় ২৫ এবং শেষের ৩টি সংখ্যার গড় ৩৫ হলে চতুর্থ সংখ্যাটি কত?

a) ৩০ b) ৩২
c) ২০ d) ২৫ **ans. D**

***Solution:*** এখানে মোট সংখ্যা আছে ৬টি। সংখ্যাগুলিকে নিচের মতো করে প্রকাশ করিঃ

□ □ □ □ □ □

এখানে, প্রথম ৪টির সমষ্টি = ৪ × ২৫ = ১০০

এখন, ৬টির সমষ্টি = ৬ × ৩০ = ১৮০

এবং শেষের তিনটির সমষ্টি = ৩৫ × ৩ = ১০৫

∴ প্রথম ৪টি এবং শেষের তিনটি মোট ৭টি সংখ্যার সমষ্টি = ১০৫ + ১০০ = ২০৫

∴ চতুর্থ সংখ্যাটি = ২০৫ - ১৮০ = ২৫

**Q.** একটি সুষম চতুভুর্জের অন্তঃকোণগুলোর সমষ্টি কত?

a) ৭২০° b) ৬৩০°
c) ৫৪০° d) ৩৬০° **ans. D**

***Solution:*** সমষ্টি = $\{৯০ \times (২n - ৪)\}°$

$= \{৯০ \times (৮ - ৪)\}° = ৩৬০°$

**Q.** একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৮ সে.মি এবং প্রস্থ ১০ সে.মি। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য বৃদ্ধি করে ২৫ সে.মি করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকলে?

a) ৭ সে.মি b) ৭.২ সে.মি
c) ৭.৩ সে.মি d) ৭.৪ সেমি **ans. B**

***Solution:*** ধরি, আয়তক্ষেত্রটির প্রস্থ $x$ সেন্টিমিটার হলে তার ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে।

প্রশ্নমতে, ২৫ × $x$ = ১৮ × ১০

[যেহেতু দৈর্ঘ্য × প্রস্থ = ক্ষেত্রফল]

$\Rightarrow x = \frac{১৮ \times ১০}{২৫}$

∴ $x$ = ৭.২ সেন্টিমিটার

**Q.** বার্ষিক শতকরা ১০ টাকা মুনাফায় ৩,০০০ টাকার ২ বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত হবে?

a) ৮৭৫ টাকা b) ৮৭৮.৬৭টাকা
c) ৮৬৭.৭৬ টাকা d) ৮০০ টাকা **ans. Note**

***Solution:*** ১০% হারে ৩,০০০ টাকার ২ বছরের মুনাফা

$= \frac{prn}{100} = \frac{৩০০০ \times ১০ \times ২}{১০০} = ৬০০$ টাকা

আবার, ১০% হারে ৩,০০০ টাকার ২ বছরের চক্রবৃদ্ধি মুনাফা + আসল = $p\left(1 + \frac{r}{100}\right)^2$

$= ৩,০০০ \left(১ + \frac{১০}{১০০}\right)^২ = ৩,০০০ \left(\frac{১১}{১০}\right)^২$

$= ৩,০০০ \times \frac{১২১}{১০০} = ৩,৬৩০$ টাকা

∴ চক্রবৃদ্ধি মুনাফা = ৩,৬৩০ - ৩,০০০ = ৬৩০ টাকা।

∴ মুনাফার পার্থক্য = ৬৩০ - ৬০০ = ৩০ টাকা।

**Q.** $x^3 - 1, x^3 + 1, x^4 + x^2 + 1$ এর ল. সা. গু কত?

a) $x^6 - 1$ b) $x^4 + 1$
c) $x^3 - 2$ d) $x^7 - 1$ **ans. A**

***Solution:*** ১ম রাশি, $x^3 - 1 = (x - 1)(x^2 + x + 1)$

দ্বিতীয় রাশি, $x^3 + 1 = (x + 1)(x^2 - x + 1)$

তৃতীয় রাশি, $x^4 + x^2 + 1 = (x^2)^2 + 2 \times x^2 \times 1 + 1^2 - x^2$

$= (x^2 + 1)^2 - x^2$

$= (x^2 + 1 + x)(x^2 + 1 - x)$

ল. সা. গু = $(x - 1)(x^2 + x + 1)(x + 1)(x^2 - x + 1)$

$= (x^3 - 1)(x^3 + 1) = (x^6 - 1)$

**Q.** কোন বৃত্তের ক্ষেত্রফল ১৮π হলে, উহার পরিসীমা কত?

a) $৫\sqrt{২\pi}$ b) ৮π
c) $৬\sqrt{২}\pi$ d) $৫\sqrt{৩\pi}$ **ans. C**

***Solution:*** ধরি, বৃত্তটির ব্যাসার্ধ $r$ একক।

∴ বৃত্তটির ক্ষেত্রফল = $\pi r^2$ একক।

প্রশ্নমতে, $\pi r^2 = ১৮\pi$

$\Rightarrow r^2 = ১৮$

∴ $r = \sqrt{১৮} = \sqrt{২ \times ৯} = ৩\sqrt{২}$

অতএব, নির্ণেয় বৃত্তের পরিধি বা পরিসীমা

$= ২\pi r = ২ \times \pi \times ৩\sqrt{২} = ৬\sqrt{২}\pi$

**Q.** $\log_{2\sqrt{5}} 400 = x$ হলে $x$ এর মান কত?

a) 7 b) 4
c) 5 d) 3 **ans. B**

***Solution:*** $\log_{2\sqrt{5}} 400 = x$ হলে

$(2\sqrt{5})^x = 400 = 16 \times 25 = 2^4 \times 5^2 = 2^4 \times (\sqrt{5})^4$

$\Rightarrow (2\sqrt{5})^x = (2\sqrt{5})^4$

∴ $x = 4$

**Q.** যদি $\frac{1}{Q} > 1$ হয়, তবে নিচের কোনটি সত্য?

a) $1 < Q^2$ b) $\frac{1}{Q^2} > 2$
c) $1 > Q^2$ d) $Q > Q^2$ **ans. C**

***Solution:*** এখানে, প্রশ্ন হওয়া উচিৎ ছিল 'নিচের কোনটি অবশ্যই সত্য?'

Recent Publication

এখানে দেয়া আছে, $\frac{1}{Q} > 1$

$\Rightarrow$ $Q < 1$

এখন Q যদি 1 এর চেয়ে ছোট হয় তবে অবশ্যই এর মান ধনাত্মক হলে $\frac{1}{2}, \frac{1}{3}, \frac{1}{4}$ ইত্যাদি হতে পারে আর ঋণাত্মক হলে $-1, -2, -3$ ইত্যাদি হতে পারে। তবে ঋণাত্মক মানের জন্য বক্তব্যটি সঠিক হবে না।

আর ধনাত্মক মান ভগ্নাংশ আকারে থাকলে তার জন্য। $1 > Q^2$ বক্তব্যটি সঠিক হবে। তাই সঠিক উত্তর অপশন *c*).


***Q.*** **ত্রিভুজ ABC এ B কোণের পরিমাপ 90° । যদি AC = 2AB হয়, তবে C কোণের পরিমাপ কত?**

a) 45° b) 30°

c) 60° d) 90° ***ans.* B**

***Solution:*** ধরি, $\angle C = \theta$

এখানে, $\Delta ABC$ হতে, $AC = 2AB$




$\Rightarrow$ $\frac{AB}{AC} = \frac{1}{2}$

$\Rightarrow$ $\frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{1}{2}$

$\Rightarrow$ $\sin\theta = \frac{1}{2}$ [As, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$ ]

$\Rightarrow$ $\sin\theta = \sin 30°$

$\therefore$ $\theta = 30°$

***Shortcut:*** $\angle B = 90°$ এবং অতিভুজ $AC = 2AB$ বলে ত্রিভুজটি আসলে সমকোণী ত্রিভুজ। এর বাহুগুলোর অনুপাত হবে $1 : \sqrt{3} : 2$ কারণ অতিভুজ অন্য একবারে বিপরীত। সেক্ষেত্রে ত্রিভুজটির কোণগুলো হবে 30°, 60° এবং 90°. এখন $AB = 1$ এর বিপরীত কোণ হবে সবচেয়ে ছোট অর্থাৎ $\angle C = 30°$.

***Q.*** **একটি গাড়ির চাকা মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?**

a) ২৭০° b) ৩৬০°

c) ৫৪০° d) ৪৫০° ***ans.* C**

***Solution:*** প্রতি মিনিটে অর্থাৎ 60 সেকেন্ডে ঘোরে = 90 বার

1 সেকেন্ডে ঘোরে $= \frac{90}{60} = \frac{3}{2}$ বার

1 বার ঘোরে = 360°

$\therefore$ $\frac{3}{2}$ বার ঘোরে $= 360 \times \frac{3}{2} = 540°$.

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পদের নামঃ মিটার টেস্টার**

তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

***Q.*** **কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে?**

a) ৭৪ b) ১১১

c) ১৪৮ d) ২০০ ***ans.* D**

***Solution:*** সংখ্যাটি $x$ হলে

প্রশ্নমতে, ($x$ এর ৩৭%) − ৩৭ = ৩৭

$\Rightarrow$ $x \times \frac{৩৭}{১০০} = ৭৪$

$\therefore$ $x = \frac{৭৪ \times ১০০}{৩৭} = ২০০$

***Q.*** **একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ ঃ ৪ ঃ ৫ হলে ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত ডিগ্রী?**

a) ১৫ b) ৪৫

c) ৬০ d) ৭৫ ***ans.* B**

***Solution:*** আমরা জানি,

ত্রিভুজের তিনকোণের সমষ্টি = ১৮০°

এখন, অনুপাতের রাশিগুলোর যোগফল

= ৩ + ৪ + ৫ = ১২

$\therefore$ কোণগুলো ১৮০ এর $\frac{৩}{১২} = ৪৫$; ১৮০ এর $\frac{৪}{১২} = ৬০$ এবং ১৮০ এর $\frac{৫}{১২} = ৭৫$।


$\therefore$ ক্ষুদ্রতম কোণ হবে = ৪৫°

***Q.*** **তিনটি বাহুর উপর অংকিত বর্গক্ষেত্রসমূহ কয়টি কোণ তৈরি করে?**

a) ৮ b) ৯

c) ১২ d) ১৬ ***ans.* C**

***Solution:*** প্রতিটি বর্গক্ষেত্রে সমকোণ থাকে ৪টি



$\therefore$ ৩টি বর্গক্ষেত্রে সমকোণ আছে = ৩ × ৪ = ১২টি

***Q.*** **একটি ঘনকের ধার ৩০% হারে বৃদ্ধি করা হলে, এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল কতটুকু বৃদ্ধি পায়?**

a) ৩০% b) ৩৩%

c) ৬০% d) ৬৯% ***ans.* D**

***Solution:*** ধরি, ঘনকের ধার $a$ একক।

$\therefore$ ঘনকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল $৬a^2$ বর্গ একক।

৩০% বৃদ্ধিতে ঘনকের ধার হবে = $a$ এর ১৩০%

$= \frac{১৩০a}{১০০} = \frac{১৩\ a}{১০}$ একক

Recent Publications

∴ পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= ৬\left(\frac{১৩a}{১০}\right)^২ = \frac{১০১৪\ a^2}{১০০}$ বর্গ একক।

∴ ক্ষেত্রফল বাড়ে $= \frac{১০১৪\ a^2}{১০০} - ৬\ a^2 = \frac{১০১৪\ a^2 - ৬০০\ a^2}{১০০}$

$= \frac{৪১৪\ a^2}{১০০}$ বর্গ একক।

∴ ক্ষেত্রফল শতকরা বাড়ে

$= \left(\frac{\frac{৪১৪a^2}{১০০}}{৬a^2} \times ১০০\right)\% = \left(\frac{৪১৪\ a^2}{১০০} \times \frac{১}{৬\ a^2} \times ১০০\right)\%$

$= ৬৯\%$

অর্থাৎ ক্ষেত্রফল বাড়ে প্রায় ৬৯.৩৩%

**Q.** একটি বেলনের ভূমির ব্যাসার্ধ ও উচ্চতার প্রতিটিকে দ্বিগুণ করা হলে এর আয়তন পূর্বের আয়তনের কতগুণ হবে?

a) দ্বিগুণ b) তিনগুণ

c) চারগুণ d) আটগুণ **ans. C**

***Solution:*** ধরি, বেলনের ভূমির ব্যাসার্ধ $r$ একক।

এবং উচ্চতা $h$ একক।

∴ বেলনের আয়তন $= ২\pi rh$ ঘন একক।

∴ বেলনের ভূমির নতুন ব্যাসার্ধ হবে $= ২r$ একক।

এবং বেলনের নতুন উচ্চতা হবে $= ২h$ ঘন একক।

∴ বেলনের নতুন আয়তন $= ২\pi(২r)\ (২h)$

অতএব, আয়তন বাড়বে $= \frac{২\pi(২r)\ (২h)}{২\pi rh} = \frac{৮\pi rh}{২\pi rh} = ৪$ গুণ

**Q.** একটি পুকুরে ২৫৬টি মাছ আছে। শতকরা ৫০টি করে প্রতি বছর বাড়লে কত বছরে ৬,৫৬১টি মাছ হবে?

a) ৪ বছর b) ৬ বছর

c) ৮ বছর d) কোনটিই নয় **ans. C**

***Solution:*** ২৫৬টির শতকরা ৫০% হলো $= ২৫৬ \times ৫০\%$

$= ২৫৬ \times \frac{৫০}{১০০} = ১২৮$টি।

১ম বছর শেষে মাছ হবে $= ২৫৬ + ১২৮ = ৩৮৪$ টি।

আবার, ৩৮৪ এর ৫০% = ১৯২টি

∴ ২য় বছর শেষে মাছ হবে $= ৩৮৪ + ১৯২ = ৫৭৬$টি।

আবার, ৫৭৬ এর ৫০% = ২৮৮টি

৩য় বছর শেষে মাছ হবে $= ৫৭৬ + ২৮৮ = ৮৬৪$ টি।

আবার, ৮৬৪ এর ৫০% = ৪৩২

∴ ৪র্থ বছর শেষে $= ৮৬৪ + ৪৩২ = ১,২৯৬$টি।

আবার ১,২৯৬ এর ৫০% = ৬৪৮টি

∴ ৫ম বছর শেষে $= ১,২৯৬ + ৬৪৮ = ১,৯৪৪$টি।

আবার ১,৯৪৪ এর ৫০% = ৯৭২টি

∴ ৬ষ্ঠ বছর শেষে $= ১,৯৪৪ + ৯৭২ = ২,৯১৬$টি।

আবার ২,৯১৬ এর ৫০% = ১,৪৫৮টি

∴ ৭ম বছর শেষে $= ২,৯১৬ + ১,৪৫৮ = ৪,৩৭৪$টি।

আবার ৪,৩৭৪ এর ৫০% = ২,১৮৭টি

∴ ৮ম বছর শেষে $= ৪,৩৭৪ + ২,১৮৭ = ৬,৫৬১$টি।

অর্থাৎ ৮ম বছর পর হবে ৬,৫৬১টি।

**Q.** দুই অংকবিশিষ্ট একটি সংখ্যাকে অংকদ্বয়ের গুণফল দ্বারা ভাগ করলে ভাগফল ৩ হয়। ঐ সংখ্যাটির সাথে ১৮ যোগ করলে অংকদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত?

a) ৩৩ b) ৪২

c) ২৪ d) কোনটিই নয় **ans. C**

***Solution:*** ধরি, দশক স্থানীয় অঙ্ক $x$ এবং একক স্থানীয় অঙ্ক $y$

∴ সংখ্যাটি $= ১০x + y$

প্রশ্নমতে, $\frac{১০x + y}{xy} = ৩$

∴ $১০x + y = ৩xy$ ..... $(i)$

আবার, $১০x + y + ১৮ = ১০y + x$

$\Rightarrow y - x = ২$

∴ $y = x + ২$ ..... $(ii)$

এখন $y$ এর মান সমীকরণ $(i)$ নং এ বসাই,

$১০x + x + ২ = ৩x(x + ২)$

$\Rightarrow ১১x + ২ = ৩x^2 + ৬x$

$\Rightarrow ৩x^2 - ৫x - ২ = 0$

$\Rightarrow ৩x^2 - ৬x + x - ২) = 0$

$\Rightarrow ৩x(x - ২) + ১(x - ২) = 0$

$\Rightarrow (x - ২)(৩x + ১) = 0$

এখানে, ঋণাত্মক মান বাদ দিয়ে $x = ২$ পাই,

এই মান $(ii)$ নং এ বসাই

$y = ২ + ২ = ৪$

∴ নির্ণেয় সংখ্যা $= ১০ \times ২ + ৪ = ২০ + ৪ = ২৪$

**Q.** দুইটি নল দিয়ে একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুইটি খুলে দেয়ার ৪ মিনিট পর ১ম নল বন্ধ করে নেয়ায় চৌবাচ্চাটি পূর্ণ হতে আরও ৬ মিনিট লাগলো। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?

a) ১০ মিনিট, ১২ মিনিট

b) ১২ মিনিট, ১০ মিনিট

c) ২৪ মিনিট, ১২ মিনিট

d) ১২ মিনিট, ২৪ মিনিট **ans. C**

***Solution:*** দ্বিতীয় নল দ্বারা চৌবাচ্চাটি অর্ধেক পূর্ণ হতে সময় লাগে = ৬ মিনিট [ দুটি নল দ্বারা ৮ মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হয়]

∴ দ্বিতীয় নল দ্বারা চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগে = ১২ মিনিট।

এখন, দুটি নল দ্বারা ৮ মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হয়।

দ্বিতীয় নল দ্বারা ১ মিনিটে পূর্ণ হয় $= \frac{১}{১২}$ অংশ

∴ দ্বিতীয় নল দ্বারা ৮ মিনিটে পূর্ণ হয় $= \frac{৮}{১২}$ অংশ বা $\frac{২}{৩}$ অংশ

∴ প্রথম নল দ্বারা ৮ মিনিটে পূর্ণ হয়

$= ১ - \frac{২}{৩} = \frac{৩ - ২}{৩} = \frac{১}{৩}$ অংশ

Recent Publications

∴ প্রথম নল দ্বারা $\frac{১}{৩}$ অংশ পূর্ণ হয় = ৮ মিনিটে

∴ প্রথম নল দ্বারা ১ বা সম্পূর্ণ অংশ পূর্ণ হয় = ২৪ মিনিটে

∴ প্রথম নল দ্বারা চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগে ২৪ মিনিট ও দ্বিতীয় নল দ্বারা চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগে ১২ মিনিট।

**Q.** দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ৪৫ হলে সংখ্যা দুইটি কত?

a) ২০, ২১ b) ২১, ২২
c) ২৩, ২৪ d) ২২, ২৩ **ans. D**

**Solution:** আমরা জানি, দুটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর = সংখ্যাদুটির যোগফল।
ধরি, ক্রমিক সংখ্যা দুইটি যথাক্রমে, $x$ এবং $(x+১)$
প্রশ্নমতে, $(x+১)^2 - x^2 = ৪৫$

$\Rightarrow x^2 + ২x + ১ - x^2 = ৪৫$

$\Rightarrow ২x + ১ = ৪৫$

$\Rightarrow ২x = ৪৫ - ১$

$\therefore x = \frac{৪৪}{২} = ২২$

∴ সংখ্যাদ্বয় যথাক্রমে ২২ এবং ২৩

**Q.** একজন পরীক্ষার্থীকে ১২টি প্রশ্ন হতে ৬টির উত্তর করতে হবে। যেখানে ক বিভাগ হতে ৫টি মধ্যে ৪টি অবশ্যই উত্তর করতে হবে। কত প্রকারে ৬টি প্রশ্নের উত্তর করা যাবে?

a) ১০০ b) ১০৫
c) ১২০ d) ২৪০ **ans. B**

**Solution:** ৫টি হতে ৪টি প্রশ্নের উত্তর করা যাবে ${}^{৫}C_{৪}$ উপায়ে।

∴ বাকি থাকে = ১২ - ৫ = ৭টি
আর ৭টি হতে ২টি প্রশ্নের উত্তর করা যাবে ${}^{৭}C_{২}$ উপায়ে।

∴ উত্তর করা যাবে = ${}^{৫}C_{৪} \times {}^{৭}C_{২} = \frac{\lfloor ৫}{\lfloor ৪ \times \lfloor ১} \times \frac{\lfloor ৭}{\lfloor ৫ \times \lfloor ২}$

$= \frac{৫ \times \lfloor ৪}{\lfloor ৪ \times ১} \times \frac{৭ \times ৬ \times \lfloor ৫}{২ \times ১ \times \lfloor ৫} = ৫ \times ২১ = ১০৫$ উপায়।

**Q.** নিচের কোন ক্ষেত্রে নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা সম্ভব নয়?

a) ৪টি বাহু, ১টি কোণ
b) ৩টি বাহু, ২টি কোণ
c) ১টি বাহু, ৪টি কোণ
d) ৫টি বাহু, ১টি কোণ **ans. C**

**Solution:** চতুর্ভুজ অঙ্কন করতে নিম্নের উপাত্তগুলো জানা প্রয়োজনঃ (ক) চারটি বাহু ও একটি কোণ, (খ) চারটি বাহু ও একটি কর্ণ, (গ) তিনটি বাহু ও দুইটি কর্ণ, (ঘ) তিনটি বাহু ও তাদের অন্তর্ভুক্ত দুইটি কোণ, (ঙ) দুইটি বাহু ও তিনটি কোণ, (চ) দুইটি কর্ণের খণ্ডিত অংশসমূহ ও কর্ণ দুইটির অন্তর্ভুক্ত একটি কোণ।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ কমিউনিটি অর্গানাইজার
তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা-

a) $\frac{১}{২২}$ b) $\frac{১}{৬৪}$
c) $\frac{১}{৬৫}$ d) $\frac{২২}{৬৫}$ **ans. A**

**Solution:** ১ থেকে ৪৪০ পর্যন্ত ক্ষোট সংখ্যা ৪৪০টি।
এখানে, ১ থেকে ৪৪০ পর্যন্ত পূর্ণবর্গ সংখ্যা আছে ২০টি।
কারণ, $২০^2 = ৪০০$ এর বেশি নেওয়া যাবে না, তাই ২০টি হবে পূর্ণবর্গ সংখ্যা।

∴ নির্ণেয় সম্ভাবনা = $\frac{২০}{৪৪০} = \frac{১}{২২}$

**Q.** দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যা অঙ্কদ্বয়ের স্থান বিনিময়ের ফলে ৫৪ বৃদ্ধি পায়, অঙ্কদুটির যোগফল ১২ হলে সংখ্যাটি কত?

a) ৫৩ b) ৭৫
c) ৩৯ d) ৯৩ **ans. C**

**Solution:** প্রশ্নটি পড়লে বুঝা যায় যে, দুই অংক বিশিষ্ট সংখ্যাটির অংক দুটিকে যোগ করলে যোগফল হবে 12 এবং ঐ সংখ্যাটির অংক দুটি যখন স্থান পরিবর্তন করবে অর্থাৎ এককের অংকটি দশকের ঘরে যাবে এবং দশকের অংকটি এককের ঘরে আসবে তখন মূল সংখ্যাটির সাথে স্থান বিনিময়ের পরের সংখ্যাটির পার্থক্য হবে 54. এই দুটি তথ্যর উপর ভিত্তি করে আপনাকে মূল সংখ্যাটি বের করতে হবে।

**বিস্তারিত সমাধান - ১ঃ** ধরি, একক স্থানীয় অংকটি $x$ এবং দশক স্থানীয় অংকটি $y$
অতএব, সংখ্যাটি = $10y + x$
প্রথম প্রশ্নমতে, $(10x + y) - (10y + x) = 54$ ..... $(i)$
এবং $x + y = 12$ ..... $(ii)$
$(i)$ নং সমীকরণ হতে পাই
$10x + y - (10y + x) = 54$

$\Rightarrow 10x + y - 10y - x = 54$

$\Rightarrow 9x - 9y = 54$

$\Rightarrow 9(x - y) = 54$

$\Rightarrow x - y = 6$ ..... $(iii)$

$(ii)$ ও $(iii)$ নং সমীকরণ যোগ করি

$x + y = 12$
$x - y = 6$
$2x = 18$

$\therefore x = 9$

Recent Publications

$x$ এর মান $(ii)$ নং সমীকরণে বসিয়ে পাই-

$x + y = 12$

$\Rightarrow 9 + y = 12$

$\therefore y = 3$

সংখ্যাটি $= 10y + x$

$= 10 \times 3 + 9$

$= 30 + 9 = 39$

**বিস্তারিত সমাধান - ২ঃ** একক স্থানীয় অংক $x$ হলে দশক স্থানীয় অংক $= (12 - x)$

সংখ্যাটি $= \{10(12 - x) + x\} = 120 - 9x$

অংকদ্বয়ের স্থান বিনিময়ের পর সংখ্যাটি

$= \{10x + (12 - x)\} = 9x + 12$

শর্তমতে, $(9x + 12) - (120 - 9x) = 54$

$\Rightarrow 18x + 12 - 120 = 54$

$\Rightarrow 18x = 162$

$\therefore x = 9$

$\therefore$ নির্ণেয় সংখ্যা $= 120 - (9 \times 9) = 39$

***Shortcut*** সমাধানঃ পাঠক, এই Shortcut টি আপনাকে আসলে চিন্তা করে বের করতে হবে। আপনি কিভাবে চিন্তা করবেন তা-ই এখানে ব্যাখ্যা করা হচ্ছে।

4টি অপশন থেকেই দেখা যায় যে, দুই অংক বিশিষ্ট সংখ্যাটির অংক দুটিকে যোগ করলে যোগফল হচ্ছে 12. তাই এই শর্ত থেকে কোনো অপশনই বাদ দেওয়া যাচ্ছে না। এখন দুই অংক বিশিষ্ট একটি সংখ্যা, যা অংকদ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়- এই শর্ত থেকে এটা বুঝা যায় যে, মূল সংখ্যাটি অবশ্যই স্থান বিনিময়ের পরে যে সংখ্যাটি পাওয়া যাবে তার থেকে ছোট হবে। কারণ তা না হলে কখনোই দুই অংক বিশিষ্ট একটি সংখ্যা, অংকদ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পাবে না। তাই *b*) 75 এবং *d*) 93 বাদ যাবে। কারণ এই দুটি সংখ্যা স্থান বিনিময় করলে যথাক্রমে 57 এবং 39 হবে যা মূল সংখ্যা থেকে ছোট। এখন *b*) এবং *d*) বাদ দেওয়ার পর আমরা *a*) 57 এবং *c*) 39 নিয়ে চিন্তা করি। *a*) এর 57 সংখ্যাটির স্থান বিনিময়ের পরে হয় 75 আর তখন *a*) এর 57 সংখ্যাটি পার্থক্য স্থান বিনিময়ের ফলে বৃদ্ধি পায়ে হয় $(75 - 57) = 18$. কিন্তু প্রশ্নমতে বৃদ্ধি পেতে হবে 54 তাই এটি বাদ।

যেহেতু অপশন *a*), *b*) এবং *d*) এই তিনটিই বাদ, তাই আপনি এখন নিশ্চিতভাবে বলতে পারেন *c*) 39 -ই উত্তর হবে. বিশ্বাস না হলে *c*) এর 39 সংখ্যাটির স্থান বিনিময়ের পরে হয় 93 আর এটি বৃদ্ধি পেয়ে হয় $(93 - 39) = 54$ আর প্রশ্নেও দেয়া আছে 54. তাই উত্তর *c*) 39.

***পরীক্ষার হলের Shortcut***

পরীক্ষার হলে বিয়োগ পাশাপাশি না করে নিচে নিচে করবেন। কারণ আমরা ছোট বেলা থেকে নিচে নিচে বিয়োগ করে অভ্যস্ত। এতে ভুলের সম্ভাবনা কম থাকবে।

| | |
|---|---|
| 75 | 93 |
| 57 | 39 |
| 18 (×) | 54(√) |

**Q.** একজন ব্যক্তির বেতন ৫% কমেছে। কিন্তু এক বছর পর তা আবার ৫% বেড়েছে। মোটের উপর তার বেতন শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পেয়েছে?

a) ০.৫% বেড়েছে b) ০.২৫% বেড়েছে

c) ০.২৫% কমেছে d) ০.৫% কমেছে ***ans.* C**

***Solution:*** ধরি, লোকটির মূলবেতন ১০০ টাকা

৫% হ্রাসে বর্তমান বেতন = ১০০ - ১০০ এর ৫%

$= ১০০ - \frac{৫০০}{১০০} = ১০০ - ৫ = ৯৫$ টাকা

বেতন আবার, ৫% বৃদ্ধিতে বর্তমান বেতন হবে

= ৯৫ + ৯৫ এর ৫%

$= ৯৫ + \frac{৯৫ \times ৫}{১০০} = ৯৫ + ৪.৭৫ = ৯৯.৭৫$ টাকা

$\therefore$ বেতন শতকরা হ্রাস পায় = ১০০ - ৯৯.৭৫ = ০.২৫ টাকা

***Shortcut:*** শতকরা হ্রাস পায় $= A + B + \frac{A \times B}{100}$

$= ৫ - ৫ + \frac{৫ \times (-৫)}{১০০} = -০.২৫\%$

**Q.** কোনো বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?

a) লাভ ২৫% b) ক্ষতি ২৫%

c) লাভ ১০% d) ক্ষতি ৫০% ***ans.* D**

***Solution:*** ধরি, বিক্রয়মূল্য $x$ টাকা

$\therefore$ ক্রয়মূল্য $2x$ টাকা

$\therefore$ ক্ষতি হয় $= 2x - x = x$ টাকা

$\therefore$ শতকরা ক্ষতি হয় $= \left(\frac{x}{2x} \times ১০০\right)\% = ৫০\%$

***Shortcut:*** ধরি, ক্রয়মূল্য = ১০ এবং বিক্রয়মূল্য = ৫

$\therefore$ শতকরা ক্ষতি হয় $= \left(\frac{৫}{১০} \times ১০০\right)\% = ৫০\%$

**Q.** একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮° । এর বাহু সংখ্যা কতগুলো হবে?

a) ৩০ b) ২০

c) ১৮ d) ১০ ***ans.* A**

***Solution:*** বাহুর সংখ্যা $n$ হলে সুষম বহুভুজের অন্তঃকোণ

$= ১৮০ - \frac{৩৬০^\circ}{n}$

অর্থাৎ $১৮০ - \frac{৩৬০^\circ}{n} = ১৬৮^\circ$

$\Rightarrow \frac{৩৬০^\circ}{n} = ১৮০^\circ - ১৬৮^\circ = ১২^\circ$

$\therefore n = \frac{৩৬০^\circ}{১২^\circ} = ৩০$

অর্থাৎ বহুসংখ্যা ৩০

***Shortcut:*** নির্ণেয় বহুসংখ্যা $= \frac{৩৬০^\circ}{১২^\circ} = ৩০$

**Q.** ১০০ থেকে ২০০ এর মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?

a) ৩১ b) ৩৩

c) ৩২ d) ৩৪ ***ans.* B**

**Solution:** সংখ্যার সীমা হলো ১০০ থেকে ২০০ পর্যন্ত

১ম সংখ্যা $a = ১০২$ [কারণ ১০০ ও ১০১ সংখ্যাদ্বয় ৩ দ্বারা বিভাজ্য নয়]

সাধারণ অন্তর, $d = ৩$ [কারণ ৩ দ্বারা বিভাজ্য ১ম সংখ্যা ও ২য় সংখ্যার পার্থক্য ৩ হবে]

$\therefore$ শেষ সংখ্যা $= ১৯৮$

$\therefore$ পদসংখ্যা $= \frac{\text{শেষ পদ - ১ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + ১$

$= \frac{১৯৮ - ১০২}{৩} + ১ = \frac{৯৬}{৩} + ১ = ৩২ + ১ = ৩৩$

**Q.** $a + b = 7$ এবং $ab = 12$ হলে $\frac{1}{a^2} + \frac{1}{b^2}$ এর মান কত?

a) $\frac{3}{25}$ b) $\frac{25}{144}$

c) $\frac{31}{144}$ d) $\frac{11}{49}$ ***ans.* B**

**Solution:** দেয়া আছে, $\frac{1}{a^2} + \frac{1}{b^2} = \frac{b^2 + a^2}{a^2b^2} = \frac{a^2 + b^2}{a^2b^2}$

$= \frac{(a + b)^2 - 2ab}{(ab)^2} = \frac{(7)^2 - 2 \times 12}{(12)^2}$ [মান বসিয়ে]

$= \frac{49 - 24}{144} = \frac{25}{144}$

**Q.** একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৪২ সে.মি. এবং এই পরিসীমা ১ মিটার, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত?

a) ৩৩৬ বর্গ সে.মি. b) ৮৪ সে.মি.

c) ৮৪ বর্গ d) ১০০ বর্গ সে.মি. ***ans.* A**

**Solution:** দেয়া আছে, পরিসীমা = ১ মিটার = ১০০ সে.মি.

ধরি, প্রস্থ $x$ সে.মি.

প্রশ্নমতে, $২(৪২ + x) = ১০০$

$\Rightarrow ৮৪ + ২x = ১০০$

$\Rightarrow ২x = ১৬$

$\therefore x = ৮$

$\therefore$ ক্ষেত্রফল $= ৪২ \times ৮ = ৩৩৬$ বর্গ সে.মি.

**Q.** একজন চাকুরিজীবীর বেতন ১৫% বৃদ্ধি পেয়ে ৫৭৫০ টাকা হলে পূর্বের বেতন কত টাকা ছিল?

a) ৫৫৫০ b) ৪৭৫০

c) ৫০০০ d) ৫২৫০ ***ans.* C**

**Solution:** ১৫% বৃদ্ধিতে বেতন হয় = ১১৫ টাকা

বর্তমানে বেতন ১১৫ টাকা হলে পূর্বের বেতন = ১০০ টাকা

$\therefore$ বর্তমানে বেতন ৫৭৫০ টাকা হলে পূর্বের বেতন

$= \frac{১০০ \times ৫৭৫০}{১১৫} = ৫০০০$ টাকা

**Q.** $81(\sqrt{3})^{2x} = 1$ হলে, $x$ এর মান কত?

a) $-3$ b) 3

c) 4 d) $-4$ ***ans.* D**

**Solution:** দেয়া আছে, $81(\sqrt{3})^{2x} = 1$

$\Rightarrow 3^4 (3)^{\frac{1}{2} \times 2x} = 1$ $[\because 3^4 = 81$ এবং $x\sqrt{3} = 3^{\frac{1}{2}}]$

$\Rightarrow 3^4 \times 3^x = 1$

$\Rightarrow 3^{4+x} = 3^0$ $[\because 3^0 = 1]$

$\Rightarrow 4 + x = 0$

$\therefore x = -4$

**Q.** $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$ হলে $x =$ কত?

a) 3 b) $-3$

c) $\sqrt{3}$ d) 0 ***ans.* D**

**Solution:** দেয়া আছে, $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$

$\Rightarrow (\sqrt{x+3})^2 = (\sqrt{x} + \sqrt{3})^2$ [বর্গ করে]

$\Rightarrow x + 3 = x + 3 + 2\sqrt{x} \times \sqrt{3}$

$\Rightarrow x + 3 = x + 3 + 2\sqrt{3x}$

$\Rightarrow x + 3 - x - 3 - 2\sqrt{3x} = 0$

$\Rightarrow -2\sqrt{3x} = 0$

$\Rightarrow \sqrt{3x} = \frac{0}{-2} = 0$

$\Rightarrow (\sqrt{3x})^2 = 0$

$\Rightarrow 3x = 0$

$\therefore x = \frac{0}{3} = 0$

**Q.** ৬টি সংখ্যার গড় ৮.৫ একটি সংখ্যা বাদ দিলে গড় হ্রাস পেয়ে ৭.২ হয়। বাদ দেয়া সংখ্যাটি কত?

a) ৭ b) ১৫

c) ১০ d) ১২ ***ans.* B**

**Solution:** ৬ টি সংখ্যার সমষ্টি $= ৮.৫ \times ৬ = ৫১$ এবং ১ টি বাদে বাকি ৫ টি সংখ্যার সমষ্টি $= ৭.২ \times ৫ = ৩৬$

$\therefore$ বাদ দেয়া সংখ্যাটি $= ৫১ - ৩৬ = ১৫$

**Q.** বার্ষিক $৪\frac{১}{২}$% সরল সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ হবে?

a) ৪৫৮ টাকা b) ৬৫০ টাকা

c) ৭০০ টাকা d) ৭২৫ টাকা ***ans.* C**

**Solution:** ধরি, আসল 100 টাকা

$\therefore$ 1 বছরের সুদ $= 4.5$ টাকা

$\therefore$ 4 বছরের সুদ $= (4 \times 4.5)$ টাকা $= 18$ টাকা

$\therefore$ সুদ-আসল $= (100 + 18) = 118$ টাকা

সুদ-আসল 118 টাকা হলে আসল $= 100$ টাকা

$\therefore$ সুদ-আসল 1 টাকা হলে আসল $= \frac{100}{118}$ টাকা

$\therefore$ সুদ-আসল 826 টাকা হলে আসল $= \frac{100 \times 826}{118}$ টাকা

$= 700$ টাকা

Recent Publications

**Q.** $i^{-49}$ এর মান কত?

a) $-1$ b) $i$

c) 1 d) $-i$ ***ans.* D**

**Solution:** আমরা জানি, $i = \sqrt{-1}$

$\Rightarrow i^2 = -1; i^3 = -1$ এবং $i^4 = 1$

এখন দেয়া আছে, $i^{-49} = \frac{1}{i^{49}} = \frac{1}{(i^4)^{12} \times i}$

$= \frac{1}{(1)^{12} \times i} = \frac{i^2}{i}$ $[\because i^2 = -1]$

$= -i$

**Q.** $P(A) = \frac{1}{3}$, $P(B) = \frac{3}{4}$, A ও B স্বাধীন হলে $P(A \cup B)$ এর মান কত?

a) $\frac{3}{4}$ b) $\frac{1}{3}$

c) $\frac{5}{6}$ d) কোনটিই নয় ***ans.* C**

**Solution:** A এবং B স্বাধীন হলে,

$P(A \cap B) = P(A) \times P(B) = \frac{1}{3} \times \frac{3}{4} = \frac{1}{4}$

$\therefore P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$

$= \frac{1}{3} + \frac{3}{4} - \frac{1}{4} = \frac{4+9-3}{12} = \frac{10}{12} = \frac{5}{6}$

## সমবায় অধিদপ্তর

পদের নাম: অফিস সহায়ক/ ফিল্ড অপারেটর/ নৈশ প্রহরী

তারিখ: ০৯.০৬.২০২৩; সময়: ৫০ মিনিট; পূর্ণমান: ৫০

**Q.** বাৎসরিক শতকরা ১২.৫০ টাকা হারে ১০০০ টাকার ২ বছরের মুনাফা কত টাকা হবে?

a) ২৫০ টাকা b) ১২৫ টাকা

c) ১০০ টাকা d) ৫০ টাকা ***ans.* A**

**Solution:** ১০০ টাকার ১ বছরের মুনাফা = ১২.৫০ টাকা

$\therefore$ ১,০০০ টাকার ২ বছরের মুনাফা $= \frac{১২.৫০ \times ২ \times ১০০০}{১০০}$

$= ২৫০$ টাকা

**Q.** $x^2 + 2xy$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণ বর্গ সংখ্যা হবে?

a) $x$ b) $y$

c) $-2xy$ d) $2xy$ ***ans.* C**

**Solution:** দেয়া আছে, $x^2 + 2xy$

$= x^2 + 2xy - 2xy$

$= x^2$ এটাই পূর্ণ বর্গসংখ্যা।

অর্থাৎ $-2xy$ যোগ করতে হবে।

**Q.** $(a+b)^2$ ও $a^2 - b^2$ এর গ.সা.গু কত?

a) $(a+b)^2 (a-b)$ b) $a^2 - b^2$

c) $a+b$ d) $a-b$ ***ans.* C**

**Solution:** ১ম রাশি $= (a+b)^2 = (a+b)(a+b)$

২য় রাশি $= a^2 - b^2 = (a+b)(a-b)$

$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $= (a+b)$

**Q.** ৭ ইঞ্চি ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের পরিধি কত?

a) ৭ ইঞ্চি b) ১৪ ইঞ্চি

c) ২২ ইঞ্চি d) ৪৪ ইঞ্চি ***ans.* D**

**Solution:** দেয়া আছে, ব্যাসার্ধ $r = ৭$ ইঞ্চি

জানা আছে, বৃত্তের পরিধি $= 2\pi r$ একক।

$= \left(২ \times \frac{২২}{৭} \times ৭\right)$ ইঞ্চি $\left[\because \pi = \frac{২২}{৭}\right]$

$= ৪৪$ ইঞ্চি।

**Q.** $x$ ও $y$ এর মানের গড় ৯ এবং $z = ১২$ হলে $x$, $y$ এবং $z$ এর মানের গড় কত?

a) ৯ b) ১০

c) ১২ d) ২১ ***ans.* B**

**Solution:** $x$ ও $y$ এর মানের সমষ্টি $= ২ \times ৯ = ১৮$

দেয়া আছে, $z = ১২$

$\therefore$ $x$, $y$ এবং $z$ এর মানের গড় $= \frac{(২ \times ৯) + ১২}{৩} = ১০$

**Q.** ১ থেকে ১০০ পর্যন্ত বিজোড় সংখ্যার গড় কত?

a) ৪৫ b) ৪৯

c) ৫০ d) ৫৫ ***ans.* C**

**Solution:** ১ থেকে ১০০ পর্যন্ত বিজোড় স্বাভাবিক সংখ্যা আছে ৫০টি।

আর, বিজোড় স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি হলো

$= n^2 = ৫০^2 = ২৫০০$

$\therefore$ নির্ণেয় গড় $= \frac{২৫০০}{৫০} = ৫০$

**Q.** ১ ইঞ্চি = কত সেন্টিমিটার?

a) ২.৪০ b) ২.৫৪

c) ২.৪৫ d) ২.৫০ ***ans.* B**

**Solution:** ১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার (প্রায়)।

| | |
|---|---|
| ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি (প্রায়) | ১ গজ = ০.৯১৪৪ মিটার (প্রায়) |
| ১ কিলোমিটার = ০.৬২ মাইল (প্রায়) | ১ মাইল = ১.৬১ কিলোমিটার (প্রায়) |

**Q.** ৫ বছর পূর্বে পিতা ও পুত্রের বয়সের যোগফল ছিলো ৬০ বছর। বর্তমানে পুত্রের বয়স ২০ বছর হলে পিতার বর্তমান বয়স কত?

a) ৫০ বছর b) ৫৫ বছর

c) ৬০ বছর d) ৬৫ বছর ***ans.* A**

**Solution:** বর্তমানে পুত্রের বয়স ২০ বছর।

$\therefore$ ৫ বছর পূর্বে পুত্রের বয়স ছিল $= ২০ - ৫ = ১৫$ বছর।

$\therefore$ ৫ বছর পূর্বে পিতার বয়স ছিল $= ৬০ - ১৫ = ৪৫$ বছর।

$\therefore$ পিতার বর্তমান বয়স হবে $= ৪৫ + ৫ = ৫০$ বছর।

**Q.** একটি ত্রিভুজে সর্বোচ্চ কয়টি স্থূলকোণ থাকতে পারে?

a) ১টি b) ২টি

c) ৩টি d) কোনটিই নয় ***ans.* A**


**Solution:** স্থূলকোণ অর্থ এক সমকোণ বা ৯০° অপেক্ষা বড় কোণ। একটি ত্রিভুজে সর্বোচ্চ ১টি স্থূলকোণ থাকতে পারে।

Recent Publications

**Q.** একটি বিন্দু দিয়ে কয়টি সরলরেখা আঁকা যায়?

a) ১টি b) ৩টি
c) ৪টি d) অসংখ্য **ans. D**

**Solution:** একটি বিন্দুকে কেন্দ্র করে চিত্রের মতো অসংখ্য সরলরেখা আঁকা যায়ঃ




**Q.** ৩০ থেকে ৫০ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?

a) ৩টি b) ৫টি
c) ৭টি d) একটিও নেই **ans. B**

**Solution:**

| সীমা | মৌলিক সংখ্যা | মোট মৌলিক সংখ্যা | সর্বমোট |
|---|---|---|---|
| ১-১০ | ২,৩,৫,৭ | ৪টি | ৪টি (১-১০) |
| ১১-২০ | ১১,১৩,১৭,১৯ | ৪টি | ৮টি (১-২০) |
| ২১-৩০ | ২৩,২৯ | ২টি | ১০টি(১-৩০) |
| ৩১-৪০ | ৩১,৩৭ | ২টি | ১২টি (১-৪০) |
| ৪১-৫০ | ৪১,৪৩,৪৭ | ৩টি | ১৫টি (১-৫০) |
| ৫১-৬০ | ৫৩,৫৯ | ২টি | ১৭টি(১-৬০) |
| ৬১-৭০ | ৬১,৬৭ | ২টি | ১৯টি(১-৭০) |
| ৭১-৮০ | ৭১,৭৩,৭৯ | ৩টি | ২২টি (১-৮০) |
| ৮১-৯০ | ৮৩,৮৯ | ২টি | ২৪টি (১-৯০) |
| ৯১-১০০ | ৯৭ | ১টি | ২৫টি(১-১০০) |

**Q.** $x + y = 6$ হলে $xy$ এর বৃহত্তম মান কত হবে?

a) 12 b) 6
c) 9 d) 8 **ans. C**

**Solution:** $x = 5$ হলে $y = 1$; $xy = 5 \times 1 = 5$
$x = 4$ হলে $y = 2$; $xy = 4 \times 2 = 8$
$x = 3$ হলে $y = 3$; $xy = 3 \times 3 = 9$
অতএব, $x$ এবং $y = 3$ হলো সর্বোচ্চ মান $xy = 9$ হবে।

## বাংলাদেশ ডুল বন্দর

পদের নামঃ বিজ্ঞ পদ
তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q.** একটি স্কুলের খেলাধুলায় অংশ নেওয়া মেয়ে এবং ছেলেদের সংখ্যার অনুপাত ৪ ঃ ৫। যদি মেয়েদের সংখ্যা ২১২ হয়, তবে খেলাধুলায় অংশ নেওয়া ছেলেদের সংখ্যা কত?

a) ২৫০ b) ২৭০
c) ১৫০ d) ২৬৫ **ans. D**

**Solution:** ধরি, মেয়ে সংখ্যা $8x$ জন।
এবং ছেলেদের সংখ্যা $৫x$ জন।
প্রশ্নমতে, $8x = ২১২$
$\therefore x = \frac{২১২}{৪} = ৫৩$
অতএব, ছেলেদের সংখ্যা $= ৫x = ৫ \times ৫৩ = ২৬৫$ জন।

**Q.** ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে, বাকিদের গড় ওজন কত হবে?

a) ৬৮ কেজি b) ৭২ কেজি
c) ৮০ কেজি d) ৬২ কেজি **ans. A**

**Solution:** ১১ জনের ওজনের সমষ্টি $= ৭০ \times ১১ = ৭৭০$
$\therefore$ ৯০ কেজি ওজনের ১ জন চলে যাওয়ায় বর্তমান ওজন $= ৭৭০ - ৯০ = ৬৮০$ কেজি
$\therefore$ একজন চলে যাওয়ায় বর্তমানে ১০ জনের গড় ওজন $= \frac{৬৮০}{১০} = ৬৮$ কেজি

**Q.** তাহসীফের আয় তামজিদ অপেক্ষা ২৫% বেশি। তামজিদের আয় তাহসীফের আয় অপেক্ষা শতকরা কত কম?

a) ২২% b) ২০%
c) ২৫% d) ৩০% **ans. B**

**Solution:** তাহসীফের আয় তামজিদ আয় অপেক্ষা ২৫% বেশি বলে এক্ষেত্রে সূত্রটি হবেঃ

$$\frac{\text{বৃদ্ধির পরিমাণ}}{১০০ + \text{বৃদ্ধির পরিমাণ}} \times ১০০\%$$

$$= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০\% = \frac{২৫ \times ১০০}{১২৫} = ২০\%$$

**Q.** পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?

a) ২০ বছর b) ১৮ বছর
c) ১৪ বছর d) ১৬ বছর **ans. B**

**Solution:** পিতা ও মাতার বয়সের গড় = ৪৫ বছর
পিতা ও মাতার বয়সের সমষ্টি $= ৪৫ \times ২ = ৯০$ বছর
$\therefore$ পিতা, মাতা ও একপুত্রের বয়সের গড় = ৩৬ বছর
পিতা, মাতা ও একপুত্রের বয়সের সমষ্টি
$= ৩৬ \times ৩ = ১০৮$ বছর
$\therefore$ পুত্রের বয়স $= (১০৮ - ৯০) = ১৮$ বছর

**Q.** পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে, তাদের যোগফল কত হবে?

a) ৪ b) ৬
c) ১০ d) ১৫ **ans. D**

**Solution:** মনে করি, ক্রমিক সংখ্যাগুলো যথাক্রমে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯; ---- হতে পারে দেখা যায় তিনটি শুধুমাত্র ৪, ৫, ৬ হলেই গুণফল ১২০ হয়।
$\therefore$ সংখ্যা তিনটির যোগফল $= ৪ + ৫ + ৬ = ১৫$

**Q.** আখের মিশ্রণে ২০% চিনি রয়েছে। ৫০ কেজি চিনি উৎপাদনের জন্য কত কেজি আখ প্রয়োজন?

a) ১০০০ b) ৫০০
c) ২৫০ d) ৭৫০ **ans. C**

**Solution:** ২০ কেজি চিনির জন্য আখ প্রয়োজন = ১০০ কেজি
$\therefore$ ৫০ কেজি চিনির জন্য আখ প্রয়োজন $= \frac{১০০ \times ৫০}{২০}$ কেজি
$= ২৫০$ কেজি

Recent Publications

**Q.** তিন অংকের বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যা দুটির পার্থক্য কত?

a) ৯৯৮ b) ৯৮৮
c) ৮৮৮ d) ৮৯৯ ***ans.*** **D**

***Solution:*** তিন অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯
তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০

∴ সংখ্যা দুটির পার্থক্য = ৮৯৯

**Q.** $\sqrt{0.00000625}$ = কত?

a) ০.০০২৫ b) ০.০০০২৫
c) ০.০০০০২৫ d) ০.০০০৬২৫ ***ans.*** **A**

***Solution:*** $\sqrt{০.০০০০০৬২৫} = ০.০০২৫$
এখানে বর্গমূলের ভেতর দশমিকের পর ৮ ঘর ছিল। বর্গমূলের পরে দশমিকের পর ৪ ঘর ছিল।

**Q.** একটি সমবাহু Δ এর পরিধি হল ৭২√৩ মিটার Δ উচ্চতা কত?

a) ৬৩ মিটার b) ৩৬ মিটার
c) ৪০ মিটার d) ৫৫ মিটার ***ans.*** **B**

***Solution:*** আমরা জানি, সমবাহু ত্রিভুজের পরিসীমা = $৩a$ [যদি একটি বাহু $a$ হয়]
দেয়া আছে, $৩a = ৭২\sqrt{৩}$

∴ $a = \frac{৭২\sqrt{৩}}{৩} = ২৪\sqrt{৩}$

অতএব, সমবাহু ত্রিভুজের উচ্চতা
$= \frac{\sqrt{৩}}{২}a = \frac{\sqrt{৩}}{২} \times ২৪\sqrt{৩} = ১২ \times (\sqrt{৩})^{২}$
$= ১২ \times ৩ = ৩৬$ মিটার।

**Q.** $৬(-৩)\left(\frac{১}{৩}\right)(-০.২৫)$ = কত?

a) ৬ b) ৪.৫
c) ১.৫ d) -০.৫ ***ans.*** **C**

***Solution:*** দেয়া আছে, $৬(-৩)\left(\frac{১}{৩}\right)(-০.২৫)$
$= -১৮ \times \left(\frac{১}{৩}\right)(-০.২৫)$
$= -৬ \times (-০.২৫)$
$= ১.৫০$

**Q.** কোনো পরীক্ষায় ২০০ জনের মধ্যে ৭০% বাংলায়, ৬০% ইংরেজিতে এবং ৪০% উভয় বিষয়ে পাশ করে। উভয় বিষয়ে ফেল করে কত জন?

a) ১০ b) ১৫
c) ২৫ d) ২০ ***ans.*** **D**

***Solution:*** শুধু বাংলায় পাস করে = (৭০ - ৪০)% = ৩০%
শুধু ইংরেজিতে পাস করে = (৬০ - ৪০)% = ২০%

∴ উভয় বা যে কোনো এক বিষয়ে মোট পাস করে
= (৩০ + ২০ + ৪০)% = ৯০%

∴ উভয় বিষয়ে মোট ফেল করে = (১০০ - ৯০)% = ১০%
১০০ জনে ফেল করে = ১০ জন

∴ ২০০ জনে ফেল করে = $\frac{১০ \times ২০০}{১০০}$ = ২০ জন

***Shortcut:*** Fail in both subject = None Pass in Bangla & English
= 100 – [70 + 60 – 40] = 10 %
Total Fail = 10 % of 200 = 20

**Q.** কতজন শিশুর মধ্যে কোন ফল না ভেঙে ১১৫ টি কমলা এবং ১৩৫টি কলা ভাগ করে দেওয়া যায়?

a) ৫ b) ১০
c) ১২ d) ১৫ ***ans.*** **A**

***Solution:*** ১১৫ এবং ১৩৫ এর গ.সা.গুই হবে নির্ণেয় শিশুর সংখ্যা।
অর্থাৎ ১১৫)১৩৫(১
১১৫
২০)১১৫(৫
১০০
১৫)২০(১
১৫
৫)১৫(৩
১৫
০

∴ ১১৫ ও ১৩৪ এর গ.সা.গু. = ৫
∴ নির্ণেয় শিশুর সংখ্যা ৫ জন।

**Q.** $\sqrt{1} + \sqrt{1}$ এর বর্গ কত?

a) ২ b) ৪
c) ৩ d) ১ ***ans.*** **B**

***Solution:*** দেয়া আছে, $\sqrt{1} + \sqrt{1} = (\sqrt{1} + \sqrt{1})^{2}$
$= (2\sqrt{1})^{2} = 4 \times 1 = 4$

**Q.** $a + b = 6$ এবং $a - b = 4$ হলে $ab$ এর মান কত?

a) ২ b) ৪
c) ৩ d) ১ ***ans.*** **Note**

***Solution:*** আমরা জানি, $4ab = (a + b)^2 - (a - b)^2$
$= 6^2 - 4^2 = 36 - 16 = 20$

∴ $ab = \frac{20}{4} = 5$

**Q.** ০.২ × ০.০২ × ০.০০২ × ০.০০০২ = কত?

a) ০.০০০০০১৬ b) ০.০০০০০০০১৬
c) ০.০০০০০০০০১৬ d) ০.০০১৬ ***ans.*** **C**

***Solution:*** দেয়া আছে, ০.২ × ০.০২ × ০.০০২ × ০.০০০২
দেখুন, দশমিকের পর মোট ঘর আছে ১০টি।
∴ উত্তরে দেখুন কোন অপশনে দশমিকের পর ১০ ঘর আছে যার শেষে ২ × ২ × ২ × ২ = ১৬ আছে।

Recent Publications

**Q.** কোনটি মূলদ সংখ্যা?

a) $\sqrt{27}$ b) $\sqrt{12}$

c) $\sqrt{18}$ d) $\sqrt[3]{8}$ ***ans.* D**

***Solution:*** অপশন *a*) তে আছে, $\sqrt{27} = \sqrt{3 \times 9} = 3\sqrt{3}$

অপশন *b*) তে আছে, $\sqrt{12} = \sqrt{3 \times 4} = 2\sqrt{3}$

অপশন *c*) তে আছে, $\sqrt{18} = \sqrt{2 \times 9} = 3\sqrt{2}$

কিন্তু, অপশন *d*) তে আছে, $\sqrt[3]{8} = \sqrt[3]{(2)^3} = 2^{3 \times \frac{1}{3}} = 2$

## বাংলাদেশ রেলওয়ে

পদের নামঃ ওয়েম্যান

তারিখঃ ১০.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র?

a) $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা) b) ২ × (দৈর্ঘ্য × প্রস্থ)

c) (ভূমি × উচ্চতা) d) (দৈর্ঘ্য × প্রস্থ) ***ans.* C**

***Solution:*** সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রঃ ভূমি × উচ্চতা

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রঃ $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা)

**Q.** নিম্নের কোন সংখ্যাটি মৌলিক নয়?

a) ১ b) ২

c) ৩ d) ৫ ***ans.* A**

***Solution:*** ১ হলো ক্ষুদ্রতম সংখ্যা এবং সংখ্যাটি একক। এটিকে মৌলিক বা যৌগিক হিসেবে ধরা হয় না। ২ হল ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা।

| সীমা | মৌলিক সংখ্যা | মোট মৌলিক সংখ্যা | সর্বোচ্চ |
|---|---|---|---|
| ১-১০ | ২,৩,৫,৭ | ৪টি | ৪টি (১-১০) |
| ১১-২০ | ১১,১৩,১৭,১৯ | ৪টি | ৪টি (১-২০) |
| ২১-৩০ | ২৩,২৯ | ২টি | ১২টি(১-৩০) |
| ৩১-৪০ | ৩১,৩৭ | ২টি | ১৪টি (১-৪০) |
| ৪১-৫০ | ৪১,৪৩,৪৭ | ৩টি | ১৬টি (১-৫০) |
| ৫১-৬০ | ৫৩,৫৯ | ২টি | ১৮টি(১-৬০) |
| ৬১-৭০ | ৬১,৬৭ | ২টি | ২০টি(১-৭০) |
| ৭১-৮০ | ৭১,৭৩,৭৯ | ৩টি | ২২টি (১-৮০) |
| ৮১-৯০ | ৮৩,৮৯ | ২টি | ২৪টি (১-৯০) |
| ৯১-১০০ | ৯৭ | ১টি | ২৫টি(১-১০০) |

**Q.** ৫ অংকের ক্ষুদ্রতম সংখ্যা এবং ৪ অংকের বৃহত্তম সংখ্যার পার্থক্য কত?

a) ১১১১ b) ১১১

c) ১১ d) ১ ***ans.* D**

***Solution:*** ৫ অংকের ক্ষুদ্রতম সংখ্যা হল ১০০০০। এবং ৪ অংকের বৃহত্তম সংখ্যা হল ৯৯৯৯।


অতএব, এদের মধ্যে পার্থক্য হল (১০০০০ - ৯৯৯৯) = ১।

**Q.** কোন ত্রিভুজের তিনটি বাহুর প্রত্যেকটি ক্রমান্বয়ে একদিকে বর্ধিত করলে উৎপন্ন বহিস্থ কোণ তিনটির সমষ্টি কত?

a) ১৮০° b) ১২০°

c) ৩৬০° d) ২৯০° ***ans.* C**

***Solution:*** চিত্রটিতে দেখুন,




একটি ত্রিভুজের যে কোন একটি বহিস্থ কোণ অন্তস্থ বিপরীত দুটি কোণের সমষ্টির সমান। এখন, তিনটি বহিস্থ কোণের সমষ্টি হবে অন্তস্থ বিপরীত ৬টি কোণের সমষ্টির সমান। যেহেতু ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = ১৮০°. সুতরাং ৬টি কোণের সমষ্টি হবে ৩৬০°।

**Q.** $a - [2b - \{3c - (a - 2b + 3c)\}]$ এর মান কত?

a) $a + b$ b) 0

c) $a + b + c$ d) $c$ ***ans.* B**

***Solution:*** দেয়া আছে, $a - [2b - \{3c - (a - 2b + 3c)\}]$

$= a - [2b - \{3c - a + 2b - 3c\}]$

$= a - [2b - \{-a + 2b\}]$

$= a - [2b + a - 2b]$

$= a - a$

$= 0$

**Q.** একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১০ মিটার এবং প্রস্থ ৬ মিটার হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ মিটার?

a) ৬৫ b) ৩৬

c) ৪৮ d) ১০০ ***ans.* C**

***Solution:*** ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $a$ মিটার

এবং আয়তক্ষেত্রের প্রস্থ $b$ মিটার।

প্রশ্নমতে, $\sqrt{a^2 + b^2} = ১০$

$\Rightarrow \sqrt{a^2 + ৬^২} = ১০$ [$\because$ প্রস্থ $b = ৬$ মিটার]

$\Rightarrow a^2 + ৩৬ = ১০০$ বর্গ করে

$\Rightarrow a^2 = ১০০ - ৩৬ = ৬৪$

$\Rightarrow a = \sqrt{৬৪} = \sqrt{৮^২} = ৮$

অতএব, নির্ণেয় ক্ষেত্রফল

$= a \times b = ৮ \times ৬ = ৪৮$ বর্গ মিটার।

**Q.** কোনটি গুণোত্তর ধারা নয়?

a) $\frac{১}{৫}, \frac{১}{২৫}, \frac{১}{১২৫}$ b) $\frac{১}{২}, \frac{১}{৪}, \frac{৮}{১}$

c) ৭, ৪২, ৮৪ d) ৩, ৯, ২৭ ***ans.* C**

***Solution:*** যে ধারায় কোন পদের সাথে তার পরবর্তী পদের অনুপাত সর্বদাই সমান হয়, তাকে গুণোত্তর ধারা এবং এই অনুপাতকে ধারার সাধারণ অনুপাত বলে।

Diagram

∴ অপশন *a*) তে আছে, $\frac{১}{৫} ; \left(\frac{১}{৫}\right)^২ = \frac{১}{২৫} ; \left(\frac{১}{৫}\right)^৩ = \frac{১}{১২৫}$ যা গুণোত্তর ধারা।

অপশন *b*) তে আছে, $\frac{১}{২} ; \left(\frac{১}{২}\right)^২ = \frac{১}{৪} , \left(\frac{১}{২}\right)^৩ = \frac{১}{৮}$ যা গুণোত্তর ধারা।

অপশন *d*) তে আছে, ৩; $(৩)^২ = ৯; (৩)^৩ = ২৭$ যা গুণোত্তর ধারা।

সঠিক উত্তর অপশন *c*).

**Q.** একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য $a$ একক হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?

a) $\frac{\sqrt{3}}{2}a^2$ b) $\frac{2}{3}a^2$

c) $\frac{2}{\sqrt{3}}a^2$ d) $\frac{\sqrt{3}}{4}a^2$ **ans. D**

**Solution:** সমবাহু ত্রিভুজের একটি বাহু $a$ একক হলে সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক।

**Q.** ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?

a) লাভ ২৫% b) লাভ ৫০%

c) লাভ ২৫% d) ক্ষতি ৫০% **ans. D**

**Solution:** ধরি, বিক্রয়মূল্য $x$ টাকা

∴ ক্রয়মূল্য $২x$ টাকা

∴ ক্ষতি হয় $= ২x - x = x$ টাকা

∴ শতকরা ক্ষতি হয় $= \left(\frac{x}{২x} \times ১০০\right)\% = ৫০\%$

**Shortcut:** ধরি, ক্রয়মূল্য = ১০ এবং বিক্রয়মূল্য = ৫

∴ শতকরা ক্ষতি হয় $= \left(\frac{৫}{১০} \times ১০০\right)\% = ৫০\%$

**Q.** কোন ভগ্নাংশটির মান বড়?

a) $\frac{৩}{৭}$ b) $\frac{৩}{১৩}$

c) $\frac{৩}{৫}$ d) $\frac{৩}{১৭}$ **ans. C**

**Solution:** আসুন, ভগ্নাংশগুলির মধ্যে তুলনা করি:

$\frac{৩}{৭} \times \frac{৩}{১৩} = ৩৯ > ২১$ $\therefore \frac{৩}{৭} > \frac{৩}{১৩}$

আবার, $\frac{৩}{৭} \times \frac{৩}{৫} = ১৫ < ২১$ $\therefore \frac{৩}{৭} < \frac{৩}{৫}$

আবার, $\frac{৩}{৫} \times \frac{৩}{১৭} = ৫১ > ১৫$ $\therefore \frac{৩}{৫} > \frac{৩}{১৭}$

∴ নির্ণেয় বৃহত্তম ভগ্নাংশ $\frac{৩}{৫}$

**Q.** $a^2bc, ab^2c, abc^2$ এর ল.সা.গু. কোনটি?

a) $abc$ b) $a^2b^2c^2$

c) ১ d) $a^3b^3c^3$ **ans. B**

**Solution:** ১ম রাশি $= a^2bc = a \times a \times b \times c$

২য় রাশি $= ab^2c = a \times b \times b \times c$

৩য় রাশি $= abc^2 = a \times b \times c \times c$

∴ নির্ণেয় ল.সা.গু. $= a \times a \times b \times c \times b \times c = a^2b^2c^2$

**Q.** একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

a) ৩০° b) ৪৫°

c) ৬০° d) ৯০° **ans. A**

**Solution:** মনে করি, একটি কোণ $x$

∴ কোণটির পূরক কোণ $= (90° - x)$

প্রশ্নমতে, $x = (90° - x) \times \frac{1}{2}$

$\Rightarrow 2x = 90° - x$

$\Rightarrow 2x + x = 90°$

$\Rightarrow 3x = 90°$

$\therefore x = \frac{90°}{3} = 30°$

**Q.** বৃত্তের ব্যাসার্ধ দ্বিগুণ বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

a) ৩ গুণ b) ৪ গুণ

c) ৫ গুণ d) ৮ গুণ **ans. B**

**Solution:** বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2$ [যেখানে, $r$ = ব্যাসার্ধ]

∴ বৃত্তের ব্যাসার্ধ ২ গুণ বাড়ানো হলে ক্ষেত্রফল $= ২^২ = ৪$ গুণ বাড়বে।

**Q.** $\log_৩\left(\frac{১}{৯}\right)$ এর মান কত?

a) ২ b) $-২$

c) ৩ d) $-৩$ **ans. B**

**Solution:** দেয়া আছে, $\log_৩\left(\frac{১}{৯}\right)$

$= \log_৩\left(\frac{১}{৩}\right)^২$

$= \log_৩(৩^{-১})^২$ $\left[\frac{১}{a} = a^{-১}\right]$

$= \log_৩ ৩^{-২}$ $[(a^m)^n = a^{mn}]$

$= -২ \log_৩ ৩$ $[\log m^r = r \log m]$

$= -২(১)$ $[\because \log_৩ ৩ = ১]$

$= -২$

**Q.** ৩ ÷ ০.১২৫ = কত?

a) ৩০ b) ২৪

c) ৩৬ d) ৪২ **ans. B**

**Solution:** দেয়া আছে, $৩ \div ০.১২৫ = \frac{৩}{০.১২৫} = \frac{৩০০০}{১২৫} = ২৪$

**Q.** $\frac{.০০১}{১ \times ১} =$ কত?

a) ০.০০১ b) ০.০১

c) ০.১ d) ১ **ans. C**

**Solution:** দেয়া আছে, $\frac{.০০১}{১ \times ১} = \frac{১ \times ১০ \times ১০}{১০০০ \times ১ \times ১} = ০.১$

Recent Publication

**Q.** দুইটি সংখ্যার ল.সা.গু ৯০ এবং গ.সা.গু ১৫। একটি সংখ্যা ৪৫ হলে অপরটি কত?

a) ৩০ b) ৩৬
c) ৬০ d) ৭৫ **ans. A**

**Solution:** আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.
$\Rightarrow$ ৪৫ × অপরসংখ্যা = ৯০ × ১৫
$\therefore$ অপরসংখ্যা $= \frac{৯০ \times ১৫}{৪৫} = ৩০$

**Shortcut:** অপর সংখ্যা $= \frac{৯০ \times ১৫}{৪৫} = ৩০$

**Q.** অনুপাতের একক কোনটি?

a) মিটার b) ইঞ্চি
c) কেজি d) একক বিহীন **ans. D**

**Solution:** যেহেতু দুটি রাশির প্রকৃতি একই হলে তাদের অনুপাত হয়, কাজেই অনুপাতের কোনো একক নেই।

**Q.** কোনটি সত্য?

a) ভাজ্য = ভাগফল × ভাগশেষ
b) ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
c) ভাজক = ভাজ্য + ভাগফল
d) ভাগফল = ভাজ্য - ভাজক **ans. B**

**Q.** ১ হেক্টর = কত একর?

a) ৩.৬৩ b) ২.৪৭
c) ৪.৩৯ d) ১.০৫ **ans. B**

## পোস্টাল জেনারেল এর কার্যালয়

পদের নাম: পোস্টাল অপারেটর
তারিখ: ১৬.০৬.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৭০

**Q.** $\frac{x^2 - x - 30}{x^2 - 36}$ এর লঘিষ্ট রূপ কোনটি?

a) $\frac{x+5}{x+6}$ b) $\frac{x+5}{x-6}$
c) $\frac{x-5}{x+6}$ d) $\frac{x-5}{x-6}$ **ans. A**

**Solution:** $\frac{x^2 - x - 30}{x^2 - 36} = \frac{x^2 - 6x + 5x - 30}{x^2 - 6^2}$
$= \frac{x(x-6) + 5(x-6)}{(x+6)(x-6)} = \frac{(x-6)(x+5)}{(x+6)(x-6)} = \frac{x+5}{x+6}$

**Q.** $x^2 - \sqrt{2}x + 1 = 0$ হলে, $\frac{x^{12} + 1}{x^6}$ এর মান কত?

a) 0 b) 1
c) $\sqrt{2}$ d) 2 **ans. A**

**Solution:** দেয়া আছে, $x^2 - \sqrt{2}\,x + 1 = 0$
$\Rightarrow x^2 + 1 = \sqrt{2}\,x$
$\Rightarrow \frac{x^2 + 1}{x} = \frac{\sqrt{2}\,x}{x}$
$\therefore x + \frac{1}{x} = \sqrt{2}$

প্রদত্তরাশি, $\frac{x^{12} + 1}{x^6} = \frac{x^{12}}{x^6} + \frac{1}{x^6} = x^6 + \frac{1}{x^6} = (x^3)^2 + \left(\frac{1}{x^3}\right)^2 = \left(x^3 + \frac{1}{x^3}\right)^2 - 2 \times x^3 \times \frac{1}{x^3}$
$= \left(x^3 + \frac{1}{x^3}\right)^2 - 2$
$= \left\{\left(x + \frac{1}{x}\right)^3 - 3 \times x \times \frac{1}{x} \times \left(x + \frac{1}{x}\right)\right\}^2 - 2$
$= \left\{(\sqrt{2})^3 - 3\sqrt{2}\right\}^2 - 2$
$= (2\sqrt{2} - 3\sqrt{2})^2 - 2$
$= (-\sqrt{2})^2 - 2$
$= 2 - 2$
$= 0$

**Q.** $4x^2 - 2$ থেকে কত বিয়োগ করলে রাশিটি পূর্ণ বর্গ হবে?

a) $-\frac{1}{4x^2}$ b) $-\frac{1}{2x^2}$
c) $\frac{1}{4x^2}$ d) $\frac{1}{2x^2}$ **ans. A**

**Solution:** দেয়া আছে, $4x^2 - 2$
$= (2x)^2 - 2 \times 2x \times \frac{1}{2x} + \left(\frac{1}{2x}\right)^2 - \frac{1}{4x^2}$
$= \left(2x - \frac{1}{2x}\right)^2 - \frac{1}{4x^2}$

অর্থাৎ এখান থেকে $-\frac{1}{4x^2}$ বিয়োগ করলে রাশিটি পূর্ণবর্গ হবে।

**Q.** এক ব্যক্তি তার স্ত্রীর চেয়ে ৫ বছরের বড় এবং তার স্ত্রীর বয়স তার ছেলের বয়সের ৫ গুণ। ৬ বছর পর ছেলের বয়স ১৪ হলে লোকটির বর্তমান বয়স কত হবে?

a) ৩৫ b) ৪০
c) ৩০ d) ৪৫ **ans. D**

**Solution:** ধরি, ছেলের বয়স $x$ বছর
$\therefore$ স্ত্রীর বয়স $৫x$ বছর
এবং ঐ ব্যক্তির বয়স হবে = $(৫x + ৫)$ বছর
প্রশ্নমতে, $x + ৬ = ১৪$
$\therefore x = ৮$
$\therefore$ বর্তমানে ঐ ব্যক্তির বয়স হবে = $(৫x + ৫)$ বছর
$= (৫ \times ৮) + ৫ = ৪৫$ বছর

**Q.** $\log_x \frac{1}{81} = -4$ হলে, $x$ এর মান কত?

a) -3 b) $-\frac{1}{3}$
c) $\frac{1}{3}$ d) 3 **ans. D**

Recent Publication

**Solution:** দেয়া আছে, $\log_x \frac{1}{81} = -4$

$\Rightarrow x^{-4} = \frac{1}{81}$

$\Rightarrow x^{-4} = 3^{-4}$


$\therefore x = 3$ Ans.

**Q. A ও B কেন্দ্র বিশিষ্ট বৃত্তদ্বয় পরস্পর O বিন্দুতে স্পর্শ করলে ∠AOB এর মান কত?**

a) সমকোণ b) প্রবৃদ্ধ কোণ

c) পূরক কোণ d) সরলকোণ **ans. D**

**Solution:** আসুন প্রশ্নানুযায়ী চিত্র আঁকিঃ





দেখা যাচ্ছে যে, বৃত্ত দুটি বহিঃস্থভাবে স্পর্শ করায় কেন্দ্রদ্বয়ের দূরত্ব বৃত্তের ব্যাসার্ধের সমষ্টির সমান হবে। এক্ষেত্রে কেন্দ্রদ্বয় ও স্পর্শবিন্দু একই সরলরেখায় অবস্থিত বলে ∠AOB = ১৮০° বা এক সরলকোণ হবে।

**Q. ABCD রম্বসের ∠ABC = 120° এবং OE ⊥ AB হলে ∠AOE = ?**

a) 33° b) 60°

c) 90° d) 120° **ans. C**

**Solution:** আসুন প্রশ্নানুযায়ী চিত্র আঁকিঃ




জানা আছে, লম্ব ভূমির সাথে সবসময়ই ৯০° কোণ উৎপন্ন করে। এক্ষেত্রে AB এর উপর OE লম্ব হওয়ায় ∠AOE = 90° হবে।

**Q. ২ টা ১৫ মিনিটের সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ কত?**

a) 20 b) 22.5°

c) 23° d) 23.5° **ans. B**

**Solution:** ঘড়ির ঘন্টা ও মিনিটের কাঁটার মধ্যে কোণ

Here, M = Minute; H = Hour

$= \left[\frac{11M - 60H}{6}\right]^\circ = \left[\frac{11 \times 15 - 60 \times 2}{2}\right]^\circ$

$= \left[\frac{165 - 120}{2}\right]^\circ = \left[\frac{45}{2}\right]^\circ = |22.5|^\circ = 22.5^\circ$

**Q. 5 একক ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা এর লম্ব দূরত্ব 4 একক হলে জ্যা এর দৈর্ঘ্য কত?**

a) 2 একক b) 3 একক

c) 6 একক d) 8 একক **ans. C**


**Solution:** AB জ্যা'র উপর OD লম্ব হওয়ায় ΔOAD হলো সমকোণী ত্রিভুজ যার $OA^2 = OD^2 + AD^2$

$\Rightarrow 5^2 = 4^2 + AD^2$

$\Rightarrow 25 = 16 + AD^2$

$\Rightarrow AD^2 = 25 - 16 = 9$

$\Rightarrow AD = \sqrt{9} = 3$




$\therefore AB = AD + BD$

$\Rightarrow AB = AD + AD$ [BD = AD বলে]

$\therefore AB = 3 + 3 = 6$

**Q. $\log_{10}(0.001)$ = কত?**

a) 3 b) −3

c) $\frac{1}{3}$ d) $-\frac{1}{3}$ **ans. B**

**Solution:** দেয়া আছে, $\log_{10}(0.001) = \log_{10}\frac{1}{1000}$

$= \log_{10}10^{-3} = -3\log_{10}10 = -3 \times 1 = -3$

**Q. $a^2 - 3a$, $a^2 - 9a$ এবং $a^3 - 4a^2 + 3a$ এর গ.সা.গু. =?**

a) $a(a-3)$ b) $a-3$

c) $a$ d) $a(a+3)$ **ans. A**

**Solution:** প্রথম রাশি, $a^2 - 3a = a(a-3)$

দ্বিতীয় রাশি, $a^2 - 9a = a(a^2 - 3^2) = a(a+3)(a-3)$

তৃতীয় রাশি, $a^3 - 4a^2 + 3a = a(a^2 - 4a + 3)$

$= a(a^2 - 3a - a + 3) = a(a-3)(a-1)$

$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $= a(a-3)$

**Q. দুটি সংখ্যার অর্ধেকের যোগফল 51। তাদের পার্থক্যের এক চতুর্থাংশ সমান 13। বৃহত্তম সংখ্যাটি কত?**

a) 77 b) 25

c) 26 d) 52 **ans. A**

**Solution:** ধরি, একটি সংখ্যা $x$ এবং অপর সংখ্যাটি $y$

১ম প্রশ্নমতে, $\frac{x}{2} + \frac{y}{2} = 51$ ..... $(i)$

২য় প্রশ্নমতে, $\frac{x-y}{4} = 13$ ..... $(ii)$

$(ii)$ নং হতে পাই,

$\frac{x-y}{4} = 13$

$\Rightarrow x - y = 52$

$\therefore x = 52 + y$ ..... $(iii)$

$x$ এর মান $(i)$ নং সমীকরণে বসাই,

$\frac{x}{2} + \frac{y}{2} = 51$

$\Rightarrow \frac{x+y}{2} = 51$

$\Rightarrow x + y = 102$

$\Rightarrow 52 + y + y = 102$

$\Rightarrow 2y = 50$

$\therefore y = 25$

এখন, $y$ এর মান $(iii)$ নং এ বসাই

$x = 25 + 52 = 77$

$\therefore x = 77$

BCS Solution

*12.* ১, ১, ২, ৩, ৫, ৮ ..... ধারাটির ১১ তম পদ-

a) ৩৪ b) ৫৫
c) ৮৯ d) ১৪৪ ***ans.* C**

**Solution:** ধারাটি নিম্নোক্তভাবে এগিয়েছে

৩য় পদ = ১ + ১ = ২; ৪র্থ পদ = ১ + ২ = ৩
৫ম পদ = ২ + ৩ = ৫; ৬ষ্ঠ পদ = ৩ + ৫ = ৮
৭ম পদ = ৫ + ৮ = ১৩; ৮ম পদ = ৮ + ১৩ = ২১
৯ম পদ = ১৩ + ২১ = ৩৪
১০ম পদ = ২১ + ৩৪ = ৫৫
১১তম পদ = ৫৫ + ৩৪ = ৮৯

***Q.*** $x^2 - y^2, x^3 - y^3, x^4 + x^2y^2 + y^4$ রাশিগুলির গ.সা.গু কত?

a) $x + y$ b) $x - y$
c) 0 d) 1 ***ans.* D**

**Solution:** ১ম রাশি, $x^2 - y^2 = (x + y)(x - y)$
২য় রাশি, $x^3 - y^3 = (x - y)(x^2 + xy + y^2)$
৩য় রাশি, $x^4 + x^2y^2 + y^4 = (x^2)^2 + 2x^2y^2 + (y^2)^2 - x^2y^2$
$= (x^2 + y^2)^2 - (xy)^2$
$= (x^2 + xy + y^2)(x^2 - xy + y^2)$

∴ রাশি তিনটির মধ্যে Common কোন উৎপাদক নেই। তাই সঠিক গ.সা.গু. হবে 1

***Q.*** টাকায় ৬ টি লেবু ক্রয় করে টাকায় ৫ টি লেবু বিক্রয় করলে লাভের হার কত?

a) ১৫% b) ২০%
c) ২৫% d) ৩০% ***ans.* B**

**Solution:** ৬টির ক্রয়মূল্য = ১ টাকা

∴ ১ টির ক্রয়মূল্য = $\frac{১}{৬}$ টাকা

আবার, ৫ টির বিক্রয়মূল্য = ১ টাকা

∴ ১টির বিক্রয়মূল্য = $\frac{১}{৫}$ টাকা

∴ লাভ হয় = $\frac{১}{৫} - \frac{১}{৬} = \frac{৬ - ৫}{৩০} = \frac{১}{৩০}$ টাকা

∴ শতকরা লাভ = $\frac{১ \times ৬ \times ১০০}{৩০ \times ১} = ২০\%$

**Shortcut:** % লাভ = $\frac{100}{\text{Number of Sells}} = \frac{১০০}{৫} = ২০\%$

***Q.*** একটি আয়তকার বাগানের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার। বাগানের পরিসীমা কত?

a) ১৬ b) ২৫
c) ৪১ d) ৮২ ***ans.* D**

**Solution:** মাঠটির দৈর্ঘ্য = $\frac{৪০০}{১৬} = ২৫$ মিটার

∴ পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(২৫ + ১৬) = ২ × ৪১ = ৮২ মিটার

## পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম

পদের নাম: পোস্টম্যান
তারিখ: ১৬.০৬.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৭০

***Q.*** $x + y = 5, xy = 6$ হলে এবং $x > y$ হলে $2(x^2 + y^2)$ এর মান কত?

a) 31 b) 26
c) 52 d) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** দেয়া আছে, $2(x^2 + y^2)$
$= 2[(x + y)^2 - 2xy] = 2(5^2 - 2 \times 6)$
$= 2(25 - 12) = 2 \times 13 = 26$
∴ $2(x^2 + y^2) = 26$

***Q.*** 7 + 12 + 17 + .... ধারাটির ৩০টি পদের সমষ্টি কত?

a) 2358 b) 238
c) 510 d) 2385 ***ans.* D**

**Solution:** ধারাটি, 7 + 12 + 17 + .....
প্রথম পদ, $a = 7$; সাধারণ অন্তর, $d = 12 - 7 = 5$
আমরা জানি, $n$ তম পদের সমষ্টি = $\frac{n}{2}\{2a + (n - 1)d\}$
$= \frac{30}{2}\{(2 \times 7) + (30 - 1)5\} = 15(14 + (29 \times 5))$
$= 15(14 + 145) = 15 \times 159 = 2,385$

***Q.*** একটি শ্রেণীতে প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩টি বেঞ্চ খালি থাকে। আবার প্রতি বেঞ্চে ৩ জন করে ছাত্র বসলে ৬ জন ছাত্রকে বসলে ৬ জন ছাত্রকে দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণীর ছাত্র সংখ্যা কত?

a) ১৮ b) ২১
c) ৬০ d) কোনটিই নয় ***ans.* C**

**Solution:** ধরি, বেঞ্চ আছে $x$ টি।
প্রতি বেঞ্চে ৪ জন করে বসলে ৩ জন দাঁড়িয়ে থাকে।
শ্রেণীতে ছাত্র সংখ্যা = $৪(x - ৩)$ জন
কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন করে দাঁড়িয়ে থাকে
∴ শ্রেণির ছাত্র সংখ্যা = $৩x + ৬$
প্রশ্নমতে, $৪(x - ৩) = ৩x + ৬$
⇒ $৪x - ১২ = ৩x + ৬$
⇒ $৪x - ৩x = ৬ + ১২$
∴ $x = ১৮$
∴ ছাত্রসংখ্যা = $৪(x - ৩)$ জন
$= ৪(১৮ - ৩) = ৪ \times ১৫ = ৬০$ জন

***Q.*** $4^{x+1} = 32$ হলে, $x$ এর মান কত?

a) $\frac{4}{3}$ b) $\frac{3}{2}$
c) $\frac{2}{3}$ d) $\frac{3}{4}$ ***ans.* B**

**Solution:** দেওয়া আছে, $4^{x+1} = 32$
⇒ $2^{2x+2} = 2^5$
⇒ $2x + 2 = 5$
∴ $x = \frac{5 - 2}{2} = \frac{3}{2}$

Recent Publications

**Q.** শতকরা বার্ষিক ৭ টাকা হারে সরল মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা কত?

a) ৬৫৭ b) ৬৯২
c) ২৭৩ d) ৪২ ***ans.*** **C**

***Solution:*** আসল, $p = ৬৫০$ টাকা; মুনাফার হার, $r = ৭\%$; সময়, $n = ৬$ বছর।

$\therefore$ মুনাফা, $I =$ কত?

আমরা জানি, $I = \frac{prn}{১০০} = \frac{৬৫০ \times ৭ \times ৬}{১০০} = ২৭৩$ টাকা

**Q.** $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদক নয় কোনটি?

a) $(x + y)$ b) $(2x + y)$
c) $(x + 2y)$ d) $(x + 3y)$ ***ans.*** **B**

***Solution:*** $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$
$= x^3 + x^2y + 5x^2y + 5xy^2 + 6xy^2 + 6y^3$
$= x^2(x + y) + 5xy(x + y) + 6y^2(x + y)$
$= (x + y)(x^2 + 5xy + 6y^2)$
$= (x + y)(x^2 + 3xy + 2xy + 6y^2)$
$= (x + y)(x + 3y)(x + 2y)$

**Q.** ০.২$\dot{৮}$ কে ৪২.$\dot{১}\dot{৮}$ দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

a) ৪২০.২৮ b) ৭২.$\dot{৩}\dot{২}$
c) ১২.১$\dot{৮}\dot{৫}$ d) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** দেয়া আছে, ০.২$\dot{৮}$ × ৪২.$\dot{১}\dot{৮}$

$= \frac{২৮ - ২}{৯০} \times \frac{৪২১৮ - ৪২}{৯৯} = \frac{২৬}{৯০} \times \frac{৪১৭৬}{৯৯} = \frac{৬০৩৫}{৪৯৫}$

$= ১২.১৮৫৮৫৮৫৮৫ = ১২.১\dot{৮}\dot{৫}$

**Q.** $x^3 - x - 6$ এর উৎপাদক নয় কোনটি?

a) $(x + 2)(x^2 - 2x)$ b) $(x - 2)(x^2 + 2x + 3)$
c) $(x - 2)$ d) $(x^2 + 2x + 3)$ ***ans.*** **A**

***Solution:*** দেয়া আছে, $x^3 - x - 6$
$= x^3 - 2x^2 + 2x^2 - 4x + 3x - 6$
$= x^2(x - 2) + 2x(x - 2) + 3(x - 2)$
$= (x - 2)(x^2 + 2x + 3)$

$\therefore$ দেখা যাচ্ছে যে, $(x - 2)(x^2 - 2x)$ উল্লিখিত রাশিটির উৎপাদক হতে পারে না।

**Q.** যদি কোন বর্গক্ষেত্রের বাহুর পরিমাপ ২০% বৃদ্ধি পায় তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

a) ২২% b) ৪০০%
c) ৪৪% d) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** আমরা জানি, শতকরা ক্ষেত্রফল বৃদ্ধি

$= A + B + \frac{AB}{100} = ২০ + ২০ + \frac{২০ \times ২০}{১০০} = ৪৪\%$

**Q.** দুই অংকবিশিষ্ট সংখ্যার অংকদ্বয়ের অন্তর ৪। সংখ্যাটির অংকদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তার ও মূল সংখ্যার যোগফল ১১০ হলে সংখ্যাটি কত?

a) ৬২ b) ৭৩
c) ৯৫ d) ৮৪ ***ans.*** **B**

***Solution:*** ধরি, একক স্থানীয় অঙ্ক $x$
এবং দশক স্থানীয় অঙ্ক $(x + ৪)$

$\therefore$ নির্ণেয় সংখ্যাটি হবে $= ১০(x + ৪) + x$
$= ১০x + ৪০ + x = ১১x + ৪০$
প্রশ্নমতে, $১১x + ৪০ + ১০x + ৪ = ১১০$
$\Rightarrow ১১x + ৪০ + ১১x + ৪ = ১১০$
$\Rightarrow ২২x + ৪৪ = ১১০$
$\Rightarrow ২২x = ৬৬$
$\therefore x = \frac{৬৬}{২২} = ৩$
$\therefore$ নির্ণেয় সংখ্যাটি $= ১১x + ৪০ = (১১ \times ৩) + ৪০$
$= ৩৩ + ৪০ = ৭৩$

**Q.** ১ হতে ২০ পর্যন্ত বিজোড় সংখ্যাগুলোর গড় কত?

a) ৯ b) ১১
c) ৮ d) ১০ ***ans.*** **D**

***Solution:*** এখানে, ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যার মধ্যে বিজোড় সংখ্যাগুলো হবে: ১ + ৩ + ৫ + ৭ + ৯ + ১১ + ১৩ + ১৫ + ১৭ + ১৯ = ১০০ এবং মোট সংখ্যার যোগফল ১০টি।

$\therefore$ গড় $= \frac{\text{সংখ্যাগুলোর যোগফল}}{\text{মোট সংখ্যা}} = \frac{১০০}{১০} = ১০$

**Q.** তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৮ গুণ সংখ্যা তিনটির গড় কত?

a) ৮ b) ৫
c) ৪ d) ৩ ***ans.*** **B**


***Solution:*** পরপর সংখ্যা তিনটি $(x - 1), x, (x + 1)$ হলে
সংখ্যা তিনটির যোগফল $= (x - 1) + x + (x + 1) = 3x$
প্রশ্নমতে, $(x - 1)\, x\, (x + 1) = 120$
$\Rightarrow x(x^2 - 1) - 120 = 0$
$\Rightarrow x^3 - x - 120 = 0$
$\Rightarrow x - 5x^2 + 5x^2 - 25x + 24x - 120 = 0$
$\Rightarrow x^2(x - 5) + 5x(x - 5) + 24(x - 5) = 0$
$\Rightarrow (x^2 + 5x + 24)(x - 5) = 0 \quad \therefore x = 5$
$\therefore$ তাদের যোগফল $= 3x = 3 \times 5 = 15$

তাদের গড় $= \frac{15}{3} = 5$

**Q.** পাঁচ বাহু বিশিষ্ট বহুভুজের কতটি কর্ণ আছে?

a) ৭টি b) ১০টি
c) ৫টি d) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** চিত্রটি খেয়াল করুনঃ




এই রকম ৫টি কর্ণ আঁকা যায়।

Recent Publications

**Q.** .০৩, ০.১২, ০.৪৮ . . . . . । শূন্যস্থানে সংখ্যাটি কত হবে?

a) ০.০৪৬ b) ১.৪৮
c) ০.০০৯২ d) ১.৯২ ***ans.* D**

**Solution:** ধারাটির পদগুলো নিচের মতো করে এগিয়েছে:

০.০৩ × ৪ = ০.১২; ০.১২ × ৪ = ০.৪৮

∴ ০.৪৮ × ৪ = ১.৯২

**Q.** একটি থলিতে ৬টি নীল বল, ৮টি সাদা বল, ১০টি কালো বল আছে। দৈবভাবে ১টি বল তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা কত?

a) $\frac{২}{৩}$ b) $\frac{১}{২}$
c) $\frac{৩}{৪}$ d) $\frac{১}{৪}$ ***ans.* A**

**Solution:** প্রশ্নটির শুরুতেই একটি ব্যাগে মোট তিন রংয়ের বলের সংখ্যা দেয়া হয়েছে। ব্যাগটি হতে যেকোন একটি বল দৈবভাবে তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা কত তা বের করতে হবে।

প্রয়োজনীয় সূত্র:

যেকোন ঘটনা ঘটার সম্ভাবনা = $\frac{\text{অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{মোট ঘটনার সংখ্যা}}$

যেকোন ঘটনা <u>না</u> ঘটার সম্ভাবনা = 1 - $\frac{\text{অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{মোট ঘটনার সংখ্যা}}$

বিস্তারিত সমাধান: মোট বলের সংখ্যা = 6 + 8 + 10 = 24 টি

সাদা বলের সংখ্যা = 8 টি।

∴ দৈবভাবে একটি বল তুললে সেটি সাদা হবার সম্ভাবনা = $\frac{8}{24} = \frac{1}{3}$.

∴ দৈবভাবে একটি বল তুললে সেটি সাদা <u>না</u> হবার সম্ভাবনা = $1 - \frac{1}{3} = \frac{2}{3}$

***Shortcut*** সমাধান: দৈবভাবে একটি বল তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা মানে হলো বলটি সাদা ছাড়া অন্য যেকোন রংয়ের হওয়ার সম্ভাবনা = $\frac{6 + 10}{6 + 8 + 10} = \frac{16}{24} = \frac{2}{3}$.

## নির্বাচন কমিশনার

পদের নাম: ডাটা এন্ট্রি অপারেটর

তারিখ: ১৬.০৬.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৬০

**Q.** তিনটি ক্রমিক বিজোড় সংখ্যার গুণফল সর্বদাই নিচের কোন সংখ্যা দ্বারা বিভাজ্য হবে?

a) ২ b) ৩
c) ৪ d) ৫ ***ans.* B**

**Solution:** একটি বিজোড় সংখ্যা ৩ হলে পরের দুটি ক্রমিক বিজোড় সংখ্যা হবে যথাক্রমে ৫ এবং ৭

এই সংখ্যা তিনটির গুণফল = ৩ × ৫ × ৭ = ১০৫

এভাবে যেকোন তিনটি ক্রমিক বিজোড় সংখ্যা নিলে তাদের গুণফল এমন হবে যা ৩ দ্বারা নিঃশেষে সর্বদাই বিভাজ্য হবে। তাই সঠিক উত্তর হবে অপশন *b*).

**Q.** $3(x + y) = 27$ এবং $x$ ও $y$ ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে $\frac{x}{y}$ এর মান নয় কোনটি?

a) 8 b) 2
c) $\frac{1}{8}$ d) $\frac{1}{4}$ ***ans.* D**

**Solution:** দেয়া আছে, $3(x + y) = 27$

$\Rightarrow x + y = \frac{27}{3} = 9$

দেখুন এখানে, $x$ এবং $y$ কে $\frac{x}{y}$ আকারে প্রকাশ করতে হবে।

এখন, $x = 8$ এবং $y = 1$ হলে $\frac{x}{y} = \frac{8}{1} = 8$ হয়। তাই অপশন *a*) কে $\frac{x}{y}$ আকারে প্রকাশ করা যেতে পারে।

আবার, $x = 5$ এবং $y = 4$ হলে *c*) কে $\frac{x}{y}$ আকারে প্রকাশ করা যেতে পারে।

কিন্তু, অপশন *d*) কে $\frac{x}{y}$ আকারে প্রকাশ করা যায় না। তাই এটিই উত্তর হবে।

**Q.** $3x - y = 12$ হলে $\frac{8^x}{2^y}$ =?

a) $2^{12}$ b) $4^4$
c) $8^2$ d) নির্ণয় করা সম্ভব নয় ***ans.* A**

**Solution:** দেয়া আছে, $3x - y = 12$

এখন, $\frac{8^x}{2^y} = \frac{(2^3)^x}{2^y} = \frac{2^{3x}}{2^y} = 2^{3x - y} = 2^{12}$

$\therefore \frac{8^x}{2^y} = 2^{12}$

**Q.** $\frac{1}{2x} + \frac{1}{2y} = 1$ এবং $\frac{1}{x^2} - \frac{1}{y^2} = 12$ হলে $\frac{1}{x} - \frac{1}{y}$ = কত?

a) 4 b) $\frac{1}{4}$
c) 6 d) 8 ***ans.* C**

**Solution:** দেয়া আছে, $\frac{1}{2x} + \frac{1}{2y} = 1$

$\Rightarrow \frac{1}{2}\left(\frac{1}{x} + \frac{1}{y}\right) = 1$

$\Rightarrow \frac{1}{x} + \frac{1}{y} = 2$ ..... (*i*)

এখন, $\frac{1}{x^2} - \frac{1}{y^2} = 12$

$\Rightarrow \left(\frac{1}{x}\right)^2 - \left(\frac{1}{y}\right)^2 = 12$

$\Rightarrow \left(\frac{1}{x} + \frac{1}{y}\right)\left(\frac{1}{x} - \frac{1}{y}\right) = 12$

Recent Publications

$\Rightarrow 2\left(\frac{1}{x}-\frac{1}{y}\right)=12$ [$(i)$ নং হতে মান বসিয়ে]

$\Rightarrow \frac{1}{x}-\frac{1}{y}=\frac{12}{2}$

$\therefore \frac{1}{x}-\frac{1}{y}=6$

**Q.** কোন সংখ্যার বর্গমূলের সাথে ৯ যোগ করলে ৪ এর বর্গ হবে?

a) ৩৬ b) ২৫

c) ১৬ d) ৪৯ ***ans.*** **D**

**Solution:** ধরি, সংখ্যাটি $x$

শর্তমতে, $\sqrt{x}+৯=৪^২$

$\Rightarrow \sqrt{x}=১৬-৯=৭$

$\therefore x=৭^২=৪৯$

**Q.** ৪, ৫, ৭, ১১, ১৯ ..... ধারাটির ৬ষ্ঠ পদের মান কত?

a) ২৫ b) ৩৫

c) ২৭ d) ৪১ ***ans.*** **B**

**Solution:** ধারাটি হলোঃ ৪, ৫, ৭, ১১, ১৯

ধারাটিতে প্রতি পদের বৃদ্ধি যথাক্রমে

১, ২, ৪, ৮, ১৬

অর্থাৎ, ৪ + ১ = ৫; ৫ + ২ = ৭

৭ + ৪ = ১১; ১১ + ৮ = ১৯

$\therefore$ ১৯ + ১৬ = ৩৫

**Q.** ২৪ এর মৌলিক গুণনীয়ক কয়টি?

a) ৩ টি b) ৪ টি

c) ২ টি d) ৫ টি ***ans.*** **C**

**Solution:** দেখুন, ২৪ এর গুণনীয়কগুলো হলোঃ

১, ২, ৩, ৪, ৬, ৮, ১২, ২৪

এখানে, মৌলিক গুণনীয়ক হলো ২ এবং ৩

অর্থাৎ সঠিক উত্তর হবে ২টি।

**Q.** একটি ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য ৪ ও ৮ ইঞ্চি। তৃতীয় বাহুর দৈর্ঘ্য ____ ইঞ্চির বেশি এবং ____ ইঞ্চির কম হবে।

a) ২, ৩ b) ৪, ১২

c) ০, ১২ d) ৪, ৮ ***ans.*** **B**

**Solution:** আমরা জানি, ত্রিভুজের যেকোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে।

অতএব তৃতীয় বাহু দুই বাহুর সমষ্টি = ৪ + ৮ = ১২ অপেক্ষা ক্ষুদ্রতর হবে। তাই সঠিক উত্তর অপশন $b$).

**Q.** ১ থেকে ১৫০ এর মধ্যে কতটি সংখ্যাকে দুটি স্বাভাবিক সংখ্যার বর্গের যোগফল আকারে প্রকাশ করা যায়?

a) ৩৫ টি b) ৪১ টি

c) ৫১ টি d) ৫৫ টি ***ans.*** **B**

**Solution:** কিছু সংখ্যা রয়েছে যেগুলোকে দুইটি বর্গের সমষ্টিরূপে প্রকাশ করা যায়। যেমনঃ

$২=১^২+১^২$; $৫=১^২+২^২$; $৮=২^২+২^২$

$১০=১^২+৩^২$; $১৩=২^২+৩^২$ ইত্যাদি।

এভাবে ১ থেকে ১৫০ এর মধ্যে ৪১টি সংখ্যাকে দুইটি বর্গের যোগফল হিসেবে প্রকাশ করা যায়। তাই সঠিক উত্তর অপশন $b$).

**Q.** ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫ হলে সবচেয়ে বড় কোণটির মান কত?

a) ৩০ ডিগ্রি b) ৪৫ ডিগ্রি

c) ৭৫ ডিগ্রি d) ৫০ ডিগ্রি ***ans.*** **C**

**Solution:** আমরা জানি,

ত্রিভুজের তিনকোণের সমষ্টি = ১৮০°

এখন, অনুপাতের রাশিগুলোর যোগফল

= ৩ + ৪ + ৫ = ১২

$\therefore$ বড় কোণটির মান ১৮০ এর $\frac{৫}{১২}=৭৫$।

**Q.** $P=\{a, b, c, d\}$ এর প্রকৃত উপসেট কয়টি?

a) ১৫ b) ১৪

c) ১৮ d) ১২ ***ans.*** **A**

**Solution:** এক্ষেত্রে উপসেট বের করার নিয়ম হলো $2^n-1$.

এখানে, $n$ = সেটের উপাদান সংখ্যা

$\therefore$ প্রকৃত উপসেট সংখ্যা = $2^4-1=16-1=15$ টি।

**Q.** ২১, ৭, ৪৫, ৩৩, ৬২, X এর মধ্যক ৩৫ হলে X এর মান কত?

a) ৩ b) ১৪

c) ৩৩ d) ৩৭ ***ans.*** **D**

**Solution:** উপাত্তগুলি হলোঃ ২১, ৭, ৪৫, ৩৩, ৬২, $x$

সংখ্যাগুলিকে মানের ক্রমানুসারে সাজাইঃ

৭, ২১, ৩৩, $x$, ৪৫, ৬২

এখানে, উপাত্তসংখ্যা জোড়

$\therefore$ মধ্যমা $=\frac{\frac{n}{২}\text{তম পদ}+\left(\frac{n}{২}+১\right)\text{তম পদ}}{২}$

$=\frac{\frac{৬}{২}\text{তম পদ}+\left(\frac{৬}{২}+১\right)\text{তম পদ}}{২}$

$=\frac{৩\text{ তম পদ}+৪\text{ তম পদ}}{২}=\frac{৩৩+x}{২}$

প্রশ্নমতে, $\frac{৩৩+x}{২}=৩৫$

$\Rightarrow ৩৩+x=৭০$

$\therefore x=৭০-৩৩=৩৭$

**Q.** শতকরা বার্ষিক কত হারে ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ৯০০ টাকা হবে?

a) ৬% b) ৮%

c) ৯% d) ১০% ***ans.*** **A**

Academic Publications

**Solution:** ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা = ৯০০ টাকা

∴ ১ টাকার ১ বছরের মুনাফা = $\frac{৯০০}{৩০০০ \times ৫}$ টাকা

∴ ১০০ টাকার ১ বছরের মুনাফা = $\frac{৯০০ \times ১০০}{৩০০০ \times ৫} = ৬$ টাকা

**Shortcut:** আমরা জানি, $I = Pnr$

$$900 = \frac{3000 \times r \times 5}{100} \Rightarrow r = 6\%$$

a) Those b) He
c) Yourself d) Who ***ans.* A**

***Solution:*** বাক্যে যে সকল Pronoun বর্তমান ভবিষ্যৎ বা অতীতের কিংবা নিকটবর্তী বা দূরবর্তী কোনো Noun কে বিশেষভাবে নির্দেশ করে তাকে Demonstrative Pronoun বলে। যেমনঃ This, these, that, those, It, so, such ইত্যাদি।

Recent Publication

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের নামঃ মিটার টেস্টার

তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. 'The day of my sister's marriage is drawing near.' The underline word is a/an**

a) adjective b) verb
c) adverb d) preposition ***ans.* C**

***Solution:*** নিকটে; কাছে বা অদূরে বুঝতে Near শব্দটি Adverb হিসেবে ব্যবহৃত হয়। যেমনঃ His retirement is drawing near.
**বাক্যের অর্থঃ** আমার বোনের বিয়ের দিন ঘনিয়ে আসছে।

**Q. Which one is a correct sentence?**

a) Guard against mispellings
b) Guard against mis-spellings
c) Guard against miss-spellings
d) Guard against misspellings ***ans.* D**

***Solution:*** Misspell অর্থ ভুল বানান করা। আর Misspelling অর্থ ভুল বানান।
**বাক্যের অর্থঃ** ভুল বানান হতে সতর্ক থেকো।

**Q. Just now he ____ his dinner but he says he will see you soon.**

a) is having b) has had
c) was having d) had ***ans.* B**

***Solution:*** কোন বাক্যে Just, just now, already, yet, never, ever, lately, recently ইত্যাদি Adverb থাকলে Present perfect tense হয়। এক্ষেত্রে Subject এরপরে 'have' বা 'has' এরপর Verb এর Past participle রূপ বসে। তাই উত্তর অপশন *b*).
**বাক্যের অর্থঃ** কেবলই সে তার রাতের খাবার শেষ করলো কিন্তু তোমাকে বলে খুব শিঘ্রই তোমার সাথে দেখা হবে।

**Q. Which spelling is correct?**

a) Diarrohoea b) Antithesis
c) Euphemissm d) Exhaustends ***ans.* B**

***Solution:*** Antithesis অর্থ সরাসির বিপরীত বস্তু। সঠিক হলো Diarrhoea, Euphemism, Exhusted.

**Q. 'I impressed the lesson upon him.' What does 'impressed' mean here?**

a) An impact cast upon one's mind
b) A learning sent to someone
c) An idea shared to someone
d) A lesson conveyed to someone ***ans.* A**

***Solution:*** এখানে, Impress on/upon with somebody অর্থ কারো মনে রেখাপাত করা; প্রভাব সৃষ্টি করা; ছাপ ফেলা। কাজেই বাক্যটিতে কারো মনে দাগ কাটা (An impact cast upon one's mind) Impressed এর Synonym হলো অপশন *a*). তাই উত্তর অপশন *a*).
**বাক্যের অর্থঃ** আমার শিক্ষাটা তার মনে ছাপ ফেলেছিল।

**Q. 'Deceitful' means-**

a) Full of tricks b) Full of tacts
c) Full of intrigues d) Full of tracks***ans.* A**

***Solution:*** Deceitful অর্থ প্রতারণাপূর্ণ; কপটতাপূর্ণ; কপট। Full of tricks অর্থ কপটতাপূর্ণ। Full of tacts অর্থ সুবুদ্ধিসম্পন্ন। Full of intrigues অর্থ কুমন্ত্রনাপূর্ণ। Full of tracks অর্থ নিবন্ধপূর্ণ; পুস্তক বিষয়ক।

**Q. You should not blush ____ shame at your own mistake.**

a) at b) on
c) upon d) with ***ans.* D**

***Solution:*** লজ্জায় লাল হওয়া বা আরক্তিম হওয়া অর্থে Blush with বসে।
**বাক্যের অর্থঃ** নিজের ভুলের তোমার বদন আরক্তিম করো না।

**Q. 'We were no more surprised than Rahman.' This sentence means**

a) We were less surprised than Rahman.
b) We were all surprised.
c) Rahman was less surprised than us.
d) We were as surprised as Rahman.***ans.* D**

***Solution:*** বাক্যটিতে No more surprised দ্বারা বুঝানো হচ্ছে যে, বেশি Surprise না অর্থাৎ তার মতোই Surprise. তাই উত্তর হিসেবে As surprised as আসবে।
**বাক্যের অর্থঃ** আমরা রহমানের মতো আশ্চর্য হয়েছিলাম।

**Q. Many a man ____ tried to complete the work.**

a) has b) have
c) had d) had been ***ans.* A**

***Solution:*** Many যদি Subject এ থাকে, তাহলে পরের Noun এবং Verb টি Plural হবে। কিন্তু "Many a" যদি Subject হিসেবে থাকে তবে Noun এবং Verb উভয়টিই Singular হবে। যেমনঃ Many a man has tried to complete the work.
**বাক্যের অর্থঃ** ঐ রকম ফাঁদে অনেক মানুষেই পা দিয়েছে।

**Q. Zakir has been ill ____ three months.**

a) for b) at
c) from d) since ***ans.* A**

***Solution:*** ব্যাপক সময় বা অনির্দিষ্ট সময়ের পূর্বে for বসে। নির্দিষ্ট সময়েরপূর্বে Since বসে। এখানে অনির্দিষ্টজ্ঞাপক অর্থে for হবে।
**বাক্যটির অর্থঃ** জাকির তিন মাস ধরে অসুস্থ।

**Q. I am not good _____ translation.**

a) at b) in
c) into d) for ***ans.* A**

***Solution:*** Good at something অর্থ কোনো কিছুতে দক্ষ।
**বাক্যটির অর্থঃ** আমি অনুবাদে দক্ষ নই।

Recent Publication

**Q. Which one is the correct sentence?**

a) Robi is taller than me.
b) Robi is taller than I.
c) Robi is taller to me.
d) Robi is taller with I. **ans. B**

***Solution:*** Than me না হয়ে Than I হবে, কারণ Than এরপরে Subject form হিসেবে I, we, he, she, they ইত্যাদি বসে।
বাক্যের অর্থঃ রবি আমার চেয়ে লম্বা।

**Q. The world ____ a lot by 2099.**

a) is changing b) will have changed
c) has changed d) changes **ans. B**

***Solution:*** ২০৯৯ সালটি ভবিষ্যৎ সম্পর্কিত যা অপশন *b*) এর সাথে খাপ খায়। তাই সঠিক উত্তর অপশন *b*).
বাক্যের অর্থঃ ২০৯৯ সালের মধ্যে বিশ্ব অনেক পরিবর্তিত হবে।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
পদের নামঃ কমিউনিটি অর্গানাইজার
তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. The passive form of the sentences: One must keep one's promises' is-**

a) One's promises are kept.
b) One's promises must kept.
c) One's promises were kept.
d) One's promises must be kept. **ans. D**

***Solution:*** Imperative বাক্যে নৈতিক বা বাস্তবিক অপরিহার্য উপদেশ বুঝালে Must be ব্যবহার করে Passive বাক্য তৈরি করা হয়।
বাক্যের অর্থঃ প্রতিজ্ঞা রাখা উচিৎ।

**Q. He is <u>friendly</u> with his friend underlined word is-**

a) Adverb b) Preposition
c) Noun d) Adjective **ans. D**

***Solution:*** এখানে Friendly শব্দটি Adjective. আর Friend হলো Noun. উল্লেখ্য, In a friendly way হলো Adverb.
বাক্যের অর্থঃ সে তার বন্ধুর সাথে খুবই বন্ধুত্বপূর্ণ।

**Q. If I had a pen, I (write) a letter. Here the right form of verb is-**

a) writing b) would write
c) will write d) had written **ans. B**

***Solution:*** If clause টি Past indefinite এবং Main clause টি Subject + would/ could/ might + verb (base form) + extension হবে। যেমনঃ
**Rule 1:** If + subject + Past form + ..... , subject + would/ could/ might + verb (base form) + .....,
**Rule 2:** Subject + would/ could/ might + verb (base form) + ..... if + subject + past form + .....
বাক্যের অর্থঃ আমার যদি একটি কলম থাকতো, আমি একটি চিঠি লিখতাম।

**Q. The meaning of 'etiquette' is-**

a) A customary code of behavior
b) The way one sings
c) Food habit
d) Rules and regulation **ans. A**

***Solution:*** Etiquette অর্থ শিষ্টাচার; ভদ্রতা; আদব। আর এর সমার্থক শব্দ হলো A customary code of behavior যার অর্থ আদব কায়দা; নম্র আচরণ। কিন্তু, The way one sings অর্থ কেউ একজন যেভাবে গান গায়। Food habit অর্থ খাদ্য অভ্যাস। Rules and regulations অর্থ নিয়ম কানুন।

**Q. The correct meaning of 'deliberate' is-**

a) willingly b) known
c) intentional d) familiar **ans. C**

***Solution:*** Deliberate অর্থ ইচ্ছাকৃত। Willingly অর্থ স্বেচ্ছায়। Known অর্থ পরিচিত। Intentional অর্থ ইচ্ছাকৃত। Familiar অর্থ পরিচিত।

**Q. A synonym of 'obsessed' would be:**

a) Fixated b) Frenzied
c) Frantic d) Fazed **ans. A**

***Solution:*** Obsessed অর্থ (কোনো বিশেষ ভয়, ভাবনা, ধারণা ইত্যাদি সম্বন্ধে) সমস্ত মনকে আচ্ছন্ন বা অবিষ্ট করা; পীড়িত করা। আর এর সমার্থক শব্দ হলো Fixated (উচ্চারণ হলো ফিকসেইট) কোন কিছুতে এক নিবিষ্ট থাকা। উল্লেখ্য, Frenzied অর্থ ক্ষিপ্ত। Frantic অর্থ চরম উত্তেজিত।

**Q. 'With flying colours' means-**

a) very successful
b) with pomp and ceremony
c) with too much pride
d) very enthusiastically **ans. A**

***Solution:*** কোনো কিছুতে বিরাট সাফল্য লাভ করা অর্থে 'Come through/ off with flying colours' এই Phrase টি বসে। তাই সঠিক উত্তর অপশন *a*). কিন্তু, অপশন *b*) এর অর্থ ধুমধাম ও আড়ম্বর অনুষ্ঠান। অপশন *c*) এর অর্থ অতি গর্বের সাথে। অপশন *d*) এর অর্থ আগ্রহে।

**Q. Which is plural noun?**

a) News b) Poetess
c) Jeans d) Measles **ans. C**

***Solution:*** দুই অংশ বিশিষ্ট Noun গুলো Plural হয়। যেমনঃ Jeans, trousers, pants, scissors/ shears, bellows, spectacles/ glasses ইত্যাদি।

Recent Publication

**Q. 'Rites' similar to-**

a) Practices b) Regulations
c) Law d) Habits **ans. A**

**Solution:** Rites অর্থ ধর্মীয়ভাবে শেষ কৃত্য; কৃত্যানুষ্ঠান। আর রীতি; আচার বা ব্যবহার অর্থে Rites এর Similar হলো Practice. কিন্তু, Regulations অর্থ বিবি-বিধান। Law অর্থ আইন। Habits অর্থ অভ্যাস।

**Q. Change the voice 'Who is calling me'**

a) By whom am I called?
b) By whom I am called?
c) By whom am I being called?
d) Whom am I called by? **ans. C**

**Solution:** বাক্যের অর্থঃ কে আমাকে ডাকছে?

**Q. It is high time you ___ a job.**

a) Seak b) Need
c) Sought d) Apply for **ans.C**

**Solution:** It is time/ It is high time + subject + verb এর Past form + অন্যান্য।
আবার, It is time/ It is high time + for + object + to + verb এর Base form + অন্যান্য।
**বাক্যের অর্থঃ** এখনই চাকরি খোঁজার উত্তম সময়।

**Q. Which word is similar to 'appal'?**

a) Deceive b) Confuse
c) Dismay d) Solicit **ans. C**

**Solution:** Appal আতঙ্কিত করা; মর্মাহত করা। Deceive অর্থ ধোঁকা/ ভাওতা দেওয়া। Confuse অর্থ গুলিয়ে ফেলা। Dismay অর্থ হতাশ করা; আতঙ্কিত করা। Solicit অর্থ অনুরোধ করা।

**Q. 'Sherlock Holmes' was written by-**

a) William Shakespeare
b) Dylan Thomas
c) John Galsworthy
d) Sir Artur Conan Doyle **ans. D**

**Solution:** শার্লক হোমস হলো কাল্পনিক গোয়েন্দা চরিত্র। ১৮৮৭ সালে প্রথম আবির্ভূত এই চরিত্রের রচয়িতা ব্রিটিশ লেখক ও চিকিৎসক স্যার আর্থার কোনান ডয়েল।

**Q. Fill in the blank: You may go for a walk if you feel ___ it.**

a) about b) on
c) for d) like **ans. D**

**Solution:** Feel like অর্থ আগ্রহী হওয়া।
**বাক্যের অর্থঃ** তুমি চাইলে হাটার জন্য যেতে পার।

**Q. The clerk checked us ____ and gave us our keys.**

a) in b) over
c) out d) down **ans. A**

**Solution:** হোটেল বা কারখানায় হাজির হয়ে নাম লেখানো অর্থে Check in / at বসে। কিন্তু, Check in time অর্থ হাজিরা দেবার সময়। Check out time অর্থ ঘর ইত্যাদি ছেড়ে দেবার নির্ধারিত সময়।
**বাক্যের অর্থঃ** হাজির হবার পর পিয়ন হাজিরা খাতা দেখে আমাদেরকে কক্ষের চাবি দিলেন।

**Q. Many little makes a __**

a) Tickle b) Mickle
c) Sickle d) Bickle **ans. B**

**Solution:** Many a little makes a Mickle হলো একটি প্রবাদ বাক্য যার অর্থ 'ক্ষুদ্র ক্ষুদ্র বালুকণা, বিন্দু বিন্দু জল, গড়ে তোলে মহাদেশ, সাগর অতল।

**Q. Find the indirect speech of- The teacher said to Alam, "work regularly"**

a) The teacher advised Alam to work regularly.
b) The teacher said to Alam to work regularly.
c) The teacher told to Alam work regularly
d) the teacher said to Alam to work regularly. **ans. A**

**Solution:** Reporting verb টি Past tense এ থাকলেও Direct narration এর Reported speech টি চিরন্তন সত্য, বৈজ্ঞানিক সত্য, অভ্যাসগত কর্ম হলে Indirect narration এবং Reported speech এর Tense এর কোন পরিবর্তন হয় না।
**বাক্যের অর্থঃ** শিক্ষক আলমকে নিয়মিত পড়াশোনা করার উপদেশ দিলেন।

**Q. This book ___ first published in 1985.**

a) has been b) was
c) is d) was being **ans. B**

**Solution:** এখানে ১৯৮৫ সালটি Past indefinite নির্দেশক। আর Passive voice এ হবার কারণে Was published বসবে।
**বাক্যের অর্থঃ** বইটি ১৯৮৫ সালে প্রকাশিত হয়েছিল।

**Q. 'Take after' which phrase?**

a) Prepositional phrase b) Phrasal verb
c) Adverbial phrase d) None phrase **ans. B**

**Solution:** এখানে Take after হলো একটি Phrasal verb যার অর্থ হলো দেখতে একই রকমের। In front (সামনে), On account of (কারণে) ইত্যাদি হলো Prepositional phrase. আর Adverbial phrase হলো With great speed, without any protest ইত্যাদি।

**Q. Antonym of the word 'concord' is-**

a) conflict b) harmony
c) thrifty d) scanty **ans. A**

**Solution:** Concord অর্থ মতৈক্য বা মিল। Conflict অর্থ দ্বন্দ্ব; বিরাধী হওয়া। কিন্তু, Harmony অর্থ সাদৃশ্য; মিল। Thrifty অর্থ মিতব্যয়ী। Scanty অর্থ অপ্রতুল।

Recent Publication

## সমবায় অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক/ ফিল্ম অপারেটর/ নৈশ প্রহরী
তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q. He is ___ FRCS.**

a) a b) an
c) the d) with **ans. B**

**Solution:** কোনো শব্দের প্রথমে Consonant থাকলে 'a' বসে। কিন্তু প্রথমে Consonant থাকলেও তার উচ্চারণ Vowel এর মতো হলে সেক্ষেত্রে 'an' বসে। যেমনঃ An heir (উত্তরাধিকারী), an hour (এক ঘণ্টা), an MA, an FRCS, an LLB ইত্যাদি।

**Q. What is masculine form of the word 'Bee'?**

a) Drone b) Han
c) Cot d) Bear **ans. A**

**Solution:** বেশির ভাগ ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে Masculine থেকে Feminine gender গঠন করা হয়।

| Masculine | Feminine |
|---|---|
| Drone | Bee |
| Stag | Hind |
| Fox | Vixen |
| Earl, Count | Countess |
| Buck | Doe |

| Masculine | Feminine |
|---|---|
| Colt | Filly |
| Hart | Roe |
| Wizard | Witch |
| Tailor | Seamstress |
| Beau | Belle |

**Q. Choose the correct sentences-**

a) He speaks English the English.
b) He speaks the English like English.
c) He speaks the English like the English.
d) He speaks English like the English. **ans. D**

**Solution:** ভাষার পূর্বে 'the' বসবে না। কিন্তু, জাতির পূর্বে 'the' বসবে।
**বাক্যের অর্থঃ** তিনি ইংরেজদের মতো ইংরেজিতে কথা বলেন।

**Q. Identify the Noun form of the word 'Simple'.**

a) Simply b) Simplification
c) Simplicity d) Simplify **ans. B & C**

**Solution:** এখানে,

| Noun | Verb | Adjective | Adverb |
|---|---|---|---|
| Simplicity/ Simplification | Simplify | Simple | Simply |

**Q. Which one is incorrect spelling?**

a) Mapel b) Referendum
c) Personnel d) Periphery **ans. A**

**Solution:** Maple অর্থ বৃক্ষবিশেষ। Referendum অর্থ রাজনীতিক প্রশ্নাদি মীমাংসার জন্য গৃহীত গণভোট। Personnel অর্থ কর্মচারীবর্গ। Periphery অর্থ পরিধি।

**Q. 'পাঁচটা বাজতে ১০ মিনিট বাকি' বাক্যটির সঠিক ইংরেজী অনুবাদ কোনটি?**

a) It is ten minutes past five.
b) It is ten minutes to five.
c) It is five minutes ten.
d) It is five minutes past ten. **ans. B**

**Q. 'Out and out' means-**

a) Total b) Brave
c) Thoroughly d) Immediately **ans. C**

**Solution:** Out and Out (*adverb*) = Thoroughly (*adverb*) অর্থ পুরোপুরি; সম্পূর্ণরূপে; চূড়ান্তরূপে। Brave অর্থ সাহসী। Total অর্থ মোট। Immediately অর্থ তৎক্ষণাৎ।

**Q. I would like to ____ this place.**

a) leave b) leaving
c) left d) had left **ans. A**

**Solution:** Would like to এর পর Verb এর মূল রূপ বসে। তাই সঠিক উত্তর অপশন *a*).
**বাক্যের অর্থঃ** স্থানটি আমি ত্যাগ করেত চাই।

**Q. What is the plural form of 'Louse'?**

a) Louses b) Lice
c) Lousese d) Lices **ans. B**

**Solution:** Louse (উঁকুন) = Lice

**Q. He is good ___English.**

a) in b) at
c) of d) with **ans. B**

**Solution:** Good at কোন বিষয়ে ভাল বা দক্ষ। তাই শূন্যস্থানে at বসবে।
**বাক্যের অর্থঃ** সে ইংরেজিতে ভাল।

**Q. What is the Antonym of the word 'Apex'?**

a) Pinnacle b) Bottom
c) Concord d) Clear **ans. B**

**Solution:** Apex অর্থ চূড়া। Pinnacle অর্থ উঁচু ও সরু পর্বতশিখর। Bottom অর্থ নীচে। Concord অর্থ মতৈক্য বা মিল। Clear অর্থ পরিষ্কার। সুতরাং Apex এর Antonym হলো Bottom.

**Q. What is the passive form of 'Do it'?**

a) Let it be done
b) It is done
c) It should be done
d) done it at once **ans. A**

**Solution:** Passive voice এ Imperative বাক্যের ক্ষেত্রে Let + object + be + verb এর Past participle থাকলে Active voice এ শুধু Verb + object + অবশিষ্ট অংশ বসে।
**বাক্যের অর্থঃ** এটি করা হোক।

Recent Publication

## বাংলাদেশ স্থল বন্দর

পদের নামঃ বিভিন্ন পদ

তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. While UK has earned record revenue this year, ____ well in exports.**

a) it still lag b) it still lags
c) it lag still d) it lags still ***ans.* B**

***Solution:*** এখানে 'it' দ্বারা Revenue কে বুঝানো হচ্ছে যা Singular, তাই Verb হিসেবে ব্যবহৃত 'Lag' word টির Singular রূপ Lags বসবে।
**বাক্যের অর্থঃ** এই বছর যুক্তরাজ্য রেকর্ড পরিমাণ অর্জন করলেও রপ্তানি অনেকটা পিছিয়ে আছে।

**Q. I'll drop off the paper letter today ____. বাক্যের নিম্নরেখাঙ্কিত শব্দের অর্থ কী?**

a) tear b) destroy
c) write d) deliver ***ans.* B**

***Solution:*** চিঠি, পার্সেল বা পণ্য বিলি করা বা সরবরাহ করা অর্থে Drop off বসে। তাই উত্তর হবে অপশন *b*). তবে এর আরো দুটি অর্থ হলো *i*) সংখ্যায় কমে যাওয়া; সরে পড়া এবং *ii*) ঘুমিয়ে পড়া; তন্দ্রালু হওয়া।
**বাক্যের অর্থঃ** আজ আমি চিঠিটি প্রেরণ করবো।

**Q. Sara will bring her children by herself ____. বাক্যের নিম্নরেখাঙ্কিত শব্দের অর্থ কী?**

a) Educate b) Raise
c) Pay d) Treat ***ans.* B**

***Solution:*** Bring up একটি Group verb যার অর্থ লালন-পালন করা এবং যার সমার্থক হলো Raise. এর আরো কয়েকটি Meaning আছে, *i*) উত্থাপন করা এবং *ii*) উদ্‌গিরণ করা। Educate অর্থ শিক্ষিত করা। Pay অর্থ বেতন দেয়া বা পরিশোধ করা। Treat অর্থ ব্যবহার বা আচরণ করা।
**বাক্যের অর্থঃ** সারা নিজেই তার সন্তানদের লালন-পালন করবে।

**Q. 'drop by' শব্দের অর্থ কী?**

a) visit b) return
c) control d) leave ***ans.* A**

***Solution:*** Drop by/ in/ over/ round এর অর্থ অনির্ধারিতভাবে কোথাও একটু ঘুরতে বা বেড়াতে যাওয়া।

**Q. Five miles ____ a long distance.**

a) are b) is
c) quite d) war ***ans.* B**

***Solution:*** এখানে Five miles দেখে Verb হিসেবে 'are' বসালে ভুল করবেন। কারণ Five miles কে একটি দূরত্ব হিসেবে বিবেচনা করা হচ্ছে। তাই সঠিক উত্তর হবে *b*).
**বাক্যের অর্থঃ** পাঁচ মাইল একটি দীর্ঘ পথ।

**Q. When ____?**

a) The accident has occurred
b) The accident occurred
c) did the accident occured
d) occurred the accident ***ans.* Note**

***Solution:*** 'কখন দুর্ঘটনাটি ঘটেছিল' এর সঠিক Translation হলোঃ When did the accident occur? অপশন *c*) সঠিক উত্তর হতো যদি Occurred না হয়ে Occur হতো।

**Q. 'Divulge' শব্দটির বিপরীতার্থক শব্দ কী?**

a) Reveal b) Reprimand
c) Admonish d) Conceal ***ans.* D**

***Solution:*** Divulge অর্থ ফাঁস করা/ জানিয়ে দেওয়া/ উন্মোচিত করা/ গোপন কথা ফাঁস করা। Reveal অর্থ দৃষ্টিগোচর করানো; প্রকাশ করা। Reprimand অর্থ তিরস্কার করা। Admonish- সতর্ক করে দেওয়া, তিরস্কার করা। Conceal – গোপন করা; লুকিয়ে রাখা। সুতরাং Divulge এর Antonym হলো Conceal.

**Q. If I were rich, I ____ around the world**

a) would travel b) want to travel
c) can travel d) will travel ***ans.* A**

***Solution:*** এই ধরনের Conditional বাক্য নিম্নরূপে গঠিত হয়ঃ If + subject + were + ...., Subject + would/ could/might + verb এর base form + ....
**বাক্যের অর্থঃ** ধনী হলে আমি সারা বিশ্ব ভ্রমণ করতাম।

**Q. 'Indigenous' শব্দের সমার্থক হলো-**

a) alien b) local
c) poor d) active ***ans.* B**

***Solution:*** Indigenous অর্থ দেশীয়। Alien অর্থ ভিন গ্রহের বাসিন্দা। Local অর্থ স্থানীয় বা আঞ্চলিক। Poor অর্থ গরীব। Active অর্থ সক্রিয়।

**Q. আপনার মুখ সামলান ইংরেজিতে কী হবে?**

a) Mind your PS and QS
b) Mind your language
c) Protect your face
d) (a) + (b) ***ans.* D**

**Q. নিচের কোন বাক্যটি সঠিক নয়?**

a) I want that he go.
b) I want that he goes.
c) I want him to go.
d) I prefer that he go. ***ans.* A**

***Solution:*** Want, suggest এগুলো হলো Subjunctive verb. এদের পর সর্বদা মূল Verb বসে।
**বাক্যের অর্থঃ** আমি চাই সে যাক।

BCS Solution

**Q. She ____ from 'flu' when she was interviewed.**

a) has been suffering b) had been suffering
c) had suffered d) suffered ***ans.* B**

***Solution:*** When পরবর্তী বাক্যাংশ Past indefinite tense বলে তার আগের অংশে Past perfect tense বসবে।

**বাক্যের অর্থঃ** মৌখিক পরীক্ষার সময় তিনি ইনফ্লুয়েঞ্জায় ভুগছিলেন।

**Q. একতায় উত্থান বিভেদে পতন। ইংরেজিতে কি হবে?**

a) Unite we stand, divide we fall.
b) Unite we stand divided we fall.
c) United we stand, divided we fall.
d) United we stand, divide we fall. ***ans.* C**

**Q. কোন শব্দটি সঠিকভাবে লেখা হয়েছে?**

a) Unanimous b) Unianimous
c) Unanomous d) Unianomous ***ans.* A**

***Solution:*** Unanimous অর্থ একমত; সর্বসম্মত।

**Q. My father was well versed ____ politics.**

a) of b) in
c) to d) for ***ans.* B**

***Solution:*** দক্ষ; অভিজ্ঞ বা প্রাজ্ঞ অর্থে Versed in বসে। যেমনঃ ইংরেজিতে দক্ষ বুঝাতে Well versed in English literature. তাই সঠিক উত্তর অপশন *b*).

**বাক্যের অর্থঃ** আমার পিতা রাজনীতিতে পরিপক্ব ছিলেন।

**Q. The kid is trembling ____ fear.**

a) for b) of
c) with d) to ***ans.* C**

***Solution:*** ঠাণ্ডা, আতঙ্ক, ভয় ইত্যাদিতে কাঁপা অর্থে Tremble with বসে।

**বাক্যের অর্থঃ** শিশুটি ভয়ে কাঁপছে।

## বাংলাদেশ রেলওয়ে

**পদের নামঃ ওয়েম্যান**

**তারিখঃ ১০.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

**Q. The greater demand, ____ the price.**

a) high b) the higher
c) higher d) the highest ***ans.* B**

***Solution:*** একটি ক্ষেত্রে যতটুকু বৃদ্ধি বা হ্রাস হয়, অন্য ক্ষেত্রে ঠিক ততটুকু বৃদ্ধি বা হ্রাস হয় এরূপ বুঝালে The + comparative ..... + the + comparative ব্যবহৃত হয়। যেমনঃ The **more** money he has, the **wilder** he will be.

**বাক্যের অর্থঃ** চাহিদা যত বাড়ে দামও তত বাড়ে।

**Q. What is the plural form of 'LIFE'?**

a) Lifes b) Lives
c) Live d) Life ***ans.* B**

***Solution:*** Singular noun এর শেষে 'f' বা 'fe' থাকলে Plural করার সময় 'f' বা 'fe' এর স্থলে 'v' বসে এবং তারপর 'es' যোগ করে Plural করতে হয়। শুধু ব্যতিক্রম হলোঃ Wildlife Uncountable noun তাই আলাদা Plural form হবে না।

| Singular | Plural |
|---|---|
| Calf | Calves |
| Wife | Wives |
| Wolf | Wolves |

| Singular | Plural |
|---|---|
| Life | Lives |
| Half | Halves |
| Leaf | Leaves |

**Q. The nightingale is a singing bird, In this sentence 'singing' is a/an-**

a) participle b) verbal noun
c) adverb d) gerund ***ans.* A**

***Solution:*** Article এবং Noun এর মাঝে verb + ing বসে Noun কে Modify করলে তা Present participle হয়।

**বাক্যের অর্থঃ** নাইটিংগেল একটি গানের পাখি।

**Q. 'The Tempest' is written by-**

a) William Shakespeare b) John Milton
c) G.B. Shaw d) Ben Johnson ***ans.* A**

***Solution:*** The Tempest হলো Shakespeare রচিত একটি Comedy নাটক। নাটকটির চরিত্রগুলো হলোঃ Antonio, Prospero, Miranda, Caliban, Alonso, Ferdinand, Sebastian.

**Q. 'War and Peace' বইটি কার লেখা?**

a) Leo Tolstoy b) Charles Dickens
c) George Eliot d) Karl Marx ***ans.* A**

***Solution:*** রুশ ও বিশ্ব সাহিত্যের শ্রেষ্ঠ ঔপন্যাসিক হলেন Leo Tolstoy. তাঁর রচিত বিখ্যাত উপন্যাস হলোঃ 'War and Peace', 'Anna Karenina', 'A Confession'.

**Q. 'সে ভাত খায়নি' Translate into English.**

a) He did not eat rice.
b) He has not eaten rice.
c) He had not eaten rice.
d) He does not eaten rice ***ans.* B**

***Solution:*** এখানে, 'খায়নি' দ্বারা Present Perfect Tense নির্দেশ করছে। তাই Present Perfect Tense নির্দেশক অপশন *b*) হবে উত্তর।

**Q. 'গোধুলি' এর ইংরেজি শব্দ কোনটি-**

a) Sunset b) Twilight
c) Evening d) Afternoon ***ans.* B**

***Solution:*** Twilight অর্থ গোধূলি। Evening অর্থ সন্ধ্যা। Sunset অর্থ সূর্যাস্ত। Afternoon অর্থ বিকেল।

**Q. The synonym of 'Dormant' is-**

a) Fervor b) Very active
c) Inactive d) Dishonest ***ans.* C**

Solution Publication

***Solution:*** Dormant অর্থ সুপ্ত; নিদ্রিত। Inactive অর্থ নিষ্ক্রিয়; অকর্মা। কিন্তু, Fervor অর্থ আগ্রহ; অনুভূতি। Dishonest অর্থ অসৎ/ অসাধু/ প্রতারণামূলক।

***Q.*** **Passive form of 'His conduct annoyed me'-**

a) I was annoyed by his conduct.
b) I had been annoyed at his conduct.
c) I am annoyed at his conduct
d) I was annoyed at his conduct. ***ans.* D**

***Solution:*** Passive এর ক্ষেত্রে সব সময় 'by' বসে না, বরং 'by' এর পরিবর্তে অন্যান্য Preposition বসে। যেমনঃ To, at, with, in ইত্যাদি। Annoy, Charm, Displease, Dissatisfy, Marvel, Please, Shock, Stun, Surprise, Vex ইত্যাদি Verb এর Past participle এরপরে ব্যক্তি (Person) থাকলে 'with' বসে এবং আচরণ (Conduct, behaviour), কর্ম (Work), গুণ (Beauty) বা কোনা বিষয়, ঘটনা থাকলে 'at' বসে।
**বাক্যের অর্থঃ** তার আচরণে আমি বিরক্ত হয়েছিলাম।

***Q.*** **Like her brother she is also ____ heiress.**

a) the b) an
c) a d) none ***ans.* B**

***Solution:*** কোনো শব্দের প্রথমে Consonant থাকলে 'a' বসে। কিন্তু প্রথমে Consonant থাকলেও তার উচ্চারণ Vowel এর মতো হলে সেক্ষেত্রে 'an' বসে। যেমনঃ An heir (উত্তরাধিকারী), an hour (এক ঘণ্টা), an MA, an FRCS, an LLB ইত্যাদি।
**বাক্যের অর্থঃ** তার ভাইয়ের মতো সেও এই সম্পত্তির উত্তরাধিকারিনী।

***Q.*** **Who wrote the first English dictionary?**

a) A.T Dev b) Samuel Johnson
c) William Shakespeare d) Chaucer ***ans.* B**

***Solution:*** 1755 সালে সর্বপ্রথম Dictionary লেখেন (Compile করেন). তাঁর বিখ্যাত কিছু গ্রন্থের নাম হলোঃ A Voyage to Abyssinia, London: A Poem, The Vanity of Human Wishes, Preface to Shakespeare, The False alarms, The Patriot (Pamphlet).

***Q.*** **What is the past form of 'EAT'?**

a) Eaten b) Ate
c) Eater d) Eater ***ans.* B**

***Solution:*** এখানে,

| মূল Verb | Past রূপ | Participle রূপ |
|---|---|---|
| Eat | Ate | Eaten |

***Q.*** **Which of the following is feminine gender?**

a) host b) cock
c) drake d) mare ***ans.* D**

***Solution:*** Mare (ঘোটকী) হলো Feminine gender.

| Masculine Gender | Feminine Gender |
|---|---|
| Horse, Stallion | Mare |
| Cock, Rooster | Hen |
| Drake | Duck |

***Q.*** **'White elephant' means:**

a) Elephant of white color b) E- commerce
c) A black hole d) Very costly ***ans.* D**

***Solution:*** White Elephant অর্থ কাজে আসে না অথচ দামি ও অসুবিধাজনক। Elephant of white color অর্থ সাদা হাতি। A black hole অর্থ কৃষ্ণ গহ্বর।

***Q.*** **Choose the right spelling?**

a) Lieutenant b) Committe
c) Lieutinant d) Comitiee ***ans.* A**

***Solution:*** Lieutenant অর্থ ক্যাপ্টেন পদমর্যাদার নীচে সেনাবাহিনীর অফিসার। মনে রাখার কৌশলঃ

| Lie | U | Ten | Ant |
|---|---|---|---|
| মিথ্যা | তুমি | দশ | পিঁপড়া |

***Q.*** **The word 'Lunar' is related to-**

a) Sun b) Moon
c) Planet d) Star ***ans.* B**

***Solution:*** Lunar অর্থ চন্দ্র; চন্দ্র-সংক্রান্ত।

***Q.*** **Parts of speech কয় প্রকার-**

a) ৬ b) ৭
c) ১০ d) ৮ ***ans.* D**

***Solution:*** Parts of speech হলো আট প্রকার। যথাঃ

| Noun | Pronoun | Verb | Adjective |
|---|---|---|---|
| Preposition | Adverb | Conjunction | Interjection |

***Q.*** **No sooner had he left than I-**

a) had come b) came
c) have come d) come ***ans.* B**

***Solution:*** Past Perfect Tense এর ক্ষেত্রে Conjunction গুলো নিচের মতো করে যুক্ত হতে পারেঃ
No sooner (+ had) .... than;
Scarcely (+ had) .... when;
Hardly (+ had) .... when/ before.
এগুলি সবসময় Negative অর্থ প্রদান করে। লক্ষণীয় যে No sooner, scarcely, hardly এদের পরবর্তী Clause এর Tense হয় Past Perfect Tense.
**বাক্যের অর্থঃ** সে যেতে না যেতেই আমি এসেছিলাম।

***Q.*** **___ among you are from class ten?**

a) Who b) Which
c) Whose d) By color ***ans.* A**

***Solution:*** বাক্যের অর্থঃ তোমাদের মধ্য থেকে দশম শ্রেণি থেকে কে এসেছো?

**Q. Neither Noor nor Nuri _____ qualified for the post.**

a) are b) were
c) is d) have ***ans.* C**

***Solution:*** Either ... or, Neither ... nor, Not only ... but also দ্বারা যুক্ত দুটি Noun/ pronoun এর ক্ষেত্রে Or, nor এবং But also এর পরে যে Noun/ pronoun থাকে তার Number/ person অনুযায়ী Verb নির্ধারিত হয়। অর্থাৎ পরবর্তী Noun/ pronoun টি Singular হলে Verb টি Singular হবে এবং Plural হলে Verb টিও Plural হবে।
**বাক্যের অর্থঃ** পদটির জন্য নূর বা নূরী কেউ-ই যোগ্য নয়।

## পোস্টাল জেনারেল এর কার্যালয়

**পদের নামঃ পোস্টাল অপারেটর**
**তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

**Q. Do or die (make it simple)**

a) By doing you will die
b) By Doing you die
c) Without doing you will die
d) Without doing you die ***ans.* C**

***Solution:*** Compound বাক্যে 'or/otherwise' থাকলে তাকে Simple করতে Without + verb এর সাথে 'ing' যোগ করে করতে হয়। যেমনঃ
**Compound:** Love others or you will not be loved by them.
**Simple:** Without loving others, you cannot (or, will not) be loved by them.

**Q. What is the adjective form of the word 'people'?**

a) Populous b) Popular
c) Popularity d) Popularize ***ans.* A**

***Solution:*** Populous হলো একটি Adjective যার অর্থ জনবহুল; ঘনবসতিপূর্ণ। Popularity (noun) অর্থ জনপ্রিয়তা। Popularly (adv) অর্থ লোকত; লোকগ্রাহ্যরূপে। Popularize (v) অর্থ প্রচলিত করা; জনপ্রিয় করা।

**Q. What is the Feminine gender of the word 'Beau'?**

a) Bella b) Belle
c) Bello d) Bellu ***ans.* B**

***Solution:*** বেশির ভাগ ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে Masculine থেকে Feminine gender গঠন করা হয়। Beau অর্থ ভক্ত বা প্রণয়ী। Belle অর্থ প্রণয়িনী।

| Masculine | Feminine |
|---|---|
| Drone | Bee |
| Stag | Hind |
| Fox | Vixen |
| Earl, Count | Countess |
| Buck | Doe |

| Masculine | Feminine |
|---|---|
| Colt | Filly |
| Hart | Roe |
| Wizard | Witch |
| Tailor | Seamstress |
| Beau | Belle |

**Q. What is the plural form of the word 'cliff'?**

a) cliff b) cliffs
c) clives d) cliffes ***ans.* B**

***Solution:*** Cliff অর্থ উঁচু খাড়া পাহাড়; বিশেষত সমুদ্র কিনারে। আর এর Plural হলো Cliffs.

**Q. Which one is an example of Indefinite Pronoun?**

a) Who b) It
c) Each d) Nobody ***ans.* D**

***Solution:*** **Indefinite pronoun** বাক্যে কোন ব্যক্তি বা বস্তুকে সুনির্দিষ্ট করে বলে না। যেমনঃ Somebody, everybody, nobody, nothing, anyone প্রভৃতি।

**Q. Turn ___ the sound of the radio.**

a) off b) of
c) on d) down ***ans.* D**

***Solution:*** শব্দ বা ভলিউম কমানো অর্থে Turn down বসে। তাই উত্তর হবে অপশন *d*). কিন্তু, Turn off অর্থ বন্ধ করা। আর Turn on হলো চালু করা।
**বাক্যের অর্থঃ** রেডিও এর ভলিয়ম কমাও।

**Q. Mahbuba began to lay _____ Shila in anger.**

a) on b) of
c) about d) by ***ans.* C**

***Solution:*** রাগের সাথে মারা বা আঘাত করা অর্থে Lay about বসে। কিন্তু, Lay on অর্থ সেবা দেয়া। Lay by অর্থ কাউকে অর্ধ-শায়িত করা।
**বাক্যের অর্থঃ** মাহবুবা শিলাকে রাগের সাথে বা আঘাত করতে লাগল।

**Q. "I have no pen" -here the word 'no' is-**

a) verb b) adverb
c) conjunction d) noun ***ans.* Note**

***Solution:*** এখানে 'no' হলো Adjective বা Determiner. অপশনে কোনোটাই নেই। তাই সঠিক উত্তর হবে Note.
**বাক্যের অর্থঃ** আমার কোন কলম নেই।

**Q. The phrase 'De facto' is from the language-**

a) English b) Latin
c) French d) German ***ans.* B**

***Solution:*** De facto অর্থ বাস্তবিক পক্ষে কার্যত। এইরকম কিছু Latin শব্দের বাংলা অর্থ নিচে দেয়া হলোঃ Bon voyage অর্থ যাত্রা শুভ হোক। Cu1-de-sac অর্থ কানাগলি; একমুখো রাস্তা। De facto অর্থ বাস্তবিক; কার্যত; প্রকৃতপক্ষে। De novo অর্থ নতুন করে। Drematis personae অর্থ নাটকের চরিত্রসমূহ।

**Q. 'When he came, I started' - here the underlined clause is an example of**

a) Adverbial clause
b) Noun clause
c) Adjective clause
d) Co-ordinate clause ***ans.* A**

Solution Bd

***Solution:*** Verb কে How, where, when, why দ্বারা প্রশ্ন করলে যে Clause পাওয়া যায় তা-ই Adverbial clause. যেমনঃ Mili will go where she lives.
এখানে Where দ্বারা প্রশ্ন করলে Adverbial clause পাওয়া যায় where she lives.
বাক্যের অর্থঃ তিনি যখন এসেছিলেন, আমি তখন শুরু করেছিলাম।

***Q.*** **We ought to have saved our environment (make it passive)**

a) Our environment ought to have been saved
b) Our environment ought to have been save
c) Our environment ought to have saved
d) Our environment ought to save ***ans.* A**

***Solution:*** Active voice এ Subject + modals (must/ should/ could/ ought to) + have + Verb এর Past participle + object থাকলে।
আর Passive voice এ Object + modals (must/ should/ could/ ought to) have + been + verb এর Past participle + by + subject বসে।
বাক্যের অর্থঃ আমাদের পরিবেশকে রক্ষা করা উচিৎ।

***Q.*** **What is the study of religion is called?**

a) Orinthology b) Religiology
c) Felinology d) Theology ***ans.* D**

***Solution:*** Theology (ধর্মতত্ত্ব) = Study of religion. আর Anthropology (নৃবিজ্ঞান) = Study of mankind.

***Q.*** **"A person free national prejudices, looking at the world as his own" – is called**

a) Cosmopolitan b) Sceptic
c) Apostate d) Geriatrician ***ans.* A**

***Solution:*** এখানে, Cosmopolitan অর্থ বিশ্বপ্রেমিক। Sceptic অর্থ সংশয়বাদী। Apostate অর্থ স্বধর্মত্যাগী। Geriatrician অর্থ বার্ধক্যজনিত রোগবিশারদ।

***Q.*** **The Synonym for "Obdurate"-**

a) Deceitful b) Stubborn
c) Sly d) Swindler ***ans.* B**

***Solution:*** Stubborn অর্থ একগুঁয়ে; জেদি। Deceitful অর্থ প্রতারণাপূর্ণ; বিশ্বাসঘাতক; কুটিল। Obdurate অর্থ অনমনীয়; অনুশোচনাহীন। Sly অর্থ সেয়ানা; সুচতুর। Swindler অর্থ প্রতারক; জোচ্চোর।

***Q.*** **An antonym of 'vertex' is**

a) pinnacle b) trough
c) zenith d) culmination ***ans.* B**

***Solution:*** Vertex অর্থ শীর্ষ; চূড়া। Pinnacle অর্থ উঁচু ও সরু পর্বতশিখর। Trough অর্থ নিম্নচাপের এলাকা বা খাদ। Zenith অর্থ সুবিন্দু; সৌভাগ্যের সর্বোচ্চ বিন্দু। Culmination অর্থ শীর্ষবিন্দু।

***Q.*** **Choose the correct spelling-**

a) Soverignty b) Sovereignty
c) Sovereiginity d) Soverinty ***ans.* B**

***Solution:*** সঠিক বানান হলো Sovereignty যার অর্থ হলো সার্বভৌম ক্ষমতা।

***Q.*** **The man said, "Good morning my friends" (make it indirect speech)**

a) Addressing then as friends the man told good morning
b) Addressing them as his friends the man said good morning
c) The man bade his friends good morning
d) The man wished his friends good morning ***ans.* D**

***Solution:*** বাক্যে Good morning/ evening/ after noon, good luck থাকলে Indirect এ 'say' এর পরিবর্তে 'wished' বসে এবং Good night, good bye, fare well থাকলে Indirect এ Bid/ bade বসে।
বাক্যের অর্থঃ লোকটি তার বন্ধুকে শুভ সকাল জানালো।

***Q.*** **During our walk along the beach we noticed the shifting reflections on the ____ surface of the water.**

a) unflinching b) undiscriminatory
c) undulating d) unfaltering ***ans.* C**

***Solution:*** Reflections on the undulating surface of the water অর্থ তরঙ্গায়িত পানি পৃষ্ঠের প্রতিফলন। Unflinching অর্থ নির্ভীক; দৃঢ়সংকল্প। Unfaltering অর্থ অবিচলিত; দৃঢ়। Undiscriminatory না হয়ে Indiscriminately হবে যার অর্থ বাছবিচারহীনতা; নির্বিশেষে।
বাক্যের অর্থঃ সমুদ্র উপকূল বরাবর হাঁটার সময় আমরা তরঙ্গায়িত পানি পৃষ্ঠের প্রতিফলন লক্ষ্য করেছিলাম।

***Q.*** **The romantic age in English literature began with the publication of _____.**

a) Preface to Shakespeare
b) Preface to Lyrical Ballads
c) Preface to Ancient Mariners
d) Preface to Dr. Johnson ***ans.* B**

***Solution:*** ১৭৯৮ সালে S.T. Coleridge এবং William Wordsworth Lyrical Ballads রচনার মধ্য দিয়ে Romantic যুগের সূচনা হয়। এছাড়াও ১৭৯৮ সাল ছিল Neoclassical Periods শেষ এবং Romantic যুগের সূচনা কাল।

***Q.*** **Who has written the play "Volpone"**

a) John Webster b) Ben Jonson
c) W. Shakespeare d) Y. B. Yeats ***ans.* B**

Recent Publication

## স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ কার্য সহকারী

তারিখঃ ২৪.০২.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. 'ইচ্ছুক' শব্দটিতে কোন প্রত্যয়টি যুক্ত হয়েছে?**

a) - অক  b) - ইক

c) - উক  d) - আক  ***ans.* C**

***Solution:*** এখানে 'ইচ্ছুক' শব্দটিতে '-উক' প্রত্যয়টি যুক্ত হয়েছে। উল্লেখ্য, শব্দের শেষে যেসব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয় তাদের তদ্ধিত প্রত্যয় বলে। '-উক' প্রত্যয় যোগে গঠিত বিশেষণ শব্দ হলোঃ ইচ্ছুক, মিশুক, মিথ্যুক, লাজুক ইত্যাদি।

**Q. নিচের কোনটি তৎসম শব্দ?**

a) নারিকেল  b) গেরাম

c) চামার  d) মাটি  ***ans.* A**

***Solution:*** 'নারিকেল' হলো তৎসম শ্রেণির শব্দ। উল্লেখ্য,

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চন্দ্র | লতা | সূর্য | গ্রহ | স্থল | নিমন্ত্রণ |
| হস্ত | জল | পদ | নর | নারী | প্রণাম |
| বৃক্ষ | আকাশ | পুরুষ | নদী | পর্বত | স্পর্শ |
| বিকাল | চক্ষু | পণ্ডিত | মূর্খ | বহু | ধর্ম |
| বায়ু | জীবন | কর্ম | পুষ্প | ভবন | নক্ষত্র |

**Q. 'দমকি দমকি দেয়া হাঁক, কাঁপে দামিনী'। এখানে 'দামিনী' শব্দের অর্থ হলো**

a) নারীর নাম  b) বিদ্যুৎ

c) পৃথিবী  d) মেঘ  ***ans.* B**

***Solution:*** 'বিদ্যুৎ' শব্দের সমার্থক শব্দ হলোঃ বিজলী, তড়িৎ, সৌদামিনী, চপলা, চঞ্চলা, শম্পা ইত্যাদি।

**Q. 'বিশ শতকের মেয়ে' উপন্যাসটির রচয়িতা কে?**

a) আনিস চৌধুরী  b) ড. নীলিমা ইব্রাহিম

c) শহীদুল্লাহ কায়সার  d) আনোয়ার পাশা  ***ans.* B**

***Solution:*** নীলিমা ইব্রাহিম হলেন বাংলাদেশের একজন বিশিষ্ট শিক্ষাবিদ, সাহিত্যিক ও সমাজকর্মী। ১৯৫৬ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগ দেন এবং ১৯৭২ সালে অধ্যাপক পদে উন্নীত হন। ১৯৭৪-৭৫ সালে তিনি বাংলা একাডেমির অবৈতনিক মহাপরিচালক ছিলেন। তাঁর উল্লেখযোগ্য কর্ম হলো 'আমি বীরঙ্গনা বলছি'।

**Q. শয়ন, হরণ, গ্রহণ এগুলো কোন বিশেষ্য?**

a) ব্যক্তিবাচক  b) বস্তুবাচক

c) গুণবাচক  d) জাতিবাচক  ***ans.* Note**

***Solution:*** যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমনঃ গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন (শোয়ার কাজ)।

**Q. 'সাপের পাঁচ পা দেখা' প্রবাদের অর্থ কী?**

a) ভয় পাওয়া।

b) চোখে অন্ধকার দেখা।

c) শেষে মূহুর্ত পর্যন্ত আশায় থাকা।

d) অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা।  ***ans.* D**

**Q. 'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) হালকা  b) ভারি

c) লম্বা  d) স্থূল  ***ans.* D**

**Q. 'হৈম কে আমি লইয়া যাইব' কে বলেছিল?**

a) হৈমন্তীর স্বামী  b) হৈমন্তীর বাবা

c) দিদিমা  d) বনমালী বাবু  ***ans.* A**

***Solution:*** 'হৈমন্তী' গল্পের প্রধান চরিত্রগুলো হলোঃ হৈমন্তী (শিশির), হৈমন্তীর বাবা (অপুর শ্বশুড়- পশ্চিমের এক পাহাড়ের কোন এক রাজার অধীনে চাকরি; শিক্ষাবিভাগের অধ্যক্ষ), অপু (হৈমন্তির বর/ জামাই), বনমালী (গৌরীশংকরের বন্ধু), অপুর বাবা ও মা।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) মহিয়াস  b) মহীয়সী

c) মহিয়সী  d) মহীয়সি  ***ans.* B**

**Q. নিচের কোনটি বাংলার প্রাচীন জনপদ?**

a) চন্দ্রদ্বীপ  b) ময়নামতি

c) হরিকেল  d) পাটালীপুত্র  ***ans.* A & C**

***Solution:*** বাংলার প্রাচীন জনপদ সমূহের মধ্যে রয়েছে গৌড়, বঙ্গ, পুণ্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র, তাম্রলিপ্ত, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাংলা, দণ্ডভক্তি ইত্যাদি।

ময়নামতিঃ কুমিল্লার লালমাই অঞ্চলের প্রাচীনতম সভ্যতার নিদর্শন হল ময়নামতি, এটি একটি প্রাচীন নগরী ও বৌদ্ধ বিহারের অবশিষ্টাংশ।

পাটলীপুত্রঃ প্রাচীন ভারতের বিহার রাজ্যের রাজধানী পাটনা শহরের সন্নিকট অবস্থিত একটি শহর।

**Q. কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় উল্লেখকৃত 'শাক্যমুনি' কে?**

a) গৌতম বুদ্ধ  b) যিশু খ্রিষ্ট

c) চৈতন্য  d) অতীশ দীপঙ্কর  ***ans.* A**

**Q. 'ষ্ণ' সংযুক্তি ব্যঞ্জনটি কোন বর্ণের সংযুক্ত রূপ?**

a) ষ্ + ঞ  b) ষ্ + ণ

c) ষ্ + ন  d) ষ্ + চ  ***ans.* B**

***Solution:*** কিছু গুরুত্বপূর্ণ যুক্ত বর্ণঃ ষ্ণ = ষ্ + ণ; ঞ্ছ = ঞ্ + ছ; জ্ঞ = জ্ + ঞ; হ্ন = হ + ন।

**Q. 'পণ্ডিতমূর্খ' এর ব্যাসবাক্য কোনটি?**

a) পণ্ডিত সেজে আছে যে মূর্খ।

b) যিনি পণ্ডিত তিনিই মূর্খ।

c) পণ্ডিত অথচ মূর্খ।

d) পণ্ডিত ও মূর্খ।  ***ans.* A**

***Solution:*** যে বহুব্রীহি সমাস কোনো নিয়ম মানে না তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। যেমনঃ পণ্ডিত হয়েও মূর্খ = পণ্ডিতমূর্খ। অন্তর্গত অপ (পানি) যার = অন্তরীপ। নরাকার যে পশু = নরপশু।

**Q. 'প্রথম আলো' উপন্যাসটি কে লিখেছেন?**

a) সুনীল গঙ্গোপাধ্যায়  b) রবীন্দ্রনাথ ঠাকুর

c) সৈয়দ শামসুল হক  d) মতিউর রহমান  ***ans.* A**

***Solution:*** প্রথম আলো বিংশ শতাব্দীর শেষ ভাগের বিখ্যাত বাঙালি কবি ও কথাসাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের লেখা একটি জনপ্রিয় ঐতিহাসিক উপন্যাস। দীর্ঘ এই উপন্যাসটি রচিত হয়েছে ঊনবিংশ শতকের শেষার্ধের পটভূমিকায়। সুনীল গঙ্গোপাধ্যায়ের আর একটি বিখ্যাত উপন্যাস হলো 'সেই সময়-এ যে কাল-পর্বের' কথা আছে ঠিক তার পরের

কাল-পরিধি এই উপন্যাসের উপজীব্য। ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগে জাতি হিসেবে বাঙালির আত্মসচেতনতা গড়ে ওঠার প্রক্রিয়া ও ঐতিহাসিক উপন্যাসের কেন্দ্রীয় সুর।

**Q. 'যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী থাকে না' তাকে এক কথায় কি বলে?**

a) অনুসূয়া b) অনুচার্য
c) ক্ষণপ্রভা d) কোনটাই নয় **ans. C**

***Solution:*** অপশনের *a)* শব্দটি সংস্কৃত অন + অসূয়া (স্ত্রী) থেকে এসেছে। 'অন' একটি নেতিবাচক উপসর্গ এবং 'অসূয়া' অর্থ 'ঈর্ষা'। অর্থাৎ অনসূয়া অর্থ ঈর্ষা বা হিংসা থেকে মুক্ত।

**Q. 'সংসার' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) সং + সার b) সাং + সার
c) সম্ + সার d) সম + সার **ans. C**

***Solution:*** 'ম্' এর পর অন্তঃস্থ ধ্বনি 'য, র, ল, ব,' অথবা 'শ, ষ, স, হ' থাকলে 'ম্' স্থলে অনুস্বার (ং) হয়। যেমনঃ সম্ + যম = সংযম, সম্ + বাদ = সংবাদ, সম্ + রক্ষণ = সংরক্ষণ, সম্ + লাপ = সংলাপ, সম্ + শয় = সংশয়, সম্ + সার = সংসার, সম্ + হার = সংহার। এরূপঃ বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রমঃ সম্রাট (সম্ + রাট)।

**Q. 'বল্কল' শব্দের অর্থ কোনটি?**

a) বৃক্ষপত্র b) শিকড়
c) বৃক্ষকাণ্ড d) বৃক্ষত্বক **ans. D**

**Q. 'ম্রিয়মান' শব্দের অর্থ কোনটি?**

a) যা ম্লান হয়েছে b) যা ম্লান হবে
c) যার মৃত্যু হয়েছে d) যার মৃত্যু অবস্থা **ans. D**

***Solution:*** 'ম্রিয়মান' হলো বিশেষণ পদ যার অর্থ অবসন্ন; মৃতপ্রায়; নিভুনিভু; দুঃখিত; বিষাদময়।

**Q. 'হাড় হাভাতে' বাগধারাটির অর্থ কোনটি?**

a) হতভাগ্য b) ক্ষুধার্ত
c) রোগা d) দরিদ্র **ans. A**

**Q. 'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?**

a) তত + অধিক b) তত + ধিক
c) ততঃ + অধিক d) তত্য + ধিক **ans. C**

***Solution:*** অ-ধ্বনি পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ-ধ্বনি থাকলে অ + ঃ + অ এই তিন মিলে ও-কার হয়। যেমনঃ ততঃ + অধিক = ততোধিক।

**Q. কোনটি শুদ্ধ বানান?**

a) ঈন্দ্রীয় b) ঈন্দ্রিয়
c) ইন্দ্রয়ী d) ইন্দ্রিয় **ans. D**

## মন্ত্রিপরিষদ বিভাগ

**পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক**
**তারিখঃ ১০.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

**Q. এক কথায় প্রকাশ করুন: মৃতের মত অবস্থা যার-**

a) মুমুর্ষূ b) মুমূর্ষু
c) মুমুর্ষু d) মূমুর্ষূ **ans. B**

**Q. 'যা কষ্টে লাভ করা যায়' বাক্য সংকোচন কোনটি?**

a) দুর্লভ b) কষ্টসাধ্য
c) বন্ধুর d) অলীক **ans. A**

**Q. 'স্বাধীন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) স + অধিন b) শ + অধিন
c) স্ব + অধিন d) স্ব + অধীন **ans. D**

***Solution:*** অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমনঃ অ + অ = আ; নর + অধম = নরাধম। এরূপঃ হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।

**Q. বাংলা ভাষার রীতি কয়টি?**

a) তিনটি b) দুইটি
c) চারটি d) পাঁচটি **ans. B**

***Solution:*** বাংলা ভাষার রীতি দুইটি। এগুলো হলোঃ কথ্য ভাষা রীতি এবং লেখ্য ভাষা রীতি।

**Q. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী?**

a) নদী b) মেঘমালা
c) হিতকামনা d) বলহীনা **ans. B**

***Solution:*** 'কাদম্বিনী' শব্দের অর্থ 'মেঘমালা; মেঘশ্রেণি, সারি সারি মেঘ'।

**Q. 'ঝিনুক থেকে মুক্তা মেলে' এখানে 'ঝিনুক' কোন কারক?**

a) অধিকরণ কারক b) অপাদান কারক
c) করণ কারক d) কর্তৃকারক **ans. B**

***Solution:*** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমনঃ
বিচ্যুতঃ গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে।
গৃহীতঃ সুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়।
জাতঃ জমি থেকে ফসল পাই। খেজুর রসে গুড় হয়।

**Q. 'গবেষণা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) গব + এষণা b) গবে + এষণা
c) গৌ + এষণা d) গো + এষণা **ans. D**

***Solution:*** এ, ঐ, ও, ঔ কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে আয়, এবং, ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ গো + এষণা = গবেষণা; নৌ + ইক = নাবিক। এরকম আরও কিছু সন্ধি বিচ্ছেদ ঃ

| | | |
|---|---|---|
| নে + অন = নয়ন | নৈ + অক = নায়ক | পো + অন = পবন |
| পৌ + অক = পাবক | পো + ইত্র = পবিত্র | গৈ + অক = গায়ক |
| গো + আদি = গবাদি | শে + অন = শয়ন | লো + অন = লবণ |

**Q. 'মহাকীর্তি' এর ব্যাসবাক্য কোনটি?**

a) মহতী যে কীর্তি b) মহা যে কীর্তি
c) মহান যে কীর্তি d) মহান কীর্তি যার **ans. A**

***Solution:*** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসের আরো কিছু উদাহরণ হলোঃ মহাকীর্তি = মহতী যে কীর্তি; মহাজন = মহৎ যে জন; নীলোৎপল = নীল যে উৎপল; মহারাজ = মহান যে রাজা; নরাধম = অধম যে নর; মহাবীর = মহান যে বীর।

Recent Publications

**Q. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে?**

a) অক্ষয় দত্ত b) ম্যার্শমান

c) ব্রাসি হ্যালহেড d) রাজা রামমোহন ***ans.* D**

***Solution:*** 'গৌড়ীয় ব্যাকরণ' হলো বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ যা রচনা করেন রাজা রামমোহন রায়। বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন 'ম্যানুয়েল দ্যা আসসুম্পসাউ'। উইলিয়াম কেরি 'A Grammar of the Bengali Language' নামক ব্যাকরণ রচনা করেন। আর প্রথম বাংলা ব্যাকরণ মুদ্রণকারী হলেন ন্যথানিয়েল ব্রাসি হেলহেড।

**Q. 'কেতাদুরস্ত' বাগধারাটির অর্থ কি?**

a) অলস b) পরিশ্রমী

c) পরিপাটি d) দীর্ঘজীবী ***ans.* C**

***Solution:*** 'কেতাদুরস্ত' বাগধারাটির অর্থ 'পরিপাটি বা ফিটফাট'।

**Q. 'বুলবুলিতে ধান খেয়েছে' এ বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারকে কোন বিভক্তি?**

a) করণে ৭মী বিভক্তি

b) অধিকরণে ৭মী বিভক্তি

c) কর্তৃকারকে ৭মী বিভক্তি

d) অপাদানে ৭মী বিভক্তি ***ans.* C**

***Solution:*** কর্তায় ৭মী কারকের আরো কিছু উদাহরণ হলোঃ **রাজায় রাজায়** লড়াই উলুখাগড়ার প্রাণান্ত; **শ্রদ্ধাবান** লভে জ্ঞান অন্যে কভু নয়; পাছে **লোকে** কিছু বলে; **পণ্ডিতে পণ্ডিতে** লড়াই চলে। **বাপে** না জিজ্ঞাসে **মায়ে** না সম্ভাষে।

**Q. 'সমাস' শব্দের অর্থ কি?**

a) সংশ্লেষণ b) বিশ্লেষণ

c) সংক্ষেপণ d) সংযোজন ***ans.* C**

***Solution:*** সমাস অর্থ সংক্ষেপ করা, মিলন ঘটানো বা একাধিক পদের একপদীকরণ। অর্থ সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সাথে যুক্ত হয়ে একটি বড় শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। বাক্যে শব্দের ব্যবহার সংক্ষেপ করার উদ্দেশ্যে সমাসের উৎপত্তি। এটি শব্দ তৈরি ও প্রয়োগের একটি বিশেষ রীতি।

**Q. 'শেষের কবিতা' এর রচয়িতা কে?**

a) জসীম উদ্‌দীন b) দীনবন্ধু মিত্র

c) কাজী নজরুল ইসলাম d) রবীন্দ্রনাথ ঠাকুর ***ans.* D**

***Solution:*** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ।

**Q. 'অনুরাগ' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**

a) বিরক্ত b) উপহাস

c) বিরাগ d) প্রতিঘাত ***ans.* C**

***Solution:*** 'অনুরাগ' এর কিছু সমার্থক শব্দঃ প্রেম; প্রীতি; সোহাগ; আদর; স্নেহ; যত্ন; প্রবৃত্তি; আসক্তি (ধর্মানুরাগ)।

**Q. 'তাসের ঘর' বাগধারার অর্থ কি?**

a) তাস রাখার ঘর b) তাস দ্বারা তৈরি ঘর

c) তাস খেলার জন্য ঘর d) ক্ষণস্থায়ী বস্তু ***ans.* D**

**Q. 'সাহেব' শব্দের বহুবচন কোনটি?**

a) সাহেবমন্ডলী b) সাহেবকুল

c) সাহেবসমূহ d) সাহেবান ***ans.* D**

***Solution:*** কিছু বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমনঃ আন যোগে; বুজুর্গ - বুজুর্গান, সাহেব - সাহেবান।

**Q. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ' বাক্য সংকোচন কোনটি?**

a) গোধূলি b) পূর্বাহ্ন

c) সায়াহ্ন d) সন্ধ্যা ***ans.* A**

***Solution:*** দিন ও রাত্রির সন্ধিক্ষণ = গোধূলি।

| | |
|---|---|
| দিনের পূর্ব ভাগ = পূর্বাহ্ন | দিনের মধ্য ভাগ = মধ্যাহ্ন |
| দিনের অপর ভাগ = অপরাহ্ন | দিনের সায় ভাগ = সায়াহ্ন |

**Q. নিচের কোন শব্দটি শুদ্ধ?**

a) মুহুর্মুহু b) মূহুর্মুহ

c) মুহুর্মুহ d) মুর্হুর্মূহু ***ans.* A**

**Q. 'পৃথিবী' এর সমার্থক শব্দ নয় কোনটি?**

a) ভূধর b) অবনী

c) ধরিত্রী d) ধরণী ***ans.* A**

***Solution:*** ধরিত্রী শব্দের সমার্থক শব্দগুলোঃ পৃথিবী, জগৎ, ভুবন, সংসার, বিশ্ব, রাজ্য, ধরা, ধরণী, বসুমতী, পৃথ্বী, দুনিয়া, ভূ-মণ্ডল, মর্ত্য, বসুধা, অবনী। আর ভূধর এর অর্থ পাহাড়; পর্বত।

## মন্ত্রিপরিষদ বিভাগ

**পদের নামঃ অফিস সহায়ক**

**তারিখঃ ১০.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

**Q. 'কানাকানি' কোন বহুব্রীহি সমাসের সমস্তপদ?**

a) ব্যাতিহার b) বাধিকরণ

c) অলুক d) প্রত্যায়ান্ত ***ans.* A**

***Solution:*** যে বহুব্রীহি সমাসে দুটি একরূপ বিশেষ্য দিয়ে এক জাতীয় কাজ বোঝায় তাকে ব্যতিহার বহুব্রীহি সমাস বলে। যেমন: কানে কানে যে কথা = কানাকানি।

**Q. 'বিস্ময়াপন্ন' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?**

a) বিস্ময় দ্বারা আপন্ন b) বিস্ময়ে আপন্ন

c) বিস্ময়ে যে আপন্ন d) বিস্ময়কে আপন্ন ***ans.* D**

***Solution:*** 'বিস্ময়াপন্ন' পদটির সঠিক ব্যাসবাক্য 'বিস্ময়কে আপন্ন'। এটি দ্বিতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ।

**Q. 'মৃত্তিকা দিয়ে তৈরি' কথাটি সংকোচন করলে হবে -**

a) তন্ময় b) মৃন্ময়

c) মন্ময় d) চিন্ময় ***ans.* B**

***Solution:*** উল্লেখ্য, 'তন্ময়' অর্থ আবদ্ধ; শান্ত; মনোনিবেশ করা। 'মন্ময়' অর্থ আত্মবাদী; আত্মপ্রকাশক। 'চিন্ময়' অর্থ জ্ঞানময়।

Recent Publications

**Q.** বাংলা ভাষায় প্রথম সংবাদপত্রের নাম কী?

a) আজাদ b) বঙ্গদর্শন

c) বেঙ্গল গেজেট d) সমাচার দর্পন **ans.D**

**Solution:** বাংলা ভাষায় প্রথম সংবাদপত্রের নাম 'সমাচার দর্পণ'। পত্রিকাটি ছিলো সাপ্তাহিক। ১৮১৮ সালের ২৩ মে পত্রিকাটি প্রথম প্রকাশিত হয়। আর এই পত্রিকাটির সম্পাদক ছিলেন ক্লার্ক মার্শম্যান।

**Q.** 'তার ধন আছে কিন্তু বিদ্যা নাই' গঠন অনুযায়ী বাক্যটি কোন শ্রেণির?

a) সরল b) যৌগিক

c) মিশ্র d) জটিল **ans. B**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। জ্ঞাতব্যঃ যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো 'এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি' ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে।

**Q.** কোনটি নাসিক্য বর্ণ?

a) র b) খ

c) ধ d) ন **ans. D**

**Solution:** যে ধ্বনি উচ্চারণের সময় নাক দিয়ে বাতাস বের হয় তাকে নাসিক্য ধ্বনি বলে। যেমন: ঙ, ঞ, ণ, ন, ম।

**Q.** 'আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি' গানটির প্রণেতা কে?

a) গাজী মাজহারুল আনোয়ার b) আব্দুল গাফফার চৌধুরী

c) আলতাফ মাহমুদ d) সত্য সাহা **ans. B**

**Solution:** এ গানের প্রথম সুরকার আব্দুল লতিফ, বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। রচয়িতা আব্দুল গাফফার চৌধুরী।

**Q.** 'তামার বিষ' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

a) অর্থের গর্ত b) অর্থের অভাব

c) অভাবী d) অর্থের কুপ্রভাব **ans. D**

**Solution:** তামার বিষ (অর্থের কুপ্রভাব)ঃ হঠাৎ বড় লোক কি না, তাই তামার বিষে বিবেকহীন হয়ে পড়েছ।

**Q.** 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কি?

a) বিশেষভাবে বিশ্লেষণ b) শব্দের মিশ্রন

c) সংবিধান d) সংরক্ষণ **ans. A**

**Solution:** ব্যাকরণ শব্দের দুই ধরনের অর্থ আছে।
০১. ব্যুৎপত্তিগত অর্থঃ বিশেষভাবে বিশ্লেষণ (যদি বলা হয় কিসের বিশেষভাবে বিশ্লেষণ? তবে উত্তর হবে ভাষার)
০২. ব্যবহারগত বা সঠিক বা প্রকৃত অর্থঃ ভাষার প্রকৃতি ও প্রয়োগরীতি আলোচনা ও ব্যাখ্যা।

**Q.** 'উন্নীত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) উৎ + নীতি b) উন্নী + ত

c) উৎ + নীত d) উন্ + ইত **ans. C**

**Solution:** 'ঙ, ঞ, ণ, ন, ম' পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শ ধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়। যেমনঃ উন্নীত = উৎ + নীত। উন্নত = উৎ + নত। উন্নয়ন = উৎ + নয়ন ইত্যাদি।

**Q.** কোন বানানটি শুদ্ধ?

a) পুরস্কার b) আবিস্কার

c) সময়পোযোগী d) সত্ত্ব **ans. A**

**Solution:** আবিস্কার এর শুদ্ধরূপ হলো 'আবিষ্কার'। সময়পোযোগী এর শুদ্ধরূপ হলো 'সময়োপযোগী'। সত্ত্ব এর শুদ্ধরূপ হলো 'স্বত্ব'।

**Q.** 'সরল' শব্দের বিপরীতার্থক শব্দ নয় কোনটি?

a) জটিল b) বক্র

c) গরল d) কুটিল **ans. C**

**Q.** বাংলার সর্বপ্রথম জনপদের নাম কী?

a) পুন্ড্র b) তাম্রলিপ্ত

c) গৌড় d) হরিকেল **ans. A**

**Solution:** প্রাচীন বাংলার জনপদগুলোর মধ্যে অন্যতম হলো পুণ্ড্র। 'পুণ্ড্র' বলে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল। পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম পুণ্ড্রনগর। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি পুণ্ড্রতে পওয়া গেছে। উল্লেখ্য, বাংলা পূর্বে প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল। এগুলো হলো পুণ্ড্র, হরিকেল, সমতট, গৌড়, বঙ্গ ইত্যাদি।

**Q.** নিচের কোন বানানটি শুদ্ধ?

a) মনীষী b) মনীষি

c) মনিষি d) মনিষী **ans. A**

**Q.** 'দুরবস্থা' শব্দের সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?

a) দুঃ + অবস্থা b) দূর + বস্থা

c) দুর + বস্থা d) দুর + অবস্থা **ans. A**

**Solution:** পূর্বপদের শেষে যদি অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি স্বরধ্বনি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ 'র' হয়ে যায় এবং পরের স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ (উঃ + অ = উ + র) দু ঃ + অবস্থা = দুরবস্থা; চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ।

**Q.** 'ডাক্তার ডাক' এখানে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a) অপাদান কারকে তৃতীয়া বিভক্তি

b) কর্তৃকারকে শূন্য বিভক্তি

c) কর্মকারকে শূন্য বিভক্তি

d) কর্মকারকে ৭মী বিভক্তি **ans. C**

**Solution:** 'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কর্মকারকে শূন্য বিভক্তি। যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। কী/ কাকে প্রশ্ন করলে কর্মকারক পাওয়া যায়।

**Q.** 'অভিরাম' শব্দের অর্থ কি?

a) বিরতহীন b) শালিশ

c) চলন d) সুন্দর **ans. D**

**Q.** 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?

a) সলিল b) উদক

c) জলধি d) নীর **ans. C**

Content Solution

**Solution:** 'জল' শব্দের সমর্থক শব্দগুলি হলোঃ জলিল, বারি, অপ্, উদক, অম্বু, নীর, পয়ঃ, তোয়, পানি, অম্ভঃ, অর্ণ ইত্যাদি। অপরদিকে 'জলধি' শব্দের অর্থ হলোঃ সাগর যার প্রতিশব্দগুলো হলোঃ রত্নকর, সিন্ধু, বারিধি, বারীশ, উদধি, অর্ণব, পারাবার, জলধর ইত্যাদি।

**Q. ক্রিয়া পদের মূল অংশকে বলা হয় -**

a) বিভক্তি b) ধাতু
c) প্রত্যয় d) কৃৎ **ans.B**

**Solution:** বাংলা ভাষায় বহু ক্রিয়াপদ রয়েছে, সেসব ক্রিয়াপদের মূল অংশকে ধাতু বা ক্রিয়ামূল বলে। অন্য কথায়, ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায়, ক) ধাতু এবং খ) ক্রিয়া বিভক্তি।

**Q. 'লাল লাল ফুল' বাক্যে কী অর্থে দ্বিরুক্তি হয়েছে?**

a) বহুবচন b) একবচন
c) শূন্য d) কোনটি নয় **ans. A**

**Q. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ' এর বাক্য সংকোচন কোনটি?**

a) পূর্বাহ্ন b) সায়াহ্ন
c) সন্ধ্যা d) গোধূলি **ans.D**

**Solution:** দিন ও রাত্রির সন্ধিক্ষণ = গোধূলি।

| | |
|---|---|
| দিনের পূর্ব ভাগ = পূর্বাহ্ন | দিনের মধ্য ভাগ = মধ্যাহ্ন |
| দিনের অপর ভাগ = অপরাহ্ণ | দিনের সায় ভাগ = সায়াহ্ন |

**Q. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?**

a) কাঁদো নদী কাঁদো b) নেকড়ে অরণ্য
c) প্রদোষে প্রাকৃতজন d) রাঙা প্রভাত **ans. B**

**Solution:** মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসগুলো হলোঃ

| ঔপন্যাসিক | উপন্যাস |
|---|---|
| শওকত ওসমান | জাহান্নাম হইতে বিদায়, জলাঙ্গী, দুই সৈনিক, নেকড়ে অরণ্য |
| সৈয়দ শামসুল হক | নিষিদ্ধ লোবান, নীল দংশন |
| আনোয়ার পাশা | রাইফেল রোটি আওরাত |
| সেলিনা হোসেন | হাঙর নদী গ্রেনেড |
| হুমায়ুন আহমেদ | আগুনের পরশমণি, শ্যামল ছায়া, জোসনা ও জননীর গল্প, দেয়াল |

সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাস 'কাঁদো নদী কাঁদো' (১৯৬৮), 'প্রদোষে প্রাকৃতজন' (১৯৮৪) শওকত আলী রচিত উপন্যাস, আবুল ফজল রচিত উপন্যাস হলো 'রাঙা প্রভাত' (১৯৫৭)।

**Q. 'এ যে আমাদের চেনা লোক' বাক্যে চেনা কোন শব্দ?**

a) বিশেষ্য b) অব্যয়
c) বিশেষণ d) ক্রিয়া **ans. C**

**Solution:** 'চেনা' হলো বিশেষণ পদ। উল্লেখ্য, যে পদ দ্বারা বিশেষ্য, সর্বনাম এবং ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে। এই বাক্যটিতে 'চেনা' শব্দটি দ্বারা লোকটির পরিচিতি বা অবস্থা প্রকাশ করছে, তাই এটি বিশেষণ পদ।

## প্রাণি সম্পদ অধিদপ্তর

পদের নামঃ অফিস সহাকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখঃ ১৮.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. শেষের কবিতা কি?**

a) নাটক b) উপন্যাস
c) রম্য রচনা d) রোমান্টিক কাব্য **ans. B**

**Solution:** শেষের কবিতা- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস। মূল চরিত্র- অমিত ও লাবণ্য।

**Q. বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক ব্যঞ্জনধ্বনি কয়টি?**

a) ৭ টি b) ৮ টি
c) ৯ টি d) ৩০ টি **ans. D**

**Solution:** মৌলিক স্বরধ্বনি ৭টিঃ ই, এ, অ্যা, আ, অ, ও, উ এবং মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টিঃ প, ফ, ব, ভ, ত, থ, দ, ধ, ট, ঠ, ড, ঢ, চ, ছ, জ, ঝ, ক, খ, গ, ঘ, ম, ন, ঙ, স্, শ, হ্, ল, র, ড়, ঢ়।

**Q. ক থেকে ঙ পর্যন্ত ৫টি ধ্বনি হচ্ছে?**

a) তালব্য ধ্বনি b) ঘোষ ধ্বনি
c) কর্কশ ধ্বনি d) কণ্ঠ ধ্বনি **ans. D**

**Solution:** নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

| উচ্চারণস্থান অনুযায়ী নাম | ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ |
|---|---|
| কণ্ঠ্য বা জিহবামূলীয় ধ্বনি | ক খ গ ঘ ঙ |
| তালব্য ধ্বনি | চ ছ জ ঝ ঞ |
| মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় ধ্বনি | ট ঠ ড ঢ ণ |
| দন্ত্য ধ্বনি | ত থ দ ধ ন |
| ওষ্ঠ্য ধ্বনি | প ফ ব ভ ম |

**Q. অভীষ্ট = ?**

a) অভি + ইস্ট b) অভি + সিস্ট
c) অভি + ইষ্ট d) কোনটি নয় **ans. C**

**Solution:** প্রথম পদের শেষের হ্রস্ব-ই বা দীর্ঘ-ঈ ধ্বনির সঙ্গে দ্বিতীয় পদের প্রথম হ্রস্ব-ই বা দীর্ঘ-ঈ ধ্বনির যোগে দীর্ঘ-ঈ হয়। বানানে তা দীর্ঘ-ঈ-কার হয়ে আগের বর্ণে যুক্ত হয়। যেমনঃ 'ই + ই = ঈ' (ঈ-তে রূপান্তর)ঃ অভি + ইষ্ট = অভীষ্ট; অতি + ইত = অতীত; প্রতি + ইতি = প্রতীতি; অতি + ইন্দ্র = অতীন্দ্র।

**Q. 'চেয়ার' কোন লিঙ্গ?**

a) পুং b) স্ত্রী
c) ক্লীব d) উভয় **ans. C**

**Solution:** যে শব্দ দ্বারা পুরুষ ও স্ত্রী কিছুই বুঝায় না তাই ক্লীবলিঙ্গ। যেমনঃ বোতল, কম্পিউটার, রাস্তা, চশমা ইত্যাদি।

**Q. 'কুলি' কোন ভাষার শব্দ?**

a) ফরাসি b) তুর্কি
c) আরবি d) বাংলা **ans. B**

**Solution:** আরো কয়েকটি তুর্কি ভাষার শব্দঃ চাকর, চাকু, তোপ, উজবুক, উর্দি, খান, খোকা, বাবুর্চি, বেগম, মুচলেকা, লাশ, সওগাত ইত্যাদি।

**Q. সমাস শব্দের অর্থ কি?**

a) সংযোজন b) বিয়োজন
c) সংক্ষেপণ d) সংশ্লেষণ **ans. C**

**Solution:** সমাস শব্দের অর্থ 'মিলন, সংক্ষেপ, একপদীকরণ, সংগ্রহ, একাধিক পদের একপদীকরণ'। উল্লেখ্য, সমাস শব্দটি পারিভাষিক শব্দ। সমাস ব্যাকরণের শব্দতত্ত্বে আলোচিত হয়। সমাস শব্দের বিপরীত হলো বিচ্ছেদ বা বিগ্রহ। এই শব্দটি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ।

**Q.** 'অমিত' ও 'লাবণ্য' চরিত্র দুটির রচয়িতা কে?

a) রবীন্দ্রনাথ b) নজরুল

c) জীবনানন্দ d) সুকান্ত **ans. A**

**Solution:** শেষের কবিতা- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস। মূল চরিত্র- অমিত ও লাবণ্য।

**Q.** সমাস কত প্রকার?

a) দুই b) তিন

c) চার d) ছয় **ans. C**

**Solution:** সমাস মূলত চার প্রকার। যথাঃ দ্বন্দ্ব সমাস, কর্মধারয়, তৎপুরুষ, বহুব্রীহি।

**Q.** সঠিক বানান কোনটি?

a) চানক্য b) চাণক্য

c) চাণোক্য d) চানোক্য **ans. B**

**Solution:** কোনো কোনো তৎসম শব্দে স্বাভাবিকভাবেই 'ণ' ব্যবহৃত হয়। এর জন্য কোনো নিয়ম রীতি নেই। এগুলোকে নিত্য মূর্ধন্য-ণ বলে। যেমনঃ অণু, কঙ্কণ, নিপুণ, পণ্য, পাণি, পুণ্য, ফণী, বণিক, বাণ, লাবণ্য, স্থাণু, চাণক্য, মাণিক্য, বাণিজ্য, লবণ, পণ, শাণ, মণ, মণি, বেণু, বেণী, বীণা, কণিকা, শোণিত, বিপণী, আপণ, নিক্বণ ইত্যাদি।

**Q.** মৌলিক শব্দ কোনটি?

a) কবিতা b) কাব্য

c) পদ্ম d) গোলাপ **ans. D**

**Solution:** যে সকল শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমনঃ গোলাপ, নাক, লাল, তিন ইত্যাদি।

**Q.** কোনটি তদ্ভব শব্দ?

a) হাত b) ধর্ম

c) দোকান d) চোঙ্গা **ans. A**

**Solution:** তদ্ভব একটি পারিভাষিক শব্দ। এর অর্থ 'তৎ' (তার) থেকে 'ভাব' (উৎপন্ন)। অর্থাৎ সংস্কৃত থেকে উৎপন্ন শব্দ। যেমনঃ সংস্কৃতে ছিল 'চন্দ্র', প্রাকৃতে হয় 'চন্দ', বাংলা হয়ে গেল 'চাঁদ'। সুতরাং যেসব শব্দ সংস্কৃত থেকে প্রাকৃত ভাষার মধ্য দিয়ে বাংলা ভাষায় এসেছে তাদের তদ্ভব শব্দ বলে। যেমনঃ হস্ত > হুথ > হাত; চন্দ্র > চন্দ > চাঁদ; সর্প > সপ্প > সাপ ইত্যাদি।

**Q.** 'মা শিশুকে খাওয়ান' এটি কোন ক্রিয়া?

a) সরল ক্রিয়া b) নাম ক্রিয়া

c) প্রযোজক d) মিশ্র ক্রিয়া **ans. C**

**Solution:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। (সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়)। প্রযোজক ক্রিয়ার গঠনঃ প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ। যেমনঃ মূল ধাতু √হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

**Q.** 'চা' কোন ভাষার শব্দ?

a) আরবি b) ফরাসি

c) চীনা d) বাংলা **ans. C**

**Solution:**

| চীনা শব্দ | গ্রিক শব্দ | তুর্কি শব্দ |
|---|---|---|
| চা, চিনি, লিচু, সাম্পান | কেন্দ্র, দাম | কুলি, কোর্মা, তোপ, বেগম, লাশ |

**Q.** 'হাতি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a) জম্বু b) কাস্মা

c) গজ d) নেত্রবারি **ans. C**

**Solution:** 'হাতি' শব্দের সমার্থক শব্দ হলোঃ গজ, হস্তী, করী, দ্বিপ, নগ, মাতঙ্গ।

**Q.** আমি ঢাকা যাব, 'ঢাকা' কোন কারক?

a) কর্তৃ b) কর্ম

c) করণ d) অধিকরণ **ans. D**

**Solution:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে সপ্তমী অর্থাৎ 'এ' 'য়' 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। প্রশ্নে উল্লেখিত 'আমি ঢাকা যাব' এখানে 'ঢাকা' হলো অধিকরণ কারকের প্রথমা বা শূন্য বিভক্তি।

**Q.** কোন বানানটি শুদ্ধ

a) চুর্ণবিচূর্ণ b) চূর্ণবিচূর্ণ

c) চুর্ণবিচুরণ d) চুর্ণবিচূরণ **ans. B**

**Q.** 'অনুলোপ' এর বিপরীত শব্দ?

a) অভিলোপ b) সুলোপ

c) প্রতিলোপ d) বিলোপ **ans. C**

**Q.** ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

a) ধ্বনি b) শব্দ

c) বর্ণ d) বাক্য **ans. A**

**Solution:** ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি। উল্লেখ্য, শব্দের ক্ষুদ্রতম অংশ বর্ণ। বাক্যের ক্ষুদ্রতম অংশ শব্দ।

**Q.** বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দকে কি বলে?

a) কারক b) বর্ণ

c) পদ d) ধ্বনি **ans. C**

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

পদের নামঃ হিসাব সহকারী

তারিখঃ ১৮.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** গঠন অনুসারে বাক্য কত প্রকার?

a) দুই প্রকার b) পাঁচ প্রকার

c) ছয় প্রকার d) তিন প্রকার **ans. D**

**Solution:** সাধারণভাবে বাক্যকে ৩ ভাগে ভাগ করা যায়। যথাঃ ১) সরল বাক্য, ২) মিশ্র বা জটিল বাক্য, ৩) যৌগিক বাক্য।

**Q.** 'আলোয় আঁধার দূর হয়' বাক্যে 'আলোয়' শব্দটি কোন কারকের উদাহরণ?

a) অপাদান b) করণ

c) সম্প্রদান d) অধিকরণ **ans. B**

**Solution:** কোন একটি কাজ যার কারণে বা যার জন্যে বা যার কারণের জন্যে ঘটেছে এরূপ বোঝালে সেটি করণে ৭মী বিভক্তি হয়। যেমনঃ 'আলোয় আঁধার দূর হয়'। এখানে আঁধার কাটা বা দূর হওয়ার কারণ হলো 'আলো'।

Recent Publications

**Q. 'অন্ধজনে দয়া কর' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্মে সপ্তমী b) কর্তায় সপ্তমী
c) কর্মে শূন্য d) সম্প্রদানে সপ্তমী **ans. D**

***Solution:*** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী) সম্প্রদান কারক বলে। বস্তু নয়- ব্যক্তিই সম্প্রদান কারক।

**Q. 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কার লেখা?**

a) সুকান্ত ভট্টাচার্য b) সত্যেন্দ্রনাথ দত্ত
c) জীবনানন্দ দাশ d) রবীন্দ্রনাথ ঠাকুর **ans. A**

***Solution:*** সুকান্ত ভট্টাচার্য রচিত গ্রন্থগুলো হলোঃ 'হরতাল' (১৯৬২), 'ছাড়পত্র' (১৯৪৭), 'ঘুম নেই' (১৯৫০), 'পূর্বাভাস' (১৯৫০), 'অভিযান' (১৯৫৩), 'গীতিগুচ্ছ' (১৯৬৫)।

**Q. 'হাত টান' বাগধারাটির অর্থ-**

a) কৃপণ স্বভাব b) চুরির অভ্যাস
c) লম্বা হাত d) টাকার অভাব **ans. B**

***Solution:*** হাত দিয়ে শব্দের বিশিষ্ট প্রয়োগঃ

| শব্দ | বিশেষ অর্থ | শব্দ | বিশেষ অর্থ |
|---|---|---|---|
| হাত আসা | দক্ষতা | হাতে আসা | আয়ত্তে আনা |
| হাত গুটান | কার্যে বিরতি | হাত ছাড়া | হস্তচ্যুত |
| হাত থাকা | প্রভাব | হাতের পাঁচ | শেষ সম্বল |
| হাতে হাতে | অবিলম্বে | হাতে খড়ি | বিদ্যারম্ভ |
| হাতে কলমে | কার্যকর ভাবে | হাতটান | চুরির অভ্যাস |

**Q. 'Amendment' শব্দটির অর্থ-**

a) সংশোধনী b) পরিবর্তন
c) পরিবর্ধন d) কোনটিই নয় **ans. A**

***Solution:*** 'Amendment' শব্দটির অর্থ উন্নতিসাধন; ভুল সংশোধন।

**Q. পরিভাষার আক্ষরিক অর্থ-**

a) বিদেশি ভাষা b) বিশেষ ভাষা
c) দেশি ভাষা d) উপজাতীয় ভাষা **ans. B**

***Solution:*** 'ভাষা' শব্দের পূর্বে 'পরি' উপসর্গযোগে 'পরিভাষা' শব্দটি গঠিত হয়। এর আক্ষরিক অর্থ হলো 'বিশেষ ভাষা'। অর্থাৎ পারিভাষিক শব্দের অর্থ হলো কোনো ভাষার মধ্যে বিশেষ অর্থ ব্যবহারযোগ্য শব্দ।

**Q. 'সঠিক' শব্দের বিপরীতার্থক কোনটি?**

a) সরল b) বেঠিক
c) সহজ d) সত্য **ans. B**

***Solution:*** 'সঠিক' শব্দের বিপরীতার্থক বেঠিক।

| মূল শব্দ | সরল | সহজ | সত্য |
|---|---|---|---|
| বিপরীতার্থক শব্দ | কুটিল/জটিল/বক্র | কঠিন | মিথ্যা |

**Q. 'মধুর' শব্দের বিপরীতার্থক শব্দ-**

a) তিক্ত b) মিষ্টি
c) অম্লত্ব d) মন্দ **ans. A**

***Solution:*** 'মধুর' শব্দের বিপরীতার্থক শব্দ তিক্ত/কট।

| মূল শব্দ | মধুর | মিষ্টি | মন্দ |
|---|---|---|---|
| বিপরীতার্থক শব্দ | তিক্ত/কটু | টক/কষা | ভালো |

**Q. 'সনেট' শব্দটি কোন ভাষা থেকে আগত?**

a) জার্মানি b) ইংরেজি
c) ইতালিয়ান d) ফ্রেঞ্চ **ans. C**

***Solution:*** 'সনেট' হলো ইটালিয়ান শব্দ। এর বাংলা অর্থ - চতুর্দশপদী কবিতা। একটি মাত্র ভাব বা অনুভূতি যখন ১৪ অক্ষরের চতুর্দশ পঙ্‌ক্তিতে বিশেষ ছন্দরীতিতে প্রকাশ পায় তাকেই সনেট বলে। বাংলা সাহিত্যে সার্থক সনেট রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত।

**Q. মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক-**

a) সুবচন নির্বাসনে
b) রক্তাক্ত প্রান্তর
c) নুরুলদীনের সারা জীবন
d) পায়ের আওয়াজ পাওয়া যায় **ans. D**

***Solution:*** সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। এটি মুক্তিযুদ্ধ বিষয়ক তার সর্বাধিক সার্থক ও মঞ্চসফল কাব্যনাটক। 'নূরুলদীনের সারাজীবন' তার রচিত দ্বিতীয় কাব্যনাটক। এটি ঐতিহাসিক ঘটনা ও চরিত্রের আলোকে রচিত। 'সুবচন নির্বাসনে' আবদুল্লাহ আল মামুন রচিত বিখ্যাত নাটক। 'রক্তাক্ত প্রান্তর' মুনীর চৌধুরী রচিত পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনী নিয়ে রচিত তার প্রথম পূর্ণাঙ্গ নাটক।

**Q. কোনটি কোলন?**

a) ; b) ;
c) : d) = **ans. C**

***Solution:*** বাংলা ভাষায় ১২টি যতি চিহ্নের প্রচলন রয়েছে। এগুলো হলোঃ কমা (,) সেমিকোলন (;), দাঁড়ি বা পূর্ণচ্ছেদ (।), প্রশ্নবোধক চিহ্ন (?), বিস্ময় ও সম্বোধন চিহ্ন (!), কোলন (:), ড্যাস চিহ্ন (-), কোলন ড্যাস (:-), হাইফেন বা সংযোগ চিহ্ন (-), ইলেক বা লোপ চিহ্ন (’), উদ্ধরণ চিহ্ন (“”), ব্র্যাকেট বা বন্ধনী চিহ্ন () {} []।

**Q. 'সূর্য উঠলে আঁধার দূরীভুত হয়' উঠলে কোন ক্রিয়াপদ?**

a) সমাপিকা b) অসমাপিকা
c) প্রযোজক d) প্রযোজ্য **ans. B**

***Solution:*** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমনঃ প্রভাতে সূর্য উঠলে .....। আমরা হাত-মুখ ধুয়ে .....। আমরা বিকেলে খেলতে .....।
এখানে, 'উঠলে', 'ধুয়ে' এবং 'খেলতে' ক্রিয়াপদগুলো দ্বারা কথা শেষ হয়নি; কথা সম্পূর্ণ হতে আরও শব্দের প্রয়োজন। তাই এ শব্দগুলো অসমাপিকা ক্রিয়া। উপর্যুক্ত বাক্যগুলো পূর্ণ মনোভাব জ্ঞাপন করলে দাঁড়াবেঃ প্রভাতে সূর্য উঠলে অন্ধকার দূর হয়। আমরা হাত মুখ ধুয়ে পড়তে বসলাম। আমরা বিকেলে খেলতে যাই।

**Q. 'তুমি না বলেছিলে আগামীকাল আসবে'? এখানে 'না' এর ব্যবহার কি অর্থে?**

a) না - বাচক b) হ্যাঁ - বাচক
c) প্রশ্নবোধক - d) বিস্ময়সূচক **ans. B**

**Q. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থ নির্দেশ করে?**

a) না b) পুরো
c) কম d) যথেষ্ঠ **ans. C**

Recent Publications

**Solution:** যে সকল অব্যয় শব্দের নিজস্ব অর্থ নেই কিন্তু অন্য শব্দের আগে বসে সে শব্দের নতুন অর্থ সৃষ্টি করে তাই উপসর্গ। উপসর্গ মোট তিন প্রকার। যথাঃ খাঁটি বাংলা উপসর্গ, তৎসম বা সংস্কৃত উপসর্গ এবং বিদেশি উপসর্গ। বিদেশি উপসর্গের মধ্যে ফারসি উপসর্গ হলঃ নিম, যা কম বা অর্ধেক অর্থ প্রকাশ করে। এ উপসর্গগুলো হলোঃ কার, সে, দর, না, নিম, ফি, বর, বে, বদ, ব, কম, হর।

**Q. 'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) দুঃ + লভ  b) দুর + লাভ
c) দুর + লোভ  d) কোনটিই নয়  **ans. A**

**Solution:** পূর্বপদের শেষে যদি বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি বর্গের ৩য়, ৪র্থ বা ৫ম বর্ণের ধ্বনি (গ/ঘ, জ/ঝ, ড/ঢ, দ/ধ/ন) থাকে, কিংবা অন্তঃস্থ বর্ণ (য/ র/ ল) অথবা 'হ' থাকে তবে সন্ধির ফলে বিসর্গ (ঃ) রেফ ( ́ )এ রূপান্তরিত হয় এবং তা পরে ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমনঃ (ঃ + ল = র্ল) দুঃ + লভ = দুর্লভ, নিঃ + লজ্জ = নির্লজ্জ।

**Q. 'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) গো + অক  b) গায় + অক
c) গৈ + অক  d) গৌ + অক  **ans. C**

**Solution:** এ, ঐ, ও, ঔ কারের পরে এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ নৈ + অক = নায়ক; লো + অন = লবণ; গো + আদি = গবাদি; পো + অন = পবন।

**Q. আঞ্চলিক ভাষার অপর নাম কি?**

a) কথ্য ভাষা  b) উপ ভাষা
c) সাধু ভাষা  d) চলিত ভাষা  **ans. B**

**Solution:** মানুষের ভাষার মৌখিক বা কথ্য রূপের দুটি রীতিঃ আদর্শ চলিত রীতি এবং আঞ্চলিক কথ্য উপভাষা বা আঞ্চলিক কথ্য রীতি। নির্দিষ্ট কোন অঞ্চলের জনগণ যে ভিন্ন ভাষায় কথা বলে তাকে আঞ্চলিক কথ্য ভাষা/ উপভাষা বলে। উপভাষার কথ্যরীতির সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত এই ভাষাই আদর্শ চলিত ভাষা।

**Q. 'ভোজন করার ইচ্ছা' এক কথায় হবে-**

a) পেটুক  b) ভোজন বিলাসী
c) বুভুক্ষা  d) খাদক  **ans. C**

**Solution:**

| অনুসন্ধান করার ইচ্ছা | অনুসন্ধিৎসা | রমণ বা সঙ্গমের ইচ্ছা | বিরেংসা |
|---|---|---|---|
| পাওয়ার ইচ্ছা | ঈপ্সা | বমন করিবার ইচ্ছা | বিমিষা |
| লাভ করার ইচ্ছা | লিপ্সা | বাস করার ইচ্ছা | বিবৎসা |
| বেঁচে থাকার ইচ্ছা | জিজীবিষা | প্রবেশ করার ইচ্ছা | বিবক্ষা |
| নিন্দা করার ইচ্ছা | জুগুপ্সা | ভোজন করার ইচ্ছা | বুভুক্ষা |

**Q. 'যা বলা হয়নি' এক কথায় হবে-**

a) অবহিত  b) অনুক্ত
c) অবাচ্য  d) অনুল্লেখ  **ans. B**

**Solution:** যা প্রকাশ করা হয় নি = অব্যক্ত।
যা বলার যোগ্য নয় = অকথ্য।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের নামঃ কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী
তারিখঃ ২৪.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. 'নদী' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

a) কল্লোলিনী  b) মোদিনী
c) গহিনী  d) ধরনী  **ans. A**

**Solution:** 'নদী' শব্দের সমার্থক শব্দ হলোঃ কল্লোলিনী, শৈবালিনী, তরঙ্গিনী, সরিৎ, গিরি নিঃস্রাব, কূলবতী, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, নির্ঝরিনী, প্রবাহিনী।

**Q. 'কপোতাক্ষ নদ' কবিতাটি কে লিখেছেন?**

a) জীবনানন্দ দাস  b) জসীম উদ্দীন
c) মধুসূদন দত্ত  d) জসীম উদ্দীন  **ans. C**

**Solution:** 'কপোতাক্ষ নদ' কবিতাটি মধুসূদন দত্ত লিখেছেন। এই কবিতাটি মধুসূদনের একটি সনেট। এটি মধুসূদনের 'চতুর্দশপদী কবিতাবলী' কাব্যগ্রন্থের অন্তর্গত।

**Q. 'আমি হব সকাল বেলার পাখি' কবিতাটি কে লিছেছেন?**

a) কাজী নজরুল ইসলাম  b) শামসুর রহমান
c) রবীন্দ্রনাথ ঠাকুর  d) জসীম উদ্দীন  **ans. A**

**Q. কোনটি জহির রায়হানের রচনা?**

a) বরফ গলা নদী  b) সারেং বৌ
c) খোয়াবনামা  d) কোনটিই নয়  **ans. A**

**Solution:** জহির রায়হান রচিত উপন্যাসগুলো হলোঃ 'শেষ বিকেলের মেয়ে', 'বরফ গলা নদী', 'হাজার বছর ধরে', 'আর কত দিন'। উল্লেখ্য, আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাস 'খোয়াবনামা' ১৯৯৬ সালে প্রকাশিত হয়। সাংবাদিক ও সাহিত্যিক শহীদুল্লাহ কায়সারের উপন্যাস হলো 'সারেং বৌ'।

**Q. কোনটি শুদ্ধ বানান?**

a) শ্রদ্ধাঞ্জলি  b) শ্রদ্ধাঞ্জলী
c) শ্রদ্ধঞ্জলি  d) কোনটিই নয়  **ans. A**

**Q. কোন বানানটি সঠিক?**

a) নীরিক্ষণ  b) নিরীক্ষণ
c) নীরিক্ষণ  d) নিরীক্ষন  **ans. B**

**Q. তৎসম শব্দের ব্যবহার কোন ভাষায় বেশি হয়?**

a) চলিত ভাষায়  b) সাধু ভাষায়
c) মিশ্র ভাষায়  d) আঞ্চলিক ভাষায়  **ans. B**

**Solution:** সাধু ভাষার ৮৫% শব্দই তৎসম শব্দ। উল্লেখ্য, যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলা হয়। তৎসম একটি পারিভাষিক শব্দ।

**Q. 'অন্বেষণ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?**

a) অনু + এষণ  b) অন্ব + এষণ
c) অন্বে + ষণ  d) অন + ষণ  **ans. A**

**Solution:** 'উ' কার কিংবা 'ঊ' কারের পর 'উ' কার ও 'ঊ' কার ভিন্ন অন্য স্বর থাকলে 'উ' বা 'ঊ' স্থানে 'ব' ফলা হয় এবং লেখার সময় 'ব' ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমনঃ উ + অ = ব + অ; সু + অল্প = স্বল্প।
উ + এ = বা + এ;  অনু + এষণ = অন্বেষণ।
এরূপ পশ্বধম, পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

Recent Publications

**Q.** 'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি বাড়েনি' কোন ধরনের বাক্য?

a) সরল বাক্য b) জটিল বাক্য
c) যৌগিক বাক্য d) মিশ্র বাক্য **ans. C**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।

জ্ঞাতব্যঃ যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো 'এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি' ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমনঃ নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু, কোনো পথ দেখাতে পারলেন না।

**Q.** 'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কী?

a) চুরি করা b) সেবা করা
c) অপরাধ করা d) নষ্ট করা **ans. A**

**Solution:** 'চক্ষুদান করা' বাগধারার অর্থ 'চুরি বা চুরি করা'। যেমনঃ লোকিট আমার পকেট থেকে মানিব্যাগটি চক্ষুদান করে নিয়ে গেল।

**Q.** নিমন্ত্রণ না করা সত্ত্বেও যিনি উপস্থিত-

a) মেজবান b) অনিমন্ত্রিত
c) অনাহূত d) কোনটিই নয় **ans. C**

**Q.** 'সকল প্রার্থীগণ সভায় উপস্থিত ছিলেন' বাক্যটি কোন দোষে দুষ্ট?

a) বাহুল্য দোষ b) উপমার ভুল প্রয়োগ
c) গুরুচন্ডালি দোষ d) কোনটিই নয় **ans. A**

**Solution:** প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতা গুণ হারিয়ে থাকে। যেমন: সকল শিক্ষকগণ আজ উপস্থিত। এ বাক্যে 'শিক্ষকগণ' বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সকল' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য- দোষ সৃষ্টি করেছে।

**Q.** 'গরমিল' এর সঠিক ব্যাস বাক্য কোনটি?

a) মিল ও অমিল b) অমিলের সদৃশ
c) মিলের অভাব d) গর ও মিল **ans. C**

**Solution:** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমনঃ

| অব্যয়ীভাব সমাস | যে উপসর্গ ব্যবহৃত | | যে অর্থে ব্যবহৃত |
|---|---|---|---|
| | উপসর্গ | যে ভাষার | |
| বিশ্রী = শ্রীর অভাব | বি | সংস্কৃত | অভাব |
| গরমিল = মিলের অভাব | গর | আরবি | |
| হাভাত = ভাতের অভাব | হা | বাংলা | |
| নিরামিষ = আমিষের অভাব | নির | সংস্কৃত | |
| আলুনি = নুনের অভাব | আ | বাংলা | |

**Q.** সাবান কোন দেশ শব্দ?

a) তুর্কি b) পাঞ্জাবি
c) ফরাসি d) পর্তুগিজ **ans. D**

**Solution:** কিছু পর্তুগিজ ভাষাঃ সাবান, আনারস, আলপিন, আলমারি, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, আলকাতরা, কেরানী, পেয়ারা ইত্যাদি।

## ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পদের নামঃ মাঠ সংগঠক/ সহকারী হিসাব রক্ষক
তারিখঃ ২৫.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

**Q.** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত ব্যাঙ্গাত্মক রচনা কোনটি?

a) ভ্রান্তিবিলাস b) কথামালা
c) বোধোদয় d) ব্রজবিলাস **ans. D**

**Solution:** তাঁর আরো কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলোঃ ব্রজবিলাস, ভ্রান্তিবিলাস, সীতার বনবাস, বর্ণপরিচয়, বোধোদয়, বেতালপঞ্চবিংশতি, বোধোদয় ইত্যাদি।

**Q.** সূর্য এর প্রতিশব্দ কোনটি?

a) সুধাংশু b) আদিত্য
c) শশাঙ্ক d) বিধু **ans. B**

**Solution:** সূর্য এর অন্য প্রতিশব্দগুলো হলঃ তপন, সবিতা, দিনেশ, বালার্ক, হরিদশ্ব, বিভাবসু ইত্যাদি।

**Q.** চন্দ্রাবতী কে ছিলেন?

a) প্রথম বাঙ্গালি নারী ঔপনাসিক
b) প্রথম বাঙ্গালি নারী প্রকাশক
c) বাংলা সাহিত্যের প্রথম বাঙ্গালি নারী কবি
d) প্রথম বাঙ্গালি নাট্যকার **ans. C**

**Solution:** মধ্যযুগের তিনজন (বাকি দুইজন হলেন চণ্ডীদাসের অনুরাগী রামী ও চৈতন্যের কৃপাপাত্রী মাধবী) প্রধান মহিলা কবির একজন হলেন চন্দ্রাবতী। তিনি ষোড়শ শতাব্দীতে ময়মনসিংহের কিশোরগঞ্জের পাতোয়ারি গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর রচিত কাব্যগুলো হলোঃ মলুয়া, দস্যু কেনারামের পালা, রামায়ণ ইত্যাদি।

**Q.** বাংলায় মৌলিক ধ্বনি কয়টি?

a) ৭টি b) ৩৭টি
c) ৩০টি d) ৩৯টি **ans. B**

**Solution:** বাংলায় মৌলিক ধ্বনি ৩৭টি। এর মধ্যে স্বরধ্বনিতে রয়েছে ৭টি (ই, এ, অ্যা, আ, অ, ও, উ) এবং ব্যঞ্জনধ্বনিতে রয়েছে ৩০টি (প, ফ, ব, ভ, ত, থ, দ, ধ, ট, ঠ, ড, ঢ, চ, ছ, জ, ঝ, ক, খ, গ, ঘ, ম, ন, ঙ, স, শ, হ, ল, র, ড়, ঢ়)।

**Q.** কাজী নজরুল ইসলামের 'কান্ডারী হুশিয়ার' কবিতাটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?

a) অগ্নিবীণা b) ফণিমনসা
c) সর্বহারা d) ছায়ানট **ans. C**

**Solution:** নজরুলের কান্ডারী হুশিয়ার কবিতাটি বিদ্রোহী প্রধান 'সর্বহারা' কাব্যের অন্তর্ভুক্ত। কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২)। এ কাব্যের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'। 'বিদ্রোহী' এ কাব্যের দ্বিতীয় ও প্রধান কবিতা, যা ১৯২২ সালে সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি ব্রিটিশবিরোধী বাঙালি বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করেন। উল্লেখ্য, 'বিষের বাঁশি' (১৯২৪) নজরুলের প্রথম নিষিদ্ধকৃত গ্রন্থ। 'প্রলয় শিখা' (১৯৩০) গ্রন্থটির জন্য নজরুল ৬ মাস কারা ভোগ করেন।

Recent Publications

**Q. ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর কততম ভাষা?**

a) ৮ম b) ৭ম
c) ৪র্থ d) ৫ম **ans. B**

***Solution:*** Ethnologue statistics ২১ ফেব্রুয়ারি, ২০২৩ অনুসারে ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর সপ্তম ভাষা। উল্লেখ্য, নবম দশম শ্রেণির ২০২১ সংস্করণ ব্যকরণ অনুযায়ী বাংলা ষষ্ঠ ভাষা।

**Q. 'আমদানি' কোন ভাষার শব্দ?**

a) বাংলা b) আরবি
c) ফারসি d) হিন্দি **ans. C**

***Solution:*** বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলোকে তিনভাগে ভাগ করতে পারিঃ

ক. ধর্মসংক্রান্তঃ নামাজ, রোজা, বেহেশ্‌ত, দোজখ, ফেরেশতা, খোদা, গোনাহ, পয়গম্বর ইত্যাদি।

খ. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দঃ দস্তখত, দৌলত, নালিশ, কারখানা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর ইত্যাদি।

গ. বিবিধ শব্দঃ আমদানি, রপ্তানি, জিন্দা, আদমি, বদমাশ, জানোয়ার, হাঙ্গামা, নমুনা ইত্যাদি।

**Q. রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থ কত সালে নোবেল পুরষ্কার লাভ করে?**

a) ১৯০৫ b) ১৯১৩
c) ১৯২১ d) ১৯৩৩ **ans. B**

***Solution:*** রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয় ১৯১০ সনে। এটি রবীন্দ্রনাথের লেখা বিখ্যাত কাব্যগ্রন্থ। উল্লেখ্য, ১৯১২ সালে রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' কাব্যের ইংরেজি অনুবাদ 'Song offerings' নামে প্রকাশিত হয়। 'Song offerings' কাব্যগ্রন্থটির জন্য রবীন্দ্রনাথ ১৯১৩ সালের ১০ নভেম্বর, বুধবার সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। Song offerings' এর ভূমিকা লেখেন W.B. Yeates.

**Q. বিজ্ঞান শব্দে 'জ্ঞ' কোন বর্ণদ্বয়ের সমন্বয়ে গঠিত?**

a) জ্ + ঞ b) ঞ্ + জ
c) ঞ + গ d) ঙ + গ **ans. A**

***Solution:*** 'জ্ঞ' = জ্ + ঞ। যেমনঃ (উচ্চারণ 'গ্‌গ্যঁ'-এর মতো) জ্ঞান, সংজ্ঞা, বিজ্ঞান ইত্যাদি।

**Q. মুনীর চৌধুরীর 'মুখরা রমনী বশীকরণ' কোন ধরনের রচনা?**

a) উপন্যাস b) অনুবাদ নাটক
c) ছোটগল্প d) প্রবন্ধ **ans. B**

***Solution:*** মুনীর চৌধুরী 'William Shakespeare' এর 'The Taming of the Shrew' অনুবাদ করেন 'মুখরা রমনী বশীকরণ' নামে। এটি একটি কমেডি নাটক। তাঁর রচিত অনুবাদ নাটকগুলো হলোঃ কেউ কিছু বলতে পারে না (১৯৬৭), রূপার কৌটা (১৯৬৯)।

**Q. 'গৌরচন্দ্রিকা' বাগধারার অর্থ কী?**

a) গলাধাক্কা b) অস্তিত্বহীন
c) ভূমিকা d) পূর্ণিমা **ans. C**

**Q. 'নীল আকাশের নীচে আমি রাস্তা চলেছি একা" রাস্তা শব্দটির কারক ও বিভক্তি কোনটি?**

a) কর্মে শূন্য b) অপাদানে শূন্য
c) সম্প্রদানে শূন্য d) করনে শূন্য **ans. D**

***Solution:*** বাক্যে 'রাস্তা' ক্রিয়া সম্পাদনের উপকরণ বা সহায়ক হিসেবে কাজ করছে বলে করণ কারক হবে।

**Q. 'নবীন মাধব' কোন উপন্যাসের চরিত্র?**

a) ডাকঘর b) জমিদার দর্পন
c) সাজাহান d) নীল দর্পন **ans. D**

***Solution:*** নীলদর্পণ উপন্যাসের চরিত্র 'নবীন মাধব'।

| গ্রন্থের নাম | লেখক | চরিত্র |
|---|---|---|
| ডাকঘর | রবীন্দ্রনাথ ঠাকুর | অমল |
| জমিদার দর্পণ | মীর মশাররফ হোসেন | জমিদার হাওয়ান আলী |
| সাজাহান | দ্বিজেন্দ্রলাল রায় | মোঘল সম্রাট সাজাহানের জীবন অবলম্বণে রচিত নাটক |

**Q. কোন বানানটি সঠিক?**

a) মন্ত্রীপরিষদ b) মন্ত্রিপরিষদ
c) মন্ত্রীপরিসদ d) মন্ত্রিপরিসদ **ans.B**

**Q. 'ধুমকেতু' কার ছদ্ম নাম?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) কাজী নজরুল ইসলাম
c) জসীম উদ্দীন d) গোলাম মোস্তফা **ans. B**

***Solution:*** কাজী নজরুল ইসলামের ছদ্মনাম ধুমকেতু।

| প্রকৃত নাম | ছদ্ম নাম |
|---|---|
| কালী প্রসন্ন সিংহ | হুতোম প্যাঁচা |
| মালাধর বসু | গুণরাজ খান |
| বাহরাম খান | দৌলত উজির |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত/ ঈশ্বরগুপ্ত | যুগ সন্ধিক্ষণের কবি |
| আব্দুল করিম | সাহিত্য বিশারদ |
| বিহারীলাল চক্রবর্তী | ভোরের পাখি |
| বলাইচাঁদ মুখোপাধ্যায় | বনফুল |
| বিমল ঘোষ | মৌমাছি |
| ড. মনিরুজ্জামান | হায়াৎ মাহমুদ |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ভানুসিংহ ঠাকুর |
| প্রমথ চৌধুরী | বীরবল |
| মীর মশাররফ হোসেন | গাজী মিয়া |
| জসীম উদ্‌দীন | তুজম্বর আলী |
| সমরেশ বসু | কালকুট |
| কাজেম আল কোরেশী | কায়কোবাদ |
| প্যারীচাঁদ মিত্র | টেকচাঁদ ঠাকুর |
| নীহাররঞ্জন | বান ভট্ট |
| শেখ আজিজুর রহমান | শওকত ওসমান |
| চারুচন্দ্র চক্রবর্তী | জরাসন্ধ |
| সুনীল গঙ্গোপাধ্যায় | নীললোহিত |
| অচিন্ত্য কুমার সেনগুপ্ত | নীহারিকা দেবী |
| রাজশেখর বসু | পরশুরাম |

**Q. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?**

a) কাব্যগ্রন্থ b) উপন্যাস
c) নাটক d) ছোটগল্প **ans. B**

***Solution:*** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে

নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ। উল্লেখযোগ্য, চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ।

**Q. 'মহাত্মা' কোন সমাস?**

a) অব্যয়ীভাব b) তৎপুরুষ
c) বহুব্রীহি d) দ্বিগু **ans. C**

**Solution:** যে সমাসের সমস্তপদে পূর্বপদ ও পর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান না হয়ে অন্য একটি পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: নীল অম্বর যার = নীলাম্বর। মহাত্মা = মহান আত্মা যার। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ বহুব্রীহি সমাস: নীলবসনা, নদীমাতৃক, সহোদর, কমলাক্ষ, পদ্মনাভ ইত্যাদি।

**Q. 'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) মহ + ইষ b) মহা + ঋষি
c) মহর + ঋষি d) মহৎ + ঋষি **ans. B**

**Solution:** অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয়ে মিলে 'অর' হয় এবং তা রেফ ( ´ ) রূপে পরবর্তী বর্ণের সথে লেখা হয়। যেমনঃ

অ + ঋ = অর্ দেব + ঋষি = দেবর্ষি।
আ + ঋ = অর্ মহা + ঋষি = মহর্ষি।

এরূপঃ অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি।

**Q. স্বরবর্ণ কয়টি?**

a) ১০ b) ১১
c) ১২ d) ১৩ **ans. B**

**Solution:** বাংলায় স্বরবর্ণ ১১টি। এগুলো হলোঃ অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

**Q. নিচের কোন বানানটি সঠিক?**

a) ষ্টেশন b) স্টেশন
c) ষ্টেসন d) স্টেসন **ans. B**

**Q. 'সতীন্দ্র' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) সতি + ঈন্দ্র b) সতী + ঈন্দ্র
c) সতী + ইন্দ্র d) সতি + ইন্দ্র **ans. C**

**Solution:** 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর 'ই'-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ 'ঈ'-কার হয়। দীর্ঘ 'ঈ'-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ ই + ই = ঈ অতি + ইত = অতীত। ই + ঈ = ঈ। পরি + ঈক্ষা = পরীক্ষা।

এরূপঃ গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিল্লীশ্বর, সতীন্দ্র ইত্যাদি।

**Q. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়?**

a) চোরা b) চালক
c) পূজক d) সত্যবাদী **ans. A**

**Solution:** আ-প্রত্যয় (অবজ্ঞার্থে)ঃ চোর + আ = চোরা; কেষ্ট + আ = কেষ্ট।

**Q. নিচের কোনটি ক্রিয়া বিশেষণের উদাহরণ?**

a) ধীরে ধীরে বায়ু বয়।
b) বাস্তবিকই আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।
c) ধিক তারে।
d) সে অতিশয় দুঃখিত। **ans. A**

**Solution:** যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমনঃ ধীরে ধীরে বায়ু বয়। ধীরে ধীরে আসে। আস্তে বল।

**Q. কোনটি আত্মবাচক সর্বনাম?**

a) খোদ b) এই
c) কে d) নিজে নিজে **ans.A**

**Solution:** আত্মবাচকঃ স্বয়ং, নিজে, খোদ, আপনি। ব্যক্তিবাচক বা পুরুষবাচকঃ আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তাহারা, তিনি, তাঁরা, এ, এরা, ও, ওরা ইত্যাদি। ব্যতিহারিকঃ আপনা আপনি, নিজে নিজে, আপসে, পরস্পর ইত্যাদি। সাকুল্যবাচকঃ সব, সকল, সমুদয়, তাবৎ।

**Q. 'যে গাছে ফল ধরে, কিন্তু ফুল ধরে না' বাক্যটিকে এক কথায় কি বলে?**

a) ফলন্ত b) বনস্পতি
c) ডুমুর d) পরগাছা **ans.B**

**Solution:** পরগাছা = অন্য গাছের উপর যে গাছ জন্মে।

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

পদের নামঃ ট্রাফিক/ কার্গো হেলপার
তারিখঃ ২৫.০৩.২০২৩; সময়ঃ ৪০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. মনের ভাষা প্রকাশের প্রধান মাধ্যম কোনটি?**

a) চিত্র b) ভাষা
c) ইঙ্গিত d) আচরণ **ans. B**

**Solution:** নির্দিষ্ট জনসমাজের মানুষ মনের ভাব প্রকাশের জন্য মুখ দিয়ে অন্যের বোধগম্য অর্থপূর্ণ যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি উচ্চারণ করে তাকে ভাষা বলে। মানুষ ভাষার মাধ্যমে মনোভাব প্রকাশ করে। ভাষার মাধ্যমে পারস্পরিক সম্পর্ক স্থাপিত হয়।

**Q. বাংলা বর্ণমালাকে কয় ভাগে ভাগ করা যায়?**

a) ৩ b) ৪
c) ২ d) ৫ **ans. C**

**Solution:** বাংলা বর্ণমালাকে ২ ভাগে ভাগ করা যায়। এগুলো হলোঃ স্বরবর্ণ এবং ব্যঞ্জনবর্ণ।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) সম্পুর্ণ b) সম্পূর্ন
c) সম্পুর্ন d) সম্পূর্ণ **ans. D**

**Q. সন্ধি শব্দের অর্থ কী?**

a) মিলন b) বিচ্ছেদ
c) বন্ধুত্ব d) সংযোগ **ans. A**

**Solution:** ইংরেজি Euphonic শব্দটির বাংলা প্রতিশব্দ হল সন্ধি। সন্ধি শব্দের অর্থ মিলন বা সংযোগ একান্ত সন্নিহিত বা অব্যবহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি।

Recent Publications

**Q.** অত্যাধিক এর সন্ধি বিচ্ছেদ কী?

a) অতি + ধিক　　b) অত্যা + অধিক

c) অতি + অধিক　　d) অ + তাধিক　　***ans.* C**

***Solution:*** ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা 'য(্য)' ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমনঃ ঈ + অ = য্ + অ (নীদ + অম্বু = নদ্যম্বু)। ই + এ = য্ + এ (প্রতি + এক = প্রত্যেক)। ঈ + আ = য্ + আ (মসী + আধার = মস্যাধার)। ই + ঊ = য্ + ঊ (প্রতি + ঊষ = প্রত্যূষ)। ই + উ = য্ + উ (অতি + উক্তি = অত্যুক্তি)। ই + আ = য্ + আ (ইতি + আদি = ইত্যাদি)। এরূপঃ প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, যদ্যপি ইত্যাদি।

**Q.** বাংলা উপসর্গ কত প্রকার?

a) ২　　b) ৩

c) ৪　　d) ৫　　***ans.* B**

***Solution:*** বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা: বাংলা, তৎসম বা সংস্কৃত ও বিদেশি উপসর্গ। বাংলা উপসর্গ ২১টি এবং তৎসম উপসর্গ ২০টি।

**Q.** চৌরাস্তা কোন সমাস?

a) দ্বন্দ　　b) অব্যয়ীভাব

c) বহুব্রীহি　　d) দ্বিগু　　***ans.* D**

***Solution:*** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ, ত্রিমোহিনী, তেরনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

**Q.** 'অপচয়' এর বিপরীত শব্দ কোনটি?

a) সাশ্রয়　　b) সঞ্চয়

c) কৃচ্ছ্রতা　　d) কৃপণতা　　***ans.* B**

**Q.** **Null and void** এর বাংলা পরিভাষা কোনটি?

a) মামুলি　　b) পালাবদল

c) বাতিল　　d) নিরপেক্ষ　　***ans.* C**

***Solution:*** Null and void অর্থ বাতিল। উল্লেখ্য, By turns অর্থ পালাবদল। Trifling অর্থ মামুলি। Neutral অর্থ নিরপেক্ষ।

**Q.** যা চিরস্থায়ী নয়–

a) অস্থায়ী　　b) চিরন্তন

c) বাতিল　　d) নশ্বর　　***ans.* D**

***Solution:*** যা স্থায়ী নয় = অস্থায়ী। যা চিরস্থায়ী নয় = নশ্বর।

## বাংলাদেশ নির্বাচন কমিশন

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ৩১.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q.** বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস কোনটি?

a) মৃত্যুক্ষুধা　　b) বাঁধনহারা

c) কুহেলিকা　　d) যোগাযোগ　　***ans.* B**

***Solution:*** 'বাঁধন-হারা' বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস। কাজী নজরুল ইসলাম রচিত প্রথম উপন্যাস হলো 'বাঁধন-হারা'। এটি গ্রন্থাকারে প্রকাশিত হলেও ১৩২৭ বঙ্গাব্দে (১৯২১) 'মোস্‌লেম ভারতে' ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। পত্রিকায় প্রকাশিত এই উপন্যাসের বেশ কিছু অংশ গ্রন্থাকারে অন্তর্ভুক্ত না হয়ে পরিত্যক্ত অবস্থায় ছিল। বর্তমান গ্রন্থের রচয়িতা তা খুঁজে পেয়ে ১৯ মে ২০০৬ সালে দৈনিক 'প্রথম আলো' পত্রিকায় তা পুনঃপ্রকাশ করেন।

**Q.** 'সুলতানার স্বপ্ন' গ্রন্থটির রচয়িতা কে?

a) সেলিনা হোসাইন　　b) জাহানারা ইমাম

c) বেগম রোকেয়া　　d) নূরজাহান বেগম　　***ans.* C**

***Solution:*** 'সুলতানার স্বপ্ন' ভারতবর্ষের নারীবাদী লেখিকা রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত একটি উপন্যাস। গ্রন্থটি ১৯০৫ সালে মাদ্রাজের 'দ্যা ইন্ডিয়ান লেডিজ' ম্যাগাজিনে সুলতানা'স ড্রিম শিরোনামে প্রথম প্রকাশিত হয়। ১৯০৮ সালে উপন্যাসটি পুস্তিকা আকারে প্রকাশিত হয়। উপন্যাসটি বাংলায় প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালে 'মতিচুর' ২য় খণ্ডে সুলতানার স্বপ্ন নামে।

**Q.** সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য দেখা যায়–

a) বিশেষ্য ও বিশেষণে　　b) বিশেষ্য ও ক্রিয়ায়

c) বিশেষণে ও ক্রিয়ায়　　d) ক্রিয়া ও সর্বনামে　　***ans.* D**

***Solution:*** সাধু ও চলিত রীতির পার্থক্য সূচিত হয় ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপভেদে। যেমনঃ সাধু ও চলিত রূপ যথাক্রমে করিয়া-করে, তাহার-তারা।

**Q.** বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?

a) ৩টি　　b) ৭টি

c) ৫টি　　d) ৯টি　　***ans.* B**

***Solution:*** মৌলিক স্বরধ্বনিগুলো হলোঃ অ, আ, ই, উ, এ, অ্যা, ও।

**Q.** শুদ্ধ বানান কোনটি?

a) সুমিচীন　　b) সমীচীন

c) সমিচীন　　d) সমীচিন　　***ans.* B**

**Q.** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?

a) ১৯০৬　　b) ১৯১৩

c) ১৯১৭　　d) ১৯৩৮　　***ans.* B**

***Solution:*** 'গীতাঞ্জলী' রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭টি গানের সংকলন। এটি মূলত কবিতার বই। এই গ্রন্থের অনুবাদ গ্রন্থের নাম হলো 'Song offerings'. এই গ্রন্থটির জন্য রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান।

**Q.** 'সংবাদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ?

a) সম্ + বাদ　　b) সর + বাদ

c) সৎ + বাদ　　d) সং + বাদ　　***ans.* A**

Recent Publications

**Solution:** ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব, কিংবা শ, ষ, স, হ থাকলে 'ম্' স্থলে অনুস্বার (ং) হয়। যেমনঃ
সম্ + যম = সংযম; সম্ + বাদ = সংবাদ
সম্ + রক্ষণ = সংরক্ষণ; সম্ + শয় = সংশয় ইত্যাদি।

**Q. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?**
a) কুলটা b) রাষ্ট্রপতি
c) চাতক d) শূদ্র **ans. B**

**Solution:** আরো কিছু নিত্য পুরুষবাচক শব্দ হলোঃ কবিরাজ, যোদ্ধা, সেনাপতি, দলপতি, ঢাকী, কৃতদার, বিচারপতি ইত্যাদি।

**Q. 'বীণার ঝঙ্কার' এর এক কথায় প্রকাশ কোনটি?**
a) শিঞ্জন b) নিক্বণ
c) অজিন d) কৃত্তি **ans. B**

**Solution:** 'বীণার ঝঙ্কার' এর এক কথায় হলো 'নিক্বণ'। আর অলংকারের ধ্বনি এক কথায় হলো শিঞ্জন। বাঘের চামড়া এক কথায় হলো কৃত্তি। হরিণের চর্ম/ চামড়া এক কথায় হলো অজিন।

**Q. নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ**
a) দম্পতি b) হেলে ফেরানো
c) মনগড়া d) অনাদি **ans. A**

**Solution:** যে দ্বন্দ্ব সমাসে সম্বন্ধ বুঝায় তাকে সম্বন্ধবাচক দ্বন্দ্ব সমাস শব্দ বলে। যেমনঃ জায়া ও পতি = দম্পতি; মাতা ও পিতা = মাতা-পিতা; ভাই ও বোন = ভাই-বোন। উল্লেখ্য, মন দ্বারা গড়া = মনগড়া (তৃতীয়া তৎপুরুষ); নেই আদি যার = অনাদি (বহুব্রীহি সমাস)।

**Q. গঠন অনুসারে বাংলা বাক্য কত প্রকার?**
a) ২ প্রকার b) ৩ প্রকার
c) ৪ প্রকার d) ৫ প্রকার **ans. B**

**Solution:** গঠন অনুযায়ী বাক্য ৩ প্রকার। যথাঃ সরল বাক্য, মিশ্র বা জটিল বাক্য এবং যৌগিক বাক্য।

**Q. কাজী নজরুল ইসলাম তাঁর কোন সাহিত্য কর্মটি রবীন্দ্রনাথ ঠাকুরকে উপহার দিয়েছিলেন?**
a) অগ্নিবীণা b) শিউলীমালা
c) বাঁধনহারা d) সঞ্চিতা **ans. D**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য সংকলন হলো 'সঞ্চয়িতা', কাজী নজরুলের কবিতা ও গানের সংকলন হলো 'সঞ্চিতা'। উল্লেখ্য, 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি ১৯২৮ সালে প্রকাশিত হয়। গ্রন্থটি উৎসর্গ করে রবীন্দ্রনাথ ঠাকুরকে। এই কাব্যগ্রন্থে ৭৮টি কবিতা ও গান সংকলিত।

**Q. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?**
a) এক b) একত্রিত
c) একত্র d) একাকিত্ব **ans. B**

**Solution:** অপশনে প্রদত্ত 'একত্রিত' এর শুদ্ধ প্রয়োগ 'একত্র'। শব্দটি প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ।

**Q. 'লাঠালাঠি' কোন সমাসের উদাহরণ?**
a) প্রাদি b) তৎপুরুষ
c) ব্যতিহার বহুব্রীহি d) কর্মধারয় **ans. C**

**Solution:** পরস্পর এক জাতীয় ক্রিয়া করা বুঝালে ব্যতিহার বহুব্রীহি সমাস হয়। এতে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যেমনঃ

| | | | |
|---|---|---|---|
| ঘুষাঘুষি = ঘুষিতে ঘুষিতে যে লড়াই | লাঠালাঠি = লাঠিতে লাঠিতে যে যুদ্ধ | হাসাহাসি = হাসিতে হাসিতে যে ক্রিয়া | কানাকানি = কানে কানে যে কথা |

**Q. খাঁটি বাংলা শব্দ কোনটি?**
a) হালুয়া b) চাঁদ
c) ভাত d) ঢোল **ans. B&C**

**Solution:** তদ্ভব শব্দের অপর নাম খাটি বাংলা শব্দ কিন্তু খাঁটি বাংলা শব্দ আর দেশি শব্দ এক নয়। চাঁদ ও ভাত তদ্ভব বা খাঁটি বাংলা শব্দ। আরো কিছু তদ্ভব শব্দ হল: সোহাগ, মাথা, দাঁত, হাত, চামার, মাটি, দই, ভুল, কামার, আঁচল ইত্যাদি। উল্লেখ্য, ঢোল দেশি শব্দ এবং হালুয়া আরবি শব্দ।

**Q. 'বাংলা সাহিত্যের কথা' গ্রন্থটির রচয়িতা কে?**
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
c) সুকুমার সেন d) আহমদ শরীফ **ans. B**

**Solution:** ড. মুহম্মদ শহীদুল্লাহ এর বইসমূহ: বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত; বাঙ্গালা ব্যাকরণ; মধ্য বাংলা ব্যাকরণ; Buddhist Mystic songs; বাংলা সাহিত্যের কথা।

**Q. 'অসমাপ্ত আত্মজীবনী' বইটির লেখক কে?**
a) শেখ মুজিবুর রহমান b) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
c) এ কে ফজলুল হক d) ইন্দিরা গান্ধী **ans. A**

**Solution:** 'অসমাপ্ত আত্মজীবনী' জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রথম আত্মজীবনীমূলক গ্রন্থ যা ২০১২ সালের জুন মাসে প্রকাশিত হয়। তাঁর দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ 'কারাগারের রোজনামচা' প্রকাশিত হয় ২০১৭ সালের মার্চ মাসে।

**Q. 'রক্তাক্ত প্রান্তর' নাটকের রচয়িতা কে?**
a) মুনীর চৌধুরী b) শহীদুল্লাহ কায়সার
c) মমতাজ হোসেন d) রক্তাক্ত প্রান্তর **ans. A**

**Solution:** 'রক্তাক্ত প্রান্তর' মুনীর চৌধুরীর প্রথম পূর্ণাঙ্গ মৌলিক নাটক। পানিপথের তৃতীয় যুদ্ধের (১৭৬১) ঘটনা অবলম্বনে তিন অঙ্ক বিশিষ্ট এই নাটকটি রচিত। উল্লেখ্য, মাইকেল মধুসূদন দত্তের পৌরানিক নাটক হলো 'শর্মিষ্ঠা'; বঙ্কিমচন্দ্রের রাজনৈতিক উপন্যাস হলো 'রাজসিংহ' আর নবীনচন্দ্র সেনের মহাকাব্য হলো 'পলাশীর যুদ্ধ'।

**Q. 'আগুন' এর প্রতিশব্দ কোনটি?**
a) অনল b) বহ্নি
c) পাঠক d) কর **ans. A & B**

**Solution:** 'অগ্নি' এর সমার্থক শব্দঃ অনল, পাবক, হুতাশন, আগুন, বৈশ্বানর, বহ্নি, দহন, সর্বভুক, কৃশানু, শিখা, হোমাগ্নি, সর্বশুচি, বিভাবসু। উল্লেখ্য, কর অর্থ স্তু বা হাত।

**Q. বিশেষণ শব্দ যোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?**
a) লাল লাল ফুল b) ভাইয়ে ভাইয়ে যুদ্ধ
c) গ্রামে গ্রাম যাব d) জ্বর জ্বর লাগছে **ans. A**

**Solution:** অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগেও বহুবচন সাধিত হয়। যেমনঃ পাকা পাকা আম, হাঁড়ি হাঁড়ি সন্দেশ, লাল লাল ফুল ইত্যাদি।

Recent Publications

## বাংলাদেশ নির্বাচন কমিশন

পদের নামঃ অফিস সহকারী - কাম - কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখঃ ০৭.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. 'Null and void' এর বাংলা পরিভাষা কোনটি?**

a) বাতিল b) পালাবদল
c) মামুলি d) নিরপেক্ষ **ans. A**

**Q. শুদ্ধ বাক্য কোনটি?**

a) দৈনতা প্রশংসনীয় নয় b) দীনতা প্রশংসনীয় নয়
c) দৈনতা অপ্রশংসনীয় d) দীনতা নিন্দনীয় **ans. B**

**Solution:** শুদ্ধ বাক্য হলো 'দৈন্য/ দীনতা প্রশংসনীয় নয়'।

**Q. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?**

a) জেঠী b) পাদানী
c) রজকী d) কুলটা **ans. D**

**Solution:** নিত্য স্ত্রীবাচক কয়েকটি শব্দঃ কুলটা, সতীন, ডাইনি, বাইজী, শাঁকচুন্নি, শাঁখিনী, এয়ো, দাই, অর্ধাঙ্গিনী, কলঙ্কিনী, সপত্নী, অন্তঃসত্ত্বা, অসূর্যম্পশা, অরক্ষণীয়া, রূপসী, সজনী, ধনি, সৎমা, বিধবা, সধবা ইত্যাদি।

**Q. 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

a) পিক b) ধেনু
c) বিভব d) জম্বু **ans. A**

**Solution:** 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ 'পিক', 'কোকিল'।

**Q. খাঁটি বাংলা উপসর্গ কয়টি?**

a) ২০টি b) ২১টি
c) ২২টি d) ২৩টি **ans. B**

**Solution:** বাংলা উপসর্গ মোট ২১টিঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

**Q. শব্দের আভিধানিক অর্থকে কী বলে?**

a) লক্ষ্যার্থ b) বাচ্যার্থ
c) সরলার্থ d) গৌনার্থ **ans. B**

**Q. 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ কী?**

a) অপদার্থ b) মূর্খ
c) ধূর্ত d) নিষ্ক্রিয় দর্শক **ans. A**

**Q. কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?**

a) চিরসুখী b) দশানন
c) গায়ে হলুদ d) কানাকানি **ans. D**

**Solution:** ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যথাঃ হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি; কানে কানে যে কথা = কানাকানি। এরূপঃ চুলাচুলি, কাড়াকাড়ি, গালাগালি, দেখাদেখি, কোলাকুলি, লাঠালাঠি, হাসাহাসি, গুঁতাগুঁতি, ঘুষাঘুষি ইত্যাদি।

**Q. সৈয়দ শামসুল হক রচিত নাটক কোনটি?**

a) কালবেলা b) গণনায়ক
c) ক্রীতদাস d) ঢাকা **ans. B**

**Solution:** সৈয়দ শামসুল হক রচিত নাটক হলোঃ 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (১৯৭৬), 'নূরুলদীনের সারা জীবন' (১৯৮২), 'গণনায়ক' (১৯৭৬), 'ঈর্ষা'।

**Q. বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম কোনটি?**

a) ভানুসিংহ b) সুনন্দ
c) বনফুল d) সনাতন পাঠক **ans. C**

**Solution:** বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম ছিলো 'বনফুল'। উল্লেখ্য, নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছদ্মনাম ছিলো 'সুনন্দ'; রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম ছিলো 'ভানুসিংহ ঠাকুর'।

**Q. কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতা কোন কাব্য গ্রন্থের অন্তর্গত?**

a) সাম্যবাদী b) ফণিমনসা
c) অগ্নিবীণা d) চিত্তনামা **ans. C**

**Solution:** 'অগ্নিবীণা' কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ। এটি ১৯২২ সালের অক্টোবর মাসে প্রকাশিত হয়। এই কাব্যের প্রথম কবিতা হলো 'প্রলয়োল্লাস'। আর 'বিদ্রোহী' এ কাব্যের দ্বিতীয় এবং প্রধান কবিতা, যা ১৯২২ সালের সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়। 'বিদ্রোহী' কবিতাটি মাত্রাবৃত্ত মুক্তক ছন্দে লিখিত।

**Q. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?**

a) ছড়ার শব্দ b) ধ্বন্যাত্মক শব্দ
c) শব্দের দ্বিরুক্তি d) পদের দ্বিরুক্তি **ans. B**

**Solution:** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিষ্টিত শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ হলোঃ কিচির মিচির (পাখি বা বানরের শব্দ), টাপুর টুপুর (বৃষ্টি পতনের শব্দ), হাপুস হুপুস (গোগ্রাসে কিছু খাওয়ার শব্দ)।

**Q. 'লোকটি ধনী কিন্তু কৃপণ' এটি কোন ধরনের বাক্য?**

a) জটিল b) যৌগিক
c) সরল d) মিশ্র **ans. B**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। এখানে

| | |
|---|---|
| যৌগিক বাক্য | লোকটি ধনী কিন্তু কৃপণ। |
| সরল বাক্য | লোকটি ধনী হলেও কৃপণ। |
| জটিল বা মিশ্র বাক্য | যদিও লোকটি ধনী তথাপি তিনি কৃপণ। |

**Q. নিচের কোনটি তালব্য বর্ণ?**

a) ত b) প
c) চ d) ট **ans. C**

**Solution:** তালব্য বর্ণ হলো তালু থেকে উচ্চারিত ধ্বনির প্রতীক বর্ণ। এগুলো হলোঃ ই, ঈ, এ, চ, ছ, জ, ঝ, ঞ, য়, শ। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণি)।

**Q. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?**

a) ফরাসি b) পর্তুগিজ
c) বার্মিজ d) ওলন্দাজ **ans. A**

**Solution:** কার্তুজ, ওলন্দাজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, ক্যাফে, রেঁনেসা, আঁতাত, বুর্জোয়া, দিনেমার এগুলো হলো ফরাসি শব্দ।

Solution Recent Publications

**Q.** মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক কোনটি?

a) কিত্তনখোলা b) নীলদর্পন

c) পায়ের আওয়াজ পাওয়া যায় d) কবর ***ans.*** **C**

***Solution:*** সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। এটি মুক্তিযুদ্ধ বিষয়ক তার সর্বাধিক সার্থক ও মঞ্চসফল কাব্যনাটক। 'নূরুলদীনের সারাজীবন' তার রচিত দ্বিতীয় কাব্যনাটক। এটি ঐতিহাসিক ঘটনা ও চরিত্রের আলোকে রচিত।

**Q.** চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচনা করেন কে?

a) লুইপা b) কাহ্নপা

c) কুক্কুরিপা d) কোনটিই নয় ***ans.*** **B**

***Solution:*** চর্যাপদের সর্বাধিক রচনা করেন কাহ্নপা (১৩টি)। চর্যাপদের প্রথম পদটি রচনা করেন লুইপা এবং শান্তিপা চর্যাপদের ১৫ এবং ২৬ নং পদ রচনা করেন।

**Q.** 'বরখেলাপ' শব্দে 'বর্' কোন ধরনের উপসর্গ?

a) খাঁটি বাংলা b) তৎসম

c) আরবি d) ফারসি ***ans.*** **D**

***Solution:*** কয়েকটি ফারসি উপসর্গ হলোঃ

| উপসর্গ | যে অর্থে প্রযুক্ত | উদাহরণ |
|---|---|---|
| বদ্ | মন্দ | বদমেজাজ, বদরাগী, বদমাশ, বদহজম, বদনাম |
| বে | না | বেআদব, বেআক্কেল, বেকসুর, বেকায়দা, বেতার, বেকার |
| বর্ | বাইরে, মধ্যে | বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ |
| ব্ | সহিত | বমাল, বনাম, বকলম |

**Q.** কোন বানানটি শুদ্ধ?

a) প্রণয়ণ b) প্রনয়ণ

c) প্রনয়ণ d) প্রণয়ন ***ans.*** **D**

**Q.** 'পঞ্চত্বপ্রাপ্তি' বলতে কি বোঝায়?

a) বিবাহ করা b) পুত্র সন্তান লাভ করা

c) সৌভাগ্যবান হওয়া d) মৃত্যুবরণ করা ***ans.*** **D**

## বাংলাদেশ নির্বাচন কমিশন

**পদের নামঃ স্টোর কিপার**

তারিখঃ ০৭.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q.** 'আরেক ফাল্গুন' কার লেখা উপন্যাস?

a) শওকত ওসমান b) জহির রায়হান

c) আলাউদ্দীন আল আজাদ d) শওকত আলী ***ans.*** **B**

***Solution:*** বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান 'আরেক ফাল্গুন' (১৯৬৮) উপন্যাস রচনা করেন। এই উপন্যাসে বাঙালির জাতীয় ঐতিহাসিক ঘটনাকে রূপায়িত করা হয়েছে।

**Q.** ধ্বনি পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?

a) রতন b) কবাট

c) পিচাশ d) মুলুক ***ans.*** **C**

***Solution:*** শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমনঃ পিশাচ > পিচাশ; ইংরেজি বাক্স > বাংলা বাস্ক, জাপানি রিক্সা > বাংলা রিস্কা ইত্যাদি। উল্লেখ্য, দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা বা ধ্বনিদ্বিত্ব হলোঃ মুলুক > মল্লুক।

**Q.** নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?

a) জেঠী b) পাদানী

c) রজকী d) কুলটা ***ans.*** **D**

***Solution:*** কিছু নিত্য স্ত্রীবাচক শব্দ হলোঃ সপত্নী, ডাইনি, বাইজী, এয়ো, ললনা, বিমাতা, লক্ষ্মী, কমলা, সৎমা, সুজলা, অর্ধাঙ্গিনী, সতীন, বিধবা, অসূর্যম্পশা ইত্যাদি। উল্লেখ্য যে, কুলটা অর্থ গৃহত্যাগকারিনী।

**Q.** 'লালসালু' উপন্যাসে কোন অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে?

a) চট্টগ্রাম b) সিলেট

c) নোয়াখালী d) ময়মনসিংহ ***ans.*** **C**

***Solution:*** 'লালসালু' উপন্যাসে নোয়াখালী অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে। উল্লেখ্য, 'লালসালু' উপন্যাসের রচয়িতা "সৈয়দ ওয়ালীউল্লাহ"। উপন্যাসটিতে ধর্ম নিয়ে ব্যক্তিস্বার্থ চরিতার্থকারীদের স্বরূপ উন্মোচন ও নারী জাগরণের প্রেক্ষাপটে সমাজসচেতনতা বিষয়ে আলোকপাত করা হয়েছে। 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদের নামঃ Tree without Roots.

**Q.** খাঁটি বাংলা উপসর্গ কয়টি?

a) ২০টি b) ২১টি

c) ২২টি d) ২৩টি ***ans.*** **B**

***Solution:*** বাংলা উপসর্গ মোট ২১টিঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, প্রতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

**Q.** শব্দের আভিধানিক অর্থকে কী বলে?

a) লক্ষ্যার্থ b) বাচ্যার্থ

c) সরলার্থ d) গৌনার্থ ***ans.*** **B**

***Solution:*** যেসকল শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত হয় সেটা হলো বাচ্যার্থ। আর যেসকল শব্দ আভিধানিক অর্থে ব্যবহৃত না হয়ে অন্য কোনো অর্থে ব্যবহৃত হয় তাহলো লক্ষ্যার্থ।

**Q.** 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ কী?

a) অপদার্থ b) মূর্খ

c) ধূর্ত d) নিষ্ক্রিয় দর্শক ***ans.*** **A**

***Solution:*** 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ 'অপদার্থ'। 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ 'নিষ্ক্রিয় দর্শক'। 'বুদ্ধির ঢেঁকি' বাগধারাটির অর্থ 'নিরেট মূর্খ'।

**Q.** কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?

a) চিরসুখী b) দশানন

c) গায়ে হলুদ d) কানাকানি ***ans.*** **D**

***Solution:*** ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যথাঃ হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি; কানে কানে যে কথা = কানাকানি। এরূপঃ চুলাচুলি, কাড়াকাড়ি, গালাগালি, দেখাদেখি, কোলাকুলি, লাঠালাঠি, হাসাহাসি, গুঁতাগুঁতি, ঘুষাঘুষি ইত্যাদি।

BCS Solution

**Q. সৈয়দ শামসুল হক রচিত নাটক কোনটি?**

a) কালবেলা b) গণনায়ক
c) ক্রীতদাস d) ঢাকা **ans. B**

**Solution:** সৈয়দ শামসুল হক রচিত নাটক হলোঃ 'গণনায়ক' (১৯৭৬), 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (১৯৭৬), 'নূরুলদীনের সারা জীবন' (১৯৮২), 'ঈর্ষা'।

**Q. বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি কে?**

a) ভারতচন্দ্র রায় b) নরহরি চক্রবর্তী
c) বিজয়গুপ্ত d) মুকুন্দরাম **ans. A**

**Solution:** ভারতচন্দ্র রায়গুণাকর (১৭১২-১৭৬০) আঠার শতকের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ কবি। ভারতচন্দ্রের শ্রেষ্ঠ কীর্তি অন্নদামঙ্গল কাব্য। তিনি মধ্যযুগের 'শেষ বড় কবি', তাকে 'নাগরিক কবি' হিসেবে অভিহিত করা হয়। কবিত্ব শক্তিতে মুগ্ধ হয়ে রাজা কৃষ্ণচন্দ্র তাকে রায়গুণাকর উপাধি প্রদান করেন। ভারতচন্দ্রের একটি বিখ্যাত গ্রন্থ হলো "সত্য পীরের পাঁচালী"।

**Q. কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতা কোন কাব্য গ্রন্থের অন্তর্গত?**

a) সাম্যবাদী b) ফণিমনসা
c) অগ্নিবীণা d) চিত্তনামা **ans. C**

**Solution:** 'অগ্নিবীণা' কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ। এটি ১৯২২ সালের অক্টোবর মাসে প্রকাশিত হয়। এই কাব্যের প্রথম কবিতা হলো 'প্রলয়োল্লাস'। আর 'বিদ্রোহী' এ কাব্যের দ্বিতীয় এবং প্রধান কবিতা, যা ১৯২২ সালের সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়। 'বিদ্রোহী' কবিতাটি মাত্রাবৃত্ত মুক্তক ছন্দে লিখিত।

**Q. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?**

a) ছড়ার শব্দ b) ধ্বন্যাত্মক শব্দ
c) শব্দের দ্বিরুক্তি d) পদের দ্বিরুক্তি **ans. B**

**Solution:** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিষ্টিত শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ হলোঃ কিচির মিচির (পাখি বা বানরের শব্দ), টাপুর টুপুর (বৃষ্টি পতনের শব্দ), হাপুস হুপুস (গোগ্রাসে কিছু খাওয়ার শব্দ)।

**Q. 'লোকটি ধনী কিন্তু কৃপণ' এটি কোন ধরনের বাক্য?**

a) জটিল b) যৌগিক
c) সরল d) মিশ্র **ans. B**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। এখানে

| | |
|---|---|
| যৌগিক বাক্য | লোকটি ধনী কিন্তু কৃপণ। |
| সরল বাক্য | লোকটি ধনী হলেও কৃপণ। |
| জটিল বা মিশ্র বাক্য | যদিও লোকটি ধনী তথাপি তিনি কৃপণ। |

**Q. নিচের কোনটি তালব্য বর্ণ?**

a) ত b) প
c) চ d) ট **ans. C**

**Solution:** তালব্য বর্ণ হলো তালু থেকে উচ্চারিত ধ্বনির প্রতীক বর্ণ। এগুলো হলোঃ ই, ঈ, এ, চ, ছ, জ, ঝ, ঞ, য়, শ। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণি)।

**Q. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?**

a) ফরাসি b) পর্তুগিজ
c) বার্মিজ d) ওলন্দাজ **ans. A**

**Solution:** কার্তুজ, ওলন্দাজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, ক্যাফে, রেঁনেসা, আঁতাত, বুর্জোয়া, দিনেমার এগুলো হলো ফরাসি শব্দ।

**Q. মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক কোনটি?**

a) কিত্তনখোলা b) নীলদর্পন
c) পায়ের আওয়াজ পাওয়া যায় d) কবর **ans. C**

**Solution:** সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। এটি মুক্তিযুদ্ধ বিষয়ক তার সর্বাধিক সার্থক ও মঞ্চসফল কাব্যনাটক। 'নূরুলদীনের সারাজীবন' তার রচিত দ্বিতীয় কাব্যনাটক। এটি ঐতিহাসিক ঘটনা ও চরিত্রের আলোকে রচিত।

**Q. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' কার প্রার্থনা?**

a) চণ্ডীদাস b) বিদ্যাসাগর
c) বিদ্যাপতি d) ঈশ্বর পাটনী **ans. D**

**Solution:** 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' এটি ভারতচন্দ্র রায়গুণাকর রচিত বিখ্যাত 'অন্নদামঙ্গল' কাব্যে'র চরিত্র ঈশ্বরী পাটনীর প্রার্থনা।

**Q. 'বরখেলাপ' শব্দে 'বর্' কোন ধরনের উপসর্গ?**

a) খাঁটি বাংলা b) তৎসম
c) আরবি d) ফারসি **ans. D**

**Solution:** ফারসি উপসর্গ হলোঃ বর্কম, দর্কার, না, বে, নিম, ফি, বে বদ।

| উপসর্গ | যে অর্থে প্রযুক্ত | উদাহরণ |
|---|---|---|
| বদ্ | মন্দ | বদমেজাজ, বদরাগী, বদমাশ, বদহজম, বদনাম |
| বে | না | বেআদব, বেআক্কেল, বেকসুর, বেকায়দা, বেতার, বেকার |
| বর্ | বাইরে, মধ্যে | বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ |
| ব্ | সহিত | বমাল, বনাম, বকলম |

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) প্রণয়ণ b) প্রনয়ণ
c) প্রনয়ণ d) প্রণয়ন **ans. D**

**Q. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?**

a) পরিস্কৃত b) পতঞ্জলি
c) উত্থান d) সংস্কৃত **ans. B**

**Solution:** সংস্কৃত ব্যঞ্জনসন্ধির ক্ষেত্রে এমন কতকগুলো ব্যঞ্জনসন্ধি আছে যেগুলো কোনো নিয়মের মধ্যে পড়েন না। এসব সন্ধিকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমনঃ পতৎ + অঞ্চলি = পতঞ্জলি; দিব্ + লোক = দ্যুলোক; তদ্ + কর = তস্কর; এক + দশ = একাদশ; ষট্ + দশ = ষোড়শ; হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র; বৃহৎ + পতি = বৃহস্পতি; আ + চার্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; আ + পদ = আস্পদ।

BanglaLiterature Q&A

## স্বাস্থ্য অধিদপ্তর

**পদের নামঃ মেডিকেল টেকনিশিয়ান**

তারিখঃ ১৫.০৪.২০২৩; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ?**

a) কানাকানি b) অজানা
c) দোতলা d) আশীবিষ **ans. A**

***Solution:*** যে বহুব্রীহি সমাসে দুটি একরূপ বিশেষ্য দিয়ে এক জাতীয় কাজ বোঝায় তাকে ব্যতিহার বহুব্রীহি সমাস বলে। যেমনঃ কানে কানে যে কথা = কানাকানি।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) প্রতিযোগিতা b) প্রতিযগিতা
c) প্রতীযোগীতা d) প্রতিযোগীতা **ans. A**

**Q. 'অভিরাম' শব্দের অর্থ কি?**

a) বিরামহীন b) বালিশ
c) সুন্দর d) চলন **ans. C**

***Solution:*** 'অভিরাম' শব্দের অর্থ মনোহর; সুন্দর; তৃপ্তিদায়ক।

**Q. নিম্নের কোনটি 'অগ্নি' শব্দটির সমার্থক নয়?**

a) পাবক b) বহ্নি
c) প্রজ্জলিত d) হুতাশন **ans. C**

***Solution:*** 'অগ্নি' এর সমার্থক শব্দগুলো হলোঃ অনল, পাবক, বহ্নি, হুতাশন, বৈশ্বানর, আগুন, দহন, সর্বভূক, শিখা, হোমাগ্নি, কৃশানু, সর্বশুচি, বিভাবসু।

**Q. শুদ্ধ বানান কোনটি?**

a) মুমুর্ষু b) মূমুর্ষু
c) মুমূর্ষু d) মুমুর্ষূ **ans. C**

**Q. 'সন্ধি' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) সম + ধি b) সম্ + ধি
c) সম্ + দ্ধি d) সণ্ + ধি **ans. B**

***Solution:*** 'সন্ধি' এর সন্ধি বিচ্ছেদ 'সম্ + ধি'। উল্লেখ্য, সন্ধি শব্দটি কৃৎপ্রত্যয় বা প্রত্যয় সাধিত শব্দ (সন্ধি = সম্ + √ধা + ই)। সন্ধি শব্দের অর্থ মিলন, চুক্তি, ঐক্য।

**Q. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?**

a) তুর্কি b) ফারসি
c) পর্তুগিজ d) অসমিয় **ans. C**

***Solution:*** কিছু পর্তুগিজ শব্দঃ আনারস, আলকাতরা, কেবানী, পেয়ারা, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, পেঁপে, টুপি, আনারস, বোমা, আয়া, পিস্তল, গুদাম, চাবি, ফিতা, মিস্ত্রি, তামাক, বালতি, জানালা।

**Q. 'কুলি' শব্দের স্ত্রীবাচক কোনটি?**

a) কামিন b) কামিনী
c) মহিলা কুলি d) কুলিনী **ans. A**

***Solution:*** পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দের মূল একই হবে না, ভিন্ন হবে। যেমন:

| পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|
| কুলি | কামিন |
| শুক (টিয়াপাখি) | শারি/ শারী |

| পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|
| বিদ্বান | বিদুষী |
| গুরু | গুর্বী (গুরুপত্নী) |

**Q. কোন পদটি দ্বিগু সমাসের অন্তর্ভুক্ত?**

a) দেশান্তর b) গ্রামান্তর
c) লোকান্তর d) তেপান্তর **ans. D**

***Solution:*** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ, ত্রিমোহিনী, তেরনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

**Q. 'নিশীথ রাতে বাজছে বাঁশি' এখানে 'নিশীথ' কোন পদ?**

a) বিশেষণ b) বিশেষ্য
c) ক্রিয়া d) ক্রিয়া বিশেষণ **ans. A**

***Solution:*** যে বিশেষণ পদ কোন বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষায়িত করে, অর্থাৎ অন্য কোন পদ সম্পর্কে কিছু বলে, তাকে নাম বিশেষণ বলে। যেমনঃ বিশেষ্যের বিশেষণ: নীল আকাশ আর সবুজ মাঠের মাঝ দিয়ে একটি ছোট্ট পাখি উড়ে যাচ্ছে। সর্বনামের বিশেষণ: সে রূপবান ও গুণবান।

**Q. 'মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন' - পাঠশালা কোন কারকে কোন বিভক্তি?**

a) অপাদানে শূন্য b) কর্তৃ কারকে শূন্য
c) করণে শূন্য d) কর্মে তৃতীয়া **ans. A**

***Solution:*** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হইতে, হতে, থেকে, দিয়া, দিয়ে ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়। অপাদান কারকের আরো একটি শূন্য বিভক্তির উদাহরণ হলোঃ বোঁটা-আলগা ফল গাছে থাকে না।

**Q. 'কেতাদুরস্ত' বাগধারাটির অর্থ কি?**

a) ঘরকুণো b) নিতান্ত অলস
c) সামান্য d) পরিপাটি **ans. D**

***Solution:*** কেতাদুরস্ত বাগধারাটির অর্থ পরিপাটি।
গোঁফ খেজুরে বাগধারাটির অর্থ নিতান্ত অলস।

**Q. 'যে নারীর স্বামী ও পুত্র নাই' এক কথায় কি বলে?**

a) অনূঢ়া b) কুমারী
c) নবোঢ়া d) অবীরা **ans. D**

***Solution:*** যে নারীর স্বামী ও পুত্র নাই = অবীরা।
যে মেয়ের বিয়ে হয় নি = অনূঢ়া, কুমারী।
যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে = নবোঢ়া।

**Q. 'বাবা' কোন ভাষার অর্ন্তগত শব্দ?**

a) তুর্কি b) ফার্সী
c) তদ্ভব d) জাপানী **ans. A**

Recent Publications

**Solution:** কিছু তুর্কি শব্দঃ উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, বেগম, সওগাত, তোপ, কাবু, তক্‌মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুর্ণিশ, খোকা, বাবুর্চি ইত্যাদি।

**Q. বাংলাদেশের রণসংগীত কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**

a) অগ্নি-বীণা b) বিষের বাঁশি
c) প্রলয় শিখা d) সন্ধ্যা **ans. D**

**Q. 'ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি, এ ভিখারীদশা তবে কেন তোরে আজি?' কোন কবিতার অংশ?**

a) সমাধি-লিপি b) মেঘনাদ ও বিভিষন
c) বঙ্গভাষা d) কপোতাক্ষ নদ **ans. C**

**Solution:** উদ্ধৃতাংশটি মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' নামক কবিতার অংশ।

**Q. 'একখানি ছোট ক্ষেত আমি একেলা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ?**

a) চিত্রা b) মানসী
c) সোনার তরী d) বলাকা **ans. C**

**Solution:** সোনার তরী (১৮৯৪) রবীন্দ্রনাথের বিখ্যাত কাব্যগ্রন্থ। উদ্বৃত রচনাটি উক্ত কাব্যগ্রন্থের 'মাত্রাবৃত্ত' ছন্দে লেখা হয়েছে।

**Q. 'আমার দেখা নয়াচীন' কার রচিত গ্রন্থ?**

a) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান b) এ কে ফজলুল হক
c) জহির রায়হান d) আবুল ফজল **ans. A**

**Solution:** 'আমার দেখা নয়া চীন' বইটির লেখক হলেন শেখ মুজিবুর রহমান (বঙ্গবন্ধুর ৩য় গ্রন্থ)। উল্লেখ্য, ১৯৫২ সালের অক্টোবরে গণচীনের পিকিংয়ে অনুষ্ঠিত এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় শান্তি সম্মেলন উপলক্ষ্যে শেখ মুজিবের চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে রচিত হয়। গ্রন্থটির ভূমিকা লেখেন শেখ হাসিনা (৭ ডিসেম্বর ২০১৯)। বইটির প্রকাশক হলো বাংলা একোডেমি। আর ইংরেজি অনুবাদক হলেন ড. ফখরুল আলম; ইংরেজি নাম হলো 'New China-1952'.

**Q. 'সবকটি জানালা খুলে দাও না' গানটির গীতিকার কে?**

a) আলতাফ মাহমুদ b) নজরুল ইসলাম বাবু
c) গাজী মাজহারুল আনোয়ার d) সুবীর সাহা **ans. B**

**Solution:** 'সব ক'টা জানালা খুলে দাও না' ১৯৮২ সালে প্রকাশিত বাংলা ভাষায় রচিত একটি দেশাত্মবোধক সঙ্গীত। স্বাধীনতা দিবসের জন্য বাংলাদেশ টেলিভিশনের নির্মিত বিশেষ অনুষ্ঠানের জন্য প্রস্তুতকৃত এই সঙ্গীত বা গানের গীতিকার নজরুল ইসলাম বাবু। আহমেদ ইমতিয়াজ বুলবুলের সুর ও সঙ্গীত পরিচালনায় এই গানে কণ্ঠ দেন সাবিনা ইয়াসমিন।

**Q. মুক্তিযুদ্ধভিত্তিক নাটক কোনটি?**

a) ছেঁড়াতার b) কী চাহ হে শঙ্খচিল
c) বাকী ইতিহাস d) চাকা **ans. B**

**Solution:** মমতাজউদদীন আহমেদ আমাদের সাহিত্য জগতে একজন কীর্তিমান নাট্যব্যক্তিত্ব। এখন পর্যন্ত তিনিই সবচেয়ে বেশি মুক্তিযুদ্ধভিত্তিক রচনা করেছেন। 'কী চাহ হে শঙ্খচিল' নাটকটি তিনি মুক্তিযুদ্ধ পরবর্তীকালে মুক্তিযুদ্ধকে নিয়ে মানুষের পাওয়া না পাওয়া বেদনা, হারানোর বেদনা চিত্র একেছেন। কিছু মুক্তিযুদ্ধভিত্তিক নাটকঃ

| নাটকের নাম | রচয়িতা |
|---|---|
| 'নরকে লাল গোলাপ' এবং 'নিঃশব্দ যাত্রা' | আলাউদ্দিন আল আজাদ |
| আয়নায় বন্ধুর মুখ | আবদুল্লাহ আল মামুন |
| পায়ের আওয়াজ পাওয়া যায় | সৈয়দ শামসুল হক |
| যে অরণ্যের আলো নেই | নীলিমা ইব্রাহীম |

## পরিবেশ অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক
তারিখঃ ২৮.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. সঠিক বানান চিহ্নিত করুন:**

a) অতিথী b) অতিথি
c) অতীথি d) অতীথী **ans. B**

**Q. সন্ধি বিচ্ছেদ করুন: "নবান্ন"**

a) নবা + অন্ন b) নব + অন্ন
c) নবীন + অন্ন d) নবঃ + অন্ন **ans. B**

**Solution:** 'অ + অ' = আ (আ-তে রূপান্তর)ঃ নব + অন্ন = নবান্ন, স্ব + অধীন + স্বাধীন, সর্বস্ব + অন্ত + সর্বসান্ত, সূর্য + অস্ত = সূর্যাস্ত ইত্যাদি।

**Q. 'নিঝুম' শব্দের অর্থ কী?**

a) জঙ্গল b) অন্ধকার
c) নীরব d) গাছ **ans. C**

**Solution:** 'নিঝুম' শব্দের অর্থ 'নীরব, সম্পূর্ণ নীরব বা নিঃশব্দ, নিস্পন্দ'।

**Q. 'ব্যাঙের আধুলি' শব্দের অর্থ কী?**

a) অসম্ভব ব্যাপার b) সামান্য অর্থ
c) সুসময়ের বন্ধু d) প্রাচীন বস্তু **ans. B**

**Solution:** 'ব্যাঙের আধুলি' বাগধারার অর্থ 'সামান্য অর্থ'। আর 'ব্যাঙের সর্দি' বাগধারার অর্থ 'অসম্ভব ব্যাপার'।

**Q. 'ফকির' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

a) তুর্কি b) পর্তুগিজ
c) আরবি d) ফারসি **ans. C**

**Solution:** বাংলায় ব্যবহৃত আরবি শব্দগুলোকে দুটি প্রধান ভাগে ভাগ করা যায়ঃ

১. ধর্মসংক্রান্ত শব্দঃ আলাহ্, ইসলাম, ঈমান, ওজু, কোরবানি, কুরআন, কিয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, জাকাত, হজ, হাদিস, হারাম, হালাল ইত্যাদি।

২. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দঃ আদালত, আলেম, ঈদ, ইনসান, উকিল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায় ইত্যাদি।

**Q. 'পূর্বেই' শব্দটির চলিত রূপ কোনটি?**

a) পূর্বে b) পূর্ব
c) পুব d) আগেই ***ans.* D**

***Solution:*** এখানে,

| পদ | সাধু | চলিত |
|---|---|---|
| অব্যয় | পূর্বেই | আগেই |
| সর্বনাম | তাঁহারা/উঁহারা | তাঁরা/ওঁরা |
| বিশেষ্য | তুলা | তুলো |
| বিশেষণ | শুষ্ক/শুকনা | শুকনো |
| ক্রিয়া | দেখিয়া | দেখে |

**Q. নিচের কোন শব্দটি তৎসম?**

a) হাত b) নক্ষত্র
c) দারোগা d) চুলা ***ans.* B**

***Solution:*** যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। তৎসম একটি পারিভাষিক শব্দ। যেমনঃ হস্ত, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, শ্রদ্ধা ইত্যাদি।

**Q. 'মহাত্মা' কোন সমাস?**

a) দ্বিগু b) তৎপুরুষ
c) বহুব্রীহি d) কর্মধারয় ***ans.* C**

***Solution:*** যে সমাসের সমস্তপদে পূর্বপদ ও পর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান না হয়ে অন্য একটি পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: নীল অম্বর যার = নীলাম্বর। মহাত্মা = মহান আত্মা যার। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ বহুব্রীহি সমাস: নীলবসনা, নদীমাতৃক, সহোদর, কমলাক্ষ, পদ্মনাভ ইত্যাদি।

**Q. 'ব্যায়ামে শরীর ভালো হয়' বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

a) অধিকরণ কারকে সপ্তমী b) করণ কারকে সপ্তমী
c) অপাদান কারকে সপ্তমী d) কর্মকারকে সপ্তমী ***ans.* B**

***Solution:*** করণে ৭মী। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায় তা-ই করণ কারক।

**Q. 'ডালে ডালে কুসুম ভার' এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে?**

a) সমূহ b) বোঝা
c) গুরুত্ব d) বিষাদ ***ans.* A**

***Solution:*** 'ডালে ডালে কুসুম ভার' এখানে 'ভার' শব্দের অর্থ হলো 'সমূহ'। প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচন করার সময় এমন শব্দ ব্যবহার হয়। যেমনঃ বৃক্ষসমূহ, মনুষ্যসমূহ ইত্যাদি।

**Q. 'বিধবা' শব্দের বিপরীত শব্দ কী?**

a) বহুপত্নীক b) সধবা
c) বিপত্নীক d) অধবা ***ans.* B**

***Solution:*** কতগুলো শব্দ শুধু স্ত্রীবাচক হয় যেমনঃ সধবা, সতীন, সৎমা ইত্যাদি। উল্লেখ্য, বহুপত্নীক দ্বারা একাধিক বা অনেক পত্নী আছে এমন ব্যক্তিকে বুঝায়। যার স্ত্রী মারা গেছে সে বিপত্নীক।

**Q. এক কথায় প্রকাশ করুন: 'জয়ের জন্য যে উৎসব'।**

a) বিজয়জয়ন্তী b) জয়ন্তী
c) জয়ান্তী d) বিজয় উৎসব ***ans.* B**

***Solution:*** জয়ের জন্য যে উৎসব = জয়ন্তী।
জয়সূচক যে উৎসব = জয়ন্তী।
পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব = রজত জয়ন্তী।
পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব = সুবর্ণ জয়ন্তী।
ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব = হীরক জয়ন্তী।
একশত পঞ্চাশ বছর = সার্ধশতবর্ষ।

**Q. ছন্দের যাদুকর ছিলেন কে?**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) দ্বিজেন্দ্রলাল রায় d) সত্যেন্দ্রনাথ দত্ত ***ans.* D**

***Solution:*** ছন্দের যাদুকর ছিলেন সত্যেন্দ্রনাথ দত্ত।

| প্রকৃত নাম | কাজী নজরুল ইসলাম | রবীন্দ্রনাথ ঠাকুর |
|---|---|---|
| উপাধি | বিদ্রোহী কবি, জাতীয় কবি | বিশ্বকবি, কবিগুরু, বাংলা ছোটগল্পের জনক |

**Q. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?**

a) মাথা ঝিমঝিম করছে
b) তোমার পরিশ্রমের ফল ফলেছে
c) মা শিশুটিকে হাসান
d) শিশুটি কাঁদে ***ans.* C**

***Solution:*** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। (সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়)। প্রযোজক ক্রিয়ার গঠনঃ প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ। যেমনঃ মূল ধাতু √হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

**Q. কোনটি তদ্ভব শব্দ?**

a) চাঁদ b) সূর্য
c) নক্ষত্র d) গগন ***ans.* A**

***Solution:*** তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়। যেমনঃ

| সংস্কৃত | ঘৃত | চর্মকার | চন্দ্র |
|---|---|---|---|
| প্রাকৃত | ঘিঅ | চম্মআর | চন্দ |
| তদ্ভব | ঘি | চামার | চাঁদ |

**Q. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি আছে?**

a) ৩২ টি b) ৮ টি
c) ১০ টি d) ৯ টি ***ans.* A**

***Solution:***

| বর্ণের নাম | স্বরবর্ণ | ব্যঞ্জনবর্ণ | মোট সংখ্যা |
|---|---|---|---|
| মাত্রাহীন বর্ণ | ৪টি যথাঃ এ, ঐ, ও, ঔ | ৬টি যথাঃ ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ | ১০টি |
| অর্ধমাত্রার বর্ণ | ১টি যথাঃ ঋ | ৭টি যথাঃ খ, গ, ণ, থ, ধ, প, শ | ৮টি |
| পূর্ণমাত্রার বর্ণ | ৬টি যথাঃ অ, আ, ই, ঈ, উ, ঊ | ২৬টি | ৩২টি |

**Q. নিচের কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রী লিঙ্গ?**

a) গীতিকা b) হিমানী
c) আয়া d) লেডি ***ans.* A**

Recent Publications

**Solution:** ক্ষুদ্রার্থে 'ইকা' যোগ হয়। যেমনঃ মালা-মালিকা, গীত-গীতিকা, পুস্তক-পুস্তিকা, নাটক-নাটিকা ইত্যাদি। (এগুলো স্ত্রী প্রত্যয় নয়, ক্ষুদ্রার্থক প্রত্যয়)।

**Q. রবীন্দ্রনাথ ঠাকুর নিচের কোন রচনাটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে উৎসর্গ করেন?**

a) চার অধ্যায় b) কালের যাত্রা
c) সঞ্চিতা d) শেষ লেখা **ans. B**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক উৎসর্গীকৃতঃ

| গ্রন্থের নাম | প্রকাশ | গ্রন্থের ধরন | যাকে উৎসর্গ করেন |
|---|---|---|---|
| কালের যাত্রা | ১৯৩২ | নাটক | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| বসন্ত | ১৯২৩ | গীতিনাট্য | কাজী নজরুল ইসলাম |
| পূরবী | ১৯২৫ | কাব্যগ্রন্থ | আর্জেন্টিনা কবি ভিক্টোরিয়া ওকাম্পো |
| খেয়া | ১৯০৬ | কাব্যগ্রন্থ | বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু |
| আকাশ প্রদীপ | ১৯৩৯ | কাব্যগ্রন্থ | সুধীন্দ্রনাথ দত্ত |
| তাসের ঘর | ১৯৩৩ | নাটক | নেতাজি সুভাষচন্দ্র বসু |
| বৌঠাকুরাণীর হাট | ১৮৮৩ | উপন্যাস | জ্যেষ্ঠ ভগ্নী সৌদামিনী দেবী |

**Q. 'Basin' পরিভাষাটির বাংলা প্রতিশব্দ কী?**

a) জলধারা b) অববাহিকা
c) উপদ্বীপ d) মৈত্রিজোট **ans. B**

**Q. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

a) অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়।
b) তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে।
c) বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ।
d) আরিফ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী। **ans. B**

**Solution:** সঠিক বাক্য হলোঃ তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে। উল্লেখ্য, অপশন *a*) তে হবে 'অনুষ্ঠান চলাকালীন বৃষ্টি শুরু হয়। অপশন *c*) তে হবে বাংলাদেশ সমৃদ্ধ দেশ। অপশন *d*) তে হবে আরিফ শ্রেষ্ঠ শিল্পী।

## বন অধিদপ্তর

পদের নামঃ বন প্রহরী
তারিখঃ ২৮.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৬০

**Q. রাজিব বাংলা ব্যাকরনে ভালো, এটি কোন কারক?**

a) অপাদান b) সম্প্রদান
c) অধিকরণ d) কর্মকারক **ans. C**

**Solution:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। এ কারকে ৭মী অর্থাৎ 'এ', 'য়', 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়।

**Q. নিম্নের কোনটি পর্তুগিজ শব্দ?**

a) পাউরুটি b) চশমা
c) তুরুপ d) কুপন **ans. A**

**Solution:** আরো কিছু পর্তুগীজ ভাষাঃ আনারস, আলপিন, আলমারি, গুদাম, চাবি, পাদ্রি, বালতি, আলকাতরা, কেরানি, পেয়ারা ইত্যাদি।

**Q. "দিবাস্বপ্ন" বাগধারাটির অর্থ কোনটি?**

a) অলীক কল্পনা b) দিনের বেলায় দেখা স্বপ্ন
c) জেগে জেগে দেখা স্বপ্ন d) অসম্ভব কল্পনা **ans. A**

**Q. 'পদ্ম' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?**

a) শৈল b) উৎপল
c) জলধি d) পাদপ **ans. B**

**Solution:** পদ্ম শব্দের সমার্থক শব্দগুলি হলোঃ শতদল, উৎপল, নলিনী, অরবিন্দ, পঙ্কজ, সরোজ, কমল, রাজীব।

**Q. 'নদী ও নারী' উপন্যাসটি কার লেখা?**

a) হুমায়ুন আহমেদ b) হুমায়ুন আজাদ
c) হুমায়ুন ফরিদী d) হুমায়ুন কবীর **ans. D**

**Solution:** 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক হুমায়ুন কবির। তিনি মূলত লেখক ও রাজনীতিবিদ ছিলেন। তার রচিত কাব্যঃ স্বপ্নসাধ, সাথী, অষ্টাদশ এবং উপন্যাস 'নদী ও নারী'।

**Q. নিম্নের কোনটি বহুব্রীহি সমাস?**

a) একগুঁয়ে b) কাঁচা-মিঠা
c) রাজপথ d) উনিশ-বিশ **ans. A**

**Solution:** 'সহ' বা 'সহিত' শব্দের সঙ্গে অন্য পদের বহুব্রীহি সমাস হলে 'সহ' বা 'সহিত' এর স্থলে 'স' হয়। যেমনঃ সজল, সফল, সলজ্জ। আবার, পূর্ব পদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। যেমনঃ হত হয়েছে শ্রী যার = হতশ্রী। এরকম সুশ্রী, সুশীল এবং যে বহুব্রীহি সমাসের সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয়যুক্ত হয় তাকে বলা হয় প্রত্যয়ান্ত বহুব্রীহি। যেমনঃ এক দিকে চোখ যার = একচোখা। এরকম একগুঁয়ে, একঘরে, দোমনা।

**Q. কোনটি শুদ্ধ বানান?**

a) ইতিপূর্বে b) ইতঃপূর্বে
c) ইতোপূর্বে d) ইতপূর্বে **ans. B**

**Solution:**

| অশুদ্ধ শব্দ | ইতিপুর্বে | ইতপূর্বে | ইতোপূর্বে |
|---|---|---|---|
| শুদ্ধ শব্দ | ইতিপূর্বে | ইতিপূর্বে | ইতঃপূর্বে |

**Q. "গোকুলের ষাড়" এর অর্থ কোনটি?**

a) স্বেচ্ছাচারী b) বুদ্ধিহীন
c) চতুর d) বদমেজাজী **ans. A**

**Solution:** উল্লেখ্য, 'বুদ্ধিহীন' এর বাগধারা হলো 'গোবর গণেশ'। 'চতুর' এর বাগধারা হলো 'গভীর জলের মাছ'। 'বদমেজাজী' এর বাগধারা হলো 'রগচটা'।

**Q. "বন্ধুর" শব্দের সমার্থক কোনটি?**

a) কঠিন b) অসমতল
c) সমতল d) মসৃন **ans. B**

**Solution:** "বন্ধুর" শব্দের সমার্থক হলো 'ভূমি বা ক্ষেতের অসমান তলবিশিষ্ট, অসমতল, উঁচুনিচু, এবড়োথেবড়ো'।

**Q. "প্রসন্ন' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) প্রতিপন্ন b) বিষন্ন
c) বিপন্ন d) শান্ত **ans. B**

**Q. "ইত্যাদি" কোন সমাস?**

a) তৎপুরুষ b) অব্যয়ীভাব
c) কর্মধারয় d) বহুব্রীহি **ans. A**

RCI Solution

**Solution:** 'ইত্যাদি = ইতি হতে আদি' (তৎপুরুষ সমাস)। পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যে কোনো বিভক্তি থাকতে পারে এবং পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ করা হয়।

**Q. এক কথায় প্রকাশ করুন: "যা আগে জানা যায়নি"**

a) অশ্রুতপূর্ব b) ভূতপূর্ব
c) অজানা d) অভূতপূর্ব **ans. C**

**Solution:** যা আগে জানা যায়নি = অজানা। যা পূর্বে শোনা যায় নি = অশ্রুতপূর্ব। যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব। পূর্বে যা ঘটেনি = অভূতপূর্ব।

**Q. "মনস্তাপ" এর সন্ধিবিচ্ছেদ করুন:**

a) মন + তাপ b) মনঃ + তাপ
c) মনস + তাপ d) মনো + তাপ **ans. B**

**Solution:** পূর্বপদের শেষে বিসর্গ (ঃ) থাকলে এবং পরপদের প্রথমে 'চ্ বা ছ্' থাকলে বিসর্গ পরিবর্তিত হয়ে 'শ্; ট্ বা ঠ্' থাকলে 'ষ্; ত্' থাকলে 'স্' হয়ে পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমনঃ মনস্তাপ = মনঃ + তাপ, নিশ্চয় = নিঃ + চয়, দুশ্চরিত্র = দুঃ + চরিত্র, শিরশ্ছেদ = শিরঃ + ছেদ, দুশ্ছেদ = দুঃ + ছেদ্য, নিশ্ছিদ্র = নিঃ + ছিদ্র।

**Q. "তিনি ধনী কিন্তু কৃপণ" কোন জাতীয় বাক্য?**

a) মিশ্র b) সরল
c) যৌগিক d) জটিল **ans. C**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।
জ্ঞাতব্যঃ যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো 'এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি' ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমনঃ নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু, কোনো পথ দেখাতে পারলেন না।

**Q. লিঙ্গ পরিবর্তন করুনঃ অরণ্য**

a) বনানী b) অরণ্যানী
c) বন d) বনশ্রী **ans. B**

**Solution:** 'অরণ্য' শব্দের স্ত্রী লিঙ্গ 'অরণ্যানী'। উল্লেখ্য, 'আনী' প্রত্যয় যোগে যখন অর্থের পার্থক্য হয়, তখন এগুলোর কোনটাই পুরুষ বা স্ত্রীবাচক শব্দ হয় না। যেমন

| পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|
| অরণ্য | অরণ্যানী (বৃহৎ অরণ্য বা বন) |
| বন | বনানী (বহৎ অরণ্য বা বন) |
| হিম | হিমানী (জমাটবদ্ধ অর্থে- বরফের বড় টুকরা) |

অরণ্যানী, বনানী, হিমানী 'বৃহৎ' অর্থ প্রকাশ করে।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ ইলেকট্রিশিয়ান
তারিখঃ ০৫.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. 'সাহেব' শব্দের বহুবচন কী?**

a) সাহেবমণ্ডলী b) সাহেবসমূহ
c) সাহেবকুল d) সাহেবান **ans. D**

**Solution:** কিছু বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমনঃ আন যোগে; বুজুর্গ - বুজুর্গান, সাহেব - সাহেবান।

**Q. 'তেপান্তর' কোন সমাসের উদাহরণ?**

a) কর্মধারয় b) অব্যয়ীভাব
c) দ্বিগু d) বহুব্রীহি **ans. C**

**Solution:** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ, ত্রিমোহিনী, তেরোনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

**Q. 'চাঁদের হাট' কথাটির অর্থ কী?**

a) পূর্ণিমা রাত b) কচিকাঁচার মেলা
c) আনন্দের প্রাচুর্য d) জোৎস্না **ans. C**

**Q. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে আগত?**

a) তুর্কি b) ফারসি
c) পর্তুগিজ d) আরবি **ans. D**

**Solution:** আরবি শব্দঃ আদালত, আলেম, ঈদ, ইনসান, উকিল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায় ইত্যাদি।

**Q. 'রবীন্দ্র' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?**

a) রবী + ইন্দ্র b) রবী + ঈন্দ্র
c) রবি + ইন্দ্র d) রবি + ঈন্দ্র **ans. C**

**Solution:** 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর 'ই'-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ 'ঈ'-কার হয়। দীর্ঘ 'ঈ'-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ ই + ই = ঈ। অন্যান্য অতি + ইত = অতীত। আবার,
ই + ঈ = ঈ। অর্থাৎ পরি + ঈক্ষা = পরীক্ষা।
এরূপঃ গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, দিল্লীশ্বর, সতীন্দ্র ইত্যাদি।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) পাষাণ b) পাষান
c) পাসান d) পাশান **ans. A**

Recent Publications

**Q.** বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি?

a) জগৎ মোহিনী b) বসন্ত কুমারী
c) মোহনী প্রেমপাস d) আয়না **ans. B**

***Solution:*** 'বসন্তকুমারী' (ফেব্রুয়ারি ১৮৭৩) নাটকের নাট্যকার হলেন মীর মশাররফ হোসেন। এটি বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম নাটক। এই নাটকটি তিনি নওয়াব আবদুল লতিফকে উৎসর্গ করেন।
মীর মশাররফ হোসেনের কিছু উল্লেখযোগ্য নাটকঃ 'জমীদার দর্পণ', 'বেহুলা গীতাভিনয়', 'নিয়তি কি অবনতি' এবং 'টালা অভিনয়'।

**Q.** 'পুকুরে মাছ আছে' এখানে 'পুকুরে' কোন কারকে কোন বিভক্তি?

a) অপদান কারকে ৭মী b) অধিকরণ করকে ৭মী
c) সম্প্রদান কারকে ৭মী d) কর্তকারেক ৭মী **ans. B**

***Solution:*** অধিকরণ কারক বলতে ক্রিয়া সম্পাদনের সময় এবং আধারকে নির্দেশ করে। বাক্যের ক্রিয়াকে 'কখন' ও 'কোথায়' দ্বারা প্রশ্ন করলে উত্তরে অধিকরণ কারক পাওয়া যায়। যেমনঃ বনে বাঘ আছে, পুকুরে মাছ আছে ইত্যাদি।

**Q.** 'অন্যজীবন' কী ধরনের গ্রন্থ?

a) কাব্য b) প্রবন্ধ
c) নাটক d) উপন্যাস **ans. D**

***Solution:*** 'অন্যজীবন' জাহানার ইমামের আত্মজীবনীমূলক উপন্যাস।

**Q.** 'নৈসর্গিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

a) দিবাকালীন b) রাত্রিকালীন
c) প্রাকৃতিক d) কৃত্রিম **ans. D**

***Solution:*** 'নৈসর্গিক' এর বিপরীতার্থক শব্দ 'কৃত্রিম, অনৈসর্গিক'।

**Q.** কাজী নজরুল ইসলামের রচিত গ্রন্থ কোনটি?

a) পদ্মগোখরা b) পদ্ম পূরণ
c) পদ্মবতী d) পদ্মরাগ **ans. A**

***Solution:*** 'পদ্মগোখরা' গল্পটি কাজী নজরুল ইসলামের শিউলিমালা গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত। 'পদ্মরাগ' উপন্যাসের রচয়িতা হলেন বেগম রোকেয়া সাখাওয়াত। 'পদ্মপুরাণ' হলো কবি বিজয়গুপ্ত রচিত একটি মঙ্গলকাব্য। 'পদ্মাবতী' হলো মহাকবি আলাওল রচিত বিখ্যাত প্রণয়োপাখ্যান।

**Q.** 'দ্যুলোক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) দুঃ + লোক b) দু + লোক
c) দ্যু + লোক d) দিব + লোক **ans. D**

***Solution:*** সংস্কৃত ব্যঞ্জনসন্ধির ক্ষেত্রে এমন কতকগুলো ব্যঞ্জনসন্ধি আছে যেগুলো কোনো নিয়মের মধ্যে পড়ে না। এসব সন্ধিকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমনঃ দিব্ + লোক = দ্যুলোক; তৎ + কর = তস্কর; এক্ + দশ = একাদশ; ষট্ + দশ = ষোড়শ; হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র; বৃহৎ + পতি = বৃহস্পতি; আ + চার্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; আ + পদ = আস্পদ; পতৎ + অঞ্জলি = পতঞ্জলি; পশ্চাৎ + অর্ধ = পশ্চার্ধ; বাক্ + ঈশ্বরী = বাগেশ্বরী; বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র।

**Q.** রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন?

a) বিসর্জন b) ডাকঘর
c) বসন্ত d) চিত্রাঙ্গদা **ans. C**

***Solution:*** রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত 'বসন্ত' গীতিনাট্যটি কাজী নজরুলকে উৎসর্গ করেছিলেন। সেটি ছিল রবীন্দ্র পরিবারের বাইরে প্রথম কাউকে একটি বই উৎসর্গ করার ঘটনা। উল্লেখ্য, 'সঞ্চিতা' হল নজরুলের শ্রেষ্ঠ কাব্য সংকলন। এটি তিনি রবীন্দ্রনাথকে উৎসর্গ করেন।

**Q.** 'পথের দাবী' উপন্যাসের রচয়িতা?

a) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।
b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।
c) কাজী নজরুল ইসলাম।
d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। **ans. B**

***Solution:*** 'পথের দাবী' বিংশ শতাব্দীর প্রথমভাগের অন্যতম বাঙ্গালী কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক বিরচিত একটি জনপ্রিয় উপন্যাস। এই উপন্যাসটি ১৯২৬ খ্রিষ্টাব্দের আগস্ট মাসে সর্বপ্রথম প্রকাশিত হয়েছিল। ভারতে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে এক অসাধারণ বিপ্লবী সব্যসাচী ও তার সাথীদের সংগ্রামের কাহিনি নিয়ে ব্রিটিশ শাসনামলে লিখিত একটি সাহসী উপন্যাস। যেটি ব্রিটিশ শাসিত ভারতে নিষিদ্ধ হয়েছিল।

**Q.** কোন দুটি অঘোষ ধ্বনি?

a) চ্, ছ্ b) ত্, থ্
c) ব্, ভ্ d) দ্, ধ্ **ans. A & B**

***Solution:*** যেসব ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয় না, সেগুলোকে অঘোষ ধ্বনি বলে।
যেমনঃ ক্, খ্; চ্, ছ্; ট্, ঠ্; ত্, থ্; প্, ফ্, শ্।

**Q.** কোনটি শুদ্ধ বানান?

a) দুষণ b) দূষণ
c) দুশন d) দূশন **ans. B**

**Q.** কোনটি পাহাড় শব্দের সমার্থক শব্দ নয়?

a) পর্বত b) শৈল
c) গিরি d) ধরণী **ans. D**

***Solution:*** 'পাহাড়' শব্দের সমার্থক শব্দগুলো হলোঃ মহীধর, পর্বত, গিরি, অচল, শৈল, ভূধর, অদ্রি, শিখরী, শৃঙ্গী, শৃঙ্গধর, মহীধ্র, ভূভৃৎ, নগ।

**Q.** 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা

a) মুহাম্মদ আব্দুল হাই b) ড. মুহম্মদ শহীদুল্লাহ
c) আবুল মনসুর আহম্মদ d) আতাউর রহমান **ans. C**

Recent Publications

**Solution:** আবুল মনসুর আহমদের 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' আমাদের রাজনৈতিক ইতিহাসচর্চার ক্ষেত্রে একটি অপরিহার্য গ্রন্থ। স্মৃতিকথার আঙ্গিকে লেখা এই বইটিতে লেখক ব্রিটিশবিরোধী স্বাধীনতা আন্দোলন থেকে পুরো পাকিস্তান আমল এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়-পরবর্তী সময় পর্যন্ত প্রায় অর্ধশতাব্দীর রাজনৈতিক ইতিহাস অত্যন্ত সরল ও অন্তরঙ্গ ভঙ্গিতে তুলে ধরেছেন। বাংলাদেশের ১৯২০ থেকে '৭০ দশক অবধি প্রায় অর্ধশতাব্দীর রাজনৈতিক ইতিহাস তাঁর নিজস্ব অভিজ্ঞতার আলোকে তুলে ধরেছেন। তাঁর বিখ্যাত বিদ্রুপাত্মক রচনা হচ্ছে: আয়না (১৯৩৫) ও ফুড কনফারেন্স (১৯৪৪)। তাঁর রচিত উপন্যাসের মধ্যে রয়েছে, সত্যমিথ্যা (১৯৫৩), জীবন ক্ষুধা (১৯৫৫) ও আবে-হায়াৎ (১৯৬৮)।

**Q. 'দিবসের শেষ ভাগ' এটির সংক্ষেপণ কী হবে?**

a) পূর্বাহ্ন b) মধ্যাহ্ন
c) সায়াহ্ন d) অপরাহ্ন **ans. D**

**Solution:** 'দিবসের শেষ ভাগ' এটির সংক্ষেপণ হলো অপরাহ্ন। উল্লেখ্য,

| | |
|---|---|
| রাতের প্রথম ভাগ = পূর্বরাত্র | গভীর রাত্রি = নিশীথ |
| রাতের শিশির = শবনম | রাতের শেষ ভাগ = পররাত্র |
| রাত্রিকালীন যুদ্ধ = সৌপ্তিক | রাত্রির তিন ভাগ একত্রে = ত্রিযামা |

**Q. 'চর্যাপদ' কোথা থেকে আবিষ্কৃত হয়েছে?**

a) মিয়ানমার b) ভারত
c) বাংলাদেশ d) নেপাল **ans. D**

**Solution:** পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবারের পুঁথিশালা থেকে চর্যাপদ আবিষ্কার করেন। এটি হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় ১৯১৬ সালে 'হাজার বছরের পুরানো বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়।

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

**পদের নামঃ ড্রাইভার/ট্রাক ড্রাইভার**

তারিখঃ ০৬.০৫.২০২৩; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৩০

**Q. 'দৌহিত্র' অর্থ কী?**

a) রাজার পুত্র b) কন্যার পুত্র
c) ছেলের পুত্র d) রাণীর পুত্র **ans. B**

**Solution:** 'দৌহিত্র' অর্থ দুহিতা বা কন্যার পুত্র; নাতি।

**Q. 'নাস্তিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) আস্তিক b) অস্তিত্ববাদী
c) ধার্মিক d) জড়বাদী **ans. A**

**Q. বিদ্রোহী কবি কে?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) কাজী নজরুল ইসলাম
c) হুমায়ুন আহমেদ d) জসিম উদ্দিন **ans. B**

**Solution:** কাজী নজরুল ইসলাম হলেন বাংলা সাহিত্যের ইতিহাসে 'বিদ্রোহী কবি' এবং জাতীয় কবি।

## বাংলাদেশ ডাক বিভাগ

**পদের নামঃ পোস্টম্যান**

তারিখঃ ০৬.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. ছন্দের যাদুকর কে?**

a) সত্যেন্দ্রনাথ দত্ত b) জসীম উদ্‌দীন
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) সুফিয়া কামাল **ans. A**

**Solution:** বাংলা সাহিত্যের ছন্দের যাদুকর বলা হয় সত্যেন্দ্রনাথ দত্তকে।

**Q. মর্ম স্পর্শ করে যা-**

a) নাতিশীতোষ্ণ b) মর্মস্পর্শী
c) মুষ্টিমেয় d) অকুতোভয় **ans. B**

**Q. 'অর্বাচীন' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) প্রাচীন b) নিরপরাধ
c) অনুজ d) অনভ্যাস **ans. A**

**Solution:**

| প্রদত্ত শব্দ | অর্বাচীন | অনুজ | অনভ্যাস |
|---|---|---|---|
| বিপরীত শব্দ | প্রাচীন | অগ্রজ | অভ্যাস |

**Q. 'পটল তোলা' শব্দের অর্থ কোনটি?**

a) পটলক্ষেতের কর্মী b) মারা যাওয়া
c) জন্ম নেওয়া d) পটল খাওয়া **ans. B**

**Solution:** 'পটল তোলা' অর্থ অক্কা পাওয়া; মারা যাওয়া।

**Q. 'চা' কোন দেশি শব্দ?**

a) জাপান b) চীনা
c) মালয়েশিয়া d) থাইল্যান্ড **ans. B**

**Solution:** 'চা, চিনি, লিচু, সাম্পান' এগুলো হলো চীনা শব্দ।

**Q. 'গবাক্ষ' শব্দের সন্ধি বিচ্ছেদ কি?**

a) গো + অক্ষ b) গো + পরোক্ষ
c) গব + অক্ষ d) গবি + অক্ষ **ans. A**

**Solution:** কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যেমনঃ প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়), কুল + অটা = কুলটা (কুলাটা নয়), গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়), অন্য + অন্য = অন্যান্য, মার্ত = অণ্ড = মার্তাণ্ড, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

**Q. 'একাত্তরের দিনগুলি' এর রচয়িতা কে?**

a) সুফিয়া কামাল b) জাহানারা ইমাম
c) শামসুর রাহমান d) হুমায়ুন আহমেদ **ans. B**

**Solution:** মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমামের স্মৃতিকথা। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাসে। বইটি ব্যক্তিগত দিনলিপি আকারে লেখা, যার শুরু ১৯৭১ সালের ১ মার্চ এবং সমাপ্তি সেই বছরের ১৭ ডিসেম্বর। বইটিতে তার সন্তান শফি ইমাম রুমী অন্যতম প্রধান চরিত্র হিসেবে দেখা দেয় এবং তার মৃত্যুর জন্য জাহানারা ইমাম শহিদ জননী উপাধি পান।

**Q. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের রচয়িতা কে?**

a) শেখ হাসিনা
b) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
c) শেখ কামাল
d) ওবায়দুল কাদের **ans. B**

Solution Page

**Solution:** বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটির বাংলা ও ইংরেজি সংস্করণ প্রকাশিত হয় ১৮জুন ২০১২। এ গ্রন্থে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬–১৯৬৯ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অন্তরীণ থাকা অবস্থায় ১৯৫০ দশকের ঘটনাবলি তুলে ধরেছেন।

**Q. 'তরঙ্গ' শব্দের বহুবচন কোনটি?**

a) তরঙ্গমালা b) তরঙ্গস্তব
c) তরঙ্গরাশি d) তরঙ্গনিচয় **ans. A**

**Solution:** অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দঃ আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুঞ্জ, মালা, রাজি, রাশি। যেমনঃ গ্রন্থাগারে রক্ষিত পুস্তকাবলি, কবিতাগুচ্ছ, কুসুমদাম, কমলনিকর, মেঘকুঞ্জ, পর্বতমালা, বালিরাশি, তারকাবাজি, কুসুমনিচয় ইত্যাদি।

**Q. 'বিষাদ সিন্ধু' গ্রন্থের রচয়িতা কে?**

a) মীর মশাররফ হোসেন b) আব্দুল হাকিম
c) শামসুর রাহমান d) জাফর ইকবাল **ans. A**

**Solution:** বিষাদ-সিন্ধু কারবালার যুদ্ধক্ষেত্রকে উপাত্ত করে রচিত মীর মশাররফ হোসেনের ঐতিহাসিক উপন্যাস। এটি যথাক্রমে ১৮৮৫, ১৮৮৭ ও ১৮৯১ সালে তিন ভাগে প্রকাশিত হয়; পরবর্তীতে সেগুলি একখণ্ডে মুদ্রিত হয়। বিষাদ-সিন্ধুর প্রধান চরিত্রগুলো নামের দিক থেকে ঐতিহাসিক, কিন্তু ঘটনা বর্ণনায় ও চরিত্র সৃষ্টিতে কাল্পনিক। এই গ্রন্থে কিছু উপকাহিনি আছে, যেগুলো যথার্থ ঐতিহাসিক নয়।

**Q. 'তেপান্তর' কোন সমাস?**

a) কর্মধারয় b) বহুব্রীহি
c) দ্বিগু d) অব্যয়ীভাব **ans. C**

**Solution:** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন প্রান্তরের সমাহার = তেপান্তর, চার রাস্তার সমাহার = চৌরাস্তা, তিন কালের সমাহার = ত্রিকাল, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, তেরোনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

**Q. 'রানার' কবিতার রচয়িতা কে?**

a) সুকান্ত ভট্টাচার্য b) সত্যেন্দ্রনাথ ঠাকুর
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) শামসুর রাহমান **ans. A**

**Solution:** সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা 'রানার'।

**Q. রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান কত সালে?**

a) ১৯১৪ b) ১৯১৩
c) ১৯১৭ d) ১৯২৩ **ans. B**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালের নভেম্বর মাসে নোবেল পুরস্কার পান। রবীন্দ্রনাথ ঠাকুর এই পুরস্কার অর্জন করেন তার 'গীতাঞ্জলি' গ্রন্থের জন্য।

**Q. 'অবরোধবাসিনী' গ্রন্থের রচয়িতা কে?**

a) সুফিয়া কামাল b) কামিনী রায়
c) বেগম রোকেয়া d) সানজিদা খাতুন **ans. C**

**Solution:** বেগম রোকেয়া আজীবন মুসলমান নারীদের মধ্যে শিক্ষাবিস্তারের কাজ করেছেন। তাঁকে বলা হয় মুসলিম নারী জাগরণের অগ্রদূত। সুলতানার স্বপ্ন, মতিচূর, অবরোধবাসিনী, পদ্মরাগ, তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ।

**Q. 'আশাতীত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) আশা + অতিত b) আশা + অতীত
c) আশ + অতীত d) আশ + অতীত **ans. B**

**Solution:** প্রথম পদের শেষের 'অ-ধ্বনি' বা 'আ-ধ্বনির' সঙ্গে দ্বিতীয় পদের প্রথম 'অ-ধ্বনি' বা 'আ-ধ্বনির' যোগ 'আ-ধ্বনি' হয়। বানানে তা 'আ-কার' রূপে আগের বর্ণে যুক্ত হয় (অ + অ = আ)। যেমনঃ মহা + অর্ঘ = মহার্ঘ, আশা + অতীত = আশাতীত, যথা + অযথ = যথাযথ, ত্বরা + অন্বিত = ত্বরান্বিত ইত্যাদি।

**Q. 'নদীতে মাছ আছে' এখানে 'নদীতে' কোন কারক?**

a) কর্ম b) করণ
c) অপাদান d) অধিকরণ **ans. D**

**Solution:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধার (স্থান) কে অধিকরণ কারক বলে।

**Q. 'যা কখনও নষ্ট হয়না' এক কথায় প্রকাশ কর-**

a) অনিষ্ট b) অবনিষ্ট
c) অবিনশ্বর d) নশ্বর **ans. C**

**Solution:** যা কখনও নষ্ট হয় না = অবিনশ্বর।
নষ্ট হওয়া স্বভাব যার = নশ্বর।

**Q. বাংলা ভাষার রীতি কি কি?**

a) কথা ও সাধু b) কথ্য, চলিত ও সাধু
c) কথা ও চলিত d) চলিত ও সাধু **ans. B**

**Solution:** অধিকাংশ ভাষায় অন্তত দুটি রীতি থাকে। ১. কথ্য ভাষা রীতি এবং ২. লেখ্য ভাষা রীতি। আবার লেখ্য ভাষার রীতির দুটি রূপ (সাধু ও চলিত) রয়েছে। তাই উত্তর কথ্য, চলিত ও সাধু ভাষার রীতি।

**Q. 'আমি যাব, তবে কাল যাব' কোন ধরনের বাক্য?**

a) যৌগিক বাক্য b) সরল বাক্য
c) জটিল বাক্য d) মিশ্র বাক্য **ans. A**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।
জ্ঞাতব্যঃ যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো 'এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি' ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমনঃ নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু, কোনো পথ দেখাতে পারলেন না।

RPUBLICATIONS

**Q.** 'আগুন' এর সমার্থক শব্দ কোনটি?

a) সুবর্ণ b) অনল
c) অজয় d) কর **ans. B**

***Solution:*** 'আগুন' এর সমার্থক শব্দ হলোঃ অগ্নি, অনল, হুতাশন, পাবক, বৈশ্বানর, বহ্নি, দহন, সর্বভুক, শিখা, হোমাগ্নি, কৃশানু, শিখা, সর্বশুচি।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ অফিস সহকারী

তারিখঃ ১২.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'আনারস' এবং 'চাবি' শব্দ দুটি বাংলা ভাষা গ্রহণ করেছে-

a) পর্তুগিজ ভাষা থেকে b) আরবি ভাষা থেকে
c) দেশি ভাষা হতে d) ওলন্দাজ ভাষা হতে **ans. A**

***Solution:*** নিচে আরো কিছু দেশের ভাষার শব্দ দেয়া হলঃ

| পর্তুগিজ ভাষার শব্দ | ওলন্দাজ ভাষার শব্দ | আরবি ভাষার শব্দ | চীনা ভাষার শব্দ |
|---|---|---|---|
| আলপিন, পাউরুটি, ইংরেজ, সাবান, তোয়ালে, বালতি | তুরুপ, টেক্কা, হরতন, রুইতন | আদালত, আমলা, আমনত, কলম, খবর, খাজনা | লিচু, লুচি, চা, চিনি, সাম্পান |

**Q.** 'জিজ্ঞাসিবে <u>জনে জনে</u>' বাক্যে নিম্নরেখা কোন কারকে কোন বিভক্তি?

a) অপাদানে সপ্তমী b) কর্মে সপ্তমী
c) করণে সপ্তমী d) কর্তায় সপ্তমী **ans. B**

***Solution:*** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। কর্ম দুই প্রকার (মুখ্য বা বস্তুবাচক কর্ম এবং গৌণ বা ব্যক্তিবাচক কর্ম)।

**Q.** পদাবলী লিখেছেন কে?

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) মাইকেল মধুসূদন দত্ত
c) ইশ্বরচন্দ্র গুপ্ত d) কায়কোবাদ **ans. A**

***Solution:*** রবীন্দ্রনাথ ঠাকুর ব্রজবুলি ভাষায় 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' রচনা করেন। ব্রজবুলি এক প্রকার কৃত্রিম সাহিত্যিক ভাষা। বাংলা ও মৈথিলী ভাষার মিশ্রণে এই ভাষা তৈরি হলেও এতে বেশ কিছু হিন্দি শব্দ আছে। মৈথিল কবি বিদ্যাপতির পদের ভাব ও ভাষার অনুসরণে বাংলা উড়িষ্যা ও আসামে পঞ্চদশ শতাব্দীর শেষভাগে ব্রজবুলি ভাষার সৃষ্টি হয়। সাহিত্যকর্ম ব্যতীত এ ভাষার ব্যবহার নেই।

**Q.** 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?

a) নেপালের রাজ দরবার থেকে
b) গোয়ালঘর থেকে
c) পাঠশালা থেকে
d) মন্দির থেকে **ans. B**

***Solution:*** গোয়ালঘর থেকে উদ্ধার করা হয় 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য'। উল্লেখ্য, এটি মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ। গ্রন্থটির লেখক হলেন বড়ু চণ্ডীদাস। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ১৩ খণ্ডে রচিত।

**Q.** 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?

a) ফার্সি b) তুর্কি
c) পর্তুগিজ d) আরবি **ans. B**

***Solution:*** কিছু তুর্কি ভাষাঃ উজবুক, কোর্মা, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, সওগাত, তোপ, কাবু, তক্‌মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, বাবা, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুরনিশ, খোকা, বাবুর্চি।

**Q.** কোনটি তদ্ভব শব্দ?

a) চাঁদ b) সূর্য
c) নক্ষত্র d) গগন **ans. A**

***Solution:*** তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়। যেমনঃ

| সংস্কৃত | ঘৃত | চর্মকার | চন্দ্র |
|---|---|---|---|
| প্রাকৃত | ঘিঅ | চম্মআর | চন্দ |
| তদ্ভব | ঘি | চামার | চাঁদ |

**Q.** 'পুষ্পসৌরভ' কোন সমাসের উদাহরণ?

a) তৎপুরুষ b) কর্মধারয়
c) অব্যয়ীভাব d) বহুব্রীহি **ans. A**

***Solution:*** পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমনঃ পুষ্পের সৌরভ = পুষ্পসৌরভ, চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট। এরূপঃ ছাত্রসমাজ, দেশসেবা, বাঁদরনাচ, পাটক্ষেত, ছবিঘর, ঘোড়দৌড়, শ্বশুরবাড়ি, বিড়ালছানা ইত্যাদি।

**Q.** বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে-

a) সংস্কৃত b) পাঠান
c) প্রাকৃত d) অপভ্রংশ **ans. C**

***Solution:*** বাংলা ভাষার উদ্ভব হয়েছে প্রাকৃত ভাষা থেকে। উল্লেখ্য, প্রাকৃত ভাষা হলো প্রাকৃতজনের মুখের ভাষা বা সাধারণ জনগণের কথ্য ও বোধ্য ভাষা। সময়ের কালক্রমে প্রাকৃত ভাষা বিভিন্ন আঞ্চলিক প্রভাবে এবং উচ্চারণের ভিন্নতায় নানা রূপ ধারণ করতে থাকে। যেমনঃ মহারাষ্ট্রীয় প্রাকৃত, অর্ধ মাগধী প্রাকৃত, মাগধী প্রাকৃত, গৌড়ী প্রাকৃত, গৌড়ি প্রাকৃত অপভ্রংশ ইত্যাদি বিকৃতের মাধ্যমে বাংলা ভাষার উৎপত্তি।

**Q.** কোনটি সঠিক বানান?

a) নিশিথিনী b) নীশিথিনী
c) নিশীথিনী d) নিশিথিনি **ans. C**

**Q.** বাংলা লিপির উৎস কী?

a) সংস্কৃত লিপি b) চীনা লিপি
c) আরবি লিপি d) ব্রাহ্মী লিপি **ans. D**

***Solution:*** এই উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায় তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের অনুশাসনের সময়ের। বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে উভয় প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলের পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ

SOLUTION BD

করে। যথাঃ সারদা (কাশ্মির ও পাঞ্জাবে প্রচলিত রূপ), নাগর (রাজস্থান ও মালব; গুজরাট ও মধ্যপ্রদেশে প্রচলিত রূপ) এবং কুটিল (ভারতের পূর্বাঞ্চলে প্রচলিত রূপ)। বাংলা লিপি ব্রাহ্মী লিপির এই কুটিল রূপ থেকে সৃষ্টি হয়েছে।

**Q. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**

a) পৃথ্বী b) নীর
c) ক্ষিতি d) অবনি **ans. B**

**Solution:** 'নীর' অর্থ পানি; জল; বারি। আর 'অদিতি' এর অর্থ হলোঃ পৃথ্বী, ক্ষিতি, অবনি, ধরণি, ভূ, বসুমতী, উর্বী, বসুধা, ভূমি।

**Q. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' এই মনোবাক্যটি কার?**

a) ভবানন্দের b) ভানুদত্তের
c) ঈশ্বরী পাটনীর d) প্রফুল্লরায়ের **ans. C**

**Solution:** 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' উক্তিটি ভারতচন্দ্র রায়গুণাকরের। তাঁর রচিত কয়েকটি উক্তি 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন', 'বাঁচতে হলে লাঙ্গল ধর রে; নগর পুড়িলে দেবালয় কি এড়ায়'।

**Q. 'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ-**

a) ষড় + ঋতু b) ষড়্ + ঋতু
c) ষট্ + ঋতু d) কোনটিই নয় **ans. C**

**Solution:** 'ক, চ, ট, ত, প' এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে 'গ্, জ, ড্ (ড়), দ্, ব্' হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ ষট্ + আনন = ষড়ানন; তৎ + অবধি = তদবধি।

**Q. বর্ণ হচ্ছে?**

a) একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
b) ধ্বনি নির্দেশক প্রতীক
c) ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ
d) কোনটিই নয় **ans. B**

**Solution:** বর্ণ হচ্ছে ধ্বনি নির্দেশক প্রতীক। বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জন বর্ণ ৩৯টি।

**Q. যে ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার, তাকে কী বলা হয়?**

a) স্বরবৃত্ত b) পয়ার
c) মাত্রাবৃত্ত d) অপবৃত্ত **ans. A**

**Solution:** যে ছন্দ পাঠকালে, উচ্চারণ গতিবেগ দ্রুত হয়, শ্বাসঘাত পরে, পর্বগুলো হয় ছোট কেবল ৪ মাত্রার এবং যে ছন্দে অক্ষর মানেই ১ মাত্রা ধরা হয়, তাকে স্বরবৃত্ত ছন্দ বলে।

**Q. মধ্যপদলোপী কর্মধারয় এর দৃষ্টান্ত কোনটি?**

a) ঘর থেকে ছাড়া-ঘরছাড়া
b) অরুণের মতো রাঙা-অরুণরাঙা
c) ক্ষণ ব্যাপিয়া স্থায়ী-ক্ষণস্থায়ী
d) হাসি মাখা মুখ-হাসিমুখ **ans. D**

**Solution:** সমাসে ব্যাস বাক্যের মধ্য পদ লোপ পেয়েছে বলে 'হাসিমুখ' মধ্যপদলোপী কর্মধারয় সমাস। ক্ষণস্থায়ী ২য় তৎপুরুষ সমাস। ঘরছাড়া ৫মী তৎপুরুষ সমাস। অরুণরাঙা উপমান কর্মধারয় সমাস।

**Q. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) নির্ভয় b) বিস্ময়
c) প্রত্যয় d) দ্বিধা **ans. C**

**Solution:**

| | | |
|---|---|---|
| সংশয় এবং বিস্ময় | ভয় | দ্বিধা |
| প্রত্যয় | নির্ভয় | নির্দ্বিধা |

**Q. বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম উল্লেখযোগ্য গ্রন্থ কার রচনা?**

a) দীনেশচন্দ্র সেন
b) সুনীতি কুমার চট্টোপাধ্যায়
c) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
d) সুকুমার সেন **ans. A**

**Solution:** বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থঃ

| গ্রন্থ | রচনাকারী |
|---|---|
| বাংলা ভাষার ইতিবৃত্ত (প্রবন্ধ) | ড. মুহাম্মদ শহীদুল্লাহ |
| বাংলা সাহিত্যের কথা | ড. মুহাম্মদ শহীদুল্লাহ |
| বাংলা ভাষার উৎপত্তি ও বিকাশ (Origin and Development of Bengali language) | সুনীতিকুমার চট্টোপাধ্যায় |
| বঙ্গভাষা ও সাহিত্য (বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ) | দীনেশচন্দ্র সেন |
| বাংলা সাহিত্যের ইতিবৃত্ত | মুহাম্মদ আব্দুল হাই ও সৈয়দ আলী আহসান |
| বাংলা সাহিত্যের রূপরেখা | গোপাল হালদার |

**Q. 'তুলসী বনের বাঘ' বাগধারাটির অর্থ কি?**

a) নির্ভীক b) অপদার্থ
c) শক্তিশালী d) ভণ্ড **ans. D**

**Q. পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক কে-**

a) ভারত চন্দ্র রায় b) দৌলত কাজী
c) সৈয়দ হামজা d) আব্দুল হাকিম **ans. Note**

**Solution:** অষ্টাদশ শতকের পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক হলেন ফকির গরীবুল্লাহ (শাহ মুহম্মদ গরীবুল্লাহ)।

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক**
**তারিখঃ ১২.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

**Q. 'একুশের গান' কবিতার রচয়িতা কে?**

a) আবদুল গাফফার চৌধুরী b) সুকান্ত ভট্টাচার্য
c) জসীসউদ্‌দীন d) সুফিয়া কামাল **ans. A**

**Solution:** 'একুশের গান' কবিতার রচয়িতা হলেন আবদুল গাফফার চৌধুরী। তাঁর প্রকাশিত প্রথম শিশুতোষ গ্রন্থ 'ডানপিটে শওকত' (১৯৫৩)।

**Q. প্রথম বাংলা পত্রিকা কোনটি?**

a) দিগ্‌দর্শন b) কল্লোল
c) প্রভাকর d) সংবাদ **ans. A**

**Solution:** 'দিগ্‌দর্শন' বাংলা ভাষায় প্রথম পত্রিকা। এটি প্রকাশ করেন শ্রীরামপুরের মিশনারিরা, সম্পাদক ছিলেন জন ক্লার্ক মার্শম্যান। পত্রিকাটি প্রকাশিত হয় ১৮১৮ সালে।

Recent Publications

**Q.** 'কল্লোল' শব্দটির অর্থ কী?

a) পাল b) ঢেউ
c) চিবুক d) কোনোটিই নয় ***ans.* B**

***Solution:*** 'কল্লোল' শব্দটির সমার্থক 'তরঙ্গ, ঊর্মি, বীচি'।

**Q.** 'বুকের রক্তে লিখেছি একটি নাম বাংলাদেশ' বাক্যের ক্রিয়াটি কোন কালের?

a) পুরাঘটিত অতীত b) পুরাঘটিত বর্তমান
c) সাধারণ বর্তমান d) সাধারণ অতীত ***ans.* B**

***Solution:*** ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে তাকে পুরাঘটিত বর্তমান কাল বলে। যেমনঃ এতক্ষণ আমি ইংরেজি করছি।

**Q.** 'অবেলায় আমি দিলেম পাড়ি, অথৈ সাগরে' এখানে উপসর্গ রয়েছে?

a) দুইটি b) তিনটি
c) একটি d) চারটি ***ans.* A**

***Solution:*** এই বাক্যে দুটি শব্দে উপসর্গ রয়েছে। একটি হলো 'অবেলায়' এবং অপরটি হলো 'অথৈ'। উল্লেখ্য, দুটি শব্দেই খাঁটি বাংলা উপসর্গ 'অ' ব্যবহৃত হয়েছে।

**Q.** নিচের কোন বানানটি শুদ্ধ?

a) নিশীথিনী b) নীশিথিনী
c) নিশীথিনি d) নিশিথিনি ***ans.* A**

**Q.** 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

a) আরবি b) তুর্কি
c) পর্তুগিজ d) ফারসি ***ans.* B**

***Solution:*** কিছু তুর্কি শব্দঃ উজবুক, কোর্মা, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, সওগাত, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, ঠাকুর, কুলি, খোকা, বাবুর্চি ইত্যাদি।

**Q.** 'গৌরচন্দ্রিকা' বাগধারার অর্থ কী?

a) গুরুচন্ডালি b) যবনিকা
c) ভূমিকা d) অনুশীলন ***ans.* C**

***Solution:*** গৌরচন্দ্রিকা হলো ভূমিকা বা ভণিতা করা।

**Q.** 'দেয়াল' রচনাটি কার?.

a) বুদ্ধদেব বসু b) সেলিনা হোসেন
c) সুফিয়া কামাল d) হুমায়ুন আহমেদ ***ans.* D**

***Solution:*** ১৯৭৫ সালের ১৫ আগষ্ট এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হত্যাকাণ্ড নিয়ে হুমায়ূন আহমেদ 'দেয়াল' নামক উপন্যাসটি রচনা করেন। এটি তাঁর একটি রাজনৈতিক উপন্যাস। তাঁর কিছু মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস হলো 'সৌরভ', 'অনীল বাগচীর একদিন,' 'জোছনা ও জননীর গল্প' ইত্যাদি।

**Q.** মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কাব্যটি কোন ধরনের কাব্য?

a) পত্রকাব্য b) মহাকাব্য
c) গীতিকাব্য d) সনেট ***ans.* A**

***Solution:*** বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য 'বীরাঙ্গনা' (১৮৬২) লিখেছেন মাইকেল মধুসূদন দত্ত। পত্রকাব্য হলোঃ যা পত্র আকারে লেখা হয় তাকে পত্রকাব্য বলে। ইতালীয় কবি ওভিদের Heroides কাব্যের আদর্শানুসারে লিখিত পত্রকাব্য। ১১টি পূর্ণপত্রে ১১ জন নারীর বর্ণনা রয়েছে 'বীরাঙ্গনা' কাব্যটিতে। অমিত্রাক্ষর ছন্দের সার্থক প্রয়োগ ঘটেছে এ কাব্যে। মাইকেল মধুসূদন দত্ত তাঁর এই কাব্যটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেন।

**Q.** সন্ধি- সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?

a) ব্যঞ্জন ধ্বনি b) স্বরধ্বনি
c) বিসর্গ সন্ধি d) নিপাতনে সন্ধি ***ans.* D**

***Solution:*** ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়ম অনুসারেই যখন কোনো কর্ম ব্যাখ্যা করা যায় না, অথচ তা সংঘটিত হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেয়ার নাম নিপাতনে সন্ধি। উদাহরণঃ আ + চর্য = আশ্চর্য। বৃহৎ + পতি = বৃহস্পতি। পর + পর = পরস্পর। ষট্ + দশ = ষোড়শ। বন + পতি = বনস্পতি।

**Q.** সমাস ভাষাকে কি করে?

a) অর্থপূর্ণ করে b) অর্থের রূপান্তর ঘটায়
c) বিস্তৃত করে d) সংক্ষেপ করে ***ans.* D**

***Solution:*** সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

**Q.** জসীম উদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

a) কল্লোল b) তত্ত্ববোধিনী পত্রিকা
c) ধূমকেতু d) কালি ও কলম ***ans.* A**

***Solution:*** 'কবর' কবিতাটি কবি জসীম উদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ "রাখালী" (১৯২৭) কাব্যগ্রন্থে অন্তর্গত রয়েছে। এ কবিতাটি প্রথম ছাপা হয় কল্লোল পত্রিকায়। তার ছাত্রাবস্থায় এই কবিতাটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য বইয়ে তালিকাভুক্ত হয়।

**Q.** 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ!' এই বাক্যে 'কী' এর অর্থ-

a) বিরক্তি b) ভয়
c) রাগ d) বিপদ ***ans.* A**

**Q.** কোনটি কাব্যগ্রন্থ?

a) শেষ প্রশ্ন b) শেষ লেখা
c) শেষের লেখা d) শেষের পরিচয় ***ans.* B**

***Solution:*** 'শেষ লেখা' রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক রচিত একটি কাব্যগ্রন্থ। এটি ১৯৪১ সালে তাঁর মৃত্যুর পর প্রকাশিত হয়। এই গ্রন্থের নামকরণ রবীন্দ্রনাথ করে যেতে পারেন নি। উল্লেখ্য, 'শেষ' নামের তথ্যের মিল অমিলঃ

| | |
|---|---|
| শেষ প্রশ্ন (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষ লেখা (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষের পরিচয় (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষের কবিতা (উপন্যাস) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষকথা (ছোটগল্প) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ সপ্তক (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষরক্ষা (প্রহসন) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ বিকেলের মেয়ে (উপন্যাস) | জহির রায়হান |
| শেষ পাণ্ডুলিপি (উপন্যাস) | বুদ্ধদেব বসু |

**Q.** কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

a) চিলেকোঠার সেপাই
b) আগুনের পরশমণি
c) একাত্তরের দিনগুলি
d) পায়ের আওয়াজ পাওয়া যায় ***ans.* B**

Recent Publications

**Solution:** হুমায়ূন আহমেদের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসঃ আগুনের পরশমণি, জোছনা ও জননীর গল্প, সৌরভ (১৯৭১), মুক্তিযুদ্ধে উপন্যাস সমগ্র, শ্যামল ছায়া। উনসত্তরের (১৯৬৯) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের মহাকাব্যিক উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমামের স্মৃতিকথা। সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (১৯৭৬)।

**Q. 'নদী ও নারী' কার রচনা?**

a) কাজী আব্দুল ওদুদ
b) আবুল ফজল
c) শামসুদ্দিন আবুল কালাম
d) হুমায়ুন কবির **ans. D**

**Solution:** 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক হুমায়ুন কবির। তিনি মূলত লেখক ও রাজনীতিবিদ ছিলেন। তার রচিত কাব্যঃ স্বপ্নসাধ, সাথী, অষ্টাদশ এবং উপন্যাস 'নদী ও নারী'।

**Q. 'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি বাংলা ভাষায় এসেছে-**

a) বাংলা ভাষা থেকে
b) ফারসি ভাষা থেকে
c) আরবি ভাষা থেকে
d) উর্দু ভাষা থেকে **ans. C**

**Solution:** 'লাপাত্তা' শব্দটি 'লা' উপসর্গযোগে গঠিত হয়েছে। 'লা' উপসর্গটি আরবি উপসর্গ।

আরবি উপসর্গঃ

| | | |
|---|---|---|
| আম্ | সাধারণ | আমদরবার, আমমোক্তার |
| খাস | বিশেষ | খাসমহল, খাসখবর, খাসকামরা, খাসদরবার |
| লা | না | লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা |
| গর্ | অভাব | গরমিল, গরহাজির, গরবাজি |

**Q. বাংলাদেশের জাতীয় সংগীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?**

a) বাংলার প্রকৃতির কথা
b) বাংলার মানুষের কথা
c) বাংলার ইতিহাসের কথা
d) বাংলার সংস্কৃতির কথা **ans. A**

**Solution:** বাংলাদেশের জাতীয় সংগীতে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য প্রস্ফুটিত হয়েছে।

**Q. বাংলা সাহিত্যে প্রথম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি?**

a) জগৎ মোহিনী
b) বসন্তকুমারী
c) কল্পনা
d) মোহনী প্রেমদাস **ans. B**

**Solution:** 'বসন্তকুমারী' (ফেব্রুয়ারি ১৮৭৩) নাটকের নাট্যকার হলেন মীর মশাররফ হোসেন। এটি বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম নাটক। এই নাটকটি তিনি নওয়াব আবদুল লতিফকে উৎসর্গ করেন।
মীর মশাররফ হোসেনের কিছু উল্লেখযোগ্য নাটকঃ 'জমীদার দর্পণ', 'বেহুলা গীতাভিনয়', 'নিয়তি কি অবনতি' এবং 'টালা অভিনয়'।

## বাংলাদেশ ডাক বিভাগ

পদের নামঃ পোস্টাল অপারেটর
তারিখঃ ১৩.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি?**

a) নিশীথিনী
b) রজনীকান্ত
c) ভানু
d) কোমলাকান্ত **ans. B**

**Solution:** 'চাঁদ' এর সমার্থক শব্দ হলোঃ রজনীকান্ত, চন্দ্র, সুধাংশু, সুধাকর, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু, নিশাকর, সোম, শীতাংশু, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, নিশাপতি, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাধর, কলাভৃৎ, কুমুদনাথ। আর রাত্রি, রজনী, ভানু এগুলো হলো সূর্য এর সমার্থক শব্দ।

**Q. 'সিডর' শব্দের অর্থ কি?**

a) চোখ
b) বন্যা
c) ঘূর্ণিঝড়
d) চাঁদ **ans. A**

**Solution:** 'সিডর' একটি সিংহলি শব্দ। যার অর্থ হলো 'চোখ'। প্রকৃতপক্ষে এটি একটি ঘূর্ণিঝড়ের নাম, যা বাংলাদেশের দক্ষিণ উপকূলে ২০০৭ সালের ১৫ নভেম্বর ব্যাপক হারে আঘাত হানে।

**Q. 'হা-ভাতে' কোন সমাস?**

a) উপপদ তৎপুরুষ
b) অব্যয়ীভাব
c) বহুব্রীহি
d) প্রাদি **ans. B**

**Solution:** 'হা ভাতে' (অব্যয়ীভাব সমাস) এর ব্যাসবাক্য হলো ভাতের অভাব।

**Q. 'সিকি' কোন ধরনের শব্দ?**

a) অংকবাচক
b) গণনাবাচক
c) পূরণবাচক
d) তারিখবাচক **ans. C**

**Solution:** কখনো পূর্ণসংখ্যার থেকে খানিকটা কম বা খানিকটা বেশি বোঝাতে ভগ্নাংশ পূরণবাচক হয়। যেমনঃ আধ, সাড়ে, পোয়া, সোয়া, দেড়, আড়াই, তেহাই, চৌথা, সিকি, পোয়া, তেহাই, অর্ধ বা আধা এবং পৌনে-ন্যূনতা ইত্যাদি।

**Q. 'গণকবর' শব্দের 'গণ' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

a) সাধারণ অর্থে
b) মানুষ অর্থে
c) বিশেষ অর্থে
d) বহুবচন অর্থে **ans. D**

**Solution:** যে শব্দ দ্বারা কোনো প্রাণী, বস্তু বা ব্যক্তির একের অধিক অর্থাৎ বহু সংখ্যার ধারণা হয়, তাকে বহুবচন বলে। উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দঃ

| গণ | বৃন্দ | মণ্ডলী | বর্গ |
|---|---|---|---|
| দেবগণ, নরগণ, জনগণ ইত্যাদি | সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ ইত্যাদি | শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী ইত্যাদি | পণ্ডিতবর্গ, মন্ত্রিবর্গ ইত্যাদি |

**Q. শব্দ ও ধাতুর মূলকে কি বলে?**

a) বিভক্তি
b) ধাতু
c) প্রকৃতি
d) কারক **ans. C**

**Solution:** শব্দ বা ধাতুর মূলকে প্রকৃতি বলে। শব্দের মূল বলতে মৌলিক শব্দকে এবং ধাতুর মূল বলতে সিদ্ধ বা মৌলিক ধাতুকেই সাধারণত বুঝায়।

**Q. 'সংবিধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) সং + বিধান
b) সং + অবিধান
c) সম্ + বিধান
d) সম + ধান **ans. C**

**Solution:** 'ম্' এরপর 'ক, খ, গ, ঘ এবং য, র, ল' কিংবা 'শ, ষ, স, হ' এর যে কোনো একটি থাকলে অনুস্বার (ং) বা 'ঙ' হয়। 'চ' থেকে 'ম' পর্যন্ত যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে 'ম্' ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। যেমনঃ
সংবিধান = সম্ + বিধান, অলংকার = অলম্ + কার, শান্ত = শাম্ + ত, সংরক্ষণ = সম্ + রক্ষণ, সঞ্চয় = সম্ + চয়, দংশন = দম্ + শন ইত্যাদি।

Caution

**Q.** 'সুন্দর মাত্রেরেই একটা আকর্ষণ শক্তি আছে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ?

a) বিশেষণ b) বিশেষ্য
c) বিশেষণের বিশেষণ d) সর্বনাম **ans. B**

**Q.** 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ হলো

a) তোষামুদে b) নিষ্কর্মা
c) নিতান্ত অলস d) মোটাবুদ্ধি **ans. A**

**Q.** 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদকের নাম কি?

a) দেবেন্দ্রনাথ ঠাকুর b) কালি প্রসন্ন সিংহ
c) অক্ষয়কুমার দত্ত d) উমেশ দত্ত **ans. C**

***Solution:*** 'তত্তবোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন অক্ষয়কুমার দত্ত। পত্রিকাটি প্রকাশিত হয় ১৮৪৩ সালে। 'ব্রাহ্মসমাজ' এর মুখপাত্র এবং একইসাথে তত্ত্ববোধিনী সভার মুখপাত্র ছিলেন।

**Q.** বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা বর্ণের সংখ্যা কতটি?

a) ২৩ b) ৩২
c) ১০ d) ৮ **ans. B**

***Solution:*** পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা ৩২টি। উল্লেখ্য,

* বাংলা বর্ণমালায় মোট বর্ণের সংখ্যা ৫০টি।
* অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা ৮টি।
* মাত্রাহীন বিশিষ্ট বর্ণের সংখ্যা ১০টি।

**Q.** 'আমি বিজয় দেখেছি' গ্রন্থটির রচয়িতা কে?

a) বেগম সুফিয়া কামাল b) এম আর আখতার মুকুল
c) শহীদুল্লাহ কায়সার d) জাহানারা ইমাম **ans. B**

***Solution:*** আমি বিজয় দেখেছি মূলত এম আর আখতার মুকুলের আত্মকাহিনিভিত্তিক উপন্যাস, যেটি মূলত বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ইতিহাস নির্ভর। বইটিতে লেখক বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে কথা বলেছেন।

**Q.** 'বাঁশি বাজে ঐ দূরে' যে বাচ্যের উদাহরণ

a) কর্ম-কর্তৃবাচ্য b) কর্তৃবাচ্য
c) ভাববাচ্য d) যৌগিক বাচ্য **ans. A**

***Solution:*** যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে ওঠে বাক্য গঠন করে, তাই কর্মকতৃবাচ্য নামে পরিচিত। যেমনঃ
০১. কাজটি ভাল দেখায় না। ০২. বাঁশি বাজে ঐ মধুর লগনে। ০৩. সুতি কাপড় অনেক দিন টেকে।

**Q.** 'আকুপাকু' বাগধারার সঠিক অর্থ কি?

a) স্তম্ভিতভাব b) ঝাঁকুনি দেয়া
c) ব্যস্ততার ভাব d) ন্যাকামি **ans. C**

**Q.** 'চরণকমল' কোন সমাসের উদাহরণ?

a) উপমান কর্মধারয় b) উপমিত কর্মধারয়
c) রূপক কর্মধারয় d) দ্বিগু সমাস **ans. B**

***Solution:*** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এ ক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়) এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমনঃ মুখ চন্দ্রের ন্যায় = চন্দ্রমুখ। পুরুষ সিংহের ন্যায় = সিংহপুরুষ। চরণ কমলের ন্যায় = চরণকমল। এরূপঃ কথামৃত, নয়নপদ্ম, করকমল, বীরসিংহ, বাহুলতা, নরসিংহ, পাদপদ্ম, ফুলকুমারী ইত্যাদি।

## পোস্টমাস্টার জেনারেল, রাজশাহী

পদের নামঃ পোস্টাল অপারেটর
তারিখঃ ২০.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** ফেরেশতা কোন ভাষা থেকে আগত শব্দ?

a) বাংলা b) ফারসি
c) আরবি d) উর্দু **ans. B**

***Solution:*** 'ফেরেশতা ' ফারসি ভাষার শব্দ। ফারসি ভাষার আরো কয়েকটি শব্দ: নামাজ, রোজা, দোজখ, খোদা, বেহেশত, দফতর, তারিখ, নালিশ, নমুনা, হাঙ্গামা, রফতানি।

**Q.** 'শব্দ প্রকরণ' ব্যাকরনের কোন অংশ আলোচিত হয়?

a) ধ্বনিতত্ত্বে b) রূপতত্ত্বে
c) বাক্যতত্ত্বে d) অর্থতত্ত্বে **ans. B**

***Solution:*** বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়ঃ

| বিষয় | আলোচ্য বিষয় |
|---|---|
| ধ্বনিতত্ত্ব | ধ্বনি, সন্ধি, ণত্ব বিধি, ষত্ব বিধি। |
| শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব | শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ। |
| বাক্যতত্ত্ব বা পদক্রম | বাক্যের গঠন প্রণালি, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন। |
| অর্থতত্ত্ব | শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার। |

**Q.** নিচের কোন শব্দটিতে স্বভাবতই 'ষ' হয়?

a) দ্বেষ b) সুষমা
c) পরিষ্কার d) প্রতিষ্ঠান **ans. A**

***Solution:*** কতগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমনঃ আষাঢ়, ষড়ঋতু, রোষ, কোষ, ভাষণ, ভাষা, ঊষা, পৌষ, কলুষ, প্রাষণ, মানুষ, ঔষধ, ষড়যন্ত্র, ভূষণ, দ্বেষ ইত্যাদি।

**Q.** কোন ক্ষেত্রে সাধারণত 'ণ' হয় না 'ন' হয়?

a) সমাসবদ্ধ পদে b) অব্যয়যুক্ত পদে
c) সন্ধিযুক্ত পদে d) প্রত্যয়যুক্ত পদে **ans. A**

***Solution:*** 'ষ' এবং 'ণ' হলো সংস্কৃত বর্ণ। এরা কখনো বিদেশি, সমাসবদ্ধ শব্দে ব্যবহৃত হয় না।

**Q.** উনপঞ্চাশ বায়ু বাগধারাটির অর্থ কী?

a) সৌভাগ্যবান b) পাগলামি
c) সুসময় d) সহজলভ্য **ans. B**

**Q.** বাংলা স্বরধ্বনিতে কয়টি দীর্ঘস্বর আছে?

a) ৪টি b) ৫টি
c) ৬টি d) ৭টি **ans. D**

***Solution:*** উচ্চারণের কাল-পরিমাণ অনুযায়ী স্বরধ্বনিকে দুইভাগে ভাগ করা যায়। এই দুটি হলোঃ
**হ্রস্ব স্বর (৪টি)**ঃ অ, ই, উ, ঋ। **দীর্ঘস্বর (৭টি)**ঃ আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

**Q.** নিচের কোনটি কেন্দ্রীয় নিম্নাবস্থিত স্বরধ্বনি?

a) ও b) অ
c) ই d) আ **ans. D**

***Solution:*** এই শ্রেণির স্বরধ্বনি উচ্চারণের সময় জিভ সবচেয়ে নিচে নামে। যেমনঃ আ।

**Q.** 'পরভৃত' শব্দের অর্থ কী?

a) ময়ূর b) কোকিল
c) কাক d) বক **ans.B**

Recent Publications

**Solution:** 'কোকিল' শব্দের প্রতিশব্দগুলো হলোঃ কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পিক, পরভৃত, বসন্তদূত। আর 'পরভৃৎ' অর্থ কোকিলকে যে পালন করে অর্থাৎ কাক; বায়স।

**Q. 'উচাটন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) উত্তাল b) উদঘাটন
c) উদীয়মান d) প্রশান্ত **ans. D**

**Solution:** উচাটন অর্থ ব্যাকুল, উৎকণ্ঠিত, উৎকণ্ঠা, ব্যাকুলতা।

**Q. নিচের কোনটি আল মাহমুদের শিশুতোষ কাব্যগ্রন্থ?**

a) পাখির কাছে ফুলের কাছে b) কবি ও কোলাহল
c) দেহ ও দয়িতা d) বখতিয়ারের ঘোড়া **ans. A**

**Solution:** কবি আল মাহমুদের প্রধান গ্রন্থগুলোঃ **কাব্যগ্রন্থ:** সোনালী কাবিন, লোক লোকান্তর, কালের কলস, বখতিয়ারের ঘোড়া, পাখির কাছে ফুলের কাছে। **উপন্যাস:** উপমহাদেশ (মুক্তিযুদ্ধ ভিত্তিক); আগুনের মেয়ে, ডাহুকী, কাবিলের বোন। **গল্পগ্রন্থ:** পানকৌড়ির রক্ত, সৌরভের কাছে পরাজিত, গন্ধবণিক, ময়ূরীর মুখ।

**Q. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?**

a) উত্থান b) আশ্চর্য
c) পুনরুক্ত d) বহিষ্কৃত **ans. B**

**Solution:** কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ
আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ
বন্ + পতি = বনস্পতি; পর্ + পর = পরস্পর
মনস্ + ইষা = মনীষা।

**Q. চ ও জ এর পরে নাসিক্য ধ্বনি কী হবে?**

a) ওষ্ঠ্য b) মূর্ধন্য
c) দন্ত d) তালব্য **ans. D**

**Solution:** নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

| উচ্চারণ স্থান | ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ | উচ্চারণস্থান অনুযায়ী নাম |
|---|---|---|
| জিহবামূল | ক খ গ ঘ ঙ | কণ্ঠ্য বা জিহবামূলীয় বর্ণ |
| অগ্রতালু | চ ছ জ ঝ শ য | তালব্য বর্ণ |
| পশ্চাৎ দন্তমূল | ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ় | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| অগ্র দন্তমূল | ত থ দ ধ ন ল স | দন্ত্য বর্ণ |
| ওষ্ঠ | প ফ ব ভ ম | ওষ্ঠ্য বর্ণ |

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণি)।

**Q. কোনটি খাঁটি বাংলা উপসর্গ সাধিত শব্দ?**

a) নির্ণয় b) বনাম
c) সুতীক্ষ্ণ d) ইতিহাস **ans. D**

**Solution:** খাঁটি বাংলা উপসর্গ ইতিহাস।

| নাম | সংখ্যা | উপসর্গ সমূহ | |
|---|---|---|---|
| বাংলা উপসর্গ | ২১টি | অ, অঘা, অজ, অনা, আ, আড়, আ, অব, ইতি, ডন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা | |
| তৎসম উপসর্গ | ২০টি | প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির, দূর, বি, সু, উৎ, অধি, পরি, প্রতি, উপ, আ, অপি, অভি, অতি | |
| বিদেশী উপসর্গ | সংখ্যা নির্নীত হয়নি | ফারসি | কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম |
| | | আরবি | আম, খাস, লা, গর |
| | | ইংরেজি | ফুল, হাফ, হেড, সাব |
| | | উর্দূ-হিন্দি | হর |

**Q. 'উত্তম' অর্থে 'সু' উপসর্গের ব্যবহার কোনটি?**

a) সুনীল b) সুগম
c) সুলভ d) সুনিপুণ **ans. A**

**Solution:** এখানে,

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| সু | উত্তম অর্থে | সুনজর, সুখবর, সুনাম, সুদিন, সুডৌল, সুকাজ, সুনীল |

উল্লেখ্য, 'সুগম' এবং 'সুলভ' শব্দের 'সু' উপসর্গ 'সহজ' অর্থে ব্যবহৃত হয়েছে এবং 'সুনিপুণ' শব্দে 'আতিশয্য' অর্থে ব্যবহৃত হয়েছে।

**Q. নিরর্থকভাবে পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়েছে কোনটিতে?**

a) পড়াটা ভালো লাগে না b) জামাটা লাল
c) গানটা শুনেছি d) বিকেলটা সুন্দর **ans. D**

**Solution:** বিশেষ্য ও সর্বনাম পদকে নির্দিষ্ট করার জন্য এদের পরে যে কতকগুলো শব্দ বা শব্দখণ্ড ব্যবহৃত হয়, তাদের পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। বাংলায় নির্দিষ্টতা জ্ঞাপক প্রত্যয় ইংরেজি 'Definite Article the' এর সমতুল্য। যেমনঃ টা, টি, টুক, টুকু, খানা, খানি, গাছ, গাছা, গাছি ইত্যাদি।

**Q. সাধিত শব্দগুলো সাধারণত-**

a) স্ত্রীবাচক b) পুরুষবাচক
c) বিশেষভাবে ব্যবহৃত শব্দ d) অর্থবাচক শব্দ **ans. D**

**Q. কোনটি সংস্কৃত মূল ধাতু?**

a) কটি b) খাট্
c) খাদ d) ফির্ **ans. C**

**Q. জ্ঞানের আলোক কোন ধরণের সম্বন্ধ?**

a) ব্যাপ্তি সম্বন্ধ b) আধার- আধেয় সম্বন্ধ
c) কৃতি সম্বন্ধ d) অভেদ সম্বন্ধ **ans. D**

**Solution:**

| অধিকরণ সম্বন্ধ কারক | অপাদান সম্বন্ধ কারক | অভেদ সম্বন্ধ কারক | কার্যকরণ সম্বন্ধ কারক |
|---|---|---|---|
| দেশের লোক | বাঘের ভয় | দুঃখের দহন, জ্ঞানের আলোক | রোগের কষ্ট, সূর্যের উত্তাপ |

**Q. শব্দের যোগ্যতার সঙ্গে কয়টি বিষয় জড়িত?**

a) ৩টি b) ৪টি
c) ৫টি d) ৬টি **ans. D**

**Solution:** শব্দের যোগ্যতার সঙ্গে ৬টি বিষয় জড়িত। এগুলো হলোঃ দুর্বোধ্যতা, উপমার ভুল প্রয়োগ, বাগধারার শব্দ পরিবর্তন, বাহুল্যতা, গুরুচণ্ডালী দোষ এবং রীতিসিদ্ধ অর্থবাচকতা।

**Q. বাংলা সাহিত্যের প্রথম শিল্প সম্মত উপন্যাস রচয়িতা কে?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) শরৎচন্দ্র চট্টোপধ্যায়
c) বঙ্কিমচন্দ্র চট্টোপধ্যায় d) প্রমথ চৌধুরী **ans. C**

## গণপূর্ত অধিদপ্তর

**পদের নামঃ অফিস সহায়ক**
**তারিখঃ ২০.০৫.২০২৩; সময়ঃ ৩০ মিনিট; পূর্ণমানঃ ১০০**

**Q. 'লুঙ্গি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

a) বর্মি b) উর্দু
c) ফার্সি d) চীনা **ans. A**

**Solution:** 'লুঙ্গি' শব্দটি বার্মি (মিয়ানমার) শব্দ। উল্লেখ্য,

| চীনা শব্দ | গ্রিক শব্দ | তুর্কি শব্দ |
|---|---|---|
| চা, চিনি, লিচু, সাম্পান | কেন্দ্র, দাম | কুলি, কোর্মা, তোপ, লাশ |

**Q. 'কবর' কবিতা কে লিখেছেন?**

a) জসীম উদ্‌দীন b) মুনীর চৌধুরী
c) কাজী নজরুল ইসলাম d) নির্মলেন্দু গুণ **ans. A**

**Solution:** 'কবর' কবিতাটি কবি জসীম উদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ "রাখালী" (১৯২৭) কাব্যগ্রন্থে অন্তর্গত রয়েছে। এ কবিতাটি প্রথম ছাপা হয় কল্লোল পত্রিকায়। তার ছাত্রাবস্থায় এই কবিতাটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য বইয়ে তালিকাভুক্ত হয়।

**Q. নিচের কোনটি একবচন?**

a) আমি b) আমরা
c) মাঝিরা d) কলমগুলো **ans. A**

**Solution:** 'আমি' হলো একবচন। উল্লেখ্য,

| পুরুষ | একবচন | বহুবচন |
|---|---|---|
| উত্তম পুরুষ | আমি | আমরা |
| মধ্যম পুরুষ | তুমি, তুই, আপনি | তোমরা, তোরা |
| নাম পুরুষ | সে, তিনি, ইনি, উনি | তারা, ওরা, এরা |

**Q. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' কার উক্তি?**

a) মদনমোহণ তর্কালঙ্কার b) ভারতচন্দ্র রায়গুণাকর
c) ঈশ্বরচন্দ্র গুপ্ত d) কুসুমকুমারী দাশ **ans. B**

**Solution:** মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায়গুণাকারের 'অন্নদামঙ্গল' কাব্যের বিখ্যাত উক্তি। তাঁর আরো কিছু বিখ্যাত উক্তি হলঃ নগর পুড়িলে দেবালয় কি এড়ায়? মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন। বড়র পিরীতি বালির বাঁধ! ক্ষণে হাতে দড়ি, ক্ষণেক চাঁদ।

**Q. 'নৌকা ঘাটে বাঁধা' এখানে 'ঘাটে' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্মে দ্বিতীয়া b) করণে সপ্তমী
c) অধিকরণে সপ্তমী d) অপাদানে সপ্তমী **ans. C**

**Solution:** বিশাল স্থানের যে কোন এক অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমনঃ নৌকা ঘাটে বাঁধা। এখানে সামিপ্য অর্থে ঐকদেশিক অধিকরণ।

**Q. কর্তা শব্দের স্ত্রী লিঙ্গ কী?**

a) কতৃ b) কর্ত্রী
c) কর্তনী d) কর্তন **ans. B**

**Solution:** বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দঃ

| পুরুষ | স্ত্রী | উদাহরণ |
|---|---|---|
| তা | ত্রী | কর্তা-কর্ত্রী, নেতা-নেত্রী, ধাতা-ধাত্রী, শ্রোতা-শ্রোত্রী |
| অত | অতী | সৎ-সতী, মহৎ-মহতী |
| অ | আ | মৃত-মৃতা |
| বান | বতী | গুণবান-গুণবতী, রূপবান-রূপবতী, দয়াবান-দয়াবতী |
| মান | মতী | শ্রীমান-শ্রীমতী, বুদ্ধিমান-বুদ্ধিমতী |
| ঈয়ান | ঈয়সী | গরীয়ান-গরীয়সী, মহীয়ান-মহীয়সী |

**Q. 'শেষের কবিতা' কোন ধরণের রচনা?**

a) কাব্যগ্রন্থ b) প্রবন্ধ
c) উপন্যাস d) নাটক **ans. C**

**Solution:** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ। উল্লেখযোগ্য, চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ।

**Q. সন্ধি বিচ্ছেদ করুন: জনৈক**

a) জন + ঐক্য b) জন + এক
c) জ্ব + এক d) জ + ঐক্য **ans. B**

**Solution:** 'অ' কার কিংবা 'আ' কারের পর 'এ' কার কিংবা 'ঐ' কার হয়; 'ঐ' কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ

| | |
|---|---|
| অ + এ = ঐ | জন + এক = জনৈক। |
| আ + এ = ঐ | সদা + এব = সদৈব। |
| অ + ঐ = ঐ | মত + ঐক্য = মতৈক্য। |
| আ + ঐ = ঐ | মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য। |

এরূপঃ হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

**Q. সঠিক বানান কোনটি?**

a) সায়ত্ত্বশাসন b) সায়ত্তশাসন
c) সায়ত্বশাসন d) স্বায়ত্তশাসন **ans. D**

**Q. 'মূক' এর সমার্থক শব্দ কোনটি?**

a) মুখরা b) চেহারা
c) বদন d) বোবা **ans. D**

**Q. বিপরীত শব্দ লিখুনঃ 'চাক্ষুষ'**

a) অগোচর b) নিভন্ত
c) অদৃশ্য d) নিরিবিলি **ans. A**

**Q. ভাষার ক্ষুদ্রতম একক কি?**

a) ধ্বনি b) বর্ণ
c) শব্দ d) বাক্য **ans. A**

**Solution:** ধ্বনি ভাষার ক্ষুদ্রতম একক ও প্রধান উপকরণ। অর্থবহ ধ্বনির সমষ্টিই ভাষা। আর অর্থবোধক ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে শব্দ বলে। যেমনঃ হাত, পা, নাক ইত্যাদি। যে সকল চিহ্নের দ্বারা উচ্চারিত ধ্বনিগুলোকে নির্দেশ করা হয় তাই বর্ণ। যেমনঃ অ, আ ইত্যাদি। ধ্বনির লিখিত রূপকে বলা হয় বর্ণ। মানুষের কণ্ঠ নিঃসৃত শব্দকেই ধ্বনি বলা হয়। অর্থাৎ কোন ভাষার উচ্চারিত শব্দ বিশ্লেষণ করলে তার মধ্যে যে শব্দ পরমাণু বা শব্দের অবিভাজ্য ক্ষুদ্রতম অংশ পাওয়া যায় তাই ধ্বনি। এককথায়, শব্দের ক্ষুদ্রতম একক ধ্বনি। ভাষার প্রতিটি ক্ষেত্রেই ধ্বনি আবশ্যক।

**Q. বিশেষ্য কোনটি?**

a) এবং b) আমরা
c) নদী d) ভালো **ans. C**

**Solution:** যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমনঃ নদী, মানুষ, গরু, পাখি, গাছ, পর্বত ইত্যাদি।

**Q. অর্ধমাত্রার বর্ণ কয়টি-**

a) ৮ b) ৯
c) ১০ d) ১১ **ans. A**

**Solution:**

| বর্ণের নাম | স্বরবর্ণ | ব্যঞ্জনবর্ণ | সংখ্যা |
|---|---|---|---|
| মাত্রাহীন বর্ণ | ৪টি যথাঃ এ, ঐ, ও, ঔ | ৬টি যথাঃ ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ | ১০টি |
| অর্ধমাত্রার বর্ণ | ১টি যথাঃ ঋ | ৭টি যথাঃ খ, গ, ণ, থ, ধ, প, শ | ৮টি |
| পূর্ণমাত্রার বর্ণ | ৬টি যথাঃ অ, আ, ই, ঈ, উ, ঊ | ২৬টি | ৩২টি |

**Q. ক্রিয়ার মূল অংশকে কি বলে?**

a) পদ b) ধাতু
c) শব্দ d) অব্যয় **ans. B**

**Solution:** ক্রিয়ার মূলকে 'ধাতু' বলে। উল্লেখ্য, ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে যে মূল অংশটি পাওয়া যায় এবং যা অবিভাজ্য ও ক্রিয়ার স্বরূপগত অর্থ ব্যক্ত করে তাকেই ধাতু বলা হয়।

Recent Publication

**Q.** এক কথায় প্রকাশ করুন: কি করিতে হইবে বুঝিতে পারে না যে
a) অসহায় b) বোকা
c) কিংকর্তব্যবিমূঢ় d) হতবিহবল **ans. C**

## সমবায় অধিদপ্তর
পদের নামঃ সহকারী পরিদর্শক/মহিলা সহকারী পরিদর্শক
তারিখঃ ২৬.০৫.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** 'খেউর গাওয়া' বাগধারার অর্থ কি?
a) প্রলাপ করা b) গালাগালি করা
c) এক ধরণের গান d) প্রশংসা করা **ans. B**

**Q.** 'দরজা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
a) ফারসি b) আরবি
c) পর্তুগিজ d) তুর্কি **ans. A**

**Solution:** 'দরজা' শব্দটি ফারসি ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে। গুরুত্বপূর্ণ কিছু ফারসি শব্দঃ আদমি, আমদানি, আনোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ, রফতানি, হাঙ্গামা ইত্যাদি।

**Q.** কোনটি তৎসম শব্দ?
a) মানব b) বাজনা
c) দোকানদার d) বেঙাচি **ans. A & B**

**Solution:** মানব, বাজনা, ব্যাঙনি তিনটি শব্দই তৎসম বা সংস্কৃতজাত শব্দ। আরও কয়েকটি তৎসম শব্দ- চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, মস্তক, অরণ্য, বৃক্ষ, ভোজন, পদ, বায়ু, আকাশ, গৃহ ইত্যাদি। আর ফারসি শব্দ হলো দোকানদার।

**Q.** কোন দুটি অঘোষ ধ্বনি?
a) ব, ভ b) চ, ছ
c) ড, ঢ d) দ, ধ **ans. B**

**Solution:** যেসব ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয় না, সেগুলোকে অঘোষ ধ্বনি বলে।
যেমনঃ ক্, খ্; চ্, ছ্; ট্, ঠ্; ত্, থ্; প্, ফ্, শ্।

**Q.** 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
a) দোল্ + না b) দোল্ + অনা
c) √দুল্ + অনা d) দোলনা + না **ans. C**

**Solution:** বাংলা 'অনা' প্রত্যয় যোগে √খেল্+অনা = খেলনা শব্দটি গঠিত হয়েছে। এরূপে গঠিত আরেকটি শব্দ হলোঃ √দুল+অনা = দুলনা > দোলনা। কিন্তু √কৃ+অক = কারক; √লিখ্+ত = লিখিত; √বিদ্+অন+আ = বেদনা সংস্কৃত কৃৎ-প্রত্যয় যোগে গঠিত হয়েছে।

**Q.** 'শর্বরী' শব্দের বিপরীত শব্দ কোনটি?
a) দিবস b) সুন্দর
c) শোভা d) শীতল **ans. A**

**Solution:** শর্বরী অর্থ রাত বা রজনী। এর বিপরীত অর্থ দিন বা দিবস।

**Q.** নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
a) সংস্কৃত b) ইতস্তত
c) কুলটা d) সতীশ **ans. C**

**Solution:** কুলটা (কুল + অটা)-নিপাতনে সিদ্ধ স্বর সন্ধি। এরূপ প্রৌঢ়, মার্তণ্ড, অন্যান্য, সীমান্ত, রক্তোষ্ঠ, শুদ্ধোদন, শারঙ্গ প্রভৃতি।

**Q.** 'জাপান যাত্রী' এর রচয়িতা কে?
a) জসীম উদ্‌দীন b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) ইব্রাহিম খাঁ d) আহমদ ছফা **ans. B**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভ্রমণকাহিনি প্রবন্ধগুলো হলোঃ 'জাপানি-যাত্রী', 'জাভা যাত্রীর পত্র', 'পারস্যে', 'পথের সঞ্চয়', 'রাশিয়ার চিঠি'।

**Q.** 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
a) ভাষাতত্ত্ব b) ধ্বনিতত্ত্ব
c) রূপতত্ত্ব d) বাক্যতত্ত্ব **ans. B**

**Solution:** বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়ঃ

| বিষয় | আলোচ্য বিষয় |
|---|---|
| ধ্বনিতত্ত্ব | ধ্বনি, সন্ধি, ণ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি। |
| শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব | শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ। |
| বাক্যতত্ত্ব বা পদক্রম | বাক্যের গঠন প্রণালি, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন। |
| অর্থতত্ত্ব | শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার। |

**Q.** 'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?
a) যাদু b) মায়া
c) মরীচিকা d) রজনী **ans. B**

**Solution:** 'কুহক' শব্দের অর্থ 'মায়া; ভেলকি; ইন্দ্রজাল'।

**Q.** 'Basin' শব্দটির বাংলা প্রতিশব্দ কোনটি?
a) জলধারা b) অববাহিকা
c) উপদ্বীপ d) কোনটিই নয় **ans. B**

**Q.** কোনটি সঠিক বানান?
a) দিবারাত্রী b) দিবারাত্র
c) দীবারাত্র d) দিবসরাত্রী **ans. B**

## পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
পদের নামঃ মেইল অপারেটর
তারিখঃ ২৬.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'বঙ্গদর্শন' পত্রিকা কোন সালে প্রথম প্রকাশিত হয়?
a) ১৯৮০ b) ১৮৭২
c) ১৯৮৫ d) ১৮৮১ **ans. B**

**Solution:** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৮৭২ খ্রিষ্টাব্দে মাসিক 'বঙ্গদর্শন' প্রকাশিত হয়। এই পত্রিকার মাধ্যমে বঙ্কিমচন্দ্র একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে তোলেন। বঙ্কিমচন্দ্রের মৃত্যুর পর রবীন্দ্রনাথ ঠাকুর 'বঙ্গদর্শন' সম্পাদনা করেন।

**Q.** 'চন্দ্রাবতী' কী?
a) নাটক b) কাব্য
c) পদাবলী d) পালাগান **ans. B**

Recent Publications

**Solution:** আরাকান রাজসভার অমাত্য কোরেশী মাগন ঠাকুর রচিত কাব্য 'চন্দ্রাবতী'। তিনি কবি আলাওলের অন্যতম পৃষ্ঠপোষক হিসেবে প্রসিদ্ধি লাভ করেন। 'ভদ্রাবতী নগরের রাজপুত্র বীরভান মন্ত্রীপুত্র সুতের সহায়তায় কীভাবে সরন্দ্বীপ রাজকন্যা অপূর্বসুন্দরী চন্দ্রাবতীকে লাভ করেছিলেন তা-ই এ কাব্যে বর্ণিত হয়েছে। আলাওল মাগন ঠাকুরের উৎসাহে 'সয়ফুলমুলক বদিউজ্জামাল' কাব্য রচনা করেন।

**Q. 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**

a) ফার্সি b) তুর্কি
c) পর্তুগিজ d) আরবি **ans. B**

**Solution:** কিছু তুর্কি ভাষাঃ উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, বেগম, সওগাত, তোপ, কাবু, তক্‌মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, বাবা, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুরনিশ, খোকা, বাবুর্চি।

**Q. সমাস ভাষাকে কি করে?**

a) সংক্ষেপ করে b) অর্থের রূপান্তর করে
c) অর্থপূর্ণ করে d) বিস্তৃত করে **ans. A**

**Solution:** সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

**Q. 'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ কি?**

a) বৃহৎ b) বর্ধিষ্ণু
c) বর্ধমান d) বৃদ্ধিপ্রাপ্ত **ans. C**

**Solution:**

| *প্রদত্ত শব্দ* | ক্ষীয়মান | ক্ষয়িষ্ণু | ক্ষুদ্র |
|---|---|---|---|
| *বিপরীত শব্দ* | বর্ধমান | বর্ধিষ্ণু | বৃহৎ |

**Q. বাংলা ছন্দ কত রকমের?**

a) এক b) দুই
c) তিন d) চার **ans. C**

**Solution:** বাংলা ছন্দ তিন প্রকার এগুলো হলোঃ অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত বা বর্ণবৃত্ত এবং স্বরবৃত্ত।

**Q. 'সমভিব্যাহারে' শব্দটির অর্থ কি?**

a) একাগ্রতায় b) সমান ব্যবহারে
c) সমভাবনা d) একযোগে **ans. D**

**Solution:** 'সমভিব্যাহারে' অর্থঃ সঙ্গে; একযোগে বা সংঘবদ্ধ হয়ে। শব্দটি ক্রিয়া বিশেষণ।

**Q. 'চিকিৎসাশাস্ত্র' কোন সমাস?**

a) কর্মধারয় b) বহুব্রীহি
c) অব্যয়ীভাব d) তৎপুরুষ **ans. A**

**Solution:** চিকিৎসা বিষয়ক শাস্ত্র = চিকিৎসাশাস্ত্র হলো মধ্যপদলোপী কর্মধারয় সমাস। উল্লেখ্য, যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যে মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। এরূপঃ সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ ইত্যাদি।

**Q. 'ঢাকাই' শব্দটি কোন যোগে গঠিত?**

a) প্রত্যয় b) সন্ধি
c) সমাস d) উপসর্গ **ans. A**

**Solution:** যে বর্ণ বা বর্ণগুচ্ছ ধাতু বা প্রাতিপদিকের সঙ্গে যুক্ত হয়ে শব্দগঠন করে তাকে প্রত্যয় বলে। অথবা, প্রকৃতির সঙ্গে যে শব্দখণ্ড (বর্ণ বা বর্ণসমষ্টি) যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। অথবা, ধাতু বা ক্রিয়ামূল বা শব্দের পরে যে শব্দখণ্ড যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। যেমনঃ √চল্ + আ = চলা; এখানে মূল ক্রিয়াপদ হলো 'চল্' এবং প্রত্যয় হলো 'আ'। ঠিক তেমনিঃ ঢাকা + আই = ঢাকাই। এখানে মূল 'ঢাকা' হল প্রকৃতি এবং এর প্রত্যয় হল 'আই'।

**Q. নিচের কোনটিতে উপসর্গ যুক্ত হয়েছে?**

a) গ্রহ b) উপগ্রহ
c) তারা d) চন্দ্রগ্রহণ **ans. B**

**Solution:** উপসর্গ যুক্ত হয়েছেঃ

| 'উপ' উপসর্গটি আরো কয়েকটি অর্থে প্রযুক্ত হতে পারেঃ | | | |
|---|---|---|---|
| সামীপ্য অর্থে | সদৃশ অর্থে | ক্ষুদ্র অর্থে | বিশেষ অর্থে |
| উপকূল, উপকণ্ঠ | উপদ্বীপ, উপবন | উপগ্রহ, উপসাগর | উপভোগ |

**Q. 'আপদ' এর বিপরীত শব্দ কোনটি?**

a) সম্পদ b) বিপদ
c) বিগ্রহ d) নিগ্রহ **ans. A**

**Q. 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**

a) রফিক আজাদ b) শঙ্খ ঘোষ
c) শক্তি চট্টোপাধ্যায় d) শামসুর রাহমান **ans. B**

**Solution:** শঙ্খ ঘোষের আসল নাম চিত্তপ্রিয় ঘোষ। তাঁর বাবা মণীন্দ্রকুমার ঘোষ এবং মা অমলা ঘোষ। ১৯৩২ সালের ৫ ফেব্রুয়ারি বাংলাদেশের বর্তমান চাঁদপুর জেলায় তাঁর জন্ম। বাংলা কবিতার জগতে শঙ্খ ঘোষের অবদান অপরিসীম। 'দিনগুলি রাতগুলি', 'বাবরের প্রার্থনা', 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে', 'গান্ধর্ব কবিতাগুচ্ছ' তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। রবীন্দ্রবিশেষজ্ঞ হিসেবেও তাঁর নামডাক ছিল। 'ওকাম্পোর রবীন্দ্রনাথ' তাঁর উল্লেখযোগ্য গবেষণা গ্রন্থ। 'শব্দ আর সত্য', 'উর্বশীর হাসি', 'এখন সব অলীক' উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ। উল্লেখ্য, 'মাটি' নামের একটি কবিতায় নাগরিকত্ব আইনের বিরুদ্ধে অবস্থান নিয়েছিলেন তিনি।

**Q. বাংলা সাহিত্যে চলিত ভাষায় রচিত প্রথম গ্রন্থ-**

a) বীরবলের হালখাতা b) রায়তের কথা
c) তেল নুন লাকড়ী d) নারীর মূল্য **ans. A**

Recent Publications

**Solution:** বাংলা সাহিত্যে চলিত ভাষায় রচিত প্রথম গ্রন্থ 'বীরবলের হালখাতা' (ভারতী পত্রিকায় প্রকাশঃ ১৯০২)। প্রমথ চৌধুরী রচিত অন্যান্য প্রবন্ধগ্রন্থগুলো হলোঃ তেল নুন লাকড়ি (১৯০৬), নানাকথা (১৯১৯), আমাদের শিক্ষা (১৯২০), রায়তের কথা (১৯২৬), নানাচর্চা (১৯৩২)। উল্লেখ্য, প্রমথ চৌধুরীকে বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক বলা হয়।

**Q. 'হাত ভারী' বাগধারার অর্থ কি?**

a) দাতা b) কম খরচে
c) দরিদ্র d) কৃপণ **ans. D**

**Q. 'প্রাতঃরাশ' এর সন্ধি-**

a) প্রাত + রাশ b) প্রাতঃ + রাশ
c) প্রাতঃ + আশ d) প্রাত + আশ **ans. C**

**Solution:** অন্তঃ, পুনঃ, প্রাতঃ ইত্যাদির পর স্বরধ্বনি থাকলে সন্ধির ফলে বিসর্গ 'র্' হয়ে পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ প্রাতরাশ = প্রাতঃ + আশ। অন্তরঙ্গ = অন্তঃ + অঙ্গ। অন্তরীপ = অন্তঃ + ঈপ। অন্তরীক্ষ = অন্তঃ + ঈক্ষ। পুনরধিকার = পুনঃ + অধিকার। পুনরুক্তি = পুনঃ + উক্তি। নিরন্ন = নিঃ + অন্ন ইত্যাদি।

**Q. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ-**

a) তীরে পৌঁছার ঝক্কি b) সঞ্চয়ের প্রবৃত্তি
c) মুমূর্ষু অবস্থা d) শেষ পরিণতি **ans. B**

**Q. 'দামিনী' শব্দের অর্থ কি?**

a) রাত্রি b) বিদ্যুৎ
c) জলধি d) থরিত্রী **ans. B**

**Solution:** 'দামিনী' এর অন্য সমার্থক শব্দগুলো হলঃ বিদ্যুৎ, বিজলি, তড়িৎ, সৌদামিনী, প্রভা, শম্পা ইত্যাদি।

**Q. কোনটি তৎসম শব্দ?**

a) বাজনা b) দোকানদার
c) মানব d) বেঙাচি **ans. C**

**Solution:** সংস্কৃত ভাষার যে-সব শব্দ পরিবর্তিত না হয়ে সরাসরি বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সে সব শব্দকেই তৎসম শব্দ বলা হয়। উদাহরণ: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, মস্তক, অন্ন, গৃহ, চরণ, তৃণ, অগ্রহায়ণ, ভাষা ইত্যাদি।

**Q. কাজী নজরুল ইসলাম-এর সম্পাদিত পত্রিকা কোনটি?**

a) মাহেনও b) সওগাত
c) ধুমকেতু d) কালি ও কলম **ans. C**

**Solution:** কাজী নজরুল ইসলাম 'ধূমকেতু' (১৯২২) অর্ধসাপ্তাহিক পত্রিকার সম্পাদক ছিলেন। উল্লেখ্য, সওগাত (মাসিক, ১৯১৮ ও সাপ্তাহিক, ১৯২৮) পত্রিকাটি সম্পাদনা করেন মোহাম্মদ নাসিরউদ্দিন।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) পিপিলিকা b) পিপীলিকা
c) পীপিলিকা d) পিপিলীকা **ans. B**

## বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল)

পদের নামঃ মেইল অপারেটর
তারিখঃ ২৭.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. 'পোস্টমাস্টার' ছোটগল্পের রচয়িতা কে?**

a) শরৎচন্দ্র চট্টোপধ্যায় b) শহীদুল্লাহ কায়সার
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) আবুল ফজল **ans. C**

**Solution:** বাংলা সাহিত্যের সার্থক ছোটগল্পাকার হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। এজন্য তাঁকে বাংলা সাহিত্যের ছোট গল্পের জনক বলা হয়। তাঁর বিখ্যাত ছোটগল্পগুলি হলোঃ 'পোস্টমাস্টার', 'ব্যবধান', 'অতিথি', 'কাবুলিওয়ালা', 'খোকা বাবুর প্রত্যাবর্তন', 'ল্যাবরেটরী', 'শাস্তি', 'সমাপ্তি', 'ভিখারিণী' (রবীন্দ্রনাথ রচিত প্রথম ছোট গল্প)।

**Q. বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি—**

a) চন্দ্রাবতী b) স্বর্ণকুমারী দেবী
c) বেগম সুফিয়া কামাল d) কামিনী রায় **ans. A**

**Solution:** বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি হলেন চন্দ্রাবতী। আর আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী।

**Q. আলাওল কোন রাজদরবারের কবি?**

a) ত্রিপুরা b) দিল্লী
c) রোসাঙ্গ d) মুর্শিদাবাদ **ans. C**

**Solution:** কবি আলাওল 'রোসাঙ্গ' রাজসভার কবি ছিলেন। আরাকানকে বাংলা সাহিত্যে 'রোসাং' বা 'রোসাঙ্গ' নামে অভিহিত করা হয়েছে।

**Q. 'ভানুসিংহ' কোন কবির ছদ্মনাম?**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) জীবনানন্দ দাস d) শামসুর রাহমান **ans. B**

**Q. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' গানটির রচয়িতা কে?**

a) আব্দুল গাফফার চৌধুরী b) শওকত আলী
c) কায়কোবাদ d) ফররুখ আহমেদ **ans. A**

**Solution:** 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির প্রথম সুরকার ছিলেন আবদুল লতিফ। কিন্তু গানটির বর্তমান সুরকার হলো আলতাফ মাহমুদ।

**Q. ধ্বনির লিখিতরূপ বা সাংকেতিক চিহ্ন কে কি বলে?**

a) বর্ণ b) শব্দ
c) বাক্য d) অক্ষর **ans. A**

**Solution:** ধ্বনির লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় 'বর্ণ'। যেমনঃ অ, আ, ক, খ, চ, ছ ইত্যাদি। ধ্বনি বাক্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত হয়, আর বর্ণ লিখিত রূপে প্রকাশিত হয়। ধ্বনি মানুষের মুখনিঃসৃত বায়ু থেকে সৃষ্ট, তাই এর কোনো আকার নেই। এগুলো মানুষ মুখে উচ্চারণ করে এবং কানে শোনে। ভাষা লিখে প্রকাশ করার সুবিধার্থে ধ্বনিগুলোর প্রতিনিধি হিসেবে কিছু চিহ্ন তৈরি করা হয়েছে। এই চিহ্নের নাম 'বর্ণ'। অর্থাৎ কোনো ভাষা লিখতে যে ধ্বনি-দ্যোতক সংকেত বা চিহ্ন ব্যবহৃত হয় তাকে বর্ণ বলে। এই বর্ণগুলোর সমষ্টিই হলো বর্ণমালা।

**Q.** পঙ্কে জন্মে যা-

a) পঙ্কজ b) পাঙ্কু
c) পঙ্কিল d) কোনটিই নয় ***ans.* A**

**Q.** সঠিক বানান কোনটি?

a) প্রতিযোগীতা b) ভৌগলিক
c) গুনীজন d) মধ্যাহ্ন ***ans.* D**

***Solution:*** এখানে শুদ্ধ বানান হলোঃ মধ্যাহ্ন। আর,

| | | | |
|---|---|---|---|
| অশুদ্ধ | প্রতিযোগীতা | ভৌগলিক | গুনীজন |
| শুদ্ধ | প্রতিযোগিতা | ভৌগোলিক | গুণীজন |

**Q.** সন্ধি বিচ্ছেদ করুন: 'তিরস্কার'

a) তিরস + কার b) তির + কার
c) তিরঃ + কার d) তিরসঃ + কার ***ans.* C**

***Solution:*** যদি ক, খ, প, ফ এর আগে অঃ/ আঃ থাকে তবে 'স্ক' বসবে। যেমনঃ তিরঃ + কার = তিরস্কার, ভাঃ + কর = ভাস্কর, পুরঃ + কার = পুরস্কার।

**Q.** 'দম্পতি' শব্দটি কোন সমাস?

a) দ্বন্দ্ব সমাস b) তৎপুরুষ সমাস
c) দ্বিগু সমাস d) কর্মধারয় সমাস ***ans.* A**

***Solution:*** যে সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রথম পদটির সঙ্গে শেষ পদটির সামঞ্জস্য রচিত হয় তাকে একশেষ দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ জয়া ও পতি = দম্পতি।

**Q.** কোনটি 'অন্ধকার' শব্দের সমার্থক শব্দ?

a) পাবক b) মনোজ
c) ধারাপাত d) তমসা ***ans.* D**

***Solution:*** 'অন্ধকার' শব্দের সমার্থক শব্দগুলো হলোঃ তমসা, আঁধার, তিমির, তমিস্র, তমঃ, অমানিশা।

**Q.** 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?

a) পর্তুগিজ b) ফারসি
c) গুজরাটি d) আরবি ***ans.* A**

***Solution:*** কিছু পর্তুগিজ ভাষার শব্দঃ আনারস, আলকাতিরা, কেরানি, পেয়ারা, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, জানালা।

**Q.** 'অর্বাচীন' শব্দের অর্থ কী?

a) বোকা b) মূর্খ
c) সরল d) নির্বোধ ***ans.* B**

**Q.** 'ছাগলে কিনা খায়' কোন কারক?

a) কর্তৃকারক b) কর্মকারক
c) কর্মকারক d) অপাদান কারক ***ans.* A**

***Solution:*** "ছাগলে কিনা খায়" হলো কর্তৃকারকে ৭মী বিভক্তি। উল্লেখ্য, যে কাজ করে সে হলো ওই কাজের কর্তা। তাই বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ, ক্রিয়া বা কাজ সম্পন্ন করে তাকে কর্তৃকারক বলে।

**Q.** 'অষ্টরম্ভা' বাগধারাটির অর্থ কি?

a) সম্পূর্ণভাবে b) ফাঁকি
c) অপদার্থ d) অলস ***ans.* B**

**Q.** 'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধার পাত্র' এটি কোন ধরনের বাক্য?

a) জটিল b) সরল
c) যৌগিক d) মিশ্র ***ans.* B**

***Solution:*** যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে তাকে, সরল বাক্য বলে।

**Q.** 'আভাসিত' শব্দটির প্রত্যয় কোনটি?

a) বাংলা কৃৎ b) সংস্কৃত কৃৎ
c) বাংলা তদ্ধিত d) সংস্কৃত তদ্ধিত ***ans.* B**

***Solution:*** ধাতুর সঙ্গে যে সব সংস্কৃত প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাদের বলা হয় সংস্কৃত কৃৎ প্রত্যয়। সংস্কৃত কৃৎ প্রত্যয়গুলো অনেক ক্ষেত্রে বাংলায় পরিবর্তিত রূপ পেয়েছে। যেমনঃ সংস্কৃত 'ণক' বাংলায় হয়েছে 'অক', সংস্কৃত 'ল্যুট' বা 'অনট' প্রত্যয়ের বাংলা রূপ 'অন'।

**Q.** কোনটি মৌলিক শব্দ?

a) চাঁদ b) বন্ধুত্ব
c) প্রশাসন d) দায়িত্ব ***ans.* A**

***Solution:*** যে শব্দকে বিশ্লেষণ করা যায় না এবং স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশে সক্ষম তাকে মৌলিক শব্দ বলে। একে আবার স্বয়ংসিদ্ধ শব্দও বলা হয়। যেমনঃ বই, গোলাপ, আকাশ, হাত, মুখ, ভাই, বোন, লাল, নদ ইত্যাদি।

**Q.** সাংবাদিক শব্দের 'ইক' অংশটুকু কি?

a) উপসর্গ b) প্রত্যয়
c) চলক d) নির্দেশক ***ans.* B**

**Q.** 'প্রচুর' শব্দের বিশেষ্য রূপ কোনটি?

a) প্রাচুর্য b) প্রাচুর্য
c) প্রাচুর্যতা d) প্রচুর্যতা ***ans.* A**

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক
তারিখঃ ২৭.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'দুশ্চরিত্র' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) দুশ + চরিত্র b) দু + চরিত্র
c) দুঃ + চরিত্র d) কোনটিই নয় ***ans.* C**

***Solution:*** পূর্বপদের শেষে বিসর্গ (ঃ) থাকলে এবং পরপদের প্রথমে 'চ্' বা 'ছ্' থাকলে বিসর্গ পরিবর্তিত হয়ে 'শ্, ট্ বা ঠ্ থাকলে ষ্, ত্ থাকলে স্' হয়ে পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমনঃ দুস্থ = দুঃ + স্থ; নিষ্ঠা = নিঃ + ঠা; নিশ্চয় = নিঃ + চয়; দুশ্চরিত্র = দুঃ + চরিত্র ইত্যাদি।

**Q.** কোন বানানটি শুদ্ধ?

a) গৃহিণী b) গৃহীনি
c) গৃহীনী d) গৃনিনি ***ans.* A**

**Q.** বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দকে বলা হয়-

a) কারক b) বর্ণ
c) পদ d) ধ্বনি ***ans.* C**

Recent Publications

**Solution:** বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দকে বলা হয় পদ। পদ প্রধানত ৮ প্রকার। যথাঃ বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, বিশেষণ, অনুসর্গ, যোজক, আবেগ।

**Q. 'বন্ধন' এর বিপরীত হচ্ছে-**

a) মুক্ত b) মুক্তি
c) খোলা d) কোনটিই নয় **ans. B**

**Q. 'হাসান বই পড়ে' কোন বর্তমান কালের উদাহরণ?**

a) সাধারণ b) বর্তমান
c) নিত্যবৃত্ত d) পুরাঘটিত **ans. A**

**Q. 'ক্রীতদাসের হাসি' উপন্যাস কার লেখা?**

a) আবুল ফজল b) আবুজাফর শামসুদ্দীন
c) শওকত ওসমান d) সত্যেন সেন **ans. C**

**Solution:** 'ক্রীতদাসের হাসি' শওকত ওসমান (১৯৬২) রচিত প্রতীকধর্মী উপন্যাস। 'ক্রীতদাসের হাসি' উপন্যাসে তৎকালীন পাকিস্তানিদের বিরূপ শাসনের সমালোচনা করা হয়েছে। এটি শওকত ওসমানের সর্বশ্রেষ্ঠ উপন্যাস বলে স্বীকৃত। উল্লেখ্য, তাঁর রচিত অন্যান্য উপন্যাসঃ সমাগম (১৯৬৭), চৌরসন্ধি (১৯৬৮), রাজা উপাখ্যান (১৯৭০), দুই সৈনিক (১৯৭৩), নেকড়ে অরণ্য (১৯৭৩) জলাংগী (১৯৮৬) ইত্যাদি।

**Q. বাংলা ভাষার যৌগিক স্বর ধ্বনির সংখ্যা কয়টি?**

a) ২৪ b) ২৫
c) ২৬ d) ২৩ **ans. B**

**Solution:** পাশাপাশি দুটি স্বরধ্বনি থাকলে দ্রুত উচ্চারণের সময় তা একটি সংযুক্ত স্বরধ্বনিরূপে উচ্চারিত হয়, এরূপে একসঙ্গে উচ্চারিত দুটো মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর বা দ্বি-স্বর বা সন্ধিস্বর বা সন্ধ্যক্ষর বলে। লক্ষণীয়ঃ মুহম্মদ আবদুল হাই তাঁর 'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব' গ্রন্থে উল্লেখ করেছেন, 'বাংলা ভাষায় ধ্বনিগত (Phonetic) দিক থেকে একত্রিশটি (৩১টি) পর্যন্ত যৌগিক স্বরধ্বনি হতে পারে। এদের মধ্যে ১৯টি নিয়মিত (Regular) এবং ১২টি অনিয়মিত (Irregular)।' সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে বাংলায় দ্বিস্বর পঁচিশটি। পবিত্র সরকারের মতে, বাংলা যথার্থ যৌগিক স্বরের সংখ্যা সতেরোটি।

**Q. রিকসা (রিক্সা) কোন দেশি শব্দ?**

a) জাপানি b) চীনা
c) জার্মানি d) ইংরেজি **ans. A**

**Solution:** কিছু জাপানি শব্দঃ রিক্সা, হাস্‌নাহেনা, ক্যারাতে, জুডো, হারিকিরি ইত্যাদি।

**Q. 'লালসালু' উপন্যাসটি রচনা কাল কোনটি?**

a) ১৯৪৩ b) ১৯৪৮
c) ১৯৫১ d) ১৯৭০ **ans. B**

**Solution:** 'লালসালু' সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাস। ১৯৪৮ সালে কলকাতা থেকে গ্রন্থাকারে প্রকাশিত। এই উপন্যাসে একদিকে যেমন বাংলার গ্রামজীবনের বাস্তব প্রকৃতি ধরা পড়েছে তার সৌন্দর্য, মাধুর্য ও কঠোরতা নিয়ে; তেমনই রূপায়িত হয়েছে অসংখ্য গ্রামীণ মানুষের জীবন। তাঁর আরো কিছু বিখ্যাত উপন্যাসঃ চাঁদের অমাবস্যা (১৯৬৪), কাঁদো নদী কাঁদো (১৯৬৮), দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়, ১৯৬৩)।

**Q. নীল যে অম্বর = নীলাম্বর কোন সমাস?**

a) বহুব্রীহি b) তৎপুরুষ
c) দ্বিগু d) কর্মধারয় **ans. D**

**Solution:** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমনঃ নীল যে অম্বর = নীলাম্বর; নীল যে পদ্ম = নীলপদ্ম; শান্ত অথচ শিষ্ট = শান্তশিষ্ট; কাঁচা অথচ মিঠা = কাচামিঠা।

**Q. 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত–**

a) উপন্যাসের নাম b) কবিতার নাম
c) নাটকের নাম d) কাব্যের নাম **ans. A**

**Solution:** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ।

**Q. চর্যাপদ রচনাটির বাংলা সাহিত্যের কোন যুগের কাব্য নিদর্শন?**

a) আদিযুগ b) মধ্যযুগ
c) আধুনিক যুগ d) অতি আধুনিক **ans. A**

**Solution:** বাংলা ভাষায় (এখন পর্যন্ত আবিষ্কৃত) প্রাচীনতম কাব্য তথা সাহিত্য নিদর্শন চর্যাপদ। চর্যাপদের রচনাকালের ভিত্তিতে বাংলা সাহিত্যের যুগ বিভাজন করা হয়। চর্যাপদ মূলত বৌদ্ধ সহজিয়াদের সাধন সঙ্গীত। বৌদ্ধ ধর্মের গূঢ় অর্থ ব্যাখ্যার জন্যই বৌদ্ধ সাধকগণ সাংকেতিক বা রূপকের আশ্রয়ে পদগুলো রচনা করেছেন।

**Q. কাজী নজরুল ইসলাম এর জন্ম তারিখ কত?**

a) ২৯ আগস্ট ১৯৭৬ b) ২৪ মে ১৮৯৯
c) ১৭ মার্চ ১৯২০ d) কোনটিই নয় **ans. B**

**Solution:** কাজী নজরুল ইসলাম ২৪ মে ১৮৯৯ খ্রি. (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ বঙ্গাব্দ) ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

**Q. 'একাত্তরের ডায়েরী' কার রচনা?**

a) সেলিনা হোসেন b) সুফিয়া কামাল
c) জাহানারা ইমাম d) আয়েশা ফয়েজ **ans. B**

**Solution:** সুফিয়া কামালের প্রকাশিত গ্রন্থগুলিঃ সাঁঝের মায়া (১৯৩৮), মন ও জীবন (১৯৫৭), মোর জাদুদের সমাধি পরে (১৯৭২), মায়া কাজল (১৯৫১), একালে আমাদের কাল (১৯৮৮), একাত্তরের ডায়রি (১৯৮৯) ইত্যাদি।

Recent Publications

# *Android Application "Job Circular"*

নিয়োগ বিজ্ঞপ্তি, পরীক্ষার সময়সূচী, ফলাফল, প্রবেশপত্র ও অন্যান্য নোটিশ এবং নিয়োগ পরীক্ষার প্রস্তুতি সহ নিয়োগ সংক্রান্ত সকল তথ্য নিয়ে এই অ্যাপ।

**সংক্ষিপ্ত বৈশিষ্ট্য**

**দৈনিক পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত প্রতিদিনের চাকরির বিজ্ঞপ্তি**
**পরীক্ষা সময়সূচী এবং ফলাফল সহ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ**
**সাপ্তাহিক চাকরির পত্রিকা (HD Picture এবং PDF আকারে)**
**আবেদনের ফরম ডাউনলোড এবং চালান/ব্যাংক ড্রাফট ফরম পূরণ ও আবেদনের নিয়ম এবং অনলাইনে আবেদনের ঠিকানা**
**নিয়োগ পরীক্ষার প্রস্তুতি, মডেল টেস্ট সহ পরীক্ষা প্রস্তুতি সহায়ক সকল তথ্য**
**Favorite (Bookmark) system: এর মাধ্যমে আপনি আপনার পছন্দের বিজ্ঞপ্তি, নোটিশ, চাকরির প্রস্তুতি সহায়ক বিভিন্ন বিষয় Save করে রাখতে পারবেন।**
**আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ চাকরির বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder**




## বিস্তারিত বৈশিষ্ট্য

### নতুন/গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও পরীক্ষার নোটিশের "Notification"

এর মাধ্যমে আপনি আপনার মোবাইলের Notification বার এ জানতে পারবেন গুরুত্বপূর্ণ চাকরির খবর এবং পরীক্ষার নোটিশ।

### Notification Category

কোন ধরণের নোটিফিকেশন পেতে চান সেটি বাছাই করতে পারবেন এবং আপনার অপছন্দের ক্যাটাগরি/নোটিফিকেশন বন্ধ রাখতে পারবেন।

### ≡ জব ক্যাটাগরি

বিজ্ঞপ্তিগুলো সহজে খুজে পাবার জন্য আছে বিভিন্ন ক্যাটাগরি। যেমন -

*General Job Category:*

| | | |
|---|---|---|
| ➲ সরকারি চাকরি | ➲ ব্যাংক জব | ➲ এনজিও জবস |
| ➲ শিক্ষক নিয়োগ | ➲ মার্কেটিং / সেলস | ➲ রেলওয়ে জব |
| ➲ ডিফেন্স এ চাকরি | ➲ সাপ্তাহিক চাকরির পত্রিকা | ➲ অন্যান্য বেসরকারি চাকরি |

*Special Job Category:*

| | |
|---|---|
| ➲ Hot Jobs | ➲ Date Wise Jobs |
| ➲ Part Time Jobs | ➲ Under Graduate Jobs |
| ➲ Graduates Jobs | ➲ Post Graduate Jobs |
| ➲ Deadline Today Jobs | ➲ Deadline Tomorrow Jobs |
| ➲ Any Other Deadline Jobs | ➲ Archive / Expired Job |

### ≡ জব এক্সাম নোটিশ ক্যাটাগরি

নিয়োগ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ পাবেন এই ক্যাটাগরিতে।

| | | | |
|---|---|---|---|
| পরীক্ষার সময়সূচী | পরীক্ষার ফলাফল | প্রবেশপত্র | অন্যান্য নোটিশ |

### Reminder

আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder

### ক্যারিয়ার গাইড

চাকরির পরীক্ষা সহায়ক বিভিন্ন তথ্য এবং Article ও পরামর্শ। বিষয়ভিত্তিক চাকরির প্রস্তুতি, শর্টকাট টেকনিক, মোটিভেশন সহ আরো অনেক কিছু।

### প্রতিদিনের তথ্য

বিভিন্ন দৈনিক পত্রিকা ও অনলাইনে থেকে গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞানমূলক তথ্য।

### অনুবাদ চর্চা

দৈনিক ইংরেজি ও বাংলা পত্রিকার গুরুত্বপূর্ণ Article এর Vocabulary ও অনুবাদ। এবং এই Vocabulary গুলোর আলোকে মডেল টেস্ট/কুইজ।

### সাম্প্রতিক তথ্য

বিভিন্ন পত্রিকা ও অন্যান্য উৎস থেকে বাংলাদেশ এবং বিশ্বের সাম্প্রতিক তথ্য।

### ডাউনলোড জোন

চাকরির প্রস্তুতির জন্য বিভিন্ন বই এবং অনলাইনে প্রকাশিত সকল বিষয়ের তথ্যের PDF।

### ইন্টারভিউ টিপস

ইন্টারভিউ এর জন্য কিভাবে নিজেকে প্রস্তুত করবেন সেই সকল বিষয়ে অভিজ্ঞদের পরামর্শ।

### ভাইভা অভিজ্ঞতা

চাকরির ভাইভাতে কিধরণের প্রশ্নের সম্মুখীন হতে হয় সেই সকল তথ্য নিয়ে এই ক্যাটাগরি। বিসিএস, ব্যাংক সহ অন্যান্য নিয়োগ ভাইভা অভিজ্ঞতা এখানে পাবেন।

### প্রশ্ন ব্যাংক এবং সাম্প্রতিক পরীক্ষার প্রশ্ন - উত্তর

বিভিন্ন নিয়োগ পরীক্ষা- BCS, NTRCA, Primary সহ অন্যান্য নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্ন এবং সমাধান। এবং প্রতিনিয়ত যে সকল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় তার প্রশ্ন-সমাধান।

### মডেল টেস্ট

এই ক্যাটাগরিতে "ব্যাখ্যা সহ/ছাড়া" মডেল টেস্ট পাবেন। (With timer /Without timer আপনার পছন্দ মত মডেল টেস্ট দিতে পারবেন)। বিষয়ভিত্তিক সহ আরো অনেক ক্যাটাগরির মডেল টেস্ট।

### National University News

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল খবরাখবর নিয়ে আছে আলাদা ক্যাটাগরি।

### Job Age Calculator

চাকরির বয়স বের করার ক্যালকুলেটর। এই Job Age Calculator এর মাধ্যমে আপনি আপনার কাঙ্ক্ষিত বয়স বের করতে পারবেন।

### Search Option

নিয়োগ বিজ্ঞপ্তি বা পরীক্ষার নোটিশ খুজে পাওয়ার জন্য আছে সার্চ অপশন।

### Day-Night Mode

সহজে এবং দীর্ঘক্ষণ অ্যাপ ব্যবহার উপযোগী ডে/নাইট মুড অপশন।

**এছাড়াও Notification Sound and Vibration Control, Keep Screen On, Dim Light mode Option, National University News সহ আরো অনেক ফিচার।**

**এক কথায় চাকরির প্রস্তুতি/খোঁজা থেকে শুরু করে চাকরি পাওয়া পর্যন্ত সকল তথ্য পাবেন এই অ্যাপটিতে।**

www.prebd.com

**এই আপস এর বৈশিষ্ট্য গুলো যদি আপনার ভাল লাগে তাহলে আজই ডাউনলোড করুন।**

App Download Link: https://play.google.com/store/apps/details?id=com.careerguidebd.jobcircular

**Q.** 'পানকৌড়ির রক্ত' কোন ধরনের রচনা?

a) ভ্রমন কাহিনী b) রম্যরচনা
c) কথা সাহিত্য d) কাব্যগ্রন্থ ***ans.* C**

***Solution:*** আল মাহমুদ রচিত 'পানকৌড়ির রক্ত' (১৯৭৫) হলো কথা সাহিত্যে রচনা। কবি আল মাহমুদের প্রধান গ্রন্থগুলোঃ **কাব্যগ্রন্থ:** সোনালী কাবিন, লোক লোকান্তর, কালের কলস, বখতিয়ারের ঘোড়া, পাখির কাছে ফুলের কাছে। **উপন্যাস:** উপমহাদেশ (মুক্তিযুদ্ধ ভিত্তিক); আগুনের মেয়ে, ডাহুকী, কাবিলের বোন। **গল্পগ্রন্থ:** সৌরভের কাছে পরাজিত, গন্ধবণিক, ময়ূরীর মুখ।

## সমবায় অধিদপ্তর

পদের নামঃ তাঁত সুপারভাইজার/ ক্যাশিয়ার/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর।
তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** 'ছলচাতুরি' কোন সমাসের উদাহরণ?

a) দ্বন্দ্ব b) তৎপুরুষ
c) দ্বিগু d) কর্মধারয় ***ans.* A**

***Solution:*** ছল ও চাতুরি = ছলচাতুরি - দ্বন্দ্ব সমাস। তেমনি দয়া ও মায়া = দয়ামায়া, কাল ও পরশু = কালপরশু, জামা ও কাপড় = জামাকাপড়।

**Q.** 'সদ্ভাব' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) সদ + ভাব b) সৎ + ভাব
c) সদা + ভাব d) সদঃ + ভাব ***ans.* B**

***Solution:*** এভাবে তৎ + ভব = তদ্ভব, উৎ + ভব = উদ্ভব।

**Q.** নীচের কোনটি শুদ্ধ বাক্য-

a) তুমি, আমি ও সে দায়ী
b) সে, আমি ও তুমি দোষী
c) আমি, তুমি ও সে দোষী
d) কোনটিই নয় ***ans.* C**

***Solution:*** দোষ বা অপরাধ স্বীকার করার ক্ষেত্রে প্রথমে 1st, তারপর 2nd এবং শেষে 3rd Person অনুসারে বসে।

**Q.** বাংলাভাষার মৌলিক ধ্বনিগুলো কত প্রকার?

a) ২ b) ৩
c) ৪ d) ৫ ***ans.* A**

***Solution:*** বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধান দুই ভাগে ভাগ করা যায়ঃ ১. স্বরধ্বনি এবং ২. ব্যঞ্জনধ্বনি।
উল্লেখ্য, **স্বরধ্বনি (Vowel sound):** যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় না, তাদেরকে স্বরধ্বনি (Vowel sound) বলা হয়। যেমনঃ অ, আ, ই, উ ইত্যাদি।
আর **ব্যঞ্জনধ্বনি (Consonant sound):** যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি। যেমনঃ ক, চ, ট, ত, প ইত্যাদি।

**Q.** 'অর্ধচন্দ্র' শব্দটির অর্থ-

a) প্রহার করা b) গলাধাক্কা দেয়া
c) বের করে দেয়া d) তিরস্কার করা ***ans.* B**

**Q.** 'মৃত্তিকা দিয়ে তৈরি' বাক্যটির এক কথায় প্রকাশ কোনটি?

a) মেটে b) মেটেল
c) চিন্ময় d) মৃন্ময় ***ans.* D**

***Solution:*** 'চিন্ময়' অর্থ জ্ঞানময়।

**Q.** 'আগুন' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a) অংশ b) জ্যোতি
c) ভাতি d) অনল ***ans.* D**

***Solution:*** 'আগুন' এর সমার্থক শব্দ: অনল, পাবক, দহন, সর্বভুক, সর্বশুচি, বহ্নি, অগ্নি হুতাশন। অন্যদিকে ভাতি, অংশু ও জ্যোতি হলো 'কিরণ' শব্দের সমার্থক শব্দ।

**Q.** কোন বানানটি শুদ্ধ?

a) তিতীক্ষা b) তীতিক্ষা
c) তিতিক্ষা d) তীতীক্ষা ***ans.* C**

**Q.** 'তিলে তেল হয়' কোন কারকে কোন বিভক্তি?

a) করণে ২য়া b) অধিকরনে ৭মী
c) অপাদানে ৫মী d) কর্মে শূন্য ***ans.* C**

***Solution:*** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। উল্লেখ্য, অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হইতে, হতে, থেকে, দিয়া, দিয়ে ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়।

**Q.** 'শবনম' গ্রন্থের রচয়িতা-

a) জসীম উদ্দীন b) সৈয়দ মুজতবা আলী
c) আবুল ফজল d) জহির রায়হান ***ans.* B**

***Solution:*** সৈয়দ মুজতবা আলী রচিত দুটো উপন্যাসের নাম হলো অবিশ্বাস্য (১৯৫৪), শবনম (১৯৬০)। তাঁর রচিত রম্য-রচনাগুলো হলোঃ পঞ্চতন্ত্র (১৯৫২), ময়ূরকণ্ঠী (১৯৫২)। তাঁর রচিত ছোটগল্পগ্রন্থের নামগুলো হলোঃ চাচা-কাহিনী (১৯৫২), টুনি মেম (১৯৬৪)।

**Q.** 'হরতাল' কোন ভাষার শব্দ?

a) ফারসি b) পর্তুগীজ
c) জাপানী d) গুজরাটি ***ans.* D**

***Solution:*** 'হরতাল' গুজরাটি ভাষার শব্দ।

| | |
|---|---|
| গুজরাটি শব্দ | হরতাল, খদ্দর |
| তুর্কি শব্দ | উচবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বেগম, সওগাত, চাকর, চাকু, তোপ, দারোগা, বাবুর্চি, কাঁচি |
| চীনা শব্দ | চা, চিনি, সাম্পান, লিচু, লুচি |
| পাঞ্জাবি শব্দ | চাহিদা, শিখ |

**Q.** বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি কয়টি?

a) ৫ b) ৭
c) ১০ d) ১১ ***ans.* B**

***Solution:*** বাংলায় মৌলিক স্বরধ্বনি ৭টি। এগুলো হলোঃ অ, আ, ই, উ, এ, অ্যা, ও। আর যৌগিক স্বরধ্বনি ২টি (ঐ, ঔ)।

Scanned with CamScanner

## সমবায় অধিদপ্তর

পদের নামঃ কম্পিউটার/ সহকারী প্রশিক্ষক

তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q. 'মনীষা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ হলো-**

a) মন্ + ঈষা　　b) মন + ইষা

c) মনি + ঈষা　　d) মন্স + ঈষা　　**ans. D**

**Solution:** কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ আ + চার্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; বৃহৎ + পতি = বৃহস্পতি; তৎ + কর = তস্কর; মনস্ + ঈষা = মনীষা; ষট্ + দশ = ষোড়শ; বন্ + পতি = বনস্পতি; এক্ + দশ = একাদশ।

**Q. 'তার যেন সেখানে যাওয়া হয়' বাক্যটি কোন বাচ্য?**

a) কর্তৃবাচ্য　　b) কর্মবাচ্য

c) ভাববাচ্য　　d) কোনটিই নয়　　**ans. C**

**Solution:** যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। যেমনঃ

| ভাববাচ্য | তোমাকেই ঢাকা যেতে হবে | এবার একটি গান করা হোক | তার যেন আসা হয় |
|---|---|---|---|

**Q. নিচের কোন শব্দটি 'স্বর্গ' এর সমার্থক শব্দ?**

a) ভৃঙ্গ　　b) ত্রিদিব

c) সবিতা　　d) উদবি　　**ans. B**

**Solution:** 'স্বর্গ' এর সমার্থক শব্দ 'ত্রিদিব'। আর 'ভৃঙ্গ' এর সমার্থক শব্দ 'ভ্রমর'; 'সবিতা' এর সমার্থক শব্দ 'সূর্য'।

**Q. 'তোহফা' বাক্যটি কে রচনা করেন?**

a) দৌলতকাজী　　b) আলাওল

c) মাপন ঠাকুর　　d) আব্দুল হাকিম　　**ans. B**

**Solution:** মধ্যযুগের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কবি আলাওলের রচনাগুলো হলঃ পদ্মাবতী, সয়ফুলমুলুক-বদিউজ্জামাল, হপ্ত পয়কর, সিকান্দারনামা, তোহফা বা তত্ত্বোপদেশ এবং সতীয়ময়না ও লোরচন্দ্রানী।

**Q. কোনটি শুদ্ধ বানান:**

a) প্রোজ্জ্বল　　b) প্রোজ্জল

c) প্রজ্জ্বল　　d) প্রোজ্বল　　**ans. A & C**

**Solution:** 'প্রোজ্জ্বল' অর্থ 'অতি উজ্জ্বল'। আর 'প্রজ্জ্বল' অর্থ 'জ্বলন্ত'।

**Q. 'জঙ্গম' এর বিপরীত শব্দ কোনটি?**

a) অরণ্য　　b) স্থাবর

c) পর্বত　　d) সমুদ্র　　**ans. B**

**Solution:** 'জঙ্গম' শব্দের অর্থ হলোঃ গতিশীল; চলমান; সচল; অস্থাবর।

**Q. 'ধর্মে তোমার মতি হোক' বাক্যটিতে ধর্মে কোন কারকে কোন বিভক্তি?**

a) অপাদানে ৭মী　　b) করণে ৭মী

c) অধিকরণে ৭মী　　d) কর্মে ৭মী　　**ans. C**

**Q. 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

a) কৃষ্ + ইষ্টি　　b) কৃ + ইষ্টি

c) কৃষ্ + টি　　d) কৃষ্ + তি　　**ans. D**

**Solution:** 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় 'কৃষ্ + তি (ক্তি)। এর অর্থ হলোঃ হালচাষ; কর্ষণ; কৃষিকার্য। উল্লেখ্য, যেসব শব্দের ধাতুর শেষে 'শ্' বা 'ষ্' আছে সেসব শব্দের ধাতুর সঙ্গে 'ত, তি' ইত্যাদি প্রত্যয় যুক্ত হলে যথাক্রমে 'ষ্ট', 'ষ্টি' ইত্যাদি হয়।

**Q. 'কর্মে যার ক্লান্তি নেই' বাক্যটিতে এক কথায় প্রকাশ কোনটি?**

a) ক্লান্তিহীন　　b) অক্লান্ত কর্মী

c) অবিশ্রাম　　d) নিরলস　　**ans. B**

**Q. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?**

a) ত্রিকাল　　b) ত্রিভুজ

c) একচোখা　　d) বেহায়া　　**ans. C**

**Solution:** যে বহুব্রীহি সমাসের সমস্তপদে 'আ, এ, ও' ইত্যাদি প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস। যেমনঃ এক দিকে চোখ (দৃষ্টি) যার = একচোখা (চোখ + আ); ঘরের দিকে মুখ যার = ঘরমুখো (মুখ + ও); দুই দিকে টান যার = দোটানা; দুই দিকে মন যার = দোমনা; একদিকে গোঁ যার = একগুঁয়ে; এক ঘরে থাকে যে = একঘরে; ঊন পাঁজর যার = ঊনপাঁজুরে।

**Q. 'গির্জা' কোন ভাষার শব্দ?**

a) ফারসি　　b) পর্তুগীজ

c) গ্রীক　　d) আরবী　　**ans. B**

**Solution:** কিছু পর্তুগীজ শব্দ হলোঃ আনারস, আলকাতরা, কেরানি, পেয়ারা, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, পেঁপে, টুপি, আনারস, বোমা, গুদাম, আয়া, চাবি, ফিতা, মিস্ত্রি, তামাক, বালতি, জানালা।

**Q. 'অপিনিহিতির' উদাহরণ কোনটি?**

a) আজি > আইজ　　b) মেজ > ডেলক

c) অলাবু > লাবু > লাউ　　d) কোনটিই নয়　　**ans. A**

**Solution:** অপিনিহিতি হলো পরের ই-কার আগে উচ্চারিত হওয়া। যেমনঃ আজি > আইজ, মারি > মাইর ইত্যাদি।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের নামঃ মিটার টেস্টার

তারিখঃ ০২.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. কাজী নজরুল ইসলাম রচিত 'সাম্যবাদী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?**

a) প্রবাসী　　b) বিচিত্রা

c) ভারতবর্ষ　　d) লাঙ্গল　　**ans. D**

**Solution:** 'সাম্যবাদী' কাজী নজরুল ইসলাম রচিত ১৯২৫ সালের ২৫ ডিসেম্বরে (পৌষ, ১৩৩২) লাঙ্গল পত্রিকায় প্রকাশিত একটি কাব্যগ্রন্থ। বইটিতে মোট ১১টি কবিতা রয়েছে। এগুলো হলোঃ 'সাম্যবাদী', 'সাম্য', 'ঈশ্বর', 'মানুষ', 'পাপ', 'চোর-ডাকাত', 'বীরাঙ্গনা', 'মিথ্যাবাদী', 'নারী', 'রাজা-প্রজা', 'কুলিমজুর'।

Recent Publications

**Q.** বাংলা সাহিত্যে'র প্রথম ট্রাজেডী নাটক কোনটি?

a) কপালকুণ্ডলা b) কৃষ্ণকুমারী
c) কুলীন কুলসর্বস্ব d) ভদ্রার্জুন **ans. B**

***Solution:*** বাংলায় যা কিছু প্রথম

| আধুনিক নাটক | শর্মিষ্ঠা |
|---|---|
| একুশের প্রথম নাটক | কবর |
| প্রথম ঐতিহাসিক নাটক | সাজাহান |

| প্রথম মঞ্চায়িত নাটক | বাকি ইতিহাস |
|---|---|
| বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক | কৃষ্ণকুমারী |
| প্রথম বিয়োগান্তক /ট্রাজেডি নাটক | কীর্তিবিলাস |

**Q.** কোনটি শুদ্ধ বানান?

a) ইন্দ্রজালিক b) ঈন্দ্রজালিক
c) ঐন্দ্রজালীক d) ঐন্দ্রজালিক **ans. A & D**

***Solution:*** শুদ্ধ বানানে হলো 'ঐন্দ্রজালিক', 'ইন্দ্রজালিক' (বিশেষণ, বিশেষ্য পদ) ইন্দ্রজাল সংক্রান্ত, জাদুকর, কুহকী।

**Q.** বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম উপসর্গের মোট সংখ্যা কত?

a) ১২ b) ১৪
c) ২০ d) ৩২ **ans. C**

***Solution:*** তৎসম উপসর্গ ২০টি। এগুলো হলোঃ প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

**Q.** কোন বাক্যটি শুদ্ধ?

a) তাহার জীবন সংশয়পুর্ণ।
b) তাহার জীবন সংশয়ময়।
c) তাহার জীবন সংশয়পূর্ণ।
d) তাহার জীবন সংশয় ভরা। **ans. C**

**Q.** উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ কয় ভাগে বিভক্ত?

a) ২ ভাগে b) ৩ ভাগে
c) ৪ ভাগে d) ৫ ভাগে **ans. D**

***Solution:*** ঃ উৎপত্তি অনুসারে শব্দসমূহ: ১. তৎসম, ২. অর্ধতৎসম, ৩. তদ্ভব, ৪. দেশি, ৫. বিদেশি।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ কমিউনিটি অর্গানাইজার
তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নিষিদ্ধ লোবান' কার রচনা?

a) আমজাদ হোসেন b) হুমায়ূন আহমেদ
c) শওকত ওসমান d) সৈয়দ শামসুল হক **ans. D**

***Solution:*** সৈয়দ শামসুল হক এর বিখ্যাত উপন্যাস হলোঃ নিষিদ্ধ লোবান (মুক্তিযুদ্ধ ভিত্তিক), নীলদংশন, সীমানা ছাড়িয়ে, খেলারাম খেলে যা এবং বিখ্যাত নাটক হলোঃ পায়ের আওয়াজ পাওয়া যায়, নুরুলদিনের সারাজীবন।

**Q.** 'যা লাফিয়ে চলে' এর এক কথায় প্রকাশ কী?

a) প্লবগ b) অসাড়
c) সসাড় d) মেটে **ans. A**

***Solution:*** সাড়া বা অনুভূতি নেই - অসাড়।
মাটির মত রং - মেটে।

**Q.** যৌগিক শব্দ কোনটি?

a) প্রবীণ b) তৈল
c) জলধি d) গায়ক **ans. D**

***Solution:*** এক বা একাধিক বর্ণ মিলিত হয়ে যদি কোন অর্থ প্রকাশ করে তাকে শব্দ বলে। শব্দ তিন শ্রেণীতে বিভক্ত। যথাঃ ক) উৎপত্তি অনুসারে, খ) গঠনের দিক হতে, গ) অর্থের দিক হতে।
আবার অর্থের দিক হতে শব্দ ৩ প্রকার। ১. যৌগিক শব্দ, ২. রুঢ় বা রুঢ়ি শব্দ এবং ৩. যোগরূঢ় শব্দ। যৌগিক শব্দ হল যে সকল শব্দ প্রকৃতি ও প্রত্যয় যোগে গঠিত হয় এবং প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করলে যে সকল শব্দের অর্থ পাওয়া যায় তাই যৌগিক শব্দ।
যেমনঃ গৈ + অক = গায়ক, অর্থ গান করে যে।
কৃ + তব্য = কর্তব্য, অর্থ যা করা উচিৎ।

**Q.** রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত?

a) স্বরবৃত্ত b) অক্ষরবৃত্ত
c) মন্দাক্রান্তা d) মাত্রাবৃত্ত **ans. D**

***Solution:*** সোনার তরী (১৮৯৪) রবীন্দ্রনাথের বিখ্যাত কাব্যগ্রন্থ। উক্ত কাব্যগ্রন্থটি 'মাত্রাবৃত্ত' ছন্দে লেখা হয়েছে। বাংলা ছন্দ তিন প্রকার। এগুলো হলোঃ অক্ষরবৃত্ত, বর্ণবৃত্ত এবং স্বরবৃত্ত।

| ছন্দ | অন্য নাম | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|---|
| অক্ষরবৃত্ত | জটিল কলামাত্রিক/ মিশ্রকলামাত্রিক/ যৌগিক ছন্দ | মূল পর্ব ৮ বা ১০ মাত্রার হয়। ইহাতে সংযুক্ত বা অসংযুক্ত অক্ষর সমান ধরা হয়। | কে (১) + ষ্টা (২) = ২ অক্ষর |
| বর্ণবৃত্ত | কলাবৃত্ত/মাত্রাবৃত্ত/ ধ্বনিপ্রধান ছন্দ | মূল পর্ব সাধারণত ৬ মাত্রার হয়। ইহাতে সংযুক্ত অক্ষরকে দুই বর্ণ ধরা হয়। | কে (১) + ষ্টা (১ + ১) = ৩ অক্ষর |
| স্বরবৃত্ত | দলবৃত্ত/লৌকিক/ ছড়ার ছন্দ | মূল পর্বে মাত্রার সংখ্যা ৪ ইহাতে কেবল স্বর গণনা করা হয়। | বা (১) + ঘের (১) = ২ স্বর |

**Q.** 'লেফাফাদুরস্ত' বাগধারায় 'লেফাফা' শব্দের আভিধানিক অর্থ

a) পোশাক b) খাম
c) লেপা d) ফাঁপা **ans. B**

***Solution:*** বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী 'লেফাফা' শব্দের অর্থ চিঠি ইত্যাদি প্রেরণের জন্য ব্যবহৃত কাগজের তৈরি মোড়ক, খাম বা Envelop.

**Q.** 'ছাদ থেকে নদী দেখা যায়' এখানে 'ছাদ' কোন কারকে কোন বিভক্তি?

a) কর্মে পঞ্চমী b) অধিকরণে পঞ্চমী
c) অপাদানে পঞ্চমী d) কর্মে পঞ্চমী **ans. B**

**Q.** 'রাতুল' শব্দের অর্থ-

a) লাল মোরগ b) লাল পদ্ম
c) লাল শামুক d) লাল **ans. D**

***Solution:*** 'রাতুল' শব্দের অর্থঃ রক্তবর্ণ; লাল।

**Q.** 'কেষ্ট বিষ্ট' এর অর্থ কী?

a) প্রণাম b) উভয় সংকট
c) লণ্ডভণ্ড d) গণ্যমান্য **ans. D**

BCS PRELIM

**Q. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?**

a) সলিল b) উদক
c) জলধি d) নীর **ans. C**

**Solution:** জল শব্দের সমার্থক শব্দগুলি হলোঃ সলিল, বারি, অপ্, উদক, অম্বু, নীর, পয়ঃ, তোয়, পানি, অম্ভঃ, অর্ণ ইত্যাদি। জলধি শব্দের অর্থ হলোঃ সাগর যার প্রতিশব্দগুলো হলোঃ রত্নাকর, সিন্ধু, বারিধি, বারীশ, উদধি, অর্ণব, পারাবার, জলধর ইত্যাদি।

**Q. 'মা শিশুকে খাওয়াচ্ছেন' বাক্যটিতে 'খাওয়াচ্ছেন' কোন ক্রিয়াপদের উদাহরণ?**

a) ঋণাত্মক b) দ্বিকর্মক
c) যৌগিক d) ণিজন্ত **ans. D**

**Solution:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। (সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়)।

**Q. 'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কী?**

a) দিলারা হাশেম b) রাজিয়া খান
c) রিজিয়া রহমান d) সেলিনা হোসেন **ans. B**

**Solution:** 'বট তলার উপন্যাস' এর রচয়িতা রাজিয়া খান। ১৯৫৮ সালে 'বট তলার উপন্যাস' প্রকাশিত হয়। তিনি 'বটতলার উপন্যাস' রচনা করেন ১৮ বছর বয়সে। 'বটতলার উপন্যাস' এর কেন্দ্রীয় চরিত্রের নাম মঈন। মঈন নামক কেন্দ্রীয় চরিত্রের আত্মকথনের মধ্য দিয়ে ৪৮-এ দেশবিভাগের পরবর্তী সময়ের এই উপমহাদেশের সমাজ, সময় ও রাষ্ট্রের জটিল ও দ্বন্দ্বময় ঘাত-সংঘাত। তাঁর রচিত অন্যান্য উপন্যাসের মধ্যে রয়েছেঃ 'প্রতিচিত্র' (১৯৭৬), 'চিত্রকাব্য' (১৯৮০), 'হে মহাজীবন' (১৯৮৩) এবং 'পাদবিক' (১৯৯৮) ইত্যাদি।

**Q. বাংলায় পাদচ্ছেদ কোন চিহ্নকে বলে?**

a) দাঁড়ি b) ড্যাস
c) কমা d) কোনটিই নয় **ans. C**

**Solution:**

| ব্যবহৃত নাম | বাংলা অর্থ | ইংরেজি নাম | বিরামের সময় |
|---|---|---|---|
| কমা (,) | পাদচ্ছেদ | Comma | ১ বলতে যে সময় |
| সেমিকোলন (;) | অর্ধচ্ছেদ | Semicolon | ১ বলার দ্বিগুণ সময় |
| দাঁড়ি (।) | পূর্ণচ্ছেদ | Full Stop | ১ সেকেন্ড |
| হাইফেন (-) | শব্দ বা পদ সংযোগ চিহ্ন | Hypen | থামার প্রয়োজন নেই |

**Q. 'ভারসাম্যতা' শব্দটি অশুদ্ধ কেন?**

a) প্রত্যয় জনিত কারণে
b) উপসর্গ জনিত কারণে
c) সন্ধি জনিত কারণে
d) কারক জনিত কারণে **ans. A**

**Q. 'পূর্বাশা' পত্রিকার সম্পাদক কে ছিলেন?**

a) মুন্সি মেহেরুল্লাহ b) কামিনী রায়
c) সঞ্জয় ভট্টাচার্য d) মোজাম্মেল হক **ans. C**

**Solution:** পূর্বাশা পত্রিকার সম্পাদক ছিলেন সঞ্জয় ভট্টাচার্য। কবি ও কথাসাহিত্যিক সঞ্জয় ভট্টাচার্য সম্পাদিত মাসিক পত্রিকা 'পূর্বাশা'। পত্রিকাটি ১৯৩২ সালে কুমিল্লা থেকে প্রথম প্রকাশিত হয়।

**Q. এক কথায় প্রকাশ করুন: 'অশ্ব, রথ, হস্তী, ও পদাতিক সৈন্যের সমাহার'-**

a) চতুরঙ্গ b) সংশপ্তক
c) কুশীলব d) শালগ্রাংগু **ans. A**

**Solution:** চতুরঙ্গ হলো হাতি, ঘোড়া, রথ ও পদাতিক এই চার শাখাবিশিষ্ট দল। 'সংশপ্তক' শব্দটির অর্থ যে সৈনিকেরা জীবন মরণ পণ করে যুদ্ধে লড়ে পালিয়ে আসে না। নাটকের পাত্র-পাত্রীগণ বা অভিনেতাকে কুশীলব বলে।

**Q. কোনটি তৎপুরুষ সমাস?**

a) জ্ঞানমানব b) মহাকাব্য
c) শতাব্দী d) মন্ত্রমুগ্ধ **ans. D**

**Solution:** প্রত্যেকটি তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যের পূর্বপদে অবশ্যই বিভক্তি থাকবে এবং এই বিভক্তি সমস্ত পদে লোপ পাবে। আর তৎপুরুষ সমাসের পূর্বপদে যে বিভক্তি থাকবে তার নামানুসারে তাকে সেই বিভক্তির তৎপুরুষ সমাস বলা হয়। যেমনঃ মন্ত্রে মুগ্ধ = মন্ত্রমুগ্ধ; শরকে নিক্ষেপ = শর নিক্ষেপ।

**Q. 'হেলাল' শব্দের সমার্থক-**

a) আদিত্য b) রাকা
c) আংশুমান d) ফাল্গুনী **ans. B**

**Solution:** 'হেলাল' ও 'রাকা' অর্থ হলো 'চাঁদ'।

**Q. 'খাপছাড়া' গ্রন্থটির রচয়িতা কে?**

a) শরৎচন্দ্র চট্টোপধ্যায় b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) জসীমউদ্‌দীন d) দ্বিজেন্দ্রলাল রায় **ans. B**

**Solution:** 'খাপছাড়া' হল রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি বিখ্যাত শিশুতোষ কাব্যগ্রন্থ। এটি ১৯৩৭ সালে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ এই গ্রন্থটি রাজশেখর বসু (পরশুরাম)- কে উৎসর্গ করেন।

**Q. 'আইনজীবী' শব্দটি কোন দুয়ের যোগফল?**

a) তৎসম + ফারসি b) আরবি + তৎসম
c) তদ্ভব + ফারসি d) তৎসম + আরবি **ans. A**

**Solution:** বাংলা ভাষায় ব্যবহৃত মিশ্র কিছু শব্দঃ আইনজীবী = (ফারসি + তৎসম), খ্রিষ্টাব্দ = (ইংরেজি + তৎসম), বেটাইম = (ফারসি + ইংরেজি), ডাক্তারখানা = (ইংরেজি + ফারসি), পকেটমার = (ইংরেজি + বাংলা), কালিকলম = (বাংলা + আরবি), হেডমৌলভী = (ইংরেজি + ফারসি), মাস্টারমশাই = (ইংরেজি + তদ্ভব), হেডপণ্ডিত = (ইংরেজি + তৎসম), হাটবাজার = (বাংলা + ফারসি) ইত্যাদি।

**Q. 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?**

a) আলুনি b) অকাজ
c) আবছায়া d) নিখুঁত **ans. A**

Recent Publications

**Solution:** 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে 'আলুনি' উপসর্গটি।

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| আ | অভাব<br>বাজে, নিকৃষ্ট | আলুনি, আকাঁড়া, আধোয়া,<br>আকাঠা, আগাছা |

## সমবায় অধিদপ্তর

**পদের নামঃ অফিস সহায়ক/ ফিল্ম অপারেটর/ নৈশ প্রহরী**

তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন কর্তৃক রচিত গ্রন্থ কোনটি?

a) পল্লী সমাজ　　b) শেষ প্রশ্ন
c) পদ্মরাগ　　d) পরিনীতা　　***ans.* C**

**Solution:** 'অবরোধবাসিনী' 'পদ্মরাগ', 'মতিচুর', 'সুলতানার স্বপ্ন' গ্রন্থগুলির লেখক বেগম রোকেয়া। শেষ প্রশ্ন, পল্লী সমাজ , পরিনীতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস।

**Q.** কোনটি সমার্থক শব্দ নয়?

a) সন্দেশ　　b) সংবাদ
c) বার্তা　　d) গুজব　　***ans.* D**

**Q.** নিচের কোনটি সঠিক বানান?

a) অপরাহ্ণ　　b) মধ্যাহ্ন
c) সায়াহ্ন　　d) কোনটিই নয়***ans.* Note**

**Solution:** 'মধ্যাহ্ন' হচ্ছে দিবসের মধ্যভাগ। এসময় সূর্য আকাশের মধ্যভাগে অবস্থান করে। তাই শব্দটির বানানে দন্ত্য-ন বর্ণকে 'হ' বর্ণের মাঝখানে দিতে হয়। 'অপরাহ্ণ' হচ্ছে, দিবসের শেষভাগ এসময় সূর্য আকাশের নিচে অবস্থান করে। তাই অপরাহ্ণ বানানে 'মূর্ধন্য-ণ' বর্ণকে হ-বর্ণের নিচে রাখতে হয়। 'সায়াহ্ন' শব্দের অর্থ সন্ধ্যা। এটি দিন ও রাতের মধ্যভাগ। তাই শব্দটির বানানে 'দন্ত্য-ন' বর্ণটি 'হ' বর্ণের মাঝখানে বসান। তাই সঠিক উত্তর অপশন *a*), *b*) এবং *c*).

**Q.** 'নাবিক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) নৌ + ইক　　b) নবৈ + ইক
c) নবো + ইক　　d) না + ইক　　***ans.* A**

**Solution:** এ, ঐ, ও, ঐ কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঐ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।
যেমনঃ ভৌ + উক = ভাবুক;　　পৌ + অক = পাবক।

**Q.** কোন কবিতা রচনার কারণে কাজী নজরুল ইসলামের কারাদন্ড হয়েছিল?

a) বিদ্রোহী　　b) আনন্দময়ীর আগমনে
c) কান্ডারী হুশিয়ার　　d) অগ্রপথিক　　***ans.* B**

**Solution:** 'আনন্দময়ীর আগমনে' কবিতার জন্য নজরুল ইসলামের ১ বছরের কারাদণ্ড হয়। ২৬ সেপ্টেম্বর, ১৯২২ সালে নজরুল ইসলাম তাঁর কবিতা 'আনন্দময়ীর আগমনে' প্রকাশিত হলে ধূমকেতু পত্রিকা নিষিদ্ধ হয়। উল্লেখ্য,

| গ্রন্থের নাম | প্রকৃতি | বাজেয়াপ্তকারী |
|---|---|---|
| বিষের বাঁশি | কাব্যগ্রন্থ | ব্রিটিশ সরকার |
| ভাঙ্গার গান | কাব্যগ্রন্থ | ব্রিটিশ সরকার |
| বিদ্রোহীর কৈফিয়ত | কবিতা | ব্রিটিশ সরকার |
| যুগবাণী | প্রবন্ধগ্রন্থ | ব্রিটিশ সরকার |
| প্রলয় শিখা | কাব্যগ্রন্থ | ৬ মাসের জেল |
| চন্দ্রবিন্দু | সংগীতগ্রন্থ | ৬ মাসের জেল |

**Q.** 'ঘটিরাম' বাগধারাটির অর্থ কি?

a) ভন্ড ধার্মিক　　b) ন্যাকামো
c) বড়মুখ　　d) অপদার্থ　　***ans.* D**

**Q.** 'ভূত' শব্দের বিপরীত শব্দ কোনটি?

a) ভাগ্য　　b) পেত্নী
c) ভোতা　　d) ভবিষ্যৎ　　***ans.* D**

**Q.** বাংলা ভাষায় ব্যবহার ধ্বনি কত প্রকার?

a) ২　　b) ৩
c) ৪　　d) ৫　　***ans.* A**

**Solution:** বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধান দুই ভাগে ভাগ করা যায়ঃ ১. স্বরধ্বনি এবং ২. ব্যঞ্জনধ্বনি।
উল্লেখ্য, **স্বরধ্বনি (Vowel sound):** যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় না, তাদেরকে স্বরধ্বনি (Vowel sound) বলা হয়। যেমনঃ অ, আ, ই, উ ইত্যাদি।
আর **ব্যঞ্জনধ্বনি (Consonant sound):** যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি। যেমনঃ ক, চ, ট, ত, প ইত্যাদি।

**Q.** 'আনারস' কোন ভাষা থেকে আগত শব্দ?

a) পর্তুগিজ　　b) ফরাসি
c) গুজরাটি　　d) জাপানি　　***ans.* A**

**Solution:** 'আনারস' পর্তুগিজ ভাষা থেকে আগত। পর্তুগিজ ভাষার আরো কয়েকটি শব্দ হলোঃ পেয়ারা, আলপিন, আলমারি, গুদাম, চাবি, কেরানি, আলকাতরা, পাউরুটি, পাদ্রি, বালতি, নিলাম, পেরেক, তামাক, সাবান ইত্যাদি।

**Q.** 'বিরাগী' শব্দের অর্থ কি?

a) উদাসীন　　b) প্রতিকূল
c) রাগহীন　　d) বিশেষভাবে দুষ্ট　　***ans.* A**

**Solution:** 'বিরাগী' শব্দের অর্থ হলো 'উদাসীন; আসক্তিহীন; নিঃস্পৃহ'।

**Q.** কোন বানানটি শুদ্ধ?

a) সমীচীন　　b) সমিচীন
c) সমিচিন　　d) সমীচিন　　***ans.* A**

**Q.** 'উচিত নয় যা' এক কথায় প্রকাশ কোনটি?

a) অনুক্ত　　b) অনুচিত
c) কদাচিৎ　　d) কোনটিই নয়　　***ans.* B**

**Solution:** যা বলা হয়নি = অনুক্ত।

Solution Publication

## বাংলাদেশ স্থল বন্দর

পদের নামঃ বিভিন্ন পদ

তারিখঃ ০৯.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. 'গোঁফ খেজুরে' বাগধারাটি কোন অর্থে প্রয়োগ করা হয়?**

a) খুব চৌকস b) নিতান্ত অলস
c) তামার বিষ d) চাটুকার **ans. B**

**Q. 'সোনার তরী' গ্রন্থের রচয়িতা কে?**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) মাইকেল মধুসূদন দত্ত d) জসীম উদ্দীন **ans. B**

**Solution:** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কয়েকটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: গীতাঞ্জলি, চিত্রা, ক্ষণিকা, সেজুঁতি, জন্মদিনে, বনফুল, মানসী, কল্পনা, বলাকা।

**Q. 'মেঘ' শব্দের বহুবচন কী?**

a) মেঘে মেঘে b) মেঘময়
c) মেঘসমূহ d) মেঘমালা **ans. D**

**Q. 'চশমা' কোন ভাষার শব্দ?**

a) আরবি b) গুজরাটি
c) ফরাসি d) ফারসি **ans. D**

**Solution:** ফারসি (প্রশাসনিক ও সাংস্কৃতিক) শব্দঃ চশমা, কারখানা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, মেথর, রসদ ইত্যাদি।

**Q. 'আমি জ্বর জ্বর বোধ করছি' এখানে দ্বিরুক্তি শব্দ দ্বারা কী অর্থ বোঝানো হয়েছে?**

a) আধিক্যতা b) অসামপ্ততা
c) সামান্যতা d) ধারাবাহিতা **ans. C**

**Solution:** বিশেষ্য শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহারের ক্ষেত্রে 'সামান্য' বোঝাতে 'আমি আজ জ্বর জ্বর বোধ করছি'; 'আধিক্য' বোঝাতে রাশি রাশি, ধামা ধামা এই দ্বিরুক্তি পদ বসে।

**Q. 'কাঙাল' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি?**

a) কাঙ্গালিন b) কাঙ্গালী
c) কাঙ্গালবাসী d) কাঙালিনী **ans. D**

**Q. নিচের কোনটি সঠিক বানান?**

a) কৃপন b) বিশেষণ
c) দুর্নীতি d) সর্বনাস **ans. B**

**Solution:** কৃপন এর সঠিক বানান কৃপণ।

**Q. 'অজস্র ধানের শীষে এ পবিত্র বাংলার অঙ্গনে' চরণটি কোন কবিতার অন্তর্গত?**

a) পণ্ডশ্রম b) নিমন্ত্রণ
c) বাবুরের মহত্ত্ব d) ধানের কবিতা **ans. D**

**Q. কোনটি নিত্য সমাস?**

a) কাপুরুষ b) গ্রামান্তর
c) একচোখা d) অভাব **ans. B**

**Solution:** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে ব্যাসবাক্যের প্রয়োজন হয় না তাকে নিত্যসমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশাদ করতে হয়। যেমনঃ অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; দুই এবং নব্বই = বিরানব্বই।

**Q. 'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি**

a) দুঃ + লভ b) দুর + লব
c) দুর + লভ d) কোনটিই নয় **ans. A**

**Solution:** পূর্বপদের শেষে যদি বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি বর্গের ৩য়, ৪র্থ বা ৫ম বর্ণের ধ্বনি (গ/ঘ, জ/ঝ, ড/ঢ, দ/ধ/ন) থাকে, কিংবা অন্তঃস্থ বর্ণ (য/র/ল) অথবা 'হ' থাকে তবে সন্ধির ফলে বিসর্গ (ঃ) রেফ ( ) এ রূপান্তরিত হয় এবং তা পরের ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমনঃ
ঃ + ল = র্ল (দুঃ + লভ = দুর্লভ; নিঃ + লজ্জ = নির্লজ্জ)

**Q. 'খুব বিপদ' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?**

a) গোফ খেজুরে b) অকুল পাথার
c) শকুনি মামা d) রাবনের চিতা **ans. B**

**Solution:** অকুল পাথার অর্থ ভীষণ বিপদ। উল্লেখ্য, গোফ খেজুরে অর্থ নিতান্ত অলস। শকুনি মামা অর্থ অনিষ্টকর আত্মীয়। রাবনের চিতা অর্থ চির অশান্তি।

**Q. 'নষ্ট হওয়া স্বভাব যার' এক কথায় কী হবে?**

a) অবিনশ্বর b) নষ্ট স্বভাব
c) নশ্বর d) বিনষ্ট **ans. C**

**Q. 'সকলের জন্য প্রযোজ্য' এক কথায় প্রকাশ কী হবে?**

a) সার্বজনীন b) সর্বজন স্বীকৃত
c) সর্বজন গ্রাহ্য d) সর্বজনীন **ans. D**

**Q. 'পাতি' কোন প্রকারের উপসর্গ?**

a) খাঁটি বাংলা b) তৎসম উপসর্গ
c) সংস্কৃত উপসর্গ d) বিদেশী উপস্র্গ **ans. A**

**Solution:** বাংলা উপসর্গ মোট ২১টি। এগুলো হলোঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

**Q. অর্থবাচকতা না থাকলেও অর্থদ্যোতকতা আছে কোনটির?**

a) অনুসর্গের b) উপসর্গের
c) প্রত্যয়ের d) সমাসের **ans. B**

**Solution:** উপসর্গ সাধারণত কতিপয় অব্যয়, যা ধাতু বা শব্দের আগে যুক্ত হয় এবং এর অর্থবদল ঘটায়। উপসর্গের নিজের কোনো অর্থ নাও থাকতে পারে, তবে তা অর্থবদলে কার্যকর ভূমিকা রাখে। কখনো একই উপসর্গ একাধিক অর্থে ব্যবহৃত হতে দেখা যায়। যেমনঃ নিলাজ > নি + লাজ। এখানে উপসর্গ হলো 'নি'।

Recent Publications

**Q. 'বসুন্ধরা' শব্দটির প্রতিশব্দ কোনটি?**

a) পর্বত b) মাতা
c) সমুদ্র d) পৃথিবী **ans. D**

**Solution:** বসুন্ধরা শব্দের আরো কিছু প্রতিশব্দঃ অবনী, বসুমতি, ধরণী, ধরিত্রী।

**Q. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?**

a) ইতি b) অব
c) পরি d) অতি **ans. A**

**Solution:** শব্দ বা ধাতুর পূর্বে যে সব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে ঐসব শব্দাংশকে উপসর্গ বলে। বাংলা ভাষায় মোট তিন প্রকার উপসর্গ রয়েছে। যথাঃ খাঁটি বাংলা উপসর্গ, তৎসম (সংস্কৃত) উপসর্গ এবং বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ মোট একুশটি। যথাঃ অ / অঘা / অজ / অনা/ আ / আড় / আন / আব / ইতি / উন / কদ্/ কু / নি / পাতি / বি / ভর / রাম / স / সা/ সু/ হা

**Q. 'পাণিনি' ছিলেন?**

a) নাট্যকার b) কবি
c) ব্যাকরণবিদ d) শিক্ষক **ans. C**

**Solution** পাণিনি ছিলেন একজন প্রাচীন ভারতীয় লৌহযুগের সংস্কৃত ব্যাকরণবিদ। তিনি তাঁর 'অষ্টাধ্যায়ী' নামক সংস্কৃত ব্যাকরণ গ্রন্থের জন্য বিখ্যাত। 'অষ্টাধ্যায়ী' সংস্কৃত ভাষার প্রাচীনতম ব্যাকরণগুলির মধ্যে অন্যতম। এই গ্রন্থে তিনি সংস্কৃত রূপমূলতত্ত্বের ৩,৯৫৯টি নিয়ম অন্তর্ভুক্ত করেন। যদিও পাণিনি উনাদিসূত্র, ধাতুপাঠ, গণপাঠ ইত্যাদি তাঁর পূর্বসূরিদের কয়েকটি ব্যাকরণগ্রন্থের নাম উল্লেখ করেছেন। পাণিনির ব্যাকরণ বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও সৃষ্টিশীল ভাষাবিজ্ঞানের প্রাচীনতম গ্রন্থ।

**Q. লিঙ্গান্তর হয়না এমন শব্দ কোনটি?**

a) নদ b) শিক্ষক
c) কবিরাজ d) ননদ **ans. C**

**Solution:** আরো কিছু নিত্য পুরুষবাচক শব্দ হলোঃ কবিরাজ, যোদ্ধা, সেনাপতি, দলপতি, ঢাকী, কৃতদার, রাষ্ট্রপতি, বিচারপতি ইত্যাদি।

**Q. 'সনেট' এ কয়টি চরণ থাকে?**

a) ১৬ b) ২৪
c) ১৪ d) ২০ **ans. C**

**Solution:** 'সনেট' হলো চৌদ্দ ছত্রের এক প্রকার কবিতা। এ ধরনের কবিতার জন্ম হয় ইতালির নবজাগরণের যুগসন্ধিক্ষণে অর্থাৎ চতুর্দশ শতাব্দীতে। ইতালিয় কবি পের্ত্রাক হলেন সনেটের প্রকৃত প্রবর্তক।

**Q. 'পরীক্ষা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) পরি + ইক্ষা b) পরি + ঈক্ষা
c) পরিঃ + ঈক্ষা d) পরী + ঈক্ষা **ans. B**

**Solution:** 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর 'ই'-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ 'ঈ'-কার হয়। দীর্ঘ 'ঈ'-কার পূর্বপর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ ই + ই = ঈ অতি + ইত = অতীত। ই + ঈ = ঈ; পরি + ঈক্ষা = পরীক্ষা। এরূপঃ গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিল্লীশ্বর, সতীন্দ্র ইত্যাদি।

**Q. প্রাচীন যুগের বাংলা সাহিত্যের নির্দশন কোনটি?**

a) কবিতা b) শ্রীকৃষ্ণকীর্তন
c) নাথ সাহিত্য d) চর্যাপদ **ans. D**

**Solution:** বাংলা সাহিত্যের প্রাচীন যুগের আদি নিদর্শন চর্যাপদ। চর্যাপদ একটি গানের সংকলন। চর্যাপদের প্রথম পদটি লুইপার লেখা। চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচনা করেন কাহ্নপা। কাহ্নপা রচিত পদের সংখ্যা ১৩টি।

**Q. 'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) স্থাবর b) অরণ্য
c) সমুদ্র d) পর্বত **ans. A**

**Solution:** 'জঙ্গম' শব্দের অর্থ হলোঃ গতিশীল; চলমান; সচল। 'জ' দিয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দঃ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| জঙ্গম | স্থাবর | জ্যোতি | অন্ধকার |
| জানিয়ার্ড | সজ্জন | জ্যোস্না | অমাবস্যা |
| জিন্দাবাদ | মুর্দাবাদ | জনাকীর্ণ | জনবিরল |
| জার | যৌবন | জীবন | মরণ |
| জেতা | ঠকা | জীবিত | মৃত |
| জোয়ার | ভাটা | জন্ম | মৃত্যু |
| জয় | পরাজয় | জাগ্রত | নিদ্রিত |

**Q. 'বনফুল' কার ছদ্মনাম**

a) প্রথম চৌধুরী b) বলাইচাঁদ মুখোপাধ্যায়
c) যতীন্দ্রমোহন বাগচী d) মধুসূদন দত্ত **ans. B**

**Solution:** বলাইচাঁদ মুখোপাধ্যায় কথা সাহিত্যিকের ছদ্মনাম হলো 'বনফুল'। তাঁর বিভিন্ন রচনার জন্য পদ্মভূষণ উপাধিতে ভূষিত হন।

**Q. কোন দুটি অঘোষ ধ্বনি?**

a) চ্, ছ্ b) ড্, ঢ্
c) ব্, ভ্ d) দ্, ধ্ **ans. A**

**Solution:** যেসব ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয় না, সেগুলোকে অঘোষ ধ্বনি বলে।
যেমনঃ ক্, খ্; চ্, ছ্; ট্, ঠ্; ত্, থ্; প্, ফ্, শ্।

**Q. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কি?**

a) অগভীর সতর্ক নিদ্রা b) গভীর নিদ্রার ন্যায়
c) কাকের নিদ্রার ন্যায় d) দুশ্চিন্তাগ্রস্থ নিদ্রা **ans. A**

**Q. 'অসমাপ্ত আত্মজীবনী- কার লেখা?**

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
b) কাজী নজরুল ইসলাম
c) রবীন্দ্রনাথ ঠাকুর
d) আবুল মনসুর আহমদ **ans. A**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' এবং এর ইংরেজি সংস্করণটি প্রথম প্রকাশিত হয় ১৮ জুন ২০১২ সালে। বঙ্গবন্ধুর দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ 'কারাগারের রোজনামচা' প্রথম প্রকাশিত হয় ১৭ মার্চ ২০১৭ সালে।

Recent Publications

**Q.** 'একাত্তরের দিনগুলি' কার লেখা?

a) জসীম উদ্‌দীন b) সুফিয়া কামাল
c) জাহানারা ইমাম d) আলাওল **ans. C**

**Solution:** 'একাত্তরের দিনগুলি, বুকের ভেতর আগুন, বিদায় দে মা ঘুরে আসি' মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থগুলো লিখেছেন জাহানারা ইমাম। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৬ সালে।

**Q.** কোনটি দ্বন্দ্ব সমাস?

a) দম্পতি b) সিংহাসন
c) রাজপথ d) প্রভাত **ans. A**

**Solution:** যে সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রথম পদটির সঙ্গে শেষ পদটির সামঞ্জস্য রচিত হয় তাকে একশেষ দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ জায়া ও পতি = দম্পতি।

**Q.** 'মজলুম' শব্দের অর্থ কি?

a) অসহায় b) জনপ্রিয়
c) অত্যাচারিত d) বিপদাপন্ন **ans. C**

**Solution:** 'মজলুম' শব্দের অর্থ 'অত্যাচারিত; উৎপীড়িত'।

**Q.** বাংলা ভাষায় স্বরবর্ণ কতটি?

a) ১৪ b) ১৫
c) ১১ d) ২০ **ans. C**

**Solution:** বাংলায় স্বরবর্ণ ১১টি। এগুলো হলোঃ অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

**Q.** চলিত শব্দ কোনটি?

a) বলবেন b) বলিলেন
c) বলিয়াছেন d) বলাইয়াছিলেন **ans. A**

**Q.** মহাকবি আলাওল কোন যুগের কবি?

a) মধ্যযুগ b) প্রাচীন যুগ
c) আধুনিক যুগ d) স্বর্ণযুগ **ans. A**

**Solution:** মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি ছিলেন আলাওল। কবি আলাওলের প্রধান কাব্য পদ্মাবতী। তাঁর উল্লেখযোগ্য কাব্যের মধ্যে রয়েছে, হপ্ত পয়কর, সয়ফুলমুলুক বদিউজ্জামাল, সিকান্দারনামা, তোহফা ইত্যাদি।

**Q.** 'আবোল- তাবোল' কার লেখা?

a) কাজী নজরুল ইসলাম b) ফররুখ আহমেদ
c) সুকুমার রায় d) সত্যজিত রায় **ans. C**

**Solution** সুকুমার রায় মূলত শিশুসাহিত্যিক। তিনি অনুপম ভাষায় গল্প, নাটক এবং কবিতা লিখে শিশুদের মন জয় করতেন। তাঁর বাংলা শিশুতোষ সাহিত্যের অমর সৃষ্টি হলো 'আবোল তাবোল' (১৯২৩), 'হ-য-ব-র-ল' (১৯২৪), 'বহুরূপী' (১৯৪৪) ইত্যাদি।

**Q.** 'সমুদ্রে মাছ আছে' এখানে 'সমুদ্রে' কোন কারক?

a) কর্মকারক b) করণকারক
c) অপাদানকারক d) অধিকরণকারক **ans. D**

**Solution:** বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমনঃ পুকুরে মাছ আছে (পুকুরের যে কোনো একস্থানে)। বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)। আকাশে চাঁদ উঠেছে (আকাশের কোনো এক অংশে)।

**Q.** 'দান করার ইচ্ছা' এক কথায় প্রকাশ করুন।

a) দিৎসা b) দিসা
c) দানবীর d) দোসা **ans. A**

**Q.** রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মসাল কত?

a) ১৮৬৩ b) ১৮৬১
c) ১৮৬২ d) ১৭৬১ **ans. B**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুর ৭ মে, ১৮৬১ সালে (২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ) কলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে জন্মগ্রহণ করেন। উল্লেখ্য, তিনি ৭ আগস্ট, ১৯৪১ সালে (২২ শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ)।

## পোস্টাল জেনারেল এর কার্যালয়

পদের নামঃ পোস্টাল অপারেটর
তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'সদ্যোজাত' শব্দের শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) সৎ + জাত b) সদ্যো + জাত
c) সদ্যঃ + জাত d) সদ্য + জাত **ans. C**

**Solution:** 'অ' কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ অল্প প্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি অথবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে 'অ' কার ও 'স্-জাত' বিসর্গ উভয় স্থলে 'ও' কার হয়। যেমনঃ তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম ইত্যাদি।

**Q.** 'পূর্বাশা' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

a) কাজী নজরুল ইসলাম b) শাহাদাৎ হোসেন
c) সঞ্জয় ভট্টাচার্য d) সুধীন্দ্রনাথ দত্ত **ans. C**

**Solution:** পূর্বাশা পত্রিকার সম্পাদক ছিলেন সঞ্জয় ভট্টাচার্য। কবি ও কথাসাহিত্যিক সঞ্জয় ভট্টাচার্য সম্পাদিত মাসিক পত্রিকা 'পূর্বাশা'। পত্রিকাটি ১৯৩২ সালে কুমিল্লা থেকে প্রথম প্রকাশিত হয়।

**Q.** নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?

a) নিক্কণ, সূচগ্র, অনুর্ধ্ব
b) অনূর্বর, ঊর্ধ্বাগামী, শুদ্ধাশুদ্ধি
c) ভূরিভূরি, ভূঁরিওয়ালা, মাতৃস্বসা
d) রানি, বিকিরণ, দুরতিক্রম্য **ans. A**

**Solution:** অপশন *a*) এর শুদ্ধরূপ হলোঃ নিক্বণ, সূচ্যগ্র, অনূর্ধ্ব। অপশন *b*) এর শুদ্ধরূপ হলোঃ অনুর্বর। অপশন *c*) এর শুদ্ধরূপ হলোঃ ভুঁড়িওয়ালা। অপশন *d*) এর সবগুলো শুদ্ধ।

**Q.** শাক্ত পদাবলির জন্য বিখ্যাত-

a) রামনিধি গুপ্ত b) দাশরথি রায়
c) এন্টনি ফিরিঙ্গি d) রামপ্রসাদ সেন **ans. D**

Recent Publications

**Solution:** রামপ্রসাদ-কর্তৃক প্রবর্তিত দেবী-বিষয়ক গানগুলিকে বৈষ্ণব পদাবলীর সাদৃশ্যে 'শাক্তপদাবলী' নামে অভিহিত করা হয়। কিন্তু বিভিন্ন কালে এই গানগুলি ভিন্ন ভিন্ন নামে প্রচলিত ছিল। এ জাতীয় গানগুলি প্রধানত রামপ্রসাদ-রচিত অথবা তার অনুসরণে রচিত বলে এগুলিকে 'রামপ্রসাদী গান' বা 'প্রসাদী সঙ্গীত' নামেও অভিহিত করা হয়।

**Q. কোনটি বাগধারা বোঝায়?**

a) চৈত্র সংক্রান্তি b) পৌষ সংক্রান্তি
c) শিরে সংক্রান্তি d) শিব সংক্রান্তি **ans. C**

**Solution:** 'শিরে সংক্রান্তি' বাগধারাটির অর্থ 'আসন্ন বিপদ'।

**Q. মধ্যযুগের বাংলা সাহিত্যে কোন ধর্মপ্রচারক-এর প্রভাব অপরিসীম?**

a) শ্রীচৈতন্যদেব b) শ্রীকৃষ্ণ
c) আদিনাথ d) মনোহর দাশ **ans. A**

**Solution:** বাংলা সাহিত্যে একটি পঙ্‌ক্তি না লিখলেও শ্রী চৈতন্য দেবের নামে একটি যুগের সৃষ্টি হয়েছে। বৈষ্ণব সাহিত্যের জীবনীকাব্য মূলত তাঁকে কেন্দ্র করেই গড়ে উঠে। শ্রী চৈতন্যদেবের প্রথম জীবনীগ্রন্থের নাম বৃন্দাবন দাস রচিত 'চৈতন্য-ভাগবত'; শ্রী চৈতন্যদেবের দ্বিতীয় জীবনীগ্রন্থের নাম লোচন দাস রচিত 'চৈতন্য-মঙ্গল'; শ্রী চৈতন্যদেবের সবচেয়ে তথ্যবহুল জীবনীগ্রন্থের নাম কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্য-চরিতামৃত'।

**Q. 'চর্যাপদ' কত সালে আবিষ্কৃত হয়?**

a) ১৮০০ b) ১৮৫৭
c) ১৯০৭ d) ১৯০৯ **ans. C**

**Solution:** বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিষ্কৃত হয় ১৯০৭ সালে। ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থাগার থেকে চর্যাপদ আবিষ্কার করেন। ১৯১৬ সালে এই গ্রন্থটি বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়।

**Q. 'কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?'- কার লেখা?**

a) কৃষ্ণচন্দ্র মজুমদার b) ঈশ্বচন্দ্র গুপ্ত
c) কামিনী রায় d) যতীন্দ্রমোহন বাগচী **ans. A**

**Solution:** কৃষ্ণচন্দ্র মজুমদারের বিখ্যাত কাব্যগ্রন্থ 'সদ্ভাবশতক'। তাঁর রচিত উল্লেখ্যযোগ্য পঙ্‌ক্তিগুলো হলোঃ 'কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?' 'যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।', 'চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত বেদন বুঝিতে পারে?'

**Q. 'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদকের নাম কী?**

a) সঞ্জয় b) কবীন্দ্র পরমেশ্বর
c) শ্রীকর নন্দী d) কাশীরাম দাস **ans. B**

**Solution:** কবীন্দ্র পরমেশ্বর মধ্যযুগীয় (১৬শ শতাব্দী) বাঙালি কবি। তিনিই সর্বপ্রথম বাংলা ভাষায় সংস্কৃত মহাকাব্য মহাভারত অনুবাদ করেন। তিনি হোসেন শাহের সেনাপতি ও চট্টগ্রামের শাসনকর্তা পরাগল খাঁ-র সভাকবি ছিলেন। পরমেশ্বর চট্টগ্রামের বাসিন্দা ছিলেন।

**Q. সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?**

a) ব্যঞ্জন সন্ধি b) সবর সন্ধি
c) নিপাতনে সিদ্ধ সন্ধি d) বিসর্গ সন্ধি **ans. C**

**Solution:** সংস্কৃত ব্যঞ্জনসন্ধির ক্ষেত্রে এমন কতকগুলো ব্যঞ্জনসন্ধি আছে যেগুলো কোনো নিয়মের মধ্যে পড়ে না। এসব সন্ধিকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমনঃ পর্ + পর = পরস্পর; দিব্ + লোক = দ্যুলোক; তৎ + কর = তস্কর; এক্ + দশ = একাদশ; ষট্ + দশ = ষোড়শ; হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র; বৃহৎ + পতি = বৃহস্পতি; আ + চার্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; আ + পদ = আস্পদ; পতৎ + অঞ্জলি = পতঞ্জলি; পশ্চাৎ + অর্ধ = পশ্চার্ধ; বাক্ + ঈশ্বরী = বাগেশ্বরী; বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র।

**Q. নিচের কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?**

a) বাক্ + দান = বাগদান b) উৎ + ছেদ = উচ্ছেদ
c) পর + পর = পরস্পর d) সম + সার = সংসার **ans. C**

**Solution:** কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; বন্ + পতি = বনস্পতি; পর + পর = পরস্পর; মনস্ + ঈষা = মনীষা। এখানে, 'মনীষা' হলো নিপাতনে 'সিদ্ধ সন্ধি'।

**Q. 'চৌহদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে?**

a) বাংলা + ফারসি b) সংস্কৃত + ফারসি
c) ফারসি + আরবি d) সংস্কৃত + আরবি **ans. C**

**Q. টা, টি, খানা ইত্যাদি কোন পদকে নির্দেশ করে?**

a) পদাশ্রিত নির্দেশক b) প্রকৃতি
c) বিভক্তি d) উপসর্গ **ans. A**

**Solution:** বিশেষ্য ও সর্বনাম পদকে নির্দিষ্ট করার জন্য এদের পরে যে কতকগুলো শব্দ বা শব্দখণ্ড ব্যবহৃত হয়, তাদের পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। বাংলায় নির্দিষ্টতা জ্ঞাপক প্রত্যয় ইংরেজি 'Definite Article the' এর সমতুল্য। যেমনঃ টা, টি, টুক, টুকু, খানা, খানি, গাছ, গাছা, গাছি ইত্যাদি।

**Q. উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য?**

a) অব্যয় ও শব্দাংশ
b) নতুন শব্দ গঠনে
c) উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে
d) ভিন্ন অর্থ প্রকাশে **ans. C**

**Solution:** উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে। উল্লেখ্য, বাংলা ভাষায় এমন কতকগুলো শব্দাংশ বা শব্দখণ্ড রয়েছে, যেগুলো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে। এর প্রভাবে নতুন অর্থবোধক শব্দ তৈরি হয় এবং শব্দের অর্থের পূর্ণতা সাধিত হয় কিংবা শব্দের অর্থের সম্প্রসারণ অথবা সংকোচণ ঘটে। ভাষায় ব্যবহৃত এসব শব্দখণ্ড বা শব্দাংশের নাম উপসর্গ।

Recent Publications

আর যে বর্ণ বা বর্ণগুচ্ছ ধাতু বা প্রাতিপদিকের সঙ্গে যুক্ত হয়ে শব্দগঠন করে তাকে প্রত্যয় বলে। অথবা ধাতু বা ক্রিয়ামূল বা শব্দের পরে যে শব্দখণ্ড যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে 'প্রত্যয়' বলে।

**Q. 'দেয়াসিনি' কথাটির অর্থ কী?**

a) দেবকন্যা b) এক প্রকার দেশি খাবার
c) দিয়ে এসেছো নাকি d) দিনের অবসান ***ans.* A**

**Q. কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ-**

a) চোখে চোখে b) ভয়টয়
c) টুপটাপ d) কাছাকাছি ***ans.* C**

***Solution:*** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুইবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দ কয়েকটি উপায়ে গঠিত হয়। যেমনঃ মানুষের ধ্বনির অনুকারঃ ভেউ ভেউ - মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি। এরূপঃ টুপটাপ, ট্যা ট্যা, হি হি ইত্যাদি।

**Q. ব্যক্ত শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) ত্যক্ত b) গ্রাহ্য
c) দৃঢ় d) গূঢ় ***ans.* D**

***Solution:*** 'ব্যক্ত' শব্দের বিপরীতার্থক শব্দ 'গূঢ়'।

| মূল শব্দ | গ্রাহ্য | দৃঢ় |
|---|---|---|
| বিপরীতার্থক শব্দ | অগ্রাহ্য | শিথিল |

**Q. বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?**

a) চামার b) ধারালো
c) মোড়ক d) পোষ্টাই ***ans.* C**

***Solution:*** বাংলায় 'অক' প্রত্যয়যোগে গঠিত শব্দ হলো মোড়ক। √মুড় + অক = মোড়ক; √ঝল + অক = ঝলক।

**Q. 'সন্ধ্যাভাষা' কোন সাহিত্যকর্মের সঙ্গে যুক্ত?**

a) চর্যাপদ b) পদাবলি
c) মঙ্গলকাব্য d) রোমান্সকাব্য ***ans.* A**

***Solution:*** বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন চর্যাপদ যে ভাষায় লেখা হয়েছে তা সন্ধ্যাভাষা নামে পরিচিত। সন্ধ্যা কোনো ভাষার নাম না হলেও দুর্বোধ্যতার কারণে এরূপ নামকরণ করা হয়েছে। সন্ধ্যা ভাষা সম্পর্কে চর্যাপদের আবিষ্কারক মহামহোপাধ্যা হরপ্রসাদ শাস্ত্রী বলেন 'এলা আঁধারির ভাষা কতক আলো, কতক অন্ধকার, খানিক বুঝা যায়, খানিক বুঝা যায় না'। তাই তার মতে 'সান্ধ্যভাষা আলো আঁধারির ভাষা'।

## পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম

পদের নামঃ পোস্টম্যান
তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. লোক সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?**

a) ধাঁধা b) ছড়া
c) প্রবাদ d) গাঁথা কাহিনী ***ans.* B**

***Solution:*** ধাঁধা, ছড়া, প্রবাদ ও গাঁথা কাহিনী সবই লোক সাহিত্যের প্রাচীন নির্দশন। তবে এদের মধ্যে প্রাচীনতম হচ্ছে ছড়া।

**Q. মাতৃভাষী ছোট জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর কততম বৃহত্তম ভাষা?**

a) ৮ম b) ৫ম
c) ৬ষ্ঠ d) ৭ম ***ans.* C**

***Solution:*** নবম ও দশম শ্রেণীর ব্যাকরণ বইয়ে ভাষাভাষী জনসংখ্যা বা কথা বলার দিক দিয়ে ভাষার অবস্থান ৬ষ্ঠই বলা আছে।

**Q. রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ' কত সালে প্রকাশিত হয়?**

a) ১৭৭৭ সালে b) ১৬৬৫ সালে
c) ১৮২০ সালে d) ১৮২২ সালে ***ans.* Note**

***Solution:*** ১৮২৬ সালে রাজা রামমোহন রায় ইংরেজিতে বাংলা ব্যাকরণ লেখেন। এরপর তিনি ১৮৩৩ সালে স্কুল বুক সোসাইটির জন্য ওই গ্রন্থ বাংলায় অনুবাদ করে নাম দেন 'গৌড়ীয় ব্যাকরণ'। সে-বিচারে এই গ্রন্থটি বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ।

**Q. ব্যাকরণের যে অংশে শব্দ, বর্ণ ও বাক্যের অর্থ নিয়ে আলোচনা করা হয় সেই অংশের নাম কী?**

a) অর্থতত্ত্ব b) বাক্যতত্ত্ব
c) রূপতত্ত্ব d) বর্ণতত্ত্ব ***ans.* A**

***Solution:*** বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়ঃ

| বিষয় | আলোচ্য বিষয় |
|---|---|
| ধ্বনিতত্ত্ব | ধ্বনি, সন্ধি, ণ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি। |
| শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব | শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ। |
| বাক্যতত্ত্ব বা পদক্রম | বাক্যের গঠন প্রণালি, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন। |
| অর্থতত্ত্ব | শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার। |

**Q. মূলত শ্বাস ত্যাগের মাধ্যমে ..... উৎপন্ন হয়।**

a) বাক্য b) ধ্বনি
c) শব্দ d) বর্ণ ***ans.* B**

**Q. মৌলিক ব্যঞ্জন ধ্বনি কয়টি?**

a) ২৮টি b) ২৯টি
c) ৩০টি d) ৩১টি ***ans.* C**

***Solution:*** বাংলা ভাষায় মৌলিক ধ্বনি আছে ৩৭টি। এই ধ্বনিগুলোকে আবার ২ ভাগে ভাগ করা হয় (স্বরধ্বনি এবং ব্যঞ্জনধ্বনি)। মৌলিক স্বরধ্বনি ৭টি এবং মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টি। আর বাংলা বর্ণমালায় মূল বর্ণের সংখ্যা রয়েছে ৫০টি।

**Q. উচ্চারণ স্থান অনুযায়ী 'শ' কেমন ধ্বনি?**

a) তালব্য b) কণ্ঠ্য
c) মূর্ধন্য d) দন্ত্য ***ans.* A**

Online Classes

**Solution:** নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

| উচ্চারণ স্থান | ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ | উচ্চারণস্থান অনুযায়ী নাম |
|---|---|---|
| জিহবামূল | ক খ গ ঘ ঙ | কণ্ঠ্য বা জিহবামূলীয় বর্ণ |
| অগ্রতালু | চ ছ জ ঝ শ য | তালব্য বর্ণ |
| পশ্চাৎ দন্তমূল | ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ় | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| অগ্র দন্তমূল | ত থ দ ধ ন ল স | দন্ত্য বর্ণ |
| ওষ্ঠ | প ফ ব ভ ম | ওষ্ঠ্য বর্ণ |

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণী)।

**Q. 'সমভিব্যাহারে' শব্দটির অর্থ কী?**

a) একাগ্রতায় b) সমান ব্যবহার
c) সমভাবনায় d) একযোগে **ans. D**

**Solution:** 'সমভিব্যাহারে' অর্থঃ সঙ্গে; একযোগে বা সংঘবদ্ধ হয়ে। শব্দটি ক্রিয়া বিশেষণ।

**Q. 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) দ্বীপ + আয়ন b) দ্বীপ + অয়ন
c) দ্বিপ + অনট d) দ্বীপ + অনাট **ans. B**

**Solution:** অ/আ + অ/আ = আ হয়। যেমনঃ হিম + আলয় = হিমালয়; যথা + অর্থ = যথার্থ; শশ + অঙ্ক = শশাঙ্ক; দ্বীপ + অয়ন = দ্বৈপায়ন ইত্যাদি।

**Q. সবচেয়ে বেশি চর্যাপদ পাওয়া গেছে কোন কবির?**

a) লুইপা b) কাহ্নপা
c) শরৎচন্দ্র চট্টোপধ্যায় d) নজরুল ইসলাম **ans. B**

**Solution:** চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচয়িতা কাহ্নপা। তিনি চর্যাপদে মোট ১৩টি পদ (৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৮, ১৯, ৩৬, ৪০, ৪২, ৪৫; ২৪নং পদটি তার রচিত হলেও সেটি পাওয়া যায়নি) রচনা করেন। উল্লেখ্য, শবরপা ২৮ ও ৫০ নং পদ; লুইপা ১ ও ২৯ নং পদ এবং ভুসুকুপা ৬, ২১, ২৩, ২৭, ৩০, ৪১, ৪৩ ও ৪৯ নং পদ রচনা করেছেন।

**Q. সৈয়দ মুজতবা আলীর প্রবন্ধ কোনটি?**

a) শাশ্বত বঙ্গ b) প্রবন্ধ সংগ্রহ
c) পঞ্চতন্ত্র d) কালান্তর **ans. C**

**Solution:** সৈয়দ মুজতবা আলীর 'পঞ্চতন্ত্র' (১৯৫২) দুই পর্বে বিভক্ত ব্যক্তিগত প্রবন্ধ সংকলন। প্রথম পর্বে ৩৪ এবং দ্বিতীয় পর্বে ৩১, মোট ৬৫টি রচনার সংকলন। উল্লেখ্য, 'শাশ্বত বঙ্গ' লিখেছেন কাজী নজরুল ইসলাম। 'প্রবন্ধ সংগ্রহ' লিখেছেন প্রমথ চৌধুরী। 'কালান্তর' লিখেছেন রবীন্দ্রনাথ ঠাকুর।

**Q. সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা . . . ।**

a) অপরিহার্য b) বাঞ্চনীয়
c) অসম্ভব d) অপ্রয়োজনীয় **ans. D**

**Solution:** সার-সংক্ষেপণ লেখার কৌশল হলোঃ

১. নির্ধারিত অংশটিকে বার বার পড়ে, মূলভাবটিকে অনুধাবন করতে হবে। অপ্রয়োজনীয় বা গুরুত্বহীন অংশটুকু বাদ দিয়ে কেবল মূলভাবটুকু উপস্থাপন করতে হবে।

২. মূলভাবটিকে অনুধাবন করতে অনুমানের ওপর নির্ভর না করে হৃদয় দিয়ে অনুভব করতে হবে।

৩. নির্বাচিত অংশটি পড়ার সময় গুরুত্বপূর্ণ বাক্য বা বাক্যাংশটি খুঁজে বের করতে হবে।

৪. মূল অংশের শুরুতে সংলাপ দেওয়া থাকলে প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে রূপান্তরিত করতে হবে। উত্তম ও মধ্যম পুরুষ নাম পুরুষে হবে।

৫. মূলভাবটি সহজসরল ও প্রাঞ্জল ভাষায় প্রকাশ করতে হবে। তা না হলে সার-সংক্ষেপণ লেখার মূল উদ্দেশ্য ব্যাহত হবে।

**Q. একটি পত্রের প্রধান অংশ কয়টি?**

a) ২টি b) ৩টি
c) ৪টি d) ৫টি **ans. A**

**Solution:** একটি চিঠি মূলত দুটি অংশে বিভক্তঃ ক. শিরোনাম এবং খ. পত্রগর্ভ।
তবে সাধারণত ব্যক্তিগত চিঠির ৬টি অংশ থাকে। মঙ্গলসূচক শব্দ বাদ দিলে ব্যক্তিগত চিঠির ৫টি অংশ থাকে। যথাঃ (ক) স্থান ও তারিখ, (খ) সম্ভাষণ, (গ) পত্রগর্ভ, (ঘ) পত্র লেখকের স্বাক্ষর, (ঙ) শিরোনাম।

**Q. 'পাঁচ সেরের সমাহার' এক কথায় প্রকাশ কি হবে?**

a) পরিমেয় b) পশুরী
c) পাঁচমিশালী d) পঞ্চবটি **ans. B**

**Solution:** পঞ্চ (পাঁচ) নদীর সমাহার = পঞ্চনদ।
পঞ্চ (পাঁচ) বটের সমাহার = পঞ্চবটী।
পাঁচ সেরের সমাহার = পশুরী।

**Q. নিচের কোনটি পারিভাষিক শব্দ?**

a) ডাব b) কুচ্চিত
c) সচিব d) বালতি **ans. C**

**Solution:** বাংলা ভাষায় ব্যবহৃত প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে।
Secretary = সচিব।

**Q. 'ওথ' (Oath) অর্থ কী?**

a) হলফনামা b) জামিন
c) সত্যসাক্ষ্য d) আপত্তি **ans. A**

**Solution:** Oath অর্থ হলফনামা। Bail অর্থ জামিন। True evidence অর্থ সত্যসাক্ষ্য। Objection অর্থ আপত্তি।

**Q. 'হাল' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) তৎসম b) উত্তম
c) সাবেক d) বর্তমান **ans. C**

**Q. 'বিড়ালের আড়াই পা' বাগধারাটির অর্থ কী?**

a) লাফালাফি b) বেহায়াপনা
c) লম্পঝাপ d) লজ্জা **ans. B**

**Solution:** 'বিড়ালের আড়াইপা' বাগধারাটির অর্থ 'বেহায়াপনা'। উল্লেখ্য, 'বিড়ালের আড়াই পা' এর আরেকটি অর্থ ক্ষণস্থায়ী রাগ।

Amin Solution

**Q.** 'ধীমান' শব্দের অর্থ কী?

a) বুদ্ধিমান b) শান্ত
c) প্রজ্ঞাবান d) নিরীহ ***ans.* A**

***Solution:*** ধীমান শব্দের অর্থ বুদ্ধিমান 'বুদ্ধি আছে এমন,জ্ঞানী'।

**Q.** 'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি

a) অপাদানে ৭মী b) অধিকরণে ৭মী
c) সম্প্রদানে ৭মী d) অপাদানে ৫মী ***ans.* B**

***Solution:*** ক্রিয়া সম্পাদনের কাল বা সময় এবং স্থানকে অধিকরণ কারক বলে। এই কারকে সাধারণত সপ্তমী বিভক্তি অর্থাৎ 'এ, য়, তে' ব্যবহার হয়।

**Q.** 'চর্যাপদ বাংলা ভাষার রচিত' এটি প্রথম প্রমাণ করেন কে?

a) বঙ্কিমচন্দ্র চট্টোপধ্যায়
b) সুনীতিকুমার চট্টোপধ্যায়
c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
d) রবীন্দ্রনাথ ঠাকুর ***ans.* B**

## নির্বাচন কমিশনার

**পদের নামঃ ডাটা এন্ট্রি অপারেটর**
তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৬০

**Q.** বাংলা একাডেমির মূল ভবনের নাম কি ছিল?

a) বর্ধমান হাউজ b) বাংলা ভবন
c) আহসান মঞ্জিল d) চামেলি হাউজ ***ans.* A**

***Solution:*** ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ভাষা আন্দোলনের পরি প্রেক্ষিতে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। এটির মূল নাম ছিল বর্ধমান হাউজ। উল্লেখ্য, Cirdap এর সদর দপ্তর চামেলি হাউজ। ঢাকার ইসলামপুরে অবস্থিত আহসান মঞ্জিল নির্মাণ করেন নবাব আব্দুল গণি।

**Q.** 'বীর' শব্দের বিপরীত লিঙ্গ কোনটি?

a) তেজস্বিনী b) বীরাঙ্গী
c) বীরাঙ্গনা d) বিদুষি ***ans.* C**

***Solution:*** 'বীরাঙ্গনা' অর্থ 'বীর নারী'।

**Q.** কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

a) 'কাঁদো নদী কাঁদো' b) 'নেকড়ে অরণ্য'
c) 'প্রদোষে প্রাকৃতজন' d) 'রাঙা প্রভাত' ***ans.* B**

***Solution:*** "নেকড়ে অরণ্য" ও "জাহান্নাম হইতে বিদায়" শওকত ওসমান এর মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস। 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটির রচয়িতা সৈয়দ ওয়ালীউল্লাহ; 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসটির রচয়িতা শওকত আলী। 'রাঙা প্রভাত' লিখেছেন আবুল ফজল।

**Q.** চর্যাপদের প্রাপ্তি স্থান কোনটি?

a) বাংলাদেশ b) নেপাল
c) ভুটান d) উড়িষ্যা ***ans.* B**

***Solution:*** পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবারের পুঁথিশালা থেকে চর্যাপদ আবিষ্কার করেন। এটি হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় ১৯১৬ সালে 'হাজার বছরের পুরানো বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়।

**Q.** নীললোহিত কোন লেখকের ছদ্মনাম?

a) অরুন চিত্র b) সমরেশ বসু
c) সুনীল গঙ্গোপধ্যায় d) সমরেশ মজুমদার ***ans.* C**

***Solution:*** পরশুরাম হলো রাজশেখর বসুর ছদ্মনাম। 'নীললোহিত' হলো সুনীল গঙ্গোপাধ্যায় এর ছদ্মনাম।

**Q.** কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?

a) অনুগমন b) সাহিত্যসভা
c) পীতাম্বর d) রাতকানা ***ans.* C**

***Solution:*** পীতাম্বর = পীত অম্বর যার হলো সমানাধিকার বহুব্রীহি সমাস। উল্লেখ্য, পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। আর অনুগমন = পশ্চাৎ (অনু) গমন হলো অব্যয়ীভাব সমাস। সাহিত্যসভা = সাহিত্য বিষয়ক সভা হলো মধ্যপদলোপী কর্মধারয় সমাস। রাতকানা = রাতে কানা হলো সপ্তমী তৎপুরুষ সমাস।

**Q.** কোনটি মিশ্র শব্দ?

a) চা - চিনি b) চৌ - হদ্দি
c) শামাজ - রোজা d) স্কুল - কলেজ ***ans.* B**

**Q.** 'সব ঝিনুকে মুক্তা মিলে না' এই বাক্যে 'ঝিনুক' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a) কর্তায় দ্বিতীয়া b) অপাদানে ৭মী
c) কর্মে দ্বিতীয়া d) অধিকরণে ৭মী ***ans.* B**

***Solution:*** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমনঃ
বিচ্যুতঃ গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে।
গৃহীতঃ সুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়।
জাতঃ জমি থেকে ফসল পাই। খেজুর রসে গুড় হয়।

**Q.** 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) গব + এষণা b) গবে + এষণা
c) গো + এষণা d) গবা + ইষণা ***ans.* C**

***Solution:*** এ, ঐ, ও, ঔ কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে আয়, এবং, ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ গো + এষণা = গবেষণা; নৌ + ইক = নাবিক।

**Q.** বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে কী বলে?

a) শব্দ b) কারক
c) পদ d) ক্রিয়াপদ ***ans.* C**

Question Bank

**Solution:** বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। উল্লেখ্য, দুঃসাহসী অভিযাত্রীরা মানুষের চিরন্তন কল্পনার রাজ্য চাঁদের দেশে পৌঁছেছেন এবং মঙ্গলগ্রহেও যাওয়ার জন্য তাঁরা প্রস্তুত হচ্ছে। এই বাক্যটিতে 'রা' (অভিযাত্রী + রা), 'এর' (মানুষ + এর), 'র' (কল্পনা + র), 'এ' (মঙ্গলগ্রহ + এ) ইত্যাদি চিহ্নগুলোকে বিভক্তি বলা হয়।

**Q. "একাত্তরের ডায়েরী' গ্রন্থের রচয়িতা কে?**

a) জাহানারা ইমাম b) জীবনানন্দ দাশ
c) জহির রায়হান d) সুফিয়া কামাল **ans. D**

**Solution:** সুফিয়া কামালের আত্মজীবনীমূলক গ্রন্থ: একালে আমাদের কাল। তাঁর দিনলিপিমূলক গ্রন্থ হলো: একাত্তরের ডায়েরী। আর 'একাত্তরের দিনগুলি' লিখেছেন জাহানারা ইমাম।

**Q. 'তিতিক্ষা' শব্দ দ্বারা বুঝায়?**

a) লাভ করার ইচ্ছা b) গমন করার ইচ্ছা
c) ক্ষমা করার ইচ্ছা d) ত্যাগ করার ইচ্ছা **ans. C**

**Solution:** ক্ষমা করার ইচ্ছা = তিতিক্ষা। আর 'তিতিক্ষা' অর্থ 'সহনশীলতা; সহিষ্ণুতা; অপরাধ মার্জনা'। লাভ করার ইচ্ছা = লিপ্সা। গমন করার ইচ্ছা = জিগমিষা।

**Q. 'যোগাযোগ' উপন্যাসের রচয়িতা কে?**

a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর b) ঈশ্বরচন্দ্র গুপ্ত
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) বনফুল **ans. C**

**Solution:** 'যোগাযোগ' উপন্যাসের রচয়িতা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। উল্লেখ্য, 'যোগাযোগ' (১৯২৬) 'বিচিত্রা' মাসিক পত্রিকায় 'তিনপুরুষ' নামে ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ১৯২৭ সালে। তখন কাহিনিটি আরো দীর্ঘ হবে এই রকম পরিকল্পনা ছিল। পরে কাহিনির নাম হয় 'যোগাযোগ'। নায়িকা কুমুদিনী ও নায়ক মধুসূদনের ব্যক্তিত্বের তীব্র বিরোধ উপন্যাসের কেন্দ্র।

**Q. কোনটি তৎসম শব্দ?**

a) কলম b) ফুল
c) বাড়ি d) চন্দন **ans. D**

**Solution:** যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। তৎসম একটি পারিভাষিক শব্দ। এর অর্থ [তৎ (তার) + সম (সমান)] = তার সমান অর্থাৎ সংস্কৃত।

**Q. 'বৈরাগ্য সাধনে ----- সে আমার নয়।'**

a) আনন্দ b) মুক্তি
c) বিশ্বাস d) আশ্বাস **ans. B**

**Q. Corrigendum শব্দের অর্থ কী?**

a) শুদ্ধিপত্র b) পুনর্বিন্যাস
c) স্থাপত্যকলা d) অনুরোধপত্র **ans. A**

**Solution:** Corrigendum শব্দের অর্থ সংশোধনীয় বিষয়। পুনর্বিন্যাস হলো Reconstruction. স্থাপত্যকলা হলো Architecture.

**Q. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?**

a) কবিতা b) উপন্যাস
c) গল্প d) নাটক **ans. B**

**Solution:** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। উপন্যাসটির উল্লেখযোগ্য চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ। উল্লেখ্যঃ

| | |
|---|---|
| শেষ প্রশ্ন (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষ লেখা (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষের পরিচয় (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষের কবিতা (উপন্যাস) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষকথা (ছোটগল্প) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ সপ্তক (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষরক্ষা (প্রহসন) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ বিকেলের মেয়ে (উপন্যাস) | জহির রায়হান |
| শেষ পাণ্ডুলিপি (উপন্যাস) | বুদ্ধদেব বসু |

**Q. কোন বাক্যটি শুদ্ধ?**

a) সে সঙ্কট অবস্থায় পড়েছে।
b) সে সঙ্কট অবস্থায় পড়েছে।
c) সে সঙ্কটজনক অবস্থায় পড়েছে।
d) সে সঙ্কটে পড়েছে। **ans. C & D**

**Q. "বিজ্ঞান" শব্দের 'জ্ঞ' কোন বর্ণ সমন্বয়ে গঠিত?**

a) ঞ + ঞ b) জ্ + ঞ
c) গ + ঞ d) গ + গ **ans. B**

**Solution:** জ্ঞ = জ্ + ঞ = যেমন জ্ঞান, সংজ্ঞা, বিজ্ঞান ইত্যাদি।

**Q. কাজী নজরুল ইসলাম কোন পত্রিকার সম্পাদক ছিলেন?**

a) ধুমকেতু b) সওগাত
c) মোসলেম ভারত d) সবুজপত্র **ans. A**

**Solution:** কাজী নজরুল ইসলাম 'ধূমকেতু' (১৯২২); 'লাঙ্গল' (১৯৫২); 'নবযুগ' (১৯৪১) পত্রিকার সম্পাদক ছিলেন।

**Q. নির্দিষ্ট পরিবেশে কথা ও ভাবের প্রতীক কোনটি?**

a) ভাষা b) শব্দ
c) ধ্বনি d) বাক্য **ans. B**

**Q. কোন প্রবচনটি "হতভাগ্য" অর্থে ব্যবহৃত?**

a) উড়নচণ্ডী b) ছা- পোষা
c) আট কপালে d) ভূষণ্ডীর কাক **ans. C**

**Solution:** আট কপালে প্রবচনটির অর্থ হতভাগ্য। উড়নচন্ডী প্রবচনটির অর্থ অমিতব্যয়ী। ছা-পোষা প্রবচনটির অর্থ অত্যন্ত গরিব। ভূষণ্ডির কাক প্রবচনটির অর্থ দীর্ঘজীবী।

**Q. "বাবা" শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

a) তুর্কি b) দেশি
c) ফার্সি d) ফরাসি **ans. A**

**Solution:** কিছু তুর্কি শব্দঃ উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, বেগম, সওগাত, তোপ, কাবু, তক্‌মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুর্ণিশ, খোকা, বাবুর্চি ইত্যাদি।

RPS Publications

**Q.** বাংলাদেশের প্রমিত বাংলা বানানের নিয়ম চালু করে কোন প্রতিষ্ঠান?

a) এশিয়াটিক সোসাইটি b) বাংলা একাডেমি
c) ঢাকা বিশ্ববিদ্যালয় d) শিল্প একাডেমি **ans. B**

***Solution:*** বাংলা বানানের নিয়ম বেঁধে দেয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয়। ১৯৩৫ সালে গঠিত বাংলা বানান সংস্কার কমিটির প্রতিবেদন ১৯৩৬ সালে প্রকাশিত হয় বাংলা শব্দের বানানের নিয়ম। পরবর্তীকালে বাংলা বানানকে শৃঙ্খলাবদ্ধ করতে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়েছে। আমাদের দেশে বাংলাদেশ টেকস্ট বুক বোর্ড, বাংলা একাডেমি বানানরীতি তৈরি করেছে। টেকস্ট বুক বোর্ড ও বাংলা একাডেমির বানানরীতি এক হয়েছে। এখন সর্বত্র বাংলা একাডেমির বানানরীতি মানা হচ্ছে।

**Q.** বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?

a) শ্রীকৃষ্ণকীর্তন b) মনসামঙ্গল
c) চন্ডীমঙ্গল d) চর্যাপদ **ans. D**

***Solution:*** বাংলা সাহিত্যের প্রাচীন যুগের আদি নিদর্শন চর্যাপদ। চর্যাপদ একটি গানের সংকলন। চর্যাপদের প্রথম পদটি লুইপার লেখা। চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচনা করেন কাহ্নপা। কাহ্নপা রচিত পদের সংখ্যা ১৩টি।

## জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা

পদের নামঃ ফিল্ড স্টাফ
তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

**Q.** 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত-

a) গল্প b) নাটক
c) উপন্যাস d) কবিতা **ans. C**

***Solution:*** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। উপন্যাসটির উল্লেখযোগ্য চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ। উল্লেখ্যঃ

| | |
|---|---|
| শেষ প্রশ্ন (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষ লেখা (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষের পরিচয় (উপন্যাস) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| শেষের কবিতা (উপন্যাস) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষকথা (ছোটগল্প) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ সপ্তক (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষরক্ষা (প্রহসন) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| শেষ বিকেলের মেয়ে (উপন্যাস) | জহির রায়হান |
| শেষ পাণ্ডুলিপি (উপন্যাস) | বুদ্ধদেব বসু |

**Q.** 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটি কে লিখেছেন?

a) হুমায়ুন আহমেদ b) সৈয়দ ওয়ালীউল্লাহ
c) রশীদ করীম d) আবুল ফজল **ans. B**

***Solution:*** সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাসগুলোঃ লালসালু (১৯৪৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪), কাঁদো নদী কাঁদো (১৯৬৮), দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়; রচনা ১৯৬৩)।

**Q.** 'স্বাধীনতা তুমি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

a) বাংলাদেশ স্বপ্ন দেখে b) বন্দী শিবির থেকে
c) বিধ্বস্ত নীলিমা d) নিজ বাসভূমে **ans. B**

***Solution:*** শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' এর অধিকাংশ কবিতা মুক্তিযুদ্ধকালে অবরুদ্ধ বাংলাদেশে এপ্রিল-ডিসেম্বর ১৯৭১ সময়ে রচিত। ১৯৭২ সালে জানুয়ারি মাসে কলকাতায় গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। কাব্যগ্রন্থটি শুরুতে 'পূর্বলেখ' শিরোনামে একটি ভূমিকা সংযোজন করে কবি তাঁর কাব্য রচনার প্রেক্ষাপট বর্ণনা করেন। তাঁর উল্লেখযোগ্য কবিতাগুলো হলোঃ তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা, স্বাধীনতা তুমি, মধুস্মৃতি, রক্তাক্ত প্রান্তর ইত্যাদি। প্রতিটি কবিতায় স্বাধীনতা যুদ্ধকালীন আবেগ ও প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে। ১৯৭১ সালের শহিদদের স্মরণে এই গ্রন্থটি উৎসর্গ করা হয়েছে।

**Q.** 'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়' গানটির রচয়িতা কে?

a) আব্দুল লতিফ b) নজরুল ইসলাম বাবু
c) আলতাফ মাহমুদ d) গোবিন্দ হালদার **ans. A**

***Solution:*** 'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়।' গানটির রচয়িতা ও সুরকার হলেন 'আব্দুল লতিফ'।

**Q.** কোন বাক্যে সমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

a) আমি ভাত খাচ্ছি
b) আমি ভাত খেয়ে স্কুলে যাব
c) আমি দুপুরে ভাত খাই
d) তাড়াতাড়ি ভাত খেয়ে ওঠ **ans. A & C**

***Solution:*** অপশন *a)* এবং *c)* তে 'খাচ্ছি' এবং 'খাই' ক্রিয়াপদ দিয়ে বাক্যের অর্থে পরিসমাপ্তি ঘটেছে, তাই এরা সমাপিকা ক্রিয়া। অপশন *b)* এবং *d)* তে 'খেয়ে' অসমাপিকা ক্রিয়া আছে।

**Q.** সিক্ত নীলাম্বরী- রেখায়িত পদের নাম কী?

a) বিশেষ্য b) বিশেষণ
c) সর্বনাম d) ক্রিয়া **ans. A**

***Solution:*** 'নীলাম্বরী' হলো নীল শাড়ি বা নীল বস্ত্র। এটি বিশেষ্য। আর সিক্ত অর্থ ভেজা। অর্থাৎ সিক্ত নীলাম্বরী (ভেজা নীল শাড়ি) একটি বিশেষ্য পদ।

**Q.** খাঁটি সোনার চাইতে খাটি, আমার দেশের মাটি। এটি কোন ধরনের বাক্য

a) সরল b) জটিল
c) যৌগিক d) খন্ড **ans. B**

***Solution:*** খাঁটি সোনার চাইতে খাঁটি আমার দেশের মাটি। এটি জটিল বাক্য। কয়েকটি জটিল বাক্যের উদাহরণঃ
১) যে পরিশ্রম করে, সেই সুখলাভ করে।
২) যদি তারে নাই চিনি গো, সে কি আমার নেবে চিনে।
৩) ধনধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা।
৪) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।
৫) লেখাপড়া করে যে, গাড়ি ঘোড়া চড়ে সেই।

**Q.** কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি?

a) নাচন b) কেষ্টা
c) স্থান d) শুনানি **ans. B**

***Solution:*** ধাতু ও শব্দের শেষে প্রত্যয় যুক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে প্রত্যয়কে দু'ভাগে ভাগ করা যায়। ১. কৃৎ-প্রত্যয় এবং ২. তদ্ধিত প্রত্যয়। কৃৎ-প্রত্যয়ঃ যেসব প্রত্যয় ক্রিয়ার মূল বা ধাতুর পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাদেরকে কৃৎ-প্রত্যয় বলে। কৃৎ-প্রত্যয় যোগে যেসব শব্দ গঠিত হয় তাদেরকে কৃদন্ত শব্দ বলে। যেমনঃ বাট + না = বাটনা, রাঁধ + না = রান্না। কৃৎ-প্রত্যয় ক্ষেত্রে বুঝানোর জন্য প্রকৃতির পূর্বে ধাতুর চিহ্ন (√) ব্যবহার করা হয়। যেমনঃ ফুট + অন্ত = ফুটন্ত। এখানে 'ফুট' হচ্ছে ধাতু বা প্রকৃতি, এর পূর্বে (√) চিহ্ন দিতে হবে, 'অন্ত' হচ্ছে প্রত্যয় এবং নবগঠিত 'ফুটন্ত' শব্দটি হচ্ছে কৃদন্ত শব্দ।

**Q.** কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?

a) বাক + দান = বাগদান b) উৎ + ছেদ = উচ্ছেদ
c) পর + পর = পরস্পর d) সম + সার = সংসার **ans. C**

***Solution:*** কতগুলো নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধিঃ বৃহৎ + পতি = বৃহস্পতি। বন + পতি = বনস্পতি। গো + পদ = গোষ্পদ। তৎ + কর = তস্কর ইত্যাদি।

**Q.** 'লবণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

a) লে + অন b) লব + অন
c) লো + অন d) ল + বন **ans. C**

***Solution:*** 'এ, ঐ, ও, ঐ' কারের পর 'এ, ঐ' স্থানে যথাক্রমে 'অয়, আয়' এবং 'ও, ঔ' স্থানে যথাক্রমে 'অব্' ও 'আব্' হয়। যেমনঃ

এ + অ = অয়্ + অ নে + অন = নয়ন।
ঐ + অ = আয়্ + অ নৈ + অক = নায়ক।
ও + অ = অব + অ পো + অন = পবন। ইত্যাদি

**Q.** 'অধর পল্লব' কোন সমাসের উদাহরণ?

a) তৎপুরুষ b) বহুব্রীহি
c) কর্মধারয় d) দ্বন্দ্ব **ans. C**

***Solution:*** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়)। এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমনঃ মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র; পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ; চরণকমল = চরণ কমলের ন্যায়; অধরপল্লব = অধর পল্লবের ন্যায়; চরণপদ্ম = চরণ পদ্মের ন্যায়।

**Q.** "ব্যায়ামে শরীর ভালো থাকে"- বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a) করণে ৭মী b) কর্মে ৭মী
c) অপাদানে ৭মী d) অধিকরণে ৭মী **ans. A**

***Solution:*** করণে ৭মী। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায় তা-ই করণ কারক।

**Q.** 'যা অধ্যয়ন করা হয়েছে' এক কথায় কী হবে?

a) পঠিত b) অধীত
c) অধ্যয়িত d) অধ্যায়িত **ans. B**

**Q.** যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে-

a) অচিন্ত্যনীয় b) ভূতপূর্ব
c) অবিমৃষ্যকারী d) অভাবনীয় **ans. C**

***Solution:*** যে ভবিষ্যৎ না ভেবে কাজ করেঃ অবিমৃষ্যকারী। যা পূর্বে ছিল এখন নাইঃ ভূতপূর্ব; যা চিন্তা করা যায় নাঃ অচিন্ত্যনীয়; ভাবা যায় না এমনঃ অভাবনীয়।

**Q.** 'Editor' শব্দটির সঠিক পরিভাষা কোনটি?

a) সম্পাদকীয় b) সম্পাদক
c) নির্বাচক d) সাংবাদিক **ans. B**

***Solution:*** 'Editor' শব্দটির সঠিক পরিভাষা 'সম্পাদক'।

| সম্পাদকীয় | নির্বাচক | সাংবাদিক |
|---|---|---|
| Editorial | Elector | Journalist |

## পোস্ট মাস্টার জেনারেল পূর্বাঞ্চল, চট্টগ্রাম

পদের নামঃ পোস্টাল অপারেটর
তারিখঃ ১৭.০৬.২০২৩; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'মোসলেম ভারত' নামক সাহিত্য পত্রিকার সম্পাদক কে ছিলেন?

a) মীর মশাররফ হোসেন b) মাইকেল মধুসূদন দত্ত
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) মোজাম্মেল হক **ans. D**

***Solution:*** মোসলেম ভারত (১৯২০) পত্রিকাটি সম্পাদনা করেন মোজাম্মেল হক।

**Q.** মঙ্গলকাব্যের কবি নন কে?

a) কানাহরি দত্ত b) দাশু রায়
c) ভারতচন্দ্র রায়গুণাকর d) মানিকদত্ত **ans. B**

***Solution:*** কবি কানাহরি দত্ত মনসামঙ্গল কাব্যের আদিকবি। কানাহরি দত্তের নাম পাওয়া যায় বিজয় গুপ্তের পদ্মপুরান বা মনসামঙ্গলে।

চণ্ডীমঙ্গল কাব্যের আদি কবি মানিক দত্ত। ভারতচন্দ্র রায়গুনাকর (১৭১২-১৭৬০) আঠার শতকের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ কবি। ভারতচন্দ্রের শ্রেষ্ঠ কীর্তি অন্নদামঙ্গল কাব্য। তিনি মধ্যযুগের 'শেষ বড় কবি', তাকে 'নাগরিক কবি' হিসেবে অভিহিত করা হয়। কবিত্ব শক্তিতে মুগ্ধ হয়ে রাজা কৃষ্ণচন্দ্র তাকে রায়গুণাকর উপাধি প্রদান করেন। ভারতচন্দ্রের একটি বিখ্যাত গ্রন্থ হলো "সত্য পীরের পাঁচালি"।

| | |
|---|---|
| মনসামঙ্গল | কানাহরি দত্ত, নারায়ন দেব, বিপ্রদাশ পিপিলাই |
| ধর্মমঙ্গল | ময়ূরভট্ট, ঘনরমা চক্রবর্তী, শ্যাম পন্ডিত, খেলারাম চক্রবর্তী |
| চন্ডীমঙ্গল | মানিকদত্ত, দ্বিজমাধব, মুকন্দরাম চক্রবর্তী |

**Q.** 'বিজুরি' শব্দের প্রতিশব্দ কি?

a) চপলা b) মেঘ
c) গগন d) ছায়া **ans. A**

***Solution:*** 'বিজুরি' অর্থ বিদ্যুৎ, তড়ি', চপলা ইত্যাদি।

**Q.** 'সপ্তমে চড়া' বাগধারাটির অর্থ কী?

a) প্রচন্ড উত্তেজনা b) অপ্রত্যাশিত বিপদ
c) প্রবল আনন্দিত d) রাশভারী **ans. A**

***Solution:*** সপ্তমে চড়া (প্রচণ্ড উত্তেজনা)ঃ বাংলাদেশ-ভারত ক্রিকেট ম্যাচ এখন সপ্তমে চড়েছে।

**Q.** নিচের কোনটি বঙ্গ-কামরূপী ভাষা থেকে সৃষ্ট ভাষা?

a) অসমিয়া b) উড়িয়া
c) হিন্দী d) ব্রজবুলি **ans. A**

***Solution:*** বঙ্গ-কামরূপী ভাষা থেকে সৃষ্ট ভাষা হলোঃ অসমিয়া এবং বাংলা।

**Q.** তালব্য বর্ণ কোনগুলো?

a) এ, ঐ b) ই, ঈ
c) উ, ঊ d) ও, ঔ **ans. B**

***Solution:*** উচ্চারণস্থান অনুযায়ী স্বরধ্বনিগুলোকে নিম্নলিখিতরূপে ভাগ করা যায়। এগুলো হলোঃ

| উচ্চারণস্থান অনুযায়ী নাম | স্বরবর্ণ | উচ্চারণস্থান অনুযায়ী নাম | স্বরবর্ণ |
|---|---|---|---|
| কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ | অ, আ | ওষ্ঠ্য বর্ণ | উ, ঊ |
| তালব্য বর্ণ | ই, ঈ | কণ্ঠতালব্য বর্ণ | এ, ঐ |
| মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ | ঋ | কণ্ঠৌষ্ঠ্য বর্ণ | ও, ঔ |

**Q.** নিচের কোনটি পর্তুগিজ শব্দ?

a) পাউরুটি b) দারোগা
c) ওলন্দাজ d) কার্তুজ **ans. A**

***Solution:*** **পর্তুগিজ শব্দঃ** আনারস, আলকাতরা, কেরানী, পেয়ারা, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, জানালা। উল্লেখ্য, দারোগা তুর্কি শব্দ; কার্তুজ ও ওলন্দাজ ফরাসি শব্দ।

**Q.** কোন যোজক একে অন্যের পরিপূরক হিসেবে ব্যবহৃত হয়?

a) কারা যোজক b) বিকল্প যোজক
c) সাপেক্ষ যোজক d) সাধারণ যোজক **ans. C**

***Solution:*** সাপেক্ষ যোজকঃ এ ধরনের সংযোজক একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়। প্রথাগত ব্যাকরণে এগুলো শর্তবাচক বা সাপেক্ষ বা নিত্যসম্বন্ধী অব্যয় নামে পরিচিত। সাপেক্ষ যোজক হলোঃ যথা...তথা, যত...তত, যখন...তখন, যেমন... তেমন, যেরূপ... সেরূপ। যেমনঃ যত গর্তে তত বর্ষে না।

**Q.** "দূর! একথা কি বলতে আছে?" এ বাক্যে কোন আবেগ প্রকাশ পেয়েছে?

a) বিস্ময় b) অলংকার
c) করুণা d) বিরক্তি **ans. B**

***Solution:*** অলংকার আবেগঃ এ ধরনের আবেগ-শব্দ বাক্যের অর্থের পরিবর্তন না ঘটিয়ে কোমলতা, মাধুর্য ইত্যাদি বৈশিষ্ট্য এবং সংশয়, অনুরোধ, মিনতি ইত্যাদি মনোভাব প্রকাশ করতে অলংকার হিসেবে ব্যবহৃত হয়। যেমনঃ 'দূর! এ কথা কি বইতে আছে?', 'দুর পাগল! তোকে সে কিছুই বলেনি'।

**Q.** "গুণহীন চিরদিন থাকে পরাধীন" কোন কারকে কোন বিভক্তি

a) কর্তায় শূন্য b) কর্মে শূন্য
c) করণে শূন্য d) অপাদানে শূন্য **ans. A**

***Solution:*** কাজটি যে বা যারা করবে সেই কর্তৃকারক।

**Q.** 'স্বখাত সলিল' বাগধারাটির অর্থ কী?

a) বিনা দোষে শাস্তি পাওয়া b) স্বীয় কর্মের ফল ভোগ করা
c) গভীরে যাওয়া d) দুঃখে কষ্টে পড়া **ans. B**

**Q.** 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?

a) রশীদ করিম b) শওকত ওসমান
c) জহির রায়হান d) হেলাল হাফিজ **ans. A**

***Solution:*** 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা রশীদ করিম। রশীদ করিম রচিত আরো উল্লেখযোগ্য কিছু উপন্যাস হলোঃ "প্রসন্ন পাষাণ", "প্রথম প্রেম", "একটি লাল গোলাপ", "খাঁচায়", "সোনার পাথর বাটি", "আমার যতগুলি"।

**Q.** 'নিজেকে যে নিজেই সৃষ্টি করেছে' এর বাক্য সংকোচন কি?

a) স্বয়ম্ভু b) জগদ্ধাত্রী
c) যুধিষ্ঠির d) রবাহুত **ans. A**

**Q.** 'বন্ধু বিয়োগ' কাব্যটির রচয়িতা কে?

a) বিহারীলাল চক্রবর্তী b) মানিক বন্দোপধ্যায়
c) বুদ্ধদেব বসু d) কাদম্বরী দেবী **ans. A**

***Solution:*** বন্ধু বিয়োগ প্রথম পূর্ণিমা পত্রিকায় প্রকাশিত হয়। চারটি স্বর্গে বিহারীলাল তার চারজন বন্ধু এবং প্রথমা স্ত্রী অভয়ার বিয়োগ ব্যাথা ব্যক্ত করেছেন। বাংলা কাব্যে 'ভোরের পাখি' বলা হয় বিহারী লাল চক্রবর্তীকে। বাংলা গীতিকবিতায় তার অবদান স্বরূপ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাকে 'ভোরের পাখি' উপাধিতে আখ্যায়িত করেন।

**Q.** 'যে কবিতা শুনতে জানে না, সে আজন্ম ক্রীতদাস থেকে যাবে" কোন কবিতার চরণ?

a) আমি কিংবদন্তীর কথা বলছি
b) লোক লোকান্তর
c) রক্তে আমার অনাদি অস্থি
d) কবিতা তোমার দরজায় **ans. A**

***Solution:*** আবু জাফর ওবায়দুল্লাহ এর লেখা কবিতা এটি। গদ্য ছন্দে রচিত উক্ত কবিতার ১৪ এবং ১৫ নম্বর চরন এই দুটি। তাঁর বিখ্যাত কবিতা হলো 'কোন এক মাকে' ও 'আমি কিংবদন্তীর কথা বলছি'।

**Q.** বাংলাদেশের কোন স্মৃতিবিজড়িত এলাকায় রবীন্দ্রনাথ ঠাকুর জমিদারির জন্য ঘুরে বেড়ান?

a) সখিপুর b) টুনির হাট
c) ব্যারিস্টার বাজার d) কালিগ্রাম **ans. D**

Antu Publication

**Solution:** রবীন্দ্রনাথ জমিদারি তদারকি উপলক্ষে বাংলাদেশের বিভিন্ন স্থান শাহজাদপুর, পতিসর, কালিগ্রাম ও শিলাইদহে ঘুরে বেড়ান। জমিদার রবীন্দ্রনাথ শিলাইদহে 'পদ্মা' নামে একটি বিলাসবহুল পারিবারিক বজরায় চড়ে প্রজাবর্গের কাছে খাজনা আদায় ও আশীর্বাদ প্রার্থনা করতে যেতেন।

**Q. 'রোজা' কোন ভাষার শব্দ?**

a) আরবি b) ফারসি
c) ফরাসি d) পর্তুগিজ **ans. B**

**Solution:** বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলোকে তিনভাগে ভাগ করতে পারিঃ

ক. ধর্মসংক্রান্তঃ নামায, রোজা, বেহেশ্‌ত, দোযখ, ফেরেশ্‌তা, খোদা, গোনাহ, পয়গম্বর ইত্যাদি।
খ. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দঃ দস্তখত, দৌলত, নালিশ, কারখানা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর ইত্যাদি।
গ. বিবিধ শব্দঃ আমদানি, রপ্তানি, জিন্দা, আদমী, বদমাস, জানোয়ার, হাঙ্গামা, নমুনা ইত্যাদি।

**Q. 'ধার্য' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

a) √ধৃ + য্য b) √ধৃ + য
c) √ধার + য d) কোনোটিই নয় **ans. D**

**Solution:** 'ধার্য' হলো কৃৎ প্রত্যয়। এর সঠিক প্রকৃতি-প্রত্যয়ঃ

| শব্দের শেষাংশ | কৃৎ প্রত্যয় | উদাহরণ |
|---|---|---|
| য/য-ফলা (্য) | ঘ্যণ/য | ধার্য = √ধৃ + ঘ্যণ/য, দৃশ্য = √দৃশ্ + ঘ্যণ/য, দীপ্য = √দীপ্ + ঘ্যণ/য, গম্য = √গম্ + ঘ্যণ/য, কার্য = কৃ + √ঘ্যণ/য |

**Q. 'জীবন বীমা' কোন সমাস?**

a) উপমান কর্মধারয় b) উপমিত কর্মধারয়
c) মধ্যপদলোপী কর্মধারয় d) রূপক কর্মধারয় **ans. C**

**Solution:** সমাসে ব্যাস বাক্যের মধ্য পদগুলি লোপ পেয়েছে বলে 'জীবন বীমা' মধ্যপদলোপী কর্মধারয় সমাস। জীবন বীমার ব্যাস বাক্য হলোঃ জীবন রক্ষার জন্য যে বীমা = জীবন বীমা। এরকম আরো কিছু উদাহরণ হলোঃ
জ্যোৎস্না শোভিত রাত = জ্যোৎস্নারাত।
ধর্ম রক্ষার্থে ঘট = ধর্মঘট।
নারীদের জন্য দিবস = নারী দিবস।
সংবাদ বাহনকারী পত্র = সংবাদপত্র।

**Q. 'নীল আকাশের নীচে আমি রাস্তা চলেছি একা' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্মে শূন্য b) অপাদানে শূন্য
c) কর্তায় শূন্য d) করণে শূন্য **ans. D**

**Solution:** 'করণ' শব্দটির অর্থ 'যন্ত্র, সহায়ক বা উপায়'। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমনঃ
প্রথমা বা শূন্য বা অ বিভক্তিঃ ছাত্ররা বল খেলে। (অকর্মক ক্রিয়া)। ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে। (সকর্মক ক্রিয়া)।

## বাংলাদেশ নৌবাহিনী

পদের নামঃ অফিস সহকারী- কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ স্টোর ম্যান/ টেলিফোন অপারেটর/ মোয়াজ্জিন/ ল্যাবরেটরী এটেনডেন্ট
তারিখঃ ১৬.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিকে কি বলে?**

a) যৌগিক স্বর b) একাক্ষর স্বর
c) অনাসৃত স্বর d) মৌলিক স্বর **ans. A**

**Solution:** পাশাপাশি দুটি স্বরধ্বনি একই অক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনি বলে।

**Q. শুদ্ধ বানান কোনটি?**

a) মুমুর্ষু b) মুমুর্ষ
c) মূমুর্ষ d) মুমূর্ষু **ans. D**

**Q. ভুল বানান কোনটি?**

a) ভুবন b) অন্তঃসার
c) মুহূর্ত d) অদ্ভুত **ans. A**

**Solution:** সঠিক বানান হলো 'ভুবন'।

**Q. ব্যঞ্জন ধ্বনির সংক্ষিপ্ত রূপকে বলে–**

a) রেফ b) হসন্ত
c) কার d) ফলা **ans. D**

**Solution:** ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপকে ফলা বলে। অনেক সময় স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য ব্যঞ্জনবর্ণের আকার সংক্ষিপ্ত হয়ে যায়। ব্যঞ্জনবর্ণের এই সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলা হয়। ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন রয়েছে ৭টি। এগুলো হলোঃ

| | |
|---|---|
| য-ফলা ( ্য )ঃ ব্যাঙ, খ্যাতি, সহ্য | ব-ফলা ( ্ব )ঃ পক্ব; বিশ্ব; অশ্ব |
| ম-ফলা ( ্ম )ঃ পদ্ম; সম্মান; স্মরণ | র-ফলা ( ্র)ঃ প্রমাণ; শ্রান্ত; ক্রয় |
| ন-ফলা ( ্ন /্ন)ঃ বিভিন্ন; যত্ন; রত্ন | ণ-ফলা (্ণ)ঃ পূর্বাহ্ণ; অপরাহ্ণ |
| ল-ফলা ( ্ল )ঃ ক্লান্ত; ম্লান; অম্ল | |

উল্লেখ্য, স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ 'কার'।

**Q. 'সদ্যোজাত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) সৎ + জাত b) সদ্যো + জাত
c) সদ্যঃ + জাত d) সদ্য + জাত **ans. C**

**Solution:** 'অ' কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ অল্প প্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি অথবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে 'অ' কার ও 'স্-জাত' বিসর্গ উভয় স্থলে 'ও' কার হয়। যেমনঃ তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম ইত্যাদি।

**Q. প্রাতরাশ এর সন্ধি-**

a) প্রাত + রাশ b) প্রাতঃ + রাশ
c) প্রাতঃ + আশ d) প্রাত + আশ **ans. C**

**Solution:** অন্তঃ, পুনঃ, প্রাতঃ ইত্যাদির পর স্বরধ্বনি থাকলে সন্ধির ফলে বিসর্গ 'র্' হয়ে পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ প্রাতরাশ = প্রাতঃ + আশ। অন্তরঙ্গ = অন্তঃ + অঙ্গ। অন্তরীপ = অন্তঃ + ঈপ। অন্তরীক্ষ = অন্তঃ + ঈক্ষ। পুনরধিকার = পুনঃ + অধিকার। পুনরুক্তি = পুনঃ + উক্তি। নিরন্ন = নিঃ + অন্ন ইত্যাদি।

Recent Publications

**Q. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**

a) অবনী b) পৃথ্বী
c) নীর d) ক্ষিতি **ans. C**

**Solution:** 'নীর' অর্থ পানি; জল; বারি। আর 'অদিতি' এর অর্থ হলোঃ পৃথ্বী, ক্ষিতি, অবনি, ধরণি, ভূ, বসুমতী, উর্বী, বসুধা, ভূমি।

**Q. কোন বানানটি শুদ্ধ?**

a) নিশিথীনী b) নিশীথীনি
c) নিশিথীনী d) নিশীথিনী **ans. D**

**Q. বাংলা বর্ণমালায় কয়টি বর্ণ রয়েছে?**

a) ৩৯ b) ৪৪
c) ৫০ d) ১১ **ans. C**

**Solution:** বাংলা বর্ণমালা মোট দুই প্রকার। যথাঃ স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ। স্বরবর্ণ ১১টি ও ব্যঞ্জনবর্ণ ৩৯টি মোট ৫০টি। স্বরবর্ণগুলো হলোঃ অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

**Q. 'ব্যাঙের সর্দি'- অর্থ কি?**

a) সম্ভাব্য ঘটনা b) রোগ বিশেষ
c) অসম্ভব ঘটনা d) প্রতারণা **ans. C**

**Solution:** ব্যাঙের সর্দি (অসম্ভব ঘটনা)ঃ জেল খাটা আসামিকে দেখাচ্ছ জেলের ভয়-ব্যাঙের আবার সর্দি!

**Q. 'একাদশে বৃহস্পতি'- অর্থ কী?**

a) আশার কথা b) সৌভাগ্যের বিষয়
c) মজার বিষয় d) আনন্দের বিষয় **ans. B**

**Q. 'চাঁদের হাট'- অর্থ কী?**

a) বন্ধুদের সমাগম b) গন্যমান্যদের সমাগম
c) প্রিয়জন সমাগম d) আত্নীয় সমাগম **ans. C**

**Solution:** 'চাঁদের হাট' বাগধারাটির একটি অর্থ শিশুদের বা সুন্দরীদের একত্র সমাবেশ। আবার, এর আরেকটি অর্থ সুখসম্পদপূর্ণ সংখ্যার। তাই সঠিক উত্তর অপশন *c)*

**Q. 'ষড়ঋতু' শব্দের সন্ধিবিচ্ছেদ-**

a) ষড় + ঋতু b) ষড্ + ঋতু
c) ষট্ + ঋতু d) ষট + ঋতু **ans. C**

**Solution:** 'ক, চ, ট, ত, প' এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে 'গ্, জ, ড্ (ড়), দ্, ব্' হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ ষট্ + আনন = ষড়ানন; তৎ + অবধি = তদবধি।

**Q. যে ভূমিতে ফসল জন্মায় না-**

a) পতিত b) অনুর্বর
c) ঊষর d) বন্ধ্যা **ans. C**

**Solution:** যে ভূমিতে ফসল জন্মায় না এক কথায় ঊষর বলে।

| | |
|---|---|
| যে জমি ফেলে রাখা হয়েছে = পতিত | যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা |
| উর্বর নয় যা = অনুর্বর | |

**Q. চারণকবি হিসেবে বিখ্যাত কে?**

a) আলাওল b) মুক্তারাম চক্রবর্তী
c) মুকুন্দ দাস d) চন্দ্রাবতী **ans. C**

**Solution:** চারণ কবি হিসেবে বিখ্যাত হলেন মুকুন্দ দাস। মুকুন্দ দাস বাঙালি কবি যাকে চারণ কবি বলেও অভিহিত করা হয়। মুকুন্দ দাস স্বদেশী ও অসহযোগ আন্দোলনের সময় বহু স্বদেশী বিপ্লবাত্মক গান ও নাটক রচনা করে খ্যাতি অর্জন করেন। তিনি ছিলেন স্বদেশী যাত্রার প্রবর্তক।

**Q. শিবরাত্রির সলতে- বাগধারাটির অর্থ কি?**

a) একমাত্র সন্তান b) শিবরাত্রির সলতে
c) শিবরাত্রির গুরুত্ব d) একমাত্র সন্ধ্যা **ans. A**

**Solution:** শিব রাত্রির সলতে অর্থ একমাত্র পুত্র বা বংশধর।

**Q. 'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়' - এটি কোন ধরনের বাক্য?**

a) সরল b) জটিল
c) যৌগিক d) খন্ডবাক্য **ans. B**

**Solution:** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে।

**Q. 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন?**

a) মাওলানা ভাসানী b) শেখ মুজিবুর রহমান
c) শহীদুল্লাহ কায়সার d) আবুল ফজল **ans. B**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'আমার দেখা নয়াচীন' তৃতীয় গ্রন্থটি প্রকাশিত হয় ১ ফেব্রুয়ারি ২০২০ সালে। গ্রন্থটির ভূমিকা লেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা; ৭ ডিসেম্বর ২০১৯ সালে। ইংরেজিতে অনুবাদ করেন ড. ফকরুল আলম এবং সম্পাদনা করেন বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান।

**Q. 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত' এই উক্তিটি কার?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) কালী প্রসন্ন ঘোষ
c) মোহাম্মদ লুৎফর রহমান d) প্রমথ চৌধুরী **ans. D**

**Solution:** প্রমথ চৌধুরীর আরো কিছু বিখ্যাত উক্তি হলোঃ

| | |
|---|---|
| ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে<br>উল্টোটা করতে গেলে মুখে শুধু কালিই পড়ে | কাব্য নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে<br>তার জন্য দায়ী এ যুগের স্কুল ও তার মাষ্টার |
| আনন্দের ধর্ম এই যে তা সংক্রামক | |

**Q. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?**

a) সৎমা b) ঠাকুরাণী
c) প্রিয়া d) মাননীয়া **ans. A**

**Solution:** নিত্য স্ত্রী বাচক শব্দগুলো হলোঃ সপত্নী, সতীন, বিধবা, ললনা, বিমাতা, লক্ষ্মী, কমলা, সৎমা, সুজলা, অঙ্গনা, রূপসী, কলঙ্কিনী, অর্ধাঙ্গিনী, দাই (উপমাতা), সজনী, বাইজী, পেত্নী, শাঁকচুন্নি, ডাইনি, সতী, কুলটা, বারবনিতা, সধবা, রজঃস্বলা, এয়ো, গর্ভবতী, অসূর্যম্পশা, অরক্ষণীয়া ইত্যাদি।

**Q. 'অহরহ' এর সন্ধিবিচ্ছেদ-**

a) অহ + রহ b) অহঃ + রহ
c) অহো+ রহ d) অহঃ + অহ **ans. D**

Recent Publications

**Solution:** কোনো কোন ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না।
যেমনঃ প্রাতঃ + কাল = প্রাতঃকাল;
মনঃ + কষ্ট = মনঃকষ্ট; শিরঃ + পীড়া = শিরঃপীড়া।
আবার, কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণঃ
বাচঃ + পতি = বাচপতি; ভাঃ + কর = ভাস্কর;
অহঃ + নিশা = অহর্নিশ; অহঃ + অহ = অহরহ।

**Q.** উত্তম মাধ্যম- এর অর্থ কি?
a) বিশেষ অনুরাগ b) বিশাল পার্থক্য
c) প্রহার d) ভালোবাসা **ans. C**

**Solution:** উত্তম মধ্যম অর্থ হলো প্রহার।

**Q.** একই মাতার উদরে জাত যে-
a) জাতক b) সহপাঠী
c) সহোদর d) বোন **ans. C**

**Q.** বুকে ভর দিয়ে চলে যে
a) উরগ b) বিহগ
c) উভচর d) কুমির **ans. A**

**Solution:** বুকে ভর দিয়ে চলে যে = উরগ। উল্লেখ্য, 'বিহগ' অর্থ 'পাখি'

**Q.** সঠিক বাক্য কোনটি?
a) সে তুমি ও আমি
b) তুমি আমি ও সে
c) তুমি সে ও আমি
d) আমি সে ও তুমি **ans. C**

**Solution:** এক্ষেত্রে ২, ৩, ১ ধারাটি অনুসরণ করতে হয়। এখানে ২ দ্বারা দ্বিতীয় পুরুষ, ৩ দ্বারা তৃতীয় পুরুষ এবং ১ দ্বারা প্রথম পুরুষকে বুঝানো হচ্ছে।

## বাংলাদেশ নৌবাহিনী

পদের নামঃ তন্দুরচী/এমটি ক্লিনার/লস্কর/বাবুর্চি/ওয়ার্ড বয়/ফিল্ড হেলথ ওয়ার্কার/গার্ডেনার/অদক্ষ শ্রমিক/অফসেট সহকারী/খাকরব/নিরাপত্তা প্রহরী/ওয়াসারম্যান
তারিখঃ ১৭.০৬.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q.** বাংলা বর্ণমালায় কয়টি বর্ণ রয়েছে?
a) ৩৯ b) ৪৪
c) ১১ d) ৫০ **ans. D**

**Solution:** বাংলা বর্ণমালা মোট দুই প্রকার, যথাঃ স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ। স্বরবর্ণ ১১টি ও ব্যঞ্জনবর্ণ ৩৯টি মোট ৫০টি। স্বরবর্ণগুলো হলোঃ অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

সন্ধি বিচ্ছেদ

**Q.** হিমালয় -
a) হিম + আলয় b) হিমা + লয়
c) হীমা + লয় d) হীমা + আলয় **ans. A**

**Solution:** 'অ/আ + অ/আ' = 'আ' হয়। যেমনঃ

| | |
|---|---|
| রত্নাকর = রত্ন + আকর। | নরাধম = নর + অধম |
| হিমালয় = হিম + আলয় | দ্বৈপায়ন = দ্বীপ + অয়ন |
| শশাঙ্ক = শশ + অঙ্ক | পুরাধ্যক্ষ = পুর + অধ্যক্ষ |

**Q.** বিদ্যালয় -
a) বিদ + লয় b) বিদ্যা + লয়
c) বিদ + আলয় d) বিদ্যা + আলয় **ans. D**

**Solution:** স্বরসন্ধির ক্ষেত্রে 'আ + আ = আ' হয়। যেমনঃ বিদ্যা + আলয় = বিদ্যালয়। এই রকম আরো কিছু উদাহরণ হলোঃ কারাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি।

**Q.** বারেক -
a) বারে + ক b) বারো + ক
c) বার + এক d) বার + ক **ans. C**

**Q.** স্বল্প-
a) স্বল + প b) সু + অল্প
c) স্ব + লপ d) সুঃ + অল্প **ans. B**

**Solution:** 'উ' কার কিংবা 'ঊ' কারের পর 'উ' কার ও 'ঊ' কার ভিন্ন অন্য স্বর থাকলে 'উ' বা 'ঊ' স্থানে 'ব' ফলা হয় এবং লেখার সময় 'ব' ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমনঃ উ + অ = ব + অ; সু + অল্প = স্বল্প।
উ + এ = ব + এ; অনু + এষণ = অন্বেষণ।
এরূপ পশ্চাদ্ধম, পশ্চাচার, অন্বয়, মন্বন্ড়র ইত্যাদি।

**Q.** ইত্যাদি -
a) ইত + আদী b) ইতঃ + আদি
c) ইতি + আদি d) ইতি + আদী **ans. C**

**Solution:** ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা 'য(্য)' ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমনঃ

| | |
|---|---|
| ই + উ = য্ + উ<br>(প্রতি + উষ = প্রত্যূষ) | ঈ + আ = য্ + আ<br>(মসী + আধার = মস্যাধার) |
| ঈ + অ = য্ + অ<br>(নদী + অম্বু = নদ্যম্বু) | ই + এ = য্ + এ<br>(প্রতি + এক = প্রত্যেক) |
| ই + উ = য্ + উ<br>(অতি + উক্তি = অত্যুক্তি) | ই + আ = য্ + আ<br>(ইতি + আদি = ইত্যাদি) |

বিপরীত শব্দ

**Q.** চেনা-
a) অজ্ঞান b) অচেতন
c) অচেনা d) অজানা **ans. C**

**Solution:** অজ্ঞান- সজ্ঞান। অচেতন- সচেতন। অজানা- জানা।

**Q.** নশ্বর -
a) অবিনশ্বর b) স্থায়ী
c) স্থির d) ক্ষণস্থায়ী **ans. A**

**Solution:** স্থায়ী- অস্থায়ী। স্থির- অস্থির। ক্ষণস্থায়ী- চিরস্থায়ী।

**Q.** ক্ষুদ্র-
a) ছোট b) মাঝারি
c) লঘু d) বৃহৎ **ans. D**

**Solution:** ছোট- বড়, লঘু- গুরু।

**Q.** আমদানি -
a) আয় b) ব্যয়
c) ক্রয় d) রপ্তানি **ans. D**

**Solution:** আয়- ব্যয়। ক্রয়- বিক্রয়।

**Q.** খাঁটি -
a) ভেজাল b) ঠিক
c) বেঠিক d) অধ **ans. A**

বাক্য সংকোচন

**Q.** অক্ষির সমক্ষে বর্তমান -
a) অক্ষি b) প্রত্যক্ষ
c) পরোক্ষ d) সমসাময়িক **ans. B**

**Q.** অনেকের মধ্যে একজন-
a) প্রধান b) বিশেষ
c) অন্যতম d) প্রথম **ans. C**

**Q.** একই মাতার উদরে জাত যে -
a) ভগ্নি b) ভাই
c) বোন d) সহোদর **ans. D**

**Q.** বিদেশে থাকে যে -
a) বিদেশী b) প্রবাসী
c) অনাগত d) বিশ্ববাসী **ans. B**

**Q.** যা জলে ও স্থলে চরে -
a) ব্যাঙ b) উভচর
c) কুমির d) সাপ **ans. B**

স্ত্রীবাচক শব্দ

**Q.** নাপিত -
a) নাপিতা b) নাপিতানী
c) চাকর d) নাপিতী **ans. B**

**Q.** ষোড়শ -
a) কিশোরী b) যুবতী
c) অনূঢ়া d) ষোড়শী **ans. D**

**Q.** বিদ্বান -
a) বিদ্যাময়ী b) বিদুষী
c) মহীয়সী d) জননী **ans. B**

**Q.** কোকিল -
a) কোকি b) কুকি
c) রজকী d) কোকিলা **ans. D**

**Q.** গরীয়ান -
a) গরিয়ানী b) গুবী
c) গরিয়সী d) গরিয়াল **ans. C**

***Solution:*** গরীয়ান শব্দের অর্থ মহান, মর্যাদাপূর্ণ, গুরুতর, বিত্তশালী ইত্যাদি।

বাগধারা

**Q.** অক্কা পাওয়া -
a) অনেক সম্পদ পাওয়া b) কপাল ফেরা
c) দীর্ঘ জীবন পাওয়া d) মারা যাওয়া **ans. D**

***Solution:*** অক্কা পাওয়া (মারা যাওয়া)ঃ লোকটি হজ্জ করতে গিয়ে অক্কা পেয়েছে।

**Q.** অগাধ জলের মাছ
a) গভীর পানির মাছ b) জেলে
c) সুচতুর ব্যক্তি d) অতি চালাক **ans. C**

***Solution:*** অগাধ জলের মাছ (সুচতুর ব্যক্তি)ঃ সহজ সরল মনে হলেও লোকটা আসলে অগাধ জলের মাছ।

**Q.** আক্কেল সেলামি-
a) বুদ্ধিমানের দন্ড b) নির্বুদ্ধিতার দন্ড
c) দুর্লভ বস্তু d) গুরুজনের দন্ড **ans. B**

***Solution:*** আক্কেল সেলামি (নির্বুদ্ধিতার দণ্ড)ঃ বিনা টিকেটে টেনে চড়ে আক্কেল সেলামি দিতে হলো।

**Q.** কাঁঠালের আমসত্ত্ব
a) সুমিষ্ট খাদ্য b) সুষম খাবার
c) অসম্ভব বস্তু d) সহজলভ্য বস্তু **ans. C**

***Solution:*** কাঁঠালের আমসত্ত্ব (অসম্ভব বস্তু)ঃ ঐ হাড়কিপটে করবে দান, কাঁঠালের আমসত্ত্ব আর কি।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ কার্যসহকারী

তারিখঃ ১৪.০৭.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** 'বক্ষ < বইক্খ' কী ধরনের ধ্বনির পরিবর্তনের উদাহরণ?
a) বিপ্রকর্ষ b) অপিনিহিত
c) অভিশ্রুতি d) ধ্বনি বিপর্যয় **ans. B**

***Solution:*** শব্দের শেষের 'ই' কার বা 'উ' কার আগে উচ্চারিত হলে অথবা যুক্ত ব্যঞ্জন ধ্বনির আগে নতুন করে 'ই' কার বা 'উ' কার বসলে তাকে অপিনিহিত বলে। যেমনঃ বাক্য (ব্ + আ + ক্ + ক্ + অ) বাইক্য (ব্ + আ + ই + ক্ + ক্ + অ)। এখানে যুক্ত ব্যঞ্জন হচ্ছে 'ক' এবং 'ক'; আর 'ই' এই যুক্তব্যঞ্জনের ঠিক পূর্বে বসেছে, তাদেরকে আলাদা করে মাঝে বসেনি।

**Q.** প্রাচীন বাংলায় মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে?
a) অশোক মৌর্য b) চন্দ্রগুপ্ত মৌর্য
c) সমুদ্র গুপ্ত d) কোনটিই নয় **ans. B**

***Solution:*** আলেকজান্ডারের ভারত ত্যাগের মাত্র দুই বছর পর ৩২১ খ্রিষ্টাব্দ পূর্বাব্দে মৌর্য সম্রাট চন্দ্রগুপ্ত মৌর্য ভারতের এক বিশাল অঞ্চলের উপর মৌর্য বংশের প্রভুত্ব স্থাপন করেন। উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয় সম্রাট অশোকের রাজত্বকালে (২৬৯-২৩২ খিষ্টপূর্ব)। অঞ্চলটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল। প্রাচীন পুণ্ড্রনগর ছিল এ প্রদেশের রাজধানী। উত্তর বঙ্গ ছাড়াও মৌর্য শাসন কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ), তাম্রলিপ্ত, (হুগলী) ও সমতট (দক্ষিণ-পূর্ব বাংলা) অঞ্চলে প্রতিষ্ঠিত হয়েছিল।

**Q.** 'অসমাপ্ত আত্মজীবনী' জাপানী ভাষায় অনুবাদ করেন কে?
a) কাজুহিরো ওয়াতানাবে b) শিনজো আবে
c) হাবুহিতো কুবুদা d) চাই শি **ans. A**

Recent Publications

**Solution:** বইটির জাপানি অনুবাদক জাপান ব্রডকাস্টিং কর্পোরেশনের (এনএইচকে) বাংলা বিভাগের কাজুহিরো ওয়াতানাবে। জাপানের অভিজাত প্রকাশনা সংস্থা আশাহি সোতেন জাপানি ভাষায় অনূদিত এই বইটি প্রকাশ করে। উল্লেখ্য, বাংলার পাশাপাশি 'অসমাপ্ত আত্মজীবনী'র ইংরেজি অনুবাদ 'আন ফিনিসড মেমোরিজ' শিরোনামে প্রকাশিত হয়। বইটির ইংরেজি অনুবাদ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলম। চীনা ভাষায় অনূদিত হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী'। চীনের সাবেক রাষ্ট্রদূত চাই শি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানে সাড়া দিয়ে বইটির অনুবাদ করেন। এছাড়াও 'অসমাপ্ত আত্মজীবনী' স্প্যানিশ ও উর্দু ভাষায় অনূদিত হয়েছে।

**Q. শুদ্ধ বাক্যটি নির্দেশন কর**

a) তাকে নির্বাচিত করা হয়নি।
b) তাকে নির্বাচিন করা হয়নি।
c) তাকে নির্বাচনের সুযোগ হয়নি।
d) তাকে নির্বাচনে আনীত হয়নি। ***ans.* A**

**Q. 'মরি! মরি! কী সুন্দর প্রভাতে রূপ' বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?**

a) সমুচ্চয়ী b) অনন্বয়ী
c) পদান্বয়ী d) অনুকার ***ans.* B**

**Solution:** যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমনঃ মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ! (উচ্ছ্বাস প্রকাশে)। আমি আজ আলবত যাব। নিশ্চয়ই পারব (সম্মতি প্রকাশে)। ছি ছি, তুমি এত নীচ! কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না (ঘৃণা বা বিরক্তি প্রকাশে।)

**Q. মধুসূদন দত্ত রচিত 'বীরাঙ্গনা'**

a) মহাকাব্য b) পত্রকাব্য
c) গীতিকাব্য d) আখ্যান কাব্য ***ans.* B**

**Solution:** 'বীরাঙ্গনা কাব্য' (১৮৬২) পত্রকাব্য। পত্রাকারে এ ধরনের কাব্য বাংলা সাহিত্যে এটাই প্রথম। রোমান কবি পাবলিসাস ওভিডিয়াস ন্যাসো সংক্ষেপে ওভিদের 'হেরোইদাইদ্স' কাব্যের অনুসরণে এই গ্রন্থ রচিত। এখানে মোট এগারটি পত্র আছে। দশরথের প্রতি কৈকেয়ী, দুষ্মন্তের প্রতি শকুন্তলা, সোমের প্রতি তারা, নীলধ্বজের প্রতি জনা ইত্যাদি বিশেষভাবে উলেণ্টখযোগ্য। এই গ্রন্থটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেন। এই গ্রন্থ রচনার জন্য সমকালে মধুসূদন দত্ত নিন্দিত হয়েছিলেন।

**Q. 'সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন। হউক দূর অকল্যাণ সকল অশোভন'। উক্তিটি কার?**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) শেখ ফজলল করিম d) গোলাম মোস্তফা ***ans.* A**

**Q. 'ব্রহ্মপুত্র' এর সঠিক উচ্চারণ কোনটি?**

a) ব্রোম্হোপুত্রো b) ব্রোম্মোপুত্রো
c) ব্রম্হোপুত্রো d) ব্রম্মোপুত্রো***ans.* Note**

**Solution:** ব্রোম্হোপুত্ত্রো হলো সঠিক উচ্চারণ।

**Q. 'করাল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) সৌম্য b) হৃদ্য
c) হাস্য d) সুশ্রী ***ans.* A**

**Solution:** করাল → ভয়ংকর; ভীতিজনক।
সৌম্য → প্রশান্ত; ধীর; স্থির; মনোরম।

**Q. গ্রিক শব্দ কোনটি?**

a) তুফান b) লুঙ্গি
c) কুপন d) দাম ***ans.* D**

**Solution:** দাম - গ্রিক; লুঙ্গি - বর্মী; তুফান - আরবি; কুপন - ফরাসি শব্দ।

**Q. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম কি?**

a) নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী।
b) মধুসূদন ও কুমুদিনী।
c) গোবিন্দলাল ও রোহিণী।
d) সুরেশ ও অচলা ***ans.* C**

**Solution:** 'কৃষ্ণকান্তের উইল' (১৮৭৮) বঙ্কিমচন্দ্রের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র বিধবা নারী রোহিণীকে অবলম্বন করে বঙ্কিমচন্দ্র নিজেই শিল্পবোধ ও নৈতিক আদর্শের দ্বন্দ্বে জড়িয়ে পড়েন। ঔপন্যাসিকের জীবদ্দশায় এই গ্রন্থের চারটি সংস্করণ হয়। প্রধান চরিত্রঃ রোহিণী, গোবিন্দলাল, ভ্রমর।

**Q. 'পদ্ম ও পুষ্প' এর সমার্থক শব্দ কোনগুলো?**

a) অরবিন্দ, প্রসূন b) কমল, শিতাংশু
c) নলিনী, শশধর d) ফুল, কামিনী ***ans.* A**

**Solution:** 'পদ্ম' শব্দের সঠিক প্রতিশব্দঃ অরবিন্দ, সরোবর, শতদল, কমল, পঙ্কজ। আর 'পুষ্প' অর্থ ফুল; প্রসূন; মুকুল; ফল।

**Q. নিচের কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ?**

a) পাঠক b) প্রবাণ
c) সুহৃদ d) হস্তী ***ans.* C**

**Solution:** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমনঃ পঙ্কজ, আদিত্য, রাজপুত, মাহযাত্রা, জলধি, জলদ, দশানন, পরিবার, বহুব্রীহি, গোঁফখেজুরে ইত্যাদি।

**Q. ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়?**

a) আন b) আই
c) আল d) আও ***ans.* D**

Solution Classes

**Solution:** ধাতুর পর 'আও' প্রত্যয় যুক্ত হলে ভাববাচক বিশেষ্য বুঝায়। যেমনঃ √পাকড় + আও = পাকড়াও। উল্লেখ্য, ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে 'আই' প্রত্যয় ব্যবহার হয়। যেমনঃ √সিল + আই = সিলাই। [সূত্র, পুরাতন বাংলা ব্যাকরণ ৯-১০ শ্রেণি এর ৯ম পরিচ্ছেদ]

**Q. 'গোস্বামীর সহিত বিচার' গ্রন্থের লেখক কে?**

a) বিদ্যাপতি b) রাজা রামমোহন রায়
c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর d) শ্রীকর নন্দী **ans. B**

**Solution:** রামমোহনের রচিত গ্রন্থগুলো হলঃ 'বেদান্ত গ্রন্থ' (১৮১৫), 'বেদান্ত সার' (১৮১৫), 'ভট্টাচার্যের সহিত বিচার' (১৮১৭), 'গোস্বামীর সহিত বিচার' (১৮১৮), 'উপনিষদের অনুবাদ' (১৮১৫-১৯), সহমরণ বিষয়ক 'প্রবর্তক নিবর্তক সম্বাদ' (১৮১৮-১৯)' এবং 'পথ্য প্রদান' (১৯২৩)।

**Q. নিচের কোন বানানটি সঠিক?**

a) বৈদ্যুতীকরণ b) বৈদ্যুতিকরণ
c) বিদ্যুতকরণ d) বিদ্যুতিকরণ **ans. B**

**Q. 'ব্যক্তপ্রেম' ও 'গুপ্তপ্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**

a) খেয়া b) মানসী
c) কল্পনা d) সোনারতরী **ans. B**

**Solution:** 'ব্যক্তপ্রেম' ও 'গুপ্তপ্রেম' মানসী কাব্য গ্রন্থের অন্তর্ভুক্ত। উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'মানসী' কাব্যগ্রন্থটি ১৮৯০ সালে প্রকাশিত হয়। 'মানসী' তাঁর কাব্য রচনা 'মানসী-সোনার তরী' পর্ব এর অন্তর্গত একটি উল্লেখযোগ্য সৃষ্টি। গাজীপুরে থাকাকালীন সময়ে তিনি 'মানসী' এর বেশির ভাগ কবিতা লেখেন। সেখানকার প্রাকৃতিক অনুপম পরিবেশ কবিকে ছন্দোবদ্ধ কবিতাগুলি লিখতে সহায়তা করে। তাঁর রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলি হলো 'শেষ সপ্তক', 'সানাই', 'বলাকা', 'পত্রপুট', 'চিত্রা', 'ছড়ার ছবি' ইত্যাদি।

**Q. 'গুলিস্তাঁ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?**

a) এস ওয়াজেদ আলী b) সিকন্দার আবু জাফর
c) মাওলানা আকরম খাঁ d) ফররুখ আহমদ **ans. A**

**Solution:** এস ওয়াজেদ আলী এর প্রকাশিত ও সম্পাদিত বাংলা মাসিক সাহিত্য পত্রিকা 'গুলিস্তাঁ'। 'ভবিষ্যতের বাঙালি' (১৯৪৩) তাঁর উল্লেখযোগ্য প্রবন্ধ। এই প্রবন্ধে লেখক সাম্প্রদায়িকতা মুক্ত দেশ গঠনের লক্ষ্যে হিন্দু-মুসলমানের ঐক্যবদ্ধকরণের কথা বলেছেন।

**Q. 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ কী?**

a) কপট ব্যক্তি b) হতভাগ্য
c) ঘনিষ্ঠ সম্পর্ক d) মোসাহেব **ans. D**

**Solution:** 'ঢাকের কাঠি' অর্থ 'মোসাহেব'। উল্লেখ্য, 'বর্ণচোরা' অর্থ 'কপট ব্যক্তি'। 'আটকপালে' অর্থ 'হতভাগ্য'। 'দহরম মহরম' অর্থ 'ঘনিষ্ঠ সম্পর্ক'।

**Q. কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে?**

a) ধন অপেক্ষা মান বড়।
b) তোমাকে দিয়ে কিছু হবে না।
c) ঢং ঢং ঘণ্টা বাজে।
d) লেখাপড়া কর, নতুবা ফেল করবে। **ans. D**

**Solution:** যে, যদি, যদিও, যেন ইত্যাদি কয়েকটি শব্দ সংযোজক অব্যয়ের কাজ করে থাকে। তাই তাদের অনুগামী সমুচ্চয়ী অব্যয় বলে। যেমনঃ এমনভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পার; তিনি এত পরিশ্রম করেন যে তার স্বাস্থ্যভঙ্গ হওয়ার আশঙ্কা আছে; আজই যদি (শর্ত বাচক) পারি, একবার সেখানে যাব।

**Q. সন্ধিঘটিত কোন শব্দটি শুদ্ধ?**

a) বৃহদংশ b) জাত্যভিমান
c) আদ্যন্ত d) শিরোশ্ছেদ **ans. Note**

**Solution:** এখানে সঠিক সন্ধিগুলো হলোঃ বৃহদাংশ = বৃহৎ + অংশ। জাত্যভিমান = জাতি + অভিমান। আদ্যন্ত = আদি + অন্ত। শিরশ্ছেদ = শিরঃ + ছেদ।

**Q. 'বর্তুল স্বর' কিভাবে উচ্চারিত হয়?**

a) উচ্চারণে ঠোঁট সবচেয়ে বেশি খোলা থাকে।
b) উচ্চারণে ঠোঁট মাঝামাঝি খোলা থাকে।
c) উচ্চারণে ঠোঁট সবচেয়ে কম খোলা থাকে।
d) উচ্চারণে ঠোঁট গোল হয়। **ans. D**

**Solution:** বর্তুলাকার বা কুঞ্চিত (Rounded) ধ্বনিগুলো হলোঃ অ, ও এবং উ।

## বাংলাদেশ বিদ্যুতায়ন বোর্ড

**পদের নামঃ লাইন ক্রু**

তারিখঃ ১৫.০৭.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৬০

**Q. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ-**

a) বাগ + আড়ম্বর b) বাগ + অম্বর
c) বাক্ + অম্বর d) বাক্ + আড়ম্বর **ans. D**

**Solution:** অঘোষ ধ্বনি + ঘোষ ধ্বনি, এভাবে থাকলে অঘোষ ধ্বনিটি ঘোষ ধ্বনির প্রভাবে ঘোষ ধ্বনিতে রূপান্তরিত হয়। যথা: ক্ + আ = গ্ + আ; বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর।

**Q. 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় রচনার সংকলন?**

a) রূপকথা b) ছোটগল্প
c) গ্রাম গীতিকা d) উপকথা **ans. A**

**Solution:** ঠাকুরমার ঝুলি বাংলা শিশুসাহিত্যের একটি জনপ্রিয় রূপকথার সংকলন। এই গ্রন্থের সংকলক দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার রূপকথার গল্পগুলো সংগ্রহ করেছিলেন তৎকালীন বৃহত্তর ময়মনসিংহ জেলার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে।

**Q. 'অপ' কোন ধরনের উপসর্গ?**

a) সংস্কৃত b) বাংলা
c) বিদেশী d) মিশ্র **ans. A**

Scanned with CamScanner

**Solution:** বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ ২০টি; যথা: প্র, পরা, অপ, সম, অনু, অব, নির, দুর, অভি, বি, অধি, সু, উৎ, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আ।

**Q. প্রাচীনতম বাঙ্গালী মুসলমান কবি কে?**

a) আলাওল b) সৈয়দ সুলতান
c) মুহাম্মদ খান d) শাহ মুহম্মদ সগীর **ans. D**

**Solution:** মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন বলে তাঁকে মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রাচীন কবি বলা হয়। তাঁর রচিত কাব্যটি হলো 'ইউসুফ জুলেখা'।

**Q. বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কত সালে?**

a) ১৯৫৫ খ্রিস্টাব্দ b) ১৩৫৫ বঙ্গাব্দ
c) ১৯৫২ খ্রিস্টাব্দ d) ১৩৫২ বঙ্গাব্দ **ans. A**

**Solution:** বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর। বাংলা একাডেমির প্রতিষ্ঠা স্থাপন ও সংগঠনের চিন্তা ড. মুহম্মদ শহীদুল্লাহ প্রথম করেন। ড. শহীদুল্লাহ ৩১ ডিসেম্বর, ১৯৪৮ এ পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে ভাষা সংক্রান্ত একটি একাডেমি প্রতিষ্ঠার দাবি করেন।

**Q. 'জনৈক' শব্দটির সন্ধিবিচ্ছেদ?**

a) জন + ইক b) জন + এক
c) জনে + এক d) জন + ঈক **ans. B**

**Solution:** 'অ' কার কিংবা 'আ' কারের পর 'এ' কার কিংবা 'ঐ' কার হয়; 'ঐ' কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ

অ + এ = ঐ জন + এক = জনৈক।
আ + এ = ঐ সদা + এব = সদৈব।
অ + ঐ = ঐ মত + ঐক্য = মতৈক্য।
আ + ঐ = ঐ মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

এরূপঃ হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

**Q. সমাস ভাষাকে কী করে?**

a) সংক্ষেপ করে b) বাংলা বিস্তৃত করে
c) অর্থপূর্ণ করে d) শ্রুতিমধুর করে **ans. A**

**Solution:** সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

**Q. বাংলা সনেটের প্রবর্তক কে?**

a) দ্বিজেন্দ্রলাল রায় b) রজনীকান্ত সেন
c) মাইকেল মধুসূদন দত্ত d) রবীন্দ্রনাথ ঠাকুর **ans. C**

**Solution:** মাইকেল মধুসূদন দত্ত-কে বাংলা সাহিত্যে আধুনিক প্রবর্তক, অমিত্রাক্ষরের প্রবর্তক, দত্তকুলোদ্ভব কবি এবং বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি এবং সনেটের প্রবর্তক বলা হয়। বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন মাইকেল মধুসূদন রচিত 'চতুর্দশপদী কবিতাবলী' (১৮৬৬)। ১০২টি কবিতা সংকলিত হয়েছে।

**Q. রবীন্দ্রনাথ ঠাকুরের অতি প্রাকৃত গল্প কোনটি?**

a) একরাত্রি b) নষ্টনীড়
c) ক্ষুধিত পাষাণ d) মধ্যবর্তিনী **ans. C**

**Solution:** রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্পগুলো হলোঃ ক্ষুধিত পাষাণ, কঙ্কাল, নিশীথে, জীবিত ও মৃত, মনিহার, গুপ্তধন।

**Q. কাজী নজরুল ইসলাম কর্তৃক সম্পাদিত সাহিত্য পত্রিকা কোনটি?**

a) মাহে নও b) সওগাত
c) ধূমকেতু d) কালি ও কলম **ans. C**

**Solution:** কাজী নজরুল ইসলাম 'ধূমকেতু' (১৯২২) অর্ধসাপ্তাহিক পত্রিকার সম্পাদক ছিলেন। উল্লেখ্য, সওগাত (মাসিক, ১৯১৮ ও সাপ্তাহিক, ১৯২৮) পত্রিকাটি সম্পাদনা করেন মোহাম্মদ নাসিরউদ্দিন। মোসলেম ভারত (১৯২০) পত্রিকাটি সম্পাদনা করেন মোজাম্মেল হক। সবুজপত্র (১৯১৪) পত্রিকাটি সম্পাদনা করেন প্রমথ চৌধুরী।

**Q. 'উপরোধ' শব্দের অর্থ কী?**

a) প্রতিরোধ b) প্রতিস্থাপন
c) অনুরোধ d) উপযোগী **ans. C**

**Solution:** বাংলা একাডেমির অভিধান থেকে 'উপরোধ' শব্দটির অর্থ দেয়া আছে মোট তিনটিঃ

| ০১. বিশেষ অনুরোধ | ০২. সুপারিশ | ০৩. খাতির |
|---|---|---|

**Q. কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত?**

a) আইন b) দাখিল
c) এজেন্ট d) মুচলেকা **ans. C**

**Solution:** এখানে,

| শব্দের নাম | আইন | দাখিল | মুচলেকা |
|---|---|---|---|
| উৎপত্তি | ফারসি | আরবি | তুর্কি |

**Q. 'আত্মঘাতী বাঙালী' কার রচিত গ্রন্থ?**

a) অশোক মিত্র b) বঙ্কিমচন্দ্র চট্টোপধ্যায়
c) নীরদচন্দ্র চৌধুরী d) অতুল সুর **ans. C**

**Solution:** নীরদচন্দ্র চৌধুরী রচিত 'আত্মঘাতী বাঙালী' (১৯৮৮) একটি গ্রন্থ।

**Q. 'সংশয়' এর বিপরীত শব্দ কোনটি?**

a) নির্জয় b) বিস্ময়
c) প্রত্যয় d) দ্বিধা **ans. C**

**Solution:** 'সংশয়' শব্দের কিছু সমার্থক শব্দঃ সন্দেহ; দ্বিধা; দ্বৈধবোধ ইত্যাদি।

**Q. 'ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন**

a) ক্ষমার্হ b) ক্ষমাপ্রার্থী
c) ক্ষমা d) ক্ষমাপ্রন **ans. A**

**Q. 'চাচা কাহিনী' এর লেখক-**

a) সৈয়দ হক b) শওকত ওসমান
c) সৈয়দ মুজতবা আলী d) ফররুখ আহমেদ **ans. C**

**Solution:** সৈয়দ মুজতবা আলীর 'চাচা কাহিনী' (১৯৫২) একটি ছোট গল্পগ্রন্থ। তাঁর রচিত বিখ্যাত আরেকটি ছোট গল্পগ্রন্থ হলো 'টুনি মেম'। তাঁর রচিত বিখ্যাত ভ্রমণকাহিনীর নাম 'দেশে বিদেশে'। 'অবিশ্বাস্য' এবং 'শবনম' তাঁর রচিত উপন্যাস।

Recent Publications

**Q.** 'অগ্নি' শব্দের সমার্থক নয় কোনটি?

a) হুতাশন b) কৃশানু
c) বায়ুসখা d) দ্যুতি ***ans.* D**

***Solution:*** আর 'আগুন' এর সমার্থক শব্দঃ অনল, পাবক, হুতাশন, অগ্নি, বৈশ্বানর, বহ্নি, দহন, সর্বভুক, শিখা, হোমাগ্নি, কৃশানু, শিখা, হোমাগ্নি, কৃশানু, বায়ুসখা, সর্বশুচি, বিভাবসু। আর 'দ্যুতি' শব্দের অর্থ হলো 'প্রভা, দীপ্তি, কিরণ, শোভা' ইত্যাদি।

**Q.** 'সম্বোধন' শব্দের অর্থ-

a) আহবান b) নাম
c) পরিচয় d) অভিবাদন ***ans.* A**

***Solution:*** 'সম্বোধন' শব্দটির অর্থ আহবান। যাকে সম্বোধন বা আহবান করে কিছু বলা হয়, তাকে সম্বোধন পদ বলে। যেমনঃ ওহে মাঝি, আমাকে পার করো। সুমন, এখানে এসো।

জ্ঞাতব্যঃ সম্বোধন পদ বাক্যের অংশ। কিন্তু বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে কোনো সম্বন্ধ থাকে না বলে সম্বোধন পদ কারক নয়।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ হিসাব সহকারী

তারিখঃ ২৮.০৭.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?

a) শশব্যস্ত b) কালচক্র
c) পরাণপাখি d) বহুব্রীহি ***ans.* A**

***Solution:*** উপমান কর্মধারয় সমাসের উদাহরণ হলোঃ শশব্যস্ত = শশকের ন্যায় ব্যস্ত। উল্লেখ্য, উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। উপমান কর্মধারয় সমাসের আরো কিছু উদাহরণঃ অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা। তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র। ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণ কেশ ইত্যাদি।

**Q.** সাধুরীতি ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?

a) ক্রিয়া ও অব্যয় b) অব্যয় ও ক্রিয়া
c) সর্বনাম ও বিশেষ্য d) ক্রিয়া ও সর্বনাম ***ans.* D**

***Solution:*** সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমনঃ খাইতেছি, তাহারা ইত্যাদি। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদগুলো সংক্ষিপ্ত। যেমনঃ খাচ্ছি, তারা ইত্যাদি।

**Q.** 'গাছ পাথর' বাগধারাটির অর্থ কি?

a) বাড়াবাড়ি b) প্রাচীন বস্তু
c) হিসাব নিকাশ d) অসম্ভব বস্তু ***ans.* C**

***Solution:*** বাংলা একাডেমি অভিধান অনুসারে, 'গাছ পাথর' এর অর্থ হলো বিতুলনা, পরিমাণ বা হিসাবের জন্য সমবয়সের বৃক্ষ বা প্রস্তর। আর উদাহরণ হলোঃ বয়সের গাছ-পাথর নেই।

**Q.** 'বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন।'- এই পরোক্ষ উক্তির প্রত্যক্ষরূপ হবে ?

a) বাবা ছেলেকে বললেন, বাবা তুমি দীর্ঘজীবী হও।
b) বাবা ছেলেকে বললেন যে, তোমার দীর্ঘায়ু হোক।
c) বাবা ছেলেকে বললেন, 'তুমি দীর্ঘজীবী হও।'
d) বাবা ছেলেকে বললেন যে, আমি তোমার দীর্ঘায়ু কামনা করি।' ***ans.* C**

**Q.** 'বিকল' শব্দের 'বি' কোন শ্রেণির উপসর্গ?

a) ফারসি b) সংস্কৃত
c) বাংলা d) হিন্দি ***ans.* B**

***Solution:*** 'বিকল' - অসমর্থ। বিকলের 'বি' উপসর্গটি সংস্কৃত বা তৎসম উপসর্গ। তৎসম উপসর্গ বিশটিঃ প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

**Q.** 'ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন -

a) ক্ষম্য b) ক্ষমাপ্রদ
c) ক্ষমার্থ d) ক্ষমাহ্য ***ans.* A**

**Q.** নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণনাক্রমিক সাজানো?

a) নিষ্ক্রোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ
b) নিদর্শন, নিষ্ক্রোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
c) নিষ্ক্রিয়. নিসর্গ, নিষ্ক্রোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়
d) নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিষ্ক্রোক্ত, নিরাময় ***ans.* B**

***Solution:*** এক্ষেত্রে বর্ণগুলি দিকে খেয়াল করলেই সহজেই উত্তর পেয়ে যাবেন। দেখুন বর্ণনাক্রমিক হলো 'দ-ম-র-র-ষ-স'। তাই সঠিক উত্তর অপশন *b*).

**Q.** 'তপোবন' কোন সমাস?

a) রূপক কর্মধারয় b) বহুব্রীহি
c) দ্বিগু d) চতুর্থী তৎপুরুষ ***ans.* D**

***Solution:*** পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমনঃ গুরুকে ভক্তি = গুরুভক্তি; আরামের জন্য কেদারা = আরামকেদারা; বসতের নিমিত্ত বাড়ি = বসতবাড়ি; বিয়ের জন্য পাগল = বিয়েপাগল; তপের নিমিত্ত বন = তপোবন। এরূপঃ ছাত্রাবাস, ডাকমাশুল, চোষকাগজ, শিশুমঙ্গল, মুসাফিরখানা, হজ্বযাত্রা, মালগুদাম, মাপকাঠি, বালিকা-বিদ্যালয়, পাগলাগরদ, মরাকান্না, মাথারকাঁটা ইত্যাদি।

**Q.** বড় > বড্ড- কোন ধরনের পরিবর্তন?

a) বিষমীভবন b) সমীভবন
c) ব্যঞ্জনদ্বিত্ব d) ব্যঞ্জন- বিকৃতি ***ans.* C**

***Solution:*** কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন (Long Consonant) বা ব্যঞ্জনদ্বিত্ব। এখানে, জোর দেওয়া বলতে গুরুত্ব বাড়িয়ে দেওয়া বুঝিয়েছে। যেমনঃ পাকা >

SCIENCE

পাক্কা। এখানে 'পাকা' শব্দে যে গুরুত্ব বহন করে 'পাক্কা' তার চেয়ে বেশি গুরুত্ব বহন করে। তাই 'পাকা' শব্দের 'ক' দ্বিত্ব হয়ে 'পাক্কা' শব্দে 'ক্ক' হয়েছে। এরূপঃ বড় > বড্ড; ছোট > ছোট্ট; মুলুক > মল্লুক; কিছু > কিচ্ছু; সকাল > সক্কাল ইত্যাদি।

**Q. তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?**

a) জসীম উদ্‌দীন b) ফররুখ অহমদ
c) আবুল হাসান d) শহীদ কদরী **ans. A**

**Solution:** পল্লীকবি জসীম উদ্‌দীন ফরিদপুর সদর উপজেলার তাম্বুলখানা গ্রামে তার নানা বাড়িতে ১ জানুয়ারি ১৯০৩ সালে জন্মগ্রহণ করেন। তাঁর পৈত্রিক নিবাস আম্বিকাপুর গ্রামে।

**Q. অর্থের অপকর্ষ ঘটেনি কোন শব্দে?**

a) অর্বাচীন b) বিরক্ত
c) ইতর d) উৎসাহ **ans. D**

**Solution:** কোনো শব্দের অর্থ আগে উৎকর্ষসূচক হলেও পরবর্তীকালে তার দ্বারা হীন বা তুচ্ছ বস্তুকে বোঝালে তাকে অর্থের অপকর্ষ বা অর্থের অবনতি বলে। যেমনঃ মহাজন শব্দের আদি অর্থ মহৎ যে জন কিন্তু শব্দের অর্থের অবনতির ফলে বর্তমানে এর অর্থ দাড়িয়েছে সুদখোর।

**Q. 'দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ-**

a) দুঃ + ঊহ b) দুঃ + রুহ
c) দুর + উহ d) দুর + হ **ans. A**

**Solution:** পূর্বপদের শেষে যদি 'অ/আ' ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি স্বরধ্বনি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ 'র্' হয়ে যায় এবং পরের স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ
উঃ + ঊ = উ + রূ দুঃ + ঊহ = দুরূহ।

**Q. "ও কি ক্ষুধাতুর পাঁজরায় বাজে ____।" চরণটির শূন্যস্থানে কী হবে?**

a) বেদনা মজলুমের b) জীবনের আহাজারি
c) মৃত্যুর জয়ভেরী d) মরণের রোনাজারী **ans. C**

**Solution:** ও কি দরিয়ার গর্জন, ও কি বেদনা মজলুমের? ও কি ক্ষুধাতুর পাঁজরায় বাজে মৃত্যুর জয়ভেরী। চরণ দুটি কবি ফররুখ আহমদ এর রচিত 'পাঞ্জেরি' কবিতা থেকে নেওয়া হয়েছে। আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম জনপ্রিয় কবি ফররুখ আহমদ। তিনি মুসলিম রেনেসাঁর কবি হিসেবে পরিচিত।

**Q. "দ্বীপ" এর ব্যাস বাক্য**

a) চারদিকে জল যার b) দুদিকে আবদ্ধ জল যার
c) দুদিকে অপ যার d) দ্বীপের মত **ans. C**

**Solution:** নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীনে নয়) বহুব্রীহি সমাসঃ দু দিকে অপ্ (জল) যার = দ্বীপ; অন্তর্গত অপ্ যার = অন্তরীপ; নরাকারের পশু যে = নরপশু; জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত; পণ্ডিত হয়ে যে মূর্খ = পণ্ডিতমূর্খ। উল্লেখ্য, অপ্ অর্থ জল।

**Q. 'উৎকর্ষতা' শব্দটি অশুদ্ধ কেন?**

a) ঋ-ত্ব বিধানজনিত b) প্রত্যয়জনিত
c) উপসর্গজনিত d) সন্ধিজনিত **ans. B**

**Solution:** গুণবাচক বিশেষ্য পদের সঙ্গে 'তা' প্রত্যয় যোগ করলে ভুল হয়। 'উৎকর্ষ' বিশেষ্য পদটির সাথে 'তা' প্রত্যয় যোগে 'উৎকর্ষতা' অশুদ্ধ।

**Q. 'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' - এ বাক্য কোন ধরনের?**

a) অনুজ্ঞাবাচক b) নির্দেশাত্মক
c) বিস্ময়বোধক d) প্রশ্নবোধক **ans. B**

**Solution:** 'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' এ বাক্য হলো নির্দেশাত্মক। যে বাক্যে কোনো বক্তব্য সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয় তাকে বর্ণনাত্মক বাক্য বলে। একে নির্দেশমূলক, নির্দেশসূচক, নির্দেশাত্মক, বিবৃতিমূলক বাক্যও বলা হয়। যেমনঃ সূর্য পূর্বদিকে ওঠে। সে রোজ এখানে আসে।

**Q. 'গড্ডালিকা প্রবাহ' বাগধারাটিতে 'গড্ডল' শব্দের অর্থ কী?**

a) স্রোত b) সময়
c) ভেড়া d) নদী **ans. C**

**Solution:** সংস্কৃতে গড্ডল অর্থ ভেড়া। তাই ভেড়ার মতো বোধহীনভাবে অন্যের সাথে মিশে যাওয়া অর্থে গড্ডলিকা প্রবাহের গড্ডলিকা শুদ্ধ।

**Q. 'বেলা অবেলা কালবেলা' এর লেখক কে?**

a) সুকান্ত ভট্টাচার্য b) জীবনানন্দ দাশ
c) কাজী নজরুল ইসলাম d) সমরেশ মজুমদার **ans. B**

**Solution:** জীবনানন্দ দাশের আরো কিছু কাব্যগ্রন্থঃ ঝরাপালক (১৯২৮), ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬), বনলতা সেন (১৯৪২), মহাপৃথিবী (১৯৪৪), সাতটি তারার তিমির (১৯৪৮), রূপসী বাংলা (১৯৫৭)।

**Q. কোন বাক্যটি শুদ্ধ?**

a) দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা।
b) তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব না।
c) সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
d) সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত। **ans. A**

**Solution:** সঠিক বাক্যটি হলোঃ 'দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা'। উল্লেখ্য, অপশন *b*) এর শুদ্ধ বাক্য হলো 'তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়'। অপশন *c*) এর শুদ্ধ বাক্য হলো 'সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল'। অপশন *d*) এর শুদ্ধ বাক্য হলো 'সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিৎ'।

**Q. নিচের কোনটি অঘোষ মহাপ্রাণ ধ্বনি?**

a) চ b) ঠ
c) ভ d) ছ **ans. B**

Solution Classes

**Solution:** অল্পপ্রাণ ও মহাপ্রাণ এবং অঘোষ ও ঘোষ স্পর্শ ব্যঞ্জন ও নাসিক্য ব্যঞ্জনগুলোকে নিচের ছকে দেখানো হলোঃ

| উচ্চারণ স্থান | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | ১. অল্পপ্রাণ | ২. মহাপ্রাণ | ৩. অল্পপ্রাণ | ৪. মহাপ্রাণ | ৫. নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ্য | প | ফ | ব | ভ | ম |

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (নবম ও দশম শ্রেণি)।

**Q. সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকার নাম কী?**

a) শনিবারের চিঠি b) রবিবারের ডাক
c) বঙ্গদর্শন d) বিজলি **ans. A**

**Solution:** 'শনিবারের চিঠি' বাংলা ভাষার অন্যতম বিখ্যাত সাহিত্য-সাময়িকী, যা বিংশ শতকের প্রথমার্ধে ১৯২৪ সালে প্রবর্তিত হয়েছিল। প্রথম দিকে এটি সাপ্তাহিক পরে মাসিক পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। এর প্রধান উদ্দেশ্য ছিল হাস্য কৌতুকের মাধ্যমে সমসাময়িক সাহিত্য-চর্চাকে আক্রমণ করা। আদ্যোপান্ত 'শনিবারের চিঠি'র প্রাণপুরুষ ছিলেন কবি-সাহিত্যিক সজনীকান্ত দাস। উল্লেখ্য, 'শনিবারের চিঠি' এর প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন যোগানন্দ দাস। তবে আদ্যোপান্ত শনিবারের চিঠির প্রাণপুরুষ ছিলেন কবি সাহিত্যিক সজনীকান্ত দাস।

## পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের নামঃ মিটার রিডার/ মেসেঞ্জার
তারিখঃ ০৪.০৮.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. বাংলা সাহিত্যে কোন শতকে গদ্যের সূচনা হয়?**

a) অষ্টাদশ b) উনিশ
c) ষোড়শ d) সপ্তদশ **ans. B**

**Solution:** বাংলা সাহিত্যে গদ্যের সূচনা হয় উনিশ শতকে। গবেষকদের মতে, ষোল থেকে আঠারো শতক অবধি বাংলা গদ্যের নির্দশন প্রধানত চিঠিপত্রে ও দলিল-দস্তাবেজে আবদ্ধ ছিল।

**Q. বাঙালি রচিত বাংলা অক্ষরে মুদ্রিত প্রথম গ্রন্থ কোনটি?**

a) রাজা প্রতাপাদিত্য/ চরিত্র
b) হুতুম প্যাঁচার নকশা
c) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ
d) বেহুলা প্যাঁচালী **ans. A**

**Solution:** বাংলা গদ্যের প্রাথমিক যুগের অন্যতম লেখক রামরাম বসুর বিখ্যাত বইটির নাম হলো রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১) যা বাংলা ভাষার প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ। 'লিপিমালা' গ্রন্থটি তিনি রচনা করেন ১৮০২ সালে।

**Q. বাংলা বর্ণমালায় ফলা কয়টি?**

a) ৫ টি b) ৬ টি
c) ৪ টি d) ৭ টি **ans. B**

**Solution:** বাংলা বর্ণমালায় ৬টি ফলা। এগুলো হলোঃ য, ব, ম, র, ল ও ন-ফলা। উল্লেখ্য, ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় ফলা।

**Q. 'বই পড়া' প্রবন্ধটি কার?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) প্রমথ চৌধুরী
c) মোতাহের হোসেন চৌধুরী d) হায়াৎ মাহমুদ **ans. B**

**Solution:** 'বই পড়া' প্রবন্ধটির লেখক হলেন প্রমথ চৌধুরী। তাঁর রচিত প্রবন্ধগুলোর নামঃ তেল নুন লকড়ি (১৯০৬), বীরবলের হালখাতা (১৯১৬), নানাকথা (১৯১৯), রায়তের কথা (১৯২৬)।

**Q. গ্রিক শব্দ কোনটি?**

a) চিনি b) দাম
c) রিকশা d) আলমিরা **ans. B**

**Solution:** দাম - গ্রিক; চিনি - চীনা; রিকশা - জাপানি; আলমিরা - পর্তুগিজ শব্দ।

**Q. কোনটি শুদ্ধ বানান?**

a) ইন্দ্রজালিক b) ঈন্দ্রজালীক
c) ঐন্দ্রজালীক d) ঐন্দ্রজালিক **ans. A**

**Q. বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম উপসর্গের মোট সংখ্যা কত?**

a) ১২ b) ২৪
c) ২০ d) ৩২ **ans. C**

**Solution:** তৎসম উপসর্গ ২০টি। এগুলো হলোঃ প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

**Q. কোন বাক্যটি শুদ্ধ?**

a) তাহার জীবন সংশয়পূর্ণ
b) তাহার জীবন সংশয়ময়
c) তাহার জীবন সংশয়াপূর্ণ
d) তাহার জীবন সংশয় ভরা **ans. A**

**Solution:** তাহার জীবন সংশয়পূর্ণ অথবা তাহার জীবন সংশয়াপন্ন।

**Q. উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দ সমূহ কয়ভাগে বিভক্ত?**

a) ২ ভাগে b) ৩ ভাগে
c) ৪ ভাগে d) ৫ ভাগে **ans. D**

**Solution:** সম্পর্কিত তথ্যঃ উৎপত্তি অনুসারে শব্দসমূহ: ১. তৎসম, ২. অর্ধতৎসম, ৩. তদ্ভব, ৪. দেশি, ৫. বিদেশি।
অর্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিনভাগে বিভক্ত:
ক. যৌগিক শব্দ, খ. রুঢ়ি শব্দ, গ. যোগরুঢ় শব্দ।
শব্দের গঠন অনুসারে শব্দ দুই প্রকার
১. মৌলিক শব্দ, ২. সাধিত শব্দ।

RC Solution

**Q.** 'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) গা + অক  b) গৈ + অক
c) গা + য়ক  d) গো + অক  ***ans.* B**

***Solution:*** এ, ঐ, ও, ঔ কারের পরে এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ নৈ + অক = নায়ক; লো + অন = লবণ; গৌ + আদি = গবাদি; পৌ + অন = পবন।

## Probashi Kallayan Bank

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ০৫.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৫০

**Q.** 'অপয়া' কোন সমাস?

a) কর্মধারয় সমাস  b) অব্যয়ীভাব সমাস
c) তৎপুরুষ সমাস  d) বহুব্রীহি সমাস  ***ans.* D**

***Solution:*** 'অপয়া' (নেই পয় যার) হলো বহুব্রীহি সমাস। বিশেষ্য পূর্ব পদের আগে নঞ (না অর্থবাধক) অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস করা হলে তাকে নঞ বহুব্রহি সমাস বলে। যেমনঃ নাই জ্ঞান যার = অজ্ঞান, নাই হেড যার = বেহেড।

**Q.** 'গবাক্ষ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) গোবা + অক্ষ  b) গৌ + অক্ষ
c) গো + অক্ষ  d) গুবা + অক্ষ  ***ans.* C**

***Solution:*** কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যেমনঃ প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়), কুল + অটা = কুলটা (কুলাটা নয়), গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়), অন্য + অন্য = অন্যান্য, মার্ত + অণ্ড = মার্তন্ড, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

**Q.** 'সৌন্দর্য' শব্দের বিশেষণ রূপ কোনটি?

a) সুন্দর  b) সৌন্দর্যপ্রিয়
c) সুন্দরতম  d) কোনটিই নয়  ***ans.* A**

***Solution:*** বিশেষণ + র্য বা য-ফলা (্য) = বিশেষ্য। বিশেষণ পদের সাথে 'র্য বা য-ফলা' যুক্ত হলে শব্দটি বিশেষ্য হয়। যেমনঃ

| বিশেষণ | বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য |
|---|---|---|---|
| সুন্দর | সৌন্দর্য | চতুর | চাতুর্য |
| দরিদ্র | দারিদ্র্য | সুজন | সৌজন্য |
| বহুল | বাহুল্য | উচিত | ঔচিত্য |
| নিপুণ | নৈপুণ্য | বিশিষ্ট | বৈশিষ্ট্য |

**Q.** 'ভোজন করার ইচ্ছা' এক কথায় কি হবে?

a) পেটুক  b) ভোজন বিলাসী
c) বুভুক্ষা  d) খাদক  ***ans.* C**

**Q.** 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ হলো

a) অসম্ভব বস্তু  b) সুসময়
c) দুঃসময়  d) গ্রহের ফের  ***ans.* B**

***Solution:*** 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ হলো 'সুসময়' আর 'কাঁঠালের আমসত্ত্ব' বাগধারাটির অর্থ হলো অসম্ভব বস্তু'।

**Q.** 'দেশের জন্য সেবা করা' এখানে 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?

a) কর্তায় শূন্য  b) কর্মে শূন্য
c) কর্মে ষষ্ঠী  d) সম্প্রদানের ষষ্ঠী  ***ans.* D**

***Solution:*** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী) সম্প্রদান কারক বলে। 'বস্তু নয়' ব্যক্তিই সম্প্রদান কারক।

**Q.** 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a) অর্ণব  b) অর্ক
c) প্রসূন  d) পল্লব  ***ans.* B**

***Solution:*** সূর্যের কতিপয় সমার্থক শব্দ: রবি, সবিতা, দিবাকর, দিনমণি, দিননাথ, অর্ক, ভানু, তপন, আদিত্য, ভাস্কর, মার্তণ্ড, অংশু, প্রভাকর, কিরণমালী, অরুণ, দিনপতি ইত্যাদি।

**Q.** 'তিমির' এর বিপরীত শব্দ কোনটি?

a) অন্ধকার  b) আলো
c) রাত  d) কোনটিই নয়  ***ans.* B**

**Q.** 'কাদম্বিনী' শব্দের অর্থ কী?

a) নদী  b) রাত
c) অমাবস্যা  d) মেঘমালা  ***ans.* D**

**Q.** নীচের কোন বানানটি সঠিক?

a) সমিচিন  b) সমীচিন
c) সমীচীন  d) সমিচীন  ***ans.* C**

**Q.** 'কবর' নাটকের রচয়িতা কে?

a) জসিম উদ্‌দিন  b) মুনীর চৌধুরী
c) কাজী নজরুল ইসলাম  d) হুমায়ূন আহমেদ  ***ans.* B**

***Solution:*** 'কবর' নাটকটি রচনা করেছেন মুনীর চৌধুরী এবং 'কবর' কবিতাটি রচনা করেন জসীম উদ্‌দীন।

**Q.** শরৎচন্দ্রের 'দেবদাস' উপন্যাসের প্রধান নারী চরিত্র কোনটি?

a) কবিতা  b) পার্বতী
c) হৈমন্তী  d) লাবণ্য  ***ans.* B**

***Solution:*** 'দেবদাস' (১৯১৭) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস। 'ভারতবর্ষ' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। সামাজিক প্রতিবন্ধকতায় দেবদাস তার বাল্যপ্রণয়ী পার্বতীকে বিয়ে করতে ব্যর্থ হয়। সেই ব্যর্থতায় নিজেকে তিলে তিলে ক্ষয় করার বেদনাময় কাহিনি। এই উপন্যাস সমস্ত ভারতবর্ষে জনপ্রিয় হয়। দেবদাস ও পার্বতী আধুনিক ভারতীয় জীবনে ব্যর্থ প্রেমিক-প্রেমিকার রূপকে পরিণত করেছে। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্রঃ দেবদাস, পার্বতী (পারু), চন্দ্রমুখী, চুনিলাল, ধর্মদাস।

**Q.** 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?

a) নাটক  b) উপন্যাস
c) ছোট গল্প  d) কবিতা  ***ans.* B**

**Solution:** শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাক্যরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ। উল্লেখযোগ্য, চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ।

**Q. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?**

a) বিপরীত b) বিকৃত
c) অভাব d) নিকৃষ্ট **ans. A**

**Solution:** 'অপ' একটি তৎসম উপসর্গ যা নিচের চারটি অর্থে ব্যবহৃত হয়ঃ

| | |
|---|---|
| বিপরীত অর্থে = অপমান, অপকার, অপচয়, অপবাদ | স্থানান্তর অর্থে = অপসারণ, অপহরণ, অপনোদন |
| বিকৃত অর্থে = অপমৃত্যু | নিকৃষ্ট = অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি |

## Combined 7 Banks
### Recruitment Test for Officer (Cash)
Examination Held On: 02.06.2023

**Q. 'কিশলয়' শব্দের অর্থ কি?**

a) গাছের নতুন পাতা b) নবচিন্তা
c) বিধান কর্তা d) বিদ্যাশিক্ষার স্থান **ans. A**

**Solution:** 'কিশলয়' অর্থ গাছের নুতন পাতা, কচি পাতা।

**Q. 'পানসি' কোন বিদেশি ভাষা থেকে বাংলা ভাষাতে অন্তর্ভুক্ত হয়েছে?**

a) ইংরেজি b) ফরাসী
c) তুর্কি d) ফার্সী **ans. B**

**Solution:** কিছু ফরাসী শব্দঃ পানসি, রেনেসাঁস, আঁতাঁত, ক্যাফে, ওলন্দাজ, বুর্জোয়া।

**Q. নিচের কোনটি তৎপুরুষ সমাস এর উদাহরণ?**

a) সুমুখী b) জীবনানন্দ
c) দুর্ভিক্ষ d) ত্রিভুবন **ans. B**

**Solution:** জীবনানন্দ = জীবন ব্যাপিয়া আনন্দ (দ্বিতীয়া তৎপুরুষ সমাস)। এরূপঃ চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী; চিরদুঃখী = চিরকাল ব্যাপিয়া দুঃখী।

**Q. 'এ যুদ্ধে বাঁধা দিও না' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্তৃ কারকে ৭মী b) করণে ৭মী
c) অধিকরণে ৭মী d) অপাদানে ৭মী **ans. C**

**Solution:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে সপ্তমী অর্থাৎ 'এ', 'য়', 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমনঃ আকাশে চাঁদ উঠেছে, এ জমিতে সোনা ফলে।

**Q. 'বিসর্জন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) আবাহন b) বিসরন
c) আবির্ভাব d) বিমর্শন **ans. A**

**Solution:** 'বিসর্জন' শব্দের বিপরীত 'আবাহন'।

| | | |
|---|---|---|
| মূল শব্দ | আরোহণ | মিলন |
| বিপরীত শব্দ | অবতরণ | বিরহ |

**Q. চর্যাপদের কোন পদটি অর্ধাকারে/অর্ধেক অংশে পাওয়া যায়?**

a) ১৮ নং পদ b) ১৬ নং পদ
c) ২৩ নং পদ d) ১০ নং পদ **ans. C**

**Solution:** চর্যাপদের ২৩ পদটি খণ্ডিত আকারে পাওয়া যায়। চর্যাপদের পদ সংখ্যা নিয়ে মতভেদ আছে। গ্রন্থের কয়েকটি পাতা নষ্ট হয়ে যাওয়াতে পদ পাওয়া গেছে সাড়ে ছেচল্লিশটি (৪৬.৬)। ভুসুকুপার ২৩ নং পদের ১০ লাইনের মধ্যে প্রথম ৬ লাইন পাওয়া গেছে এবং কাহ্ন পার ২৪ নং, তন্ত্রী পার ২৫ নং, কুক্কুরী পার ৪৮ নং পদ পাওয়া যায় নি।

**Q. নিচের কোনটি মৈমনসিংহ গীতিকা?**

a) নদের চাঁদ b) আলাদ
c) মদিনা d) মলুয়া **ans. D**

**Solution:** মৈমনসিংহ গীতিকায় অন্তর্ভুক্ত পালা এবং রচয়িতাঃ

| পালাসমূহ | রচয়িতা | পালাসমূহ | রচয়িতা |
|---|---|---|---|
| মলুয়া | চন্দ্রাবতী (অনুমান) | মহুয়া | দ্বিজ কানাই |
| রামায়ণ | চন্দ্রাবতী | কমলা | দ্বিজ ঈশান |
| দস্যু কেনারাম | চন্দ্রাবতী | বিদ্যাসুন্দর | কবি কঙ্ক |
| দেওয়ানা মাদিনা | মনসুর বয়াতী | চন্দ্রাবতী ও জয়চন্দ্র | নয়ানচাঁদ ঘোষ |
| রূপবতী, কাজল রেখা, দেওয়ান ভাবনা | অজ্ঞাত | কঙ্ক ও লীলা | দমোদর, রঘুসুত, নয়ানচাঁদ ঘোষ, শ্রীনাথ বেনিয়া |

**Q. নিচের কোনটি রূপকথাভিত্তিক সাহিত্য রচনা?**

a) টোনাটুনির বই b) কিশোরের মন
c) বান দিদি d) উপরের সবকটি **ans. A**

**Solution:** 'টোনাটুনির বই' হলো রূপকথাভিত্তিক সাহিত্য রচনা যা রচনা করেন উপেন্দ্রকিশোর রায় চৌধুরী। উল্লেখ্য, রূপকথাভিত্তিক সাহিত্যগুলো হলোঃ

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| টোনাটুনির বই | উপেন্দ্রকিশোর রায় চৌধুরী |
| কিশোরদের মন | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ঠান দিদির থলে | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ঠাকুরমার ঝুঁলি | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ক্ষীরের পুতুল | অবনীন্দ্রনাথ বসু |

'কিশোরের মন ও বান দিদি' নামের বই দুটি রূপকথাভিত্তিক সাহিত্য নয়।

**Q. 'অবক্ষয়' যুগের কবি কে?**

a) শাহ মুহম্মদ সগীর b) ঈশ্বরচন্দ্র গুপ্ত
c) রামনিধি গুপ্ত d) সৈয়দ হামজা **ans. B**

**Solution:** ঈশ্বরচন্দ্র গুপ্ত হলেন 'যুগসন্ধি'র কবি। ১৭৬০ সালে ভারতচন্দ্র রায়গুণাকরের মৃত্যুর পরই মধ্যযুগের শেষ। ১৭৬০ থেকে ১৮৬০ এই ১০০ বছর বাংলা কাব্যের ক্ষেত্রে উৎকর্ষ পূর্ণ কোন নিদর্শন পাওয়া যায়নি বলে এই সময়কে **"অবক্ষয় যুগ" বা "যুগসন্ধিক্ষণ"** বলে।

**Q.** বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গদ্যগ্রন্থ কোনটি?

a) সেক শুভোদয়া b) কৃপার শাস্ত্রের অর্থভেদ
c) মিলন সমাচার d) মঙ্গল সমাচার ***ans.*** **Note**

***Solution:*** বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গদ্যগ্রন্থ 'মিশন সমাচার'। ১৮০০ সলে শ্রীরামপুর মিশন প্রেস থেকে মুদ্রিত মথি রচিত হয় 'মিশন সমাচার'।

**Q.** 'রাইচরণ' কোন নাটকের চরিত্র?

a) খোকাবাবুর প্রত্যাবর্তন b) শাস্তি
c) সধবার একাদশী d) একারাত্রি ***ans.*** **A**

***Solution:*** রবীন্দ্রনাথের বিখ্যাত চরিত্রঃ

| চরিত্র | গ্রন্থ | |
|---|---|---|
| ফটিক | ছুটি | ছোটগল্প |
| রহমত, খুকী | কাবুলীওয়ালা | ছোটগল্প |
| রতন | পোস্টমাস্টার | ছোটগল্প |
| মৃন্ময়ী | সমাপ্তি | ছোটগল্প |
| হৈমন্তী, গৌরীশঙ্কর, অপু | হৈমন্তী | ছোটগল্প |
| চারু | নষ্টনীড় | ছোটগল্প |
| রাইচরণ | খোকাবাবুর প্রত্যাবর্তন | ছোটগল্প |
| সুরবালা | একরাত্রি | ছোটগল্প |
| কাদম্বিনী | জীবিত ও মৃত | ছোটগল্প |
| জয়সিংহ, রঘুপতি | বিসর্জন | নাটক |
| অমল | ডাকঘর | নাটক |
| গোরা, ললিতা, বিনয় | গোরা | উপন্যাস |
| অমিত, লাবন্য, শোভনলাল | শেষের কবিতা | উপন্যাস |
| মহেন্দ্র, বিনোদিনী | চোখের বালি | উপন্যাস |
| মুধুসূদন, কুমুদিনী | যোগাযোগ | উপন্যাস |
| শর্মিলা, উর্মিলা | দুইবোন | উপন্যাস |

**Q.** 'কবি কণ্ঠহার' কোন কবির উপাধি?

a) আলাওল b) মুকুন্দরাম চক্রবর্তী
c) ভারতচন্দ্র d) বিদ্যাপতি ***ans.*** **D**

***Solution:*** বিদ্যাপতি ছিলেন মিথিলার রাজসভার কবি। রাজা শিবসিংহ তাকে 'কবি কণ্ঠহার' উপাধিতে ভূষিত করেন। তার রচিত কয়েকটি বইয়ের নামঃ পুরুষ পরীক্ষা, কীর্তিলতা, গঙ্গাবাক্যাবলি, ভাবগত ইত্যাদি।

**Q.** নিচের কোন পত্রিকাকে ঘিরে একটি স্বতন্ত্র সাহিত্যিক বলয় তৈরি হয়েছিল?

a) কালী ও কলম b) নবযুগ
c) কল্লোল d) সবুজপত্র ***ans.*** **C**

***Solution:*** বাংলা সাহিত্যের অন্যতম পত্রিকা 'কল্লোল' ১৯২৩ সালে প্রথম প্রকাশিত হয়। এই পত্রিকাটির সম্পাদক ছিলেন দীনেশরঞ্জন দাশ। কলকাতা থেকে 'কল্লোল' নামে মাসিক সাহিত্য পত্রিকা প্রকাশিত হয়। কল্লোল পত্রিকা কেন্দ্রিক সাহিত্যধারার এ সময়কেই কল্লোল যুগ নামে অভিহিত করা হয়।

**Q.** বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য কয়টি সংখ্যাবর্ণ রয়েছে?

a) ৯টি b) ৮টি
c) ৫টি d) ১০টি ***ans.*** **D**

***Solution:*** বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য দশটি সংখ্যাবর্ণ রয়েছে। এগুলো হলোঃ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এবং ০।

**Q.** উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা শুদ্ধ স্বরধ্বনির সংখ্যা কতটি?

a) ৭টি b) ১০টি
c) ৯টি d) ১১টি ***ans.*** **A**

***Solution:*** বাংলা স্বরবর্ণে স্বরধ্বনি বা মৌলিক স্বরধ্বনি মূল ৭টি (অ, আ, ই, উ, এ, অ্যা, ও)। উল্লেখ্য, যৌগিক স্বরধ্বনি ২টি (ঐ, ঔ) এবং যৌগিক স্বরধ্বনির সংখ্যা ২৫টি। আর বাংলা স্বরবর্ণ ১১টি (অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ)।

**Q.** 'পাটের ব্যবসায়ী' এক কথায় প্রকাশ কি হবে?

a) পাটোল b) পাটেশ্বরী
c) পাটোয়ারী d) বারুই ***ans.*** **B**

**Q.** 'চারু' শব্দটির প্রতিশব্দ কোনটি?

a) হেম b) রম্য
c) কর d) অন্ত ***ans.*** **B**

***Solution:*** 'চারু' শব্দের অর্থ হলোঃ মনোহর, সুন্দর, শোভন, সুদর্শন, রমনীয়, ললিত, কোমল, ক্লান্ত, সুকুমার।

**Q.** মৌলিক ব্যঞ্জন ধ্বনি কতটি?

a) ৩০টি b) ৩২টি
c) ৩৫টি d) ৩৭টি ***ans.*** **A**

***Solution:*** মৌলিক স্বরধ্বনি ৭টিঃ ই, এ, অ্যা, আ, অ, ও, উ এবং মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টিঃ প, ফ, ব, ভ, ত, থ, দ, ধ, ট, ঠ, ড, ঢ, চ, ছ, জ, ঝ, ক, খ, গ, ঘ, ম, ন, ঙ, স্, শ, হ্, ল, র, ড়, ঢ়।

**Q.** ষ্ণ প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের কি হয়?

a) বৃদ্ধি b) গম
c) আগম d) ইৎ ***ans.*** **A**

***Solution:*** ষ্ণ(অ) প্রত্যয় যুক্ত হলে মূল শব্দের বৃদ্ধি ঘটে। উল্লখ্য, যে শব্দের সঙ্গে 'ষ্ণ' (অ) প্রত্যয় যুক্ত হয়, তার প্রাতিপাদিকের অন্ত্যস্বরের 'উ' কারও 'ও' কারে পরিণত হয়। ও + অ সন্ধিতে 'অব' হয়। যেমনঃ গুরু + ষ্ণ = গৌরব, লঘু + ষ্ণ = লাঘব, মধু + ষ্ণ = মাধব, মনু + ষ্ণ + মানব, শিশু + ষ্ণ = শৈশব।

**Q.** **Allegory** এর বাংলা পরিভাষা কোনটি?

a) সংলাগ b) রূপকধর্মী রচনা
c) দ্বিপদী শ্লোক d) গীতিকবিতা ***ans.*** **B**

**Q.** 'ধুয়া ধরা' বাগধারার প্রকৃতি অর্থ কি?

a) বৃথা চেষ্টা করা b) আবদার বা ছুতো করা
c) বাজে অভ্যাস ধরা d) বজায় থাকা ***ans.*** **B**

***Solution:*** বৃথা চেষ্টা করা এর বাগধারা হলো অরণ্যে রোদন। আবদার বা ছুতো করা এর বাগধারা হলো ধুয়া ধরা।

**Q.** 'ছার' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a) অধম b) পোকা বিশেষ
c) ত্যাগ d) প্রহর ***ans.*** **A**

***Solution:*** 'ছার' শব্দের অর্থ হলোঃ অধম, হেয়, ছাই, ক্ষার, ভস্ম, তুচ্ছ, নগণ্য, অসার বস্তু।

Solution Publication

**Q.** জলবায়ুর উপাদান নয় কোনটি?

a) মেঘ b) সমুদ্রস্রোত
c) বায়ু d) আদ্রতা **ans. B**

**Solution:** জলবায়ুর উপাদানগুলি হলো বায়ুপ্রবাহ, পর্বতের অবস্থান, সমুদ্র থেকে উচ্চতা, অক্ষাংশ, আদ্রতা ইত্যাদি।

**Q.** জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে

a) সাইট্রোপ্লাজম b) ক্রোমোজোম
c) নিউক্লিয়াস d) নিউক্লিওলাস **ans. B**

**Solution:** কোষের নিউক্লিয়াসে অবস্থিত সূক্ষ্ম জিন দ্বারা গঠিত ক্রোমোজোম জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে।

**Q.** স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয় ১৯৭১ সালের কোন তারিখে?

a) ১৬ ডিসেম্বর b) ২৬ মার্চ
c) ৭ মার্চ d) ২ মার্চ **ans. D**

**Solution:** আ.স.ম. আব্দুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন ২ মার্চ, ১৯৭১ সালে। উল্লেখ্য, ভারতের কলকাতাস্থ বাংলাদেশ মিশনে এম. হোসেন আলী ১৮ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন।

**Q.** কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান?

a) দুর্নীতি দমন কমিশন।
b) জাতীয় মানবাধিকার কমিশন।
c) জাতীয় তথ্য কমিশন।
d) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক। **ans. D**

**Solution:** বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান সমূহ ঃ

| | |
|---|---|
| জাতীয় সংসদ সচিবালয় (৬৫) | সুপ্রিম কোর্ট (৯৪) |
| নির্বাচন কমিশন (১১৮) | সরকারি কর্ম কমিশন (১৩৭) |

**Q.** কোনটিকে কোষের প্রাণশক্তি বলা হয়?

a) প্লোটোপ্লাজম b) ক্রোমোজোম
c) মাইটোকন্ড্রিয়া d) নিউক্লিয়াস **ans. D**

**Solution:** কোষের প্রাণশক্তি বলা হয় নিউক্লিয়াসকে। আর কোষের পাওয়ার হাউস বা শক্তিঘর বলা হয় মাইটোকন্ড্রিয়াকে।

**Q.** মুক্তিযুদ্ধে সাতজন বীরশ্রেষ্ঠর মধ্যে প্রথম শহীদ কে?

a) মোহাম্মদ রুহুল আমিন।
b) মোহাম্মদ মোস্তফা কামাল।
c) মোহাম্মদ মতিউর রহমান।
d) মতিউর রহমান। **ans. Note**

**Solution:** বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বপ্রথম শহিদ হন ল্যান্সনায়েক বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ ৮ এপ্রিল ১৯৭১ সালে (রাঙামাটি জেলার নানিয়ার চর উপজেলার বুড়িঘাট এলাকার চিংড়ি খালের পাড়ে)। উল্লিখিত অপশনে সিপাহি মোস্তফা কামাল শহিদ হন সবার আগে ১৮ এপ্রিল, ১৯৭১ সালে (দরুইন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া)। আর সর্বশেষ শহিদ হন ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে (রেহাইচর, চাঁপাইনবাবগঞ্জ)। উৎস: মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট।

**Q.** বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?

a) ৭টি b) ৬টি
c) ৪টি d) ৫টি **ans. D**

**Solution:** বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য ৫টি। এগুলো হলোঃ মেঘালয়, আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মিজোরাম।

**Q.** বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ প্রায়-

a) ০.০২৫% b) ০.০৩%
c) ০.০৩৬% d) ০.০৪% **ans. B**

**Solution:** বায়ুতে বিভিন্ন উপাদানের শতকরা পরিমাণঃ

| | |
|---|---|
| নাইট্রোজেন ($N_2$) | ৭৮.০২% |
| অক্সিজেন ($O_2$) | ২০.৯৩% |
| আর্গন (Ar) | ০.৮০% |
| কার্বন-ডাই-অক্সাইড ($CO_2$) | ০.০৩% |
| জলীয় বাষ্প | ০.৪১% |
| ধূলিকণা ও কণিকা | ০.০১% |
| অন্য গ্যাসসমূহ | ০.০২% |
| মোট = | ১০০% |

## মন্ত্রিপরিষদ বিভাগ

পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখঃ ১০.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q.** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন বীর মুক্তিযোদ্ধাকে বীর বিক্রম খেতাবে ভূষিত করা হয়?

a) ৭ জন b) ৬৮ জন
c) ১৭৫ জন d) ৪২৬ জন **ans. C**

**Solution:** বর্তমানে ১৭৪ জন 'বীর বিক্রম' প্রাপ্ত মুক্তিযোদ্ধা রয়েছে। উল্লেখ্য, ৬ জুন ২০২১ সালে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সভার সিদ্ধান্তের আলোকে বঙ্গবন্ধুর চার খুনির খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

| নাম | বাতিলকৃত খেতাব | বর্তমান খেতাবপ্রাপ্ত |
|---|---|---|
| লে. কর্নেল শরিফুল হক ডালিম | বীর উত্তম | ৬৭ জন |
| লে. কর্নেল এস এইচ এম বি নূর চৌধুরী | বীর বিক্রম | ১৭৪ জন |
| লে. এ এম রাশেদ চৌধুরী | বীর প্রতীক | ৪২৬ জন |
| নায়েক সুবেদার মোসলেম উদ্দিন খান | | |

বর্তমান খেতাবপ্রাপ্ত মোট মুক্তিযোদ্ধার সংখ্যা মোট ৬৭২ জন।

**Q.** জাতিসংঘ কোন সালে প্রতিষ্ঠিত হয়?

a) ১৯৪১ b) ১৯৪৫
c) ১৯৪৯ d) ১৯৪৬ **ans. B**

**Solution:** United Nations Organization বা জাতিসংঘ যাত্রা শুরু করে ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। উল্লেখ্য, জতিসংঘের সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে অবস্থিত। আর এর সদর দপ্তরের ছপতি ছিলেন ডব্লিউ হ্যারিসন। জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন, যার লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা। ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের নাম করণ করেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ১ জানুয়ারি ১৯৪২ সালে। প্রতি বছর ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস পালিত হয়।

Recent Publications

**Q. অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য সরকার কর্তৃক নির্মিত বাড়িগুলোর নাম কী?**

a) আশ্রায়ণ b) ব্যারাক
c) বীর নিবাস d) মুক্তিযোদ্ধা **ans. C**

**Solution:** 'বীর নিবাস' নামে প্রতিটি জেলার উপজেলাগুলোতে ৩০ হাজার বাড়ি নির্মাণ করা হবে। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহিদ ও প্রয়াত যুদ্ধ বীরদের পরিবারে সদস্যদের জন্য এই বাড়ি নির্মাণ করা হবে।

**Q. পায়রা বিদ্যুৎকেন্দ্র কোথায় অবস্থিত?**

a) রংপুর b) পটুয়াখালী
c) বরিশাল d) রাজশাহী **ans. B**

**Solution:** দেশের সবচেয়ে বড় বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত পটুয়াখালীর পায়রা বিদ্যুৎকেন্দ্র। পায়রায় ৩,৬০০ মেগাওয়াট ক্ষমতার বিদ্যুৎকেন্দ্র।

**Q. বিশ্ব মানবাধিকার দিবস কবে?**

a) ১০ ডিসেম্বর b) ১১ ডিসেম্বর
c) ৯ ডিসেম্বর d) ২২ ডিসেম্বর **ans. A**

**Solution:** মানবাধিকার দিবস জাতিসংঘের নির্দেশনায় বিশ্বের সকল দেশে প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর, ১৯৪৮ সাল থেকে দিবসটি উদযাপন করা হয়। এছাড়াও 'সর্বজনীন মানবধিকার সংক্রান্ত ঘোষণাকে' বাস্তবায়নের লক্ষ্যে এ তারিখকে নির্ধারণ করা হয়। সর্বজনীন মানব অধিকার ঘোষণা ছিল ২য় বিশ্বযুদ্ধ পরবর্তী নবরূপে সৃষ্ট জাতিসংঘের অন্যতম বৃহৎ অর্জন।

**Q. বাংলাদেশে প্রথম কবে আদমশুমারি অনুষ্ঠিত হয়?**

a) ১৯৭২ সালে b) ১৯৭৩ সালে
c) ১৯৭৪ সালে d) ১৯৭৫ সালে **ans. C**

**Solution:** বাংলাদেশে প্রথম ১৯৭৪ সালে আদমশুমারি অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, এই পর্যন্ত বাংলাদেশে ছয়বার আদমশুমারি অনুষ্ঠিত হয় (১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১ এবং ২০২২)। কোন দেশের বা নির্দিষ্ট অঞ্চলের মানুষ গণনাকেই মূলত জনশুমারি বলা হয়। দশ বছর অন্তর অন্তর জনশুমারি করা হয়। ভারতীয় উপমহাদেশে ১৮৭২ সালে ভাইসরয় লর্ড মেয়োর আমলে প্রথম আদমশুমারি হয়।

**Q. জাতিসংঘের সদর দপ্তর কোথায়?**

a) ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র b) নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
c) জেনেভা, সুইজারল্যান্ড d) লন্ডন, যুক্তরাজ্য **ans. B**

**Solution:** জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে অবস্থিত।

**Q. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইন করেন কে?**

a) কামরুল হাসান b) আ স ম আব্দুর রব
c) শিব নারায়ণ দাস d) বিশ্বজিৎ ঘোষ **ans. A**

**Solution:** বাংলাদেশের জাতীয় পতাকার বর্তমান রূপটি ১৯৭২ সালের ১৭ জানুয়ারি সরকারিভাবে গৃহীত হয়। বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার পটুয়া কামরুল হাসান। ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের পতাকার উপর ভিত্তি করে এই পতাকা নির্ধারণ করা হয়। তখন মাঝের লাল বৃত্তে বাংলাদেশের মানচিত্র ছিল। মানচিত্র খচিত বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার ছিলেন শিব নারায়ণ দাশ।

**Q. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' এই গানের গীতিকার কে?**

a) শামসুর রহমান b) গোবিন্দ হালদার
c) মোহাম্মদ মনিরুজ্জামান d) আপেল মাহমুদ **ans. B**

**Solution:** 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' গানটির গীতিকার হলেন গোবিন্দ হালদার এবং সুরকার হলেন আপেল মাহমুদ। উল্লেখ্য, 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে' গানটির গীতিকার হলেন গোবিন্দ হালদার এবং 'এক সাগর রক্তের বিনিময়ে' গানটি লিখেছেন গোবিন্দ হালদার।

**Q. বাংলাদেশের সংবিধানের মৌলিক অধিকার সংক্রান্ত অনুচ্ছেদগুলো হলো-**

a) ২৪ থেকে ৪২ b) ২৫ থেকে ৪৩
c) ২৬ থেকে ৪৭ d) ২৭ থেকে ৪৪ **ans. D**

**Solution:** বাংলাদেশের সংবিধানের বর্ণিত মৌলিক অধিকার সমূহ রয়েছে ২৬ থেকে ৪৪ পর্যন্ত।

**Q. UNESCO কোন সালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতি দেয়?**

a) ১৯৯৯ সালে b) ১৯৯৮ সালে
c) ১৯৯৭ সালে d) কোনটিই নয় **ans. A**

**Solution:** UNESCO ১৭ই নভেম্বর ১৯৯৯ সালে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২০০০ সালে।

**Q. বাংলাদেশের জাতীয় খেলার নাম কী?**

a) হাডুডু b) কাবাডি
c) ফুটবল d) ক্রিকেট **ans. A & B**

**Solution:** Hadudu বা কাবাডি হলো বাংলাদেশের জাতীয় খেলা। খেলাটি পুরো দক্ষিণ এশিয়াতেই একটি জনপ্রিয় খেলা।

**Q. "ইহাই হয়ত আমার শেষ বার্তা ..... আজ হইতে বাংলাদেশ স্বাধীন" উক্তিটি কার?**

a) সৈয়দ নজরুল ইসলাম
b) তাজউদ্দীন আহমেদ
c) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
d) ক্যাপ্টেন এম. মনসুর আলী **ans. C**

**Solution:** ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে সামরিক বাহিনীর আক্রমণের অব্যবহিত পূর্বে এবং পাকিস্তান বাহিনী কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গ্রেফতারের প্রাক্কালে তিনি স্বাধীনতার ঘোষণা দেন। স্বাধীনতা ঘোষণায় বলা হয়েছে 'ইহাই হয়ত আমার শেষ বার্তা, আজ হইতে বাংলাদেশ স্বাধীন। আমি বাংলাদেশের জনগণকে আহ্বান জানাইতেছি যে, যে যেখানে আছ, যাহার যাহা কিছু আছে, তাই নিয়ে রুখে দাঁড়াও, সর্বশক্তি দিয়ে হানাদার বাহিনীকে প্রতিরোধ করো। পাকিস্তানি দখলদার বাহিনীর শেষ সৈন্যটিকে বাংলার মাটি হইতে বিতাড়িত না করা পর্যন্ত এবং চূড়ান্ত বিজয় অর্জন না করা পর্যন্ত লড়াই চালিয়ে যাও।'

Recent Publication

**Q. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?**

a) সৈয়দ নজরুল ইসলাম
b) তাজউদ্দিন আহমেদ
c) বিচারপতি আবু সাঈদ চৌধুরী
d) ক্যাপ্টেন এম. মনসুর আলী **ans. D**

**Solution:** এম. মনসুর আলী মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী ছিলেন। মুক্তিযুদ্ধকালীন খাদ্য, বস্ত্র, অস্ত্র প্রশিক্ষণের অর্থের সংস্থান ইত্যাদি গুরুত্বপূর্ণ দায়িত্ব তাঁর ওপর ন্যস্ত ছিল। তিনি সফলভাবে এ দায়িত্ব পালন করেন।

**Q. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার ন্যূনতম বয়স কত?**

a) ৩০ বছর b) ৩৫ বছর
c) ৪০ বছর d) ৪৫ বছর **ans. B**

**Solution:** সংবিধানের ৪৮ এর ৪(ক) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি হওয়ার জন্য ৩৫ বছর বয়স হতে হবে।

**Q. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়-**

a) ৮ জানুয়ারি b) ১০ জানুয়ারি
c) ১৭ মার্চ d) ২০ মার্চ **ans. B**

**Solution:** পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

## মন্ত্রিপরিষদ বিভাগ

পদের নামঃ অফিস সহায়ক
তারিখ: ১০.০৩.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৭০

**Q. পানি বরফে পরিনত হলে কী ঘটবে?**

a) আয়তনের পরিবর্তন ঘটবে না b) আয়তন বেড়ে যাবে
c) ঘনত্ব বেড়ে যাবে d) ভর কমে যাবে **ans. B**

**Solution:** পানির সর্বোচ্চ ঘনত্ব ৪°C তাপমাত্রায় হয়। কিন্তু পানি বরফে পরিণত হয় O°C তাপমাত্রায়। পানি বরফে পরিণত হলে আয়তনে বেড়ে যায়। পরীক্ষা করে দেখা গিয়েছে ১১ একক আয়তনের পানি বরফে পরিণত হলে বরফের আয়তন ১২ একক হয়। অর্থাৎ পানি বরফে পরিণত হলে এর আয়তন $\frac{১}{১১}$ অংশ বেড়ে যায়। ফলে পানির তুলনায় বরফের ঘনত্ব কম হয়। পানির তুলনায় বরফের ঘনত্ব কম বলে বরফ পানির চেয়ে হালকা, তাই বরফ পানিতে ভাসে। বরফকে পানিতে ছেড়ে দিলে এর আয়তন $\frac{১১}{১২}$ অংশ পানিতে ডুবে থাকে এবং $\frac{১}{১২}$ অংশ পানিতে ভেসে থাকে।

**Q. রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম -**

a) নিয়ন b) ফ্রেয়ন
c) অক্সিজেন d) নাইট্রোজেন **ans. B**

**Solution:** ফ্রেয়ন একটি উদ্বায়ী হিমায়ক পদার্থ। এর রাসায়নিক নাম ডাইফ্লোরো মিথেন ($CCl_2F_2$). ফ্রেয়নের বাণিজ্যিক নাম F-22. এটি অতি নিম্ন চাপে এবং নিম্ন তাপমাত্রায় সহজেই বাষ্পে পরিণত হতে পারে। আবার, উচ্চ চাপে এবং উচ্চ তাপমাত্রায় ছেড়ে দিয়ে গ্যাসীয় ফ্রেয়ন তরলে পরিণত হতে পারে। এজন্য রেফ্রিজারেটরে হিমায়ক হিসেবে ফ্রেয়ন ব্যবহৃত হয়।

**Q. শেখ রাসেল দিবস কবে?**

a) ১৯ অক্টোবর b) ১৮ অক্টোবর
c) ২০ অক্টোবর d) ২২ অক্টোবর **ans. B**

**Solution:** শেখ রাসেল দিবস পালিত হয় ১৮ অক্টোবর। উল্লেখ্য, জাতীয় শোক দিবস পালিত হয় ১৫ আগস্ট। জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয় ৭ নভেম্বর।

**Q. মুজিব নগর সরকার গঠিত হয় কবে?**

a) ১০ মার্চ ১৯৭১ b) ১০ এপ্রিল ১৯৭১
c) ১৭ এপ্রিল ১৯৭১ d) ১০ মে ১৯৭১ **ans. B**

**Solution:** মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত বাংলাদেশের প্রথম সরকার। ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল এ সরকার গঠিত হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে বৈদ্যনাথতলা গ্রামের নামকরণ হয় মুজিবনগর। মুজিবনগর সরকারের কর্মকান্ড বাংলাদেশ ভূখণ্ডের বাইরে থেকে পরিচালিত হয়েছিল বলে এ সরকার প্রবাসী মুজিবনগর সরকার হিসেবেও খ্যাত।

**Q. বঙ্গবন্ধু স্বদেশে ফিরে আসেন কবে?**

a) ৮ জানুয়ারি, ১৯৭২ b) ১০ জানুয়ারি, ১৯৭২
c) ১১ জানুয়ারি, ১৯৭২ d) ১২ জানুয়ারি, ১৯৭২ **ans. B**

**Solution:** পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

**Q. বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

a) জেনেভা b) প্যারিস
c) লন্ডন d) রোম **ans. D**

**Solution:** FAO এর পূর্ণরূপ হলো Food and Agriculture Organization. এটি ১৬ অক্টোবর ১৯৪৫ সালে গঠিত হয়। এর সদর দপ্তর রোম, ইতালিতে অবস্থিত। এটি খাদ্য ও কৃষি সংস্থা হিসেবে কাজ করে।

**Q. এক্স রে আবিষ্কার করেন কে?**

a) মার্কনী b) নিউটন
c) ফ্যারাডে d) রন্টজেন **ans. D**

**Solution:** ১৮৯৫ সালে উইলিয়াম রন্টজেন এক্স-রে রশ্মি আবিষ্কার করেন। উল্লেখ্য, রঞ্জন রশ্মি ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট এক ধরনের তাড়িত চৌম্বক বিকিরণ। এর অপর নাম এক্স-রে (X-ray)। রঞ্জন রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য

Recent Publication

(সাধারণত ১০-০.০১ ন্যানোমিটার) সাধারণ আলোর চেয়ে অনেক কম বলে দর্শন অনুভূতি সৃষ্টি করতে পারে না। তরঙ্গদৈর্ঘ্য যত ছোট হয় পদার্থ ভেদ করার ক্ষমতা তত বেশি হয়। চিকিৎসাক্ষেত্রে রোগ নির্ণয়ে যুগান্তকারী পরিবর্তন এনেছে রঞ্জনরশ্মি।

**Q. MRT এর পূর্ণরূপ কী?**

a) Mass Rapid Train b) Mass Rapid Transit
c) Metro rapid transit d) Metro Rapid Train

**ans. B**

**Solution:** MRT এর পূর্ণরূপ হলো Mass Rapid Transit. বাংলাদেশের রাজধানী ঢাকাতে নির্মিত মেট্রো রেল ব্যবস্থাই হলো ঢাকা মেট্রো। ঢাকা মেট্রো রেল ব্যবস্থাকে ম্যাস র‍্যাপিড ট্রান্সপোর্ট সংক্ষেপে এমআরটি (MRT) হিসেবেও উল্লেখ করা হয়।

**Q. বাংলাদেশ ও মায়ানমার কোন নদী দ্বারা বিভক্ত?**

a) নাফ b) কর্ণফুলী
c) পদ্মা d) হালদা **ans. A**

**Solution:** নাফ নদী বান্দরবানের নাইক্ষ্যংছড়ি দিয়ে প্রবেশ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। নদীটি মিয়ানমার ও বাংলাদেশকে (কক্সবাজার) পৃথক করেছে।

**Q. ছয় দফা দাবি কোথায় উত্থাপিত হয়?**

a) লাহোরে b) ঢাকায়
c) দিল্লিতে d) করাচিতে **ans. A**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে বাঙালি জাতির মুক্তির সনদ নামে খ্যাত ঐতিহাসিক ছয় দফা ঘোষণা করেন।

**Q. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘে বাংলায় ভাষণ দিয়েছিলেন কবে?**

a) ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ b) ২৪ সেপ্টেম্বর ১৯৭৩
c) ২৩ সেপ্টেম্বর ১৯৭৩ d) ২২ সেপ্টেম্বর ১৯৭৪ **ans. A**

**Solution:** ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯ তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

**Q. বিশ্বকাপ ফুটবলে সবচেয়ে বেশি বার চ্যাম্পিয়ন হয়েছে কোন দেশ**

a) আর্জেন্টিনা b) ব্রাজিল
c) ইতালি d) ফ্রান্স **ans. B**

## প্রাণি সম্পদ অধিদপ্তর

পদের নাম: অফিস সহায়কারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখ: ১৮.০৩.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৭০

**Q. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের তারিখ কত?**

a) ১০/১২/১৯৭২ b) ১০/১২/১৯৭১
c) ১০/১১/১৯৭১ d) কোনটিই নয় **ans. D**

**Solution:** বঙ্গবন্ধু ১৯৭২ সালের পাকিস্তানের কারাগার হতে ৮ জানুয়ারি মুক্তি লাভ করেন এবং ১০ জানুয়ারি স্বাধীন বাংলাদেশে আসেন।

**Q. শেখ হাসিনা বাংলাদেশের কত বারের প্রধানমন্ত্রী?**

a) ২ বার b) ৩ বার
c) ৪ বার d) ৫ বার **ans. C**

**Solution:** ১৯৯৬, ২০০৮, ২০১৪ এবং ২০১৮ সালের সংসদ নির্বাচনের মাধ্যমে তার দল বাংলাদেশ আওয়ামীলীগ জয় লাভ করে এবং তিনি প্রত্যেকবারই প্রধানমন্ত্রী নির্বাচিত হন। উল্লেখ্য ৭ বার সংসদ পদ লাভ করে।

**Q. 'অসমাপ্ত আত্মজীবনী' কার লেখা?**

a) রবীন্দ্রনাথ b) নজরুল
c) বঙ্গবন্ধু d) আলাওল **ans. C**

**Solution:** অসমাপ্ত আত্মজীবনী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম আত্মজীবনী সংকলন। ২০১২ সালের ১৮ জুন মাসে বইটি প্রকাশিত হয়। বইটি ইংরেজি, উর্দু, জাপানি, চীনা, আরবি, ফরাসি ও হিন্দি ভাষায় অনূদিত হয়েছে। তাঁর লেখা দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ হলো কারাগারের রোজনামচা। যা ২০১৭ সালে বঙ্গবন্ধুর ৯৮তম জন্মবার্ষিকীতে প্রকাশিত হয়।

**Q. জাতীয় শোক দিবস কবে?**

a) ২১শে ফেব্রুয়ারি b) ১৫ আগস্ট
c) ১৫ নভেম্বর d) ১৭ মার্চ **ans. B**

**Solution:** ১৯৭৫ সালের ১৫ আগস্ট একদল বিপথগামী সেনাকর্মকর্তার হাতে জাতির জনক বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন।

**Q. পদ্মা সেতু কবে উদ্বোধন করা হয়?**

a) ২৮ জুন b) ১ জুলাই
c) ২৩ জুন d) ২৫ জুন **ans. D**

**Solution:** ২৫ জুন ২০২২ ইং তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতু উদ্বোধন করেন।

**Q. মাংসে খাদ্যের প্রধান উপাদান কোনটি?**

a) শর্করা b) প্রোটিন
c) আঁশ d) কোনটি নয় **ans. B**

**Q. রোহিঙ্গারা কোন দেশের নাগরিক?**

a) ভারত b) নেপাল
c) মিয়ানমার d) ভুটান **ans. C**

**Solution:** রোহিঙ্গাদেরকে ঐতিহাসিকভাবে আরাকানি ভারতীয়ও বলা হয়ে থাকে। রোহিঙ্গা হলো পশ্চিম মিয়ানমারের রাখাইন রাজ্যের একটি রাষ্ট্রবিহীন ইন্দো-আর্য জনগোষ্ঠী।

**Q. কলা উৎপাদনে কোন জেলা শীর্ষে?**

a) টাঙ্গাইল b) বান্দরবান
c) নরসিংদী d) চট্টগ্রাম **ans. A**

**Solution:** মে ২০২২ এ প্রকাশিত কৃষি পরিসংখ্যান তথ্যমতে কলা ও আনারস উৎপাদনে শীর্ষ জেলা টাঙ্গাইল।

**Q. বঙ্গবন্ধুর জন্ম কোন জেলায়?**

a) ঢাকা b) বরিশাল
c) ফরিদপুর d) টাঙ্গাইল **ans. C**

**Solution:** বঙ্গবন্ধু ১৯২০ সালের ১৭ মার্চ তৎকালীন বৃহত্তর ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহন করেন।

Recent Publication

**Q.** বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি?

a) মহাস্থানগড়  b) ময়নামতি
c) পাহাড়পুর  d) সোনারগাঁও  ***ans.* A**

***Solution:*** বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে মহাস্থানগড়, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। আর এই রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি এখানে পাওয়া গেছে।

**Q.** বঙ্গবন্ধু কোন দেশ থেকে সাভার ডেইরি ফার্মে উন্নত জাতের গরু এনেছিলেন?

a) অস্ট্রেলিয়া  b) ডেনমার্ক
c) নিউজিল্যান্ড  d) যুক্তরাজ্য  ***ans.* A**

**Q.** কোনটি আউটপুট ডিভাইস?

a) মনিটর  b) কিবোর্ড
c) ইউপিএস  d) প্রিন্টার  ***ans.* A & D**

***Solution:*** বহুল ব্যবহৃত আউটপুট ডিভাইসগুলো হলোঃ মনিটর, প্রজেক্টর, স্পিকার, হেডফোন, পটার ইত্যাদি।

**Q.** স্বাধীনতা যুদ্ধে ঢাকা কত নং সেক্টরে ছিল?

a) ১ নং  b) ২ নং
c) ৩ নং  d) ৪ নং  ***ans.* B**

***Solution:*** স্বাধীনতা যুদ্ধে ঢাকা ২ নং সেক্টরে ছিল।

| | |
|---|---|
| সেক্টর ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও ফেনী নদী পর্যন্ত। এ সেক্টরের হেড কোয়ার্টার ছিল হরিণাতে। |
| সেক্টর ২ | নোয়াখালী, কুমিল্লা, আখাউড়া, ভৈরব, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর। |
| সেক্টর ৫ | সিলেট জেলার অংশবিশেষ (পশ্চিম অংশ), সুনামগঞ্জ ও বৃহত্তর ময়মনসিংহের সীমান্তবর্তী এলাকা। হেডকোয়ার্টার ছিল বাশতলাতে |
| সেক্টর ৮ | কুষ্টিয়া, যশোর এবং ফরিদপুর ও খুলনা জেলার অংশবিশেষ। এই সেক্টরের হেডকোয়ার্টার ছিল কলাগাছিতে। |

**Q.** পৃথিবীতে মহাদেশ কয়টা?

a) ৪  b) ৫
c) ৬  d) ৭  ***ans.* D**

***Solution:*** পৃথিবীতে মহাদেশ ৭টি। এগুলো হলোঃ এশিয়া, আফ্রিকা, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, ওশেনিয়া এবং অ্যান্টার্কটিকা।

**Q.** নিশীথ সূর্যের দেশ?

a) কলম্বিয়া  b) নরওয়ে
c) ফ্রান্স  d) কোনটি নয়  ***ans.* B**

***Solution:*** নরওয়ে হলো নিশীথ সূর্যের দেশ। কারণ এদেশের নভেম্বর হতে জানুয়ারি মাস পর্যন্ত সূর্য উঠে না। এছাড়া নরওয়েকে 'হীবর' বা 'মৎস্যজীবীদের' দেশ বলা হয়।

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

পদের নাম: হিসাব সহকারী

তারিখ: ১৮.০৩.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৭০

**Q.** বাংলাদেশের সবচেয়ে উত্তরের জেলা কোনটি?

a) দিনাজপুর  b) ঠাকুরগাঁও
c) লালমনিরহাট  d) পঞ্চগড়  ***ans.* D**

***Solution:*** বাংলাদেশের সবচেয়ে উত্তরের জেলা হলো পঞ্চগড়। দক্ষিণের জেলা হলো কক্সবাজার। পূর্বের জেলা হলো বান্দরবান এবং পশ্চিমের জেলা হলো চাঁপাইনবাবগঞ্জ।

**Q.** কোন বিভাগে জেলার সংখ্যা সর্বোচ্চ?

a) ঢাকা  b) চট্টগ্রাম
c) রাজশাহী  d) খুলনা  ***ans.* A**

***Solution:*** ঢাকা বিভাগে ১৩টি জেলা আছে। এগুলো হলোঃ ঢাকা, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, গাজীপুর, মাদারীপুর, শরীয়তপুর, নরসিংদী, টাঙ্গাইল, ফরিদপুর এবং রাজবাড়ী।

**Q.** বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে?

a) ধান, পান, শাপলা  b) ধান, পাট, শাপলা
c) ধান, পান, পাট  d) পাট, পান, শাপলা***ans.* B**

***Solution:*** বাংলাদেশের জাতীয় প্রতীকের কেন্দ্রে রয়েছে পানিতে ভাসমান একটি শাপলা ফুল যা বাংলাদেশের জাতীয় ফুল। শাপলা ফুলটিকে বেষ্টন করে আছে ধানের দুটি শীষ। চূড়ায় পাটগাছের পরস্পরযুক্ত তিনটি পাতা এবং পাতার উভয় পার্শ্বে দুটি করে মোট চারটি তারকা। চারটি তারকা চিহ্ন দ্বারা বাংলাদেশের সংবিধানের চারটি মূলনীতিকে নির্দেশ করা হয়েছে।

**Q.** বাংলাদেশের আইন সভার নাম কি?

a) জাতীয় পরিষদ  b) পার্লামেন্ট
c) জাতীয় সংসদ  d) গণপরিষদ  ***ans.* C**

***Solution:***

| দেশ | আইন সভা |
|---|---|
| বাংলাদেশ | জাতীয় সংসদ |
| ভারত | জাতীয় পরিষদ বা সিনেট |
| যুক্তরাজ্য | স্টেটস জেনারেল |
| সুইডেন | লয়াজিরগা |
| ডেনমার্ক | মর্জসিগ |
| যুক্তরাষ্ট্র | পার্লামেন্ট |
| জার্মানি | রাইখস্টাগ |

| দেশ | আইন সভা |
|---|---|
| জাপান | ডায়েট |
| ভারত | লোকসভা বা রাজ্যসভা |
| তুরস্ক | গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি |
| সুইস | সেংহ্ব |
| যুক্তরাষ্ট্র | কংগ্রেস |
| ডেনমার্ক | ফকেটিং |
| সুইডেন | রিক্সডাগ |

**Q.** বাংলাদেশের জাতীয় দিবস কোনটি?

a) ১৬ই ডিসেম্বর  b) ৭ই মার্চ
c) ২৬শে মার্চ  d) ১৭ই এপ্রিল  ***ans.* C**

***Solution:*** ১৬ ডিসেম্বর বিজয় দিবস। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২১ ফেব্রুয়ারি। স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয় ২৬ মার্চ।

**Q.** EPZ এর পূর্ণরূপ কোনটি?

a) Export Promotion Zone.
b) Export Processing Zone.
c) Export Production Zone.
d) Export Procurement Zone.  ***ans.* B**

***Solution:*** EPZ এর পূর্ণরূপ Export Processing Zone বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল। এটি এমন একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল, যেখানে শুল্ক কর্তৃপক্ষের কোনোরূপ হস্তক্ষেপ ছাড়াই পণ্য রপ্তানি, পুনঃসংযোজন, অবতরণ, বহন, উৎপাদন করা যায়।

**Q.** ১৭ মার্চ, ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কততম জন্মবার্ষিকী পালিত হল?

a) ১০১  b) ১০২
c) ১০৩  d) ১০৪  ***ans.* C**

Recent Publications

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন।

**Q.** পৃথিবীর সবচেয়ে জনবহুল দেশ কোনটি?
a) রাশিয়া b) যুক্তরাষ্ট্র
c) চীন d) ভারত **ans. C**

**Solution:** বিশ্ব জনসংখ্যা রিপোর্ট-২০২২ অনুযায়ী জনসংখ্যায় শীর্ষ ৩টি দেশ হলোঃ চীন, ভারত এবং যুক্তরাষ্ট্র।

**Q.** পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?
a) উত্তর আমেরিকা b) ইউরোশিয়া
c) এশিয়া d) আফ্রিকা **ans. C**

**Solution:** আয়তনে বৃহত্তম মহাদেশঃ এশিয়া। আয়তনে ক্ষুদ্রতম মহাদেশঃ ওশেনিয়া। জনসংখ্যায় বৃহত্তম মহাদেশঃ এশিয়া। জনশূন্য মহাদেশঃ অ্যান্টার্কটিকা। মহাদেশঃ ৭টি (এশিয়া, আফ্রিকা, ইউরোপ, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া এবং অ্যান্টার্কটিকা)।

**Q.** SDG এর পূর্ণাঙ্গ রূপ কী?
a) Saarc Development Goals.
b) Systemetic Development Goals.
c) Social Development Goals.
d) Sustainable Development Goals. **ans. D**

**Solution:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অফিসিয়াল নাম হলো Transforming our world. ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও লক্ষ্যমাত্রাগুলি পূরণের অঙ্গীকার নিয়ে জাতিসংঘভুক্ত, 193টি দেশ The Sustainable Development Goals (SDGs) এর এই চুক্তিতে স্বাক্ষর করে। উল্লেখ্য SDGs এর বৈশ্বিক লক্ষ্য 17টি এবং লক্ষ্যমাত্রা 169টি।

**Q.** পাঁচ টাকার নোটে স্বাক্ষর থাকে-
a) বাংলাদেশ ব্যাংকের গর্ভনারের b) রাষ্ট্রপতির
c) অর্থ সচিবের d) অর্থমন্ত্রীর **ans. C**

**Solution:** এক টাকা, দুই টাকা এবং পাঁচ টাকার নোটকে বলা হয় সরকারি মুদ্রা। তাই ঐ তিন নোটে অর্থ সচিবের স্বাক্ষর থাকে। এছাড়া বাকি সব টাকার নোটে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের স্বাক্ষর থাকে।

**Q.** গ্রিন হাউজ প্রভাব এর পরিণতি কী?
a) তাপমাত্রা বৃদ্ধি
b) সবুজ গাছের বনায়ন
c) পানির তাপমাত্রা হ্রাস পাওয়া
d) মরুকরন **ans. A&D**

**Solution:** গ্রিন হাউস শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন সুইডিস রসায়নবিদ সোভনটে আরহেনিয়াস ১৮৯৬ সালে। পৃথিবীর বায়ুমণ্ডলের গড় তাপমাত্রা বৃদ্ধির মাধ্যমে পরিবর্তনশীল আবহাওয়ার প্রতিক্রিয়াকে গ্রিন হাউস ইফেক্ট বলে। গ্রিন হাউস হলো কাঁচের তৈরি ঘর যার ভেতর গাছপালা লাগানো হয়। শীতপ্রধান দেশে তীব্র ঠাণ্ডার হাত থেকে গাছপালাকে রক্ষার জন্য গ্রিন হাউস তৈরি করা হয়। গ্রিন হাউস ইফেক্ট বলতে মূলত তাপ আটকে রেখে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। এর ফলে উত্তাপ অনেক বেড়ে যাবে যাতে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যেতে পারে।

**Q.** মূল্য সংযোজন কর (মূসক) একটি-
a) প্রত্যক্ষ কর b) পরোক্ষ কর
c) পরিপূরক কর d) সম্পূরক কর **ans. B**

**Solution:** বাংলাদেশের রাজস্ব আয়ের প্রধান উৎস হলো মূসক (মূল্য সংযোজন কর)। উল্লেখ্য, মূল্য সংযোজন কর একটি পরোক্ষ কর। এটি বাংলাদেশে বিক্রয় করের বিকল্প হিসেবে ধার্য করা হয়। বাংলাদেশে এই মূল্য সংযোজন কর চালু হয় ১ জুলাই ১৯৯১ সালে।

**Q.** যখন সূর্য ও চন্দ্রের মধ্যে পৃথিবী অবস্থান করে তখন হয় —:
a) সূর্যগ্রহণ b) চন্দ্রগ্রহণ
c) পূর্ণিমা d) আমাবস্যা **ans. B**

**Solution:** পৃথিবী তার নিজ অক্ষের চারদিকে আবর্তন করার পাশাপাশি সূর্যের চারদিকেও নির্দিষ্ট কক্ষপথে আবর্তন করছে। এভাবে আবর্তন করতে করতে কোন এক পূর্ণিমা তিথিতে পৃথিবী চন্দ্র ও সূর্যের মাঝে এসে পৌছায়। ফলে পৃথিবীর ছায়া চন্দ্রের উপর এসে পড়ে এবং এর ফলে চন্দ্রকে দেখা যায় না। এটিই চন্দ্রগ্রহণ। অপরদিকে চন্দ্র পৃথিবীর চারদিকে ঘুরতে ঘুরতে কোন এক অমাবস্যা তিথিতে সূর্য ও পৃথিবীর মাঝে এসে পৌছায়। এই অবস্থায় সূর্যের আলো চন্দ্র দ্বারা বাধা প্রাপ্ত হয় এবং চন্দ্রের ছায়া পৃথিবীতে পড়ে। ফলে সূর্যকে দেখা যায় না। এটিই সূর্য গ্রহণ।

**Q.** অস্ট্রিয়ার রাজধানীর নাম কী?
a) বৈরুত b) সিডনি
c) মস্কো d) ভিয়েনা **ans. D**

**Solution:** ভিয়েনা অস্ট্রিয়ার রাজধানী এবং ইউরোপের একটি ঐতিহাসিক শহর। আর অস্ট্রিয়ার মুদ্রার নাম হলো ইউরো।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পদের নাম: কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী
তারিখ: ২৪.০৩.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৮০

**Q.** মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
a) ১ নম্বর b) ২ নম্বর
c) ৩ নম্বর d) ১১ নম্বর **ans. B**

**Solution:** মুক্তিযুদ্ধকালীন সময়ে ঢাকা ২ নম্বর সেক্টরের অধীনে ছিল। উল্লেখ্য, ঢাকা ছাড়াও যে জেলাগুলো ২ নম্বর সেক্টরে অধীনে ছিলোঃ নোয়াখালী, কুমিল্লা, আখাউড়া, ভৈরব, ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর।

**Q.** 'বাংলার মুক্তি সনদ নামে' পরিচিত কোনটি?
a) ৬ দফা b) ৭ মার্চের ভাষণ
c) লাহোর প্রস্তাব d) কোনটিই নয় **ans. A**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে বাঙালি জাতির মুক্তির সনদ নামে খ্যাত ঐতিহাসিক ছয় দফা ঘোষণা করেন।

Recent Publication

**Q.** ভারত-বাংলাদেশ যৌথবাহিনী হানাদার বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ শুরু করে-

a) ৬ ডিসেম্বর ১৯৭১ b) ১৪ ডিসেম্বর ১৯৭১
c) ২৬ এপ্রিল ১৯৭১ d) ১৫ আগষ্ট ১৯৭১ ***ans.*** **Note**

***Solution:*** ১৯৭১ সালের ৪ ডিসেম্বর গুরুত্বপূর্ণ একটি দিন। এদিন থেকেই শুরু হয় বাঙালির মুক্তির সর্বাত্মক যুদ্ধ। মুক্তিবাহিনীর সঙ্গে ভারতীয় বাহিনীর সমন্বয়ে গঠিত যৌথবাহিনী পাক হানাদারদের ওপর প্রবল বিক্রমে আক্রমণ শুরু করে।

**Q.** নিচের কোন ব্যক্তি মোঘল সম্রাট নয়?

a) আকবর b) বাহাদুর শাহ
c) শাহজাহান d) শের শাহ ***ans.*** **D**

***Solution:*** শেরশাহ ভারতবর্ষের সম্রাট (১৫৪০-১৫৪৫) ও শূর রাজবংশের প্রতিষ্ঠাতা। শেরশাহ ছিলেন বিহারের অন্তর্গত সাসারামের জায়গিরদার হাসান খান শূরের পুত্র। তাঁর সাহস ও বীরত্বের জন্য বাহার খান তাঁকে 'শের খান' খেতাবে ভূষিত করেন। শেরশাহ মুদ্রা ব্যবস্থার সংস্কার সাধন এবং হয়রানিমূলক কর রহিত করে ব্যবসা বাণিজ্যের উন্নতি বিধান করেন।

**Q.** ১৯৫৭ সালে সংঘটিত সিপাহি বিপ্লব এর সংঙ্গে সম্পৃক্ত পার্ক কোনটি?

a) রমনা পার্ক b) বাহাদুর শাহ পার্ক
c) গুলশান পার্ক d) ন্যাশনাল পার্ক ***ans.*** **B**

***Solution:*** বাহাদুর শাহ পার্ক বাংলাদেশের রাজধানী ঢাকার পুরানো ঢাকা এলাকার সদরঘাটের সন্নিকটে লক্ষীবাজারে অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। ১৮৫৮ সালে রানী ভিক্টোরিয়া ভারতবর্ষের শাসনভার গ্রহণ করার পর এই ময়দানেই এ সংক্রান্ত একটি ঘোষনা পাঠ করে শোনান ঢাকা বিভাগের কমিশনার। সেই থেকে এই স্থানের নামকরণ হয় 'ভিক্টোরিয়া পার্ক'। ১৯৫৭ সালের আগে পর্যন্ত পার্কটি ভিক্টোরিয়া পার্ক নামে পরিচিত ছিল। ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের পর এক রহস্যজনক বিচারে ইংরেজ শাসকেরা ফাঁসি দেয় অসংখ্য বিপ্লবী সিপাহিকে। তারপর জনগণকে ভয় দেখাতে সিপাহিদের লাশ এনে ঝুলিয়ে দেওয়া হয় এই ময়দানের বিভিন্ন গাছের ডালে। ১৯৫৭ সালে (মতান্তরে ১৯৬১) সিপাহি বিদ্রোহের শতবার্ষিকী পালন উপলক্ষ্যে এখানে একটি স্মৃতিসৌধ নির্মাণ করে পার্কের নাম পরিবর্তন করে রাখা হয় বাহাদুর শাহ পার্ক।

**Q.** কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন?

a) মুহাম্মদ বিন কাশেম b) সম্রাট আকবর
c) সম্রাট শাহজাহান d) কোনটিই নয় ***ans.*** **D**

***Solution:*** ইবনে বতুতা ভারতবর্ষের আগমনের সময় ভারতবর্ষের শাসক ছিলেন মুহম্মদ বিন তুঘলক। মরক্কোর পর্যটক ইবনে বতুতা ১৩৪৬ খ্রিষ্টাব্দে বাংলায় সফর করেন। ইবনে বতুতা যখন বাংলায় আসেন তখন বাংলার শাসক ছিল ফখরউদ্দীন।

**Q.** বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য নয় কোনটি?

a) বিহার b) মেঘালয়
c) মিজোরাম d) ত্রিপুরা ***ans.*** **A**

***Solution:*** বাংলাদেশের সীমান্ত সংলগ্ন ভারতের প্রদেশ ৫টি। এগুলো হলোঃ মেঘালয়, আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মিজোরাম।

**Q.** বাংলাদেশের লোকশিল্প যাদুঘর কোথায় অবস্থিত?

a) ময়নামতি b) সোনারগাঁও
c) ঢাকা d) বগুড়া ***ans.*** **B**

***Solution:*** কয়েকটি গুরুত্বপূর্ণ জাদুঘরঃ

| জাদুঘর | অবস্থান |
|---|---|
| বাংলাদেশ লোকশিল্প জাদুঘর | সোনারগাঁও, নারায়ণগঞ্জ |
| স্বাধীনতা জাদুঘর | সোহরাওয়ার্দী উদ্যান |
| জাতীয় চার নেতা স্মৃতি জাদুঘর | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| সামরিক জাদুঘর | বিজয় সরণী, ঢাকা |
| বিজ্ঞান জাদুঘর | আগারগাঁও, ঢাকা |
| মুক্তা জাদুঘর | মিরপুর-২, ঢাকা |

**Q.** আন্তর্জাতিক নারী দিবস কবে পালন করা হয়?

a) ৮ মার্চ b) ১০ মার্চ
c) ১৪ ফেব্রুয়ারি d) কোনটিই নয় ***ans.*** **A**

***Solution:*** জাতিসংঘ ১৯৭৫ সালে আন্তর্জাতিক নারী বর্ষে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করা শুরু করে। জাতিসংঘ ১৯৭৭ সালে দিনটিকে আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে স্বীকৃতি দেয়।

**Q.** সম্প্রতি বাংলাদেশ কোন দেশের দূতাবাস খোলা হয়েছে?

a) কাতার b) আর্জেন্টিনা
c) সুইডেন d) আজারবাইজান ***ans.*** **B**

***Solution:*** ২৭ ফেব্রুয়ারি ২০২৩ সালে আর্জেন্টিনার দূতাবাস চালু করা হয়।

**Q.** নেপালের মুদ্রার নাম কী?

a) গুলট্রাম b) রুপি
c) রিয়াল d) টাকা ***ans.*** **B**

***Solution:*** নেপালের মুদ্রার নাম হলো রুপি। উল্লেখ্য, ভুটানের মুদ্রার নাম হলো গুলট্রাম। আর সৌদি আরব, কাতার, ইয়েমেন, ওমানের মুদ্রার নাম হলো রিয়াল।

**Q.** ঢাকা বিভাগের কয়টি জেলা?

a) ১৫ টি b) ১৪ টি
c) ১৩ টি d) ১৭ টি ***ans.*** **C**

***Solution:*** ঢাকা বিভাগে ১৩টি জেলা রয়েছে। এগুলো হলোঃ ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, শরীয়তপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর এবং রাজবাড়ী।

**Q.** নবায়নযোগ্য জ্বালানী কোনটি?

a) কয়লা b) গ্যাস
c) সূর্যালোক d) সবগুলো ***ans.*** **C**

***Solution:*** নবায়নযোগ্য জ্বালানি হলো এমন শক্তির উৎস যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং এর ফলে শক্তির উৎস নিঃশেষ হয়ে যায় না। বিভিন্ন প্রাকৃতিক উৎস যেমন সূর্যের আলো ও তাপ, বায়ু প্রবাহ, জল প্রবাহ, জৈব শক্তি (বায়োগ্যাস, বায়োফুয়েল) ভূ-তাপ, সমুদ্র তরঙ্গ, সমুদ্র তাপ ইত্যাদি নবায়নযোগ্য শক্তির উৎস।

Recent Publication

**Q.** রূপপুর পারমানবিক কেন্দ্র কোন দেশের সহায়তায় তৈরি হচ্ছে?

a) ভারত b) রাশিয়া
c) চীন d) জাপান **ans. B**

**Solution:** পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। রাশিয়ার রাষ্ট্রীয় আণবিক শক্তি কর্পোরেশন (রয়টাস) এই প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্প ব্যয়ের মোট ৯০% সরবরাহ করবে রাশিয়া। রূপপুর পারমাণবিক প্রকল্পে রাশিয়ার উদ্ভাবিত সর্বাধুনিক ৩ + প্রজন্মের (থ্রি পাস জেনারেশন) 'ভিভিইআর ১২০০' প্রযুক্তির পারমাণবিক চুলি ব্যবহার করা হবে। প্রতিটি ১ হাজার ২০০ মেগাওয়াট ক্ষমতার দুটি ইউনিট স্থাপন করা হবে। ২০২৩ সালে এর প্রথম ইউনিট এবং পরের বছর অর্থাৎ ২০২৪ সালে দ্বিতীয় ইউনিট চালু হওয়ার কথা। এই বিদ্যুৎ কেন্দ্রে টানা ৬০ বছর বিদ্যুৎ উৎপাদন করা যাবে।

**Q.** বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী?

a) ওয়াট b) ওয়াট-ঘন্টা
c) কিলোওয়াট-ঘন্টা d) কুলম্ব **ans. C**

**Solution:** এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘন্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট-ঘন্টা বলে। ১ কিলোওয়াট-ঘন্টা = ৩,৬০০ কিলো জুল। একে বাণিজ্যিক এককও (Commercial Unit) বলা হয়।

**Q.** কোন জেলায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম নেই?

a) পঞ্চগড় b) সাতক্ষীরা
c) বান্দরবান d) কক্সবাজার **ans. C**

**Q.** কম্পিউটারের অস্থায়ী মেমোরি কোনটি?

a) ROM b) RAM
c) Hard disc d) কোনটিই নয় **ans. B**

**Solution:** RAM বা Random Access Memory কম্পিউটারের অস্থায়ী মেমোরি। বিদ্যুৎ প্রবাহ বন্ধ হলে র‍্যামে সঞ্চিত সকল ডেটা ও প্রোগ্রাম মুছে যায়। এজন্য একে অস্থায়ী মেমোরি বা Volatile মেমোরি বলা হয়।

**Q.** কোন ফাইল স্থায়ীভাবে **Delete** করার জন্য কোন বাটন চাপতে হবে?

a) Enter + Delete b) Shift + Delete
c) Ctrl + Delete d) Alt + Delete **ans. B**

**Solution:** কোন ফাইল স্থায়ীভাবে Delete করার জন্য Shift + Delete বাটন চাপতে হবে। উল্লেখ্য,

| কীবোর্ড কমান্ড | কাজ | কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|---|---|
| Ctrl + S | Save | Ctrl + E | Central Alignment |
| Ctrl + C | Copy | Ctrl + L | Left Alignment |
| Ctrl + X | Cut | Ctrl + R | Right Alignment |
| Ctrl + V | Past | Ctrl + J | Justify Alignment |
| Ctrl + Z | Undo | Ctrl + N | Open a new window |
| Ctrl + Y | Redo | Ctrl + H | Replace |
| Ctrl + P | Print | Ctrl + F | Find |

**Q.** কম্পিউটারে টাইপ করার সময় কোন লেখা মুছে গেলে তা কোন বাটন চেপে পুনরায় আনা যায়?

a) Shift + A b) Shift + C
c) Ctrl + Z d) Alt + Z **ans. C**

**Solution:** To undo an action (পুনরায় ফিরিয়ে আনতে) press Ctrl + Z. To redo an undone action, press Ctrl + Y. The Undo and Redo features let you remove or repeat single or multiple typing actions, but all actions must be undone or redone in the order you did or undid them – you can't skip actions.

**Q.** কোন মেনুতে প্রিন্ট কমান্ড থাকে?

a) View b) Insert
c) File d) কোনটিই নয় **ans. C**

**Solution:** Microsoft word ডকুমেন্টে কোন কিছু প্রিন্ট করতে হলে (Ctrl + P) একসাথে Press করতে হয়। তাছাড়া মেনু বারে File অপশনে প্রিন্ট কমান্ড থাকে।

**Q.** কী বোর্ডে কতটি ফাংশন কী থাকে?

a) ১০ টি b) ১২ টি
c) ১৮ টি d) ৪ টি **ans. B**

**Solution:** Key board এর মধ্যে বর্ণ, সংখ্যা এবং বিশেষ চিহ্নের বিভিন্ন Key গুলো সারিবদ্ধভাবে সাজানো থাকে। বর্তমানে প্রচলিত Key Board গুলোতে সর্বোচ্চ ১০৫টি Key রয়েছে। এর মধ্যে যোগ (+), বিয়োগ (-), গুণ (*), ভাগ (/) সহ 0 থেকে 9 পর্যন্ত মোট ১৭টি Numeric Key রয়েছে। আর F1 থেকে F12 পর্যন্ত মোট ১২টি Function Key রয়েছে।

**Q.** ইংরেজিতে সব অক্ষর ক্যাপিটাল লেটারে লেখার জন্য কোন বাটন চাপতে হবে?

a) Ctrl b) Alt
c) Caps lock d) Enter **ans. C**

**Q.** কোন বাটন চেপে স্ক্রিন শট নেওয়া হয়?

a) Insert b) Ctrl
c) F5 d) কোনটিই নয় **ans. D**

**Solution:** উইন্ডোজ ১১ চালিত কম্পিউটারে Alt Key + PrtSc Key একসাথে প্রেস করে স্ক্রিনশট নেওয়া যাবে। এছাড়াও Windows Key + PrtSc Key একসাথে প্রেস করে স্ক্রিনশট নেওয়া যাবে যা Pictures > Screenshots ডিরেক্টরিতে সেভ হবে।

**Q.** কোন মেনুতে **Header** ও **Footer** পাওয়া যায়?

a) File b) Insert
c) View d) কোনটিই নয় **ans. B**

**Solution:** হেডার এবং ফুটার হলো ডকুমেন্টের একটি পার্ট যাতে স্পেসিয়াল তথ্যসমূহ সংযুক্ত করা থাকে। লক্ষ্যণীয় যে, হেডার সর্বদা পৃষ্ঠার ওপরে এবং ফুটার সর্বদা পৃষ্ঠার নিচে অবস্থান করে।

**Q.** **Insert Table** এ **By default** কতটি **Column** এবং **Row** থাকে?

a) 5 column 2 row b) 2 column 5 row
c) 3 column 5 row d) 5 column 3 row **ans. A**

**Q.** কোন কিছু খোঁজার জন্য **Find option** টি কোন বাটন চেপে আনা যায়?

a) Ctrl + O b) Ctrl + F
c) Ctrl + Z d) Alt + F **ans. B**

Recent Publications

**Q. একটি ফাইল কোন Drive এ Save করার জন্য কোন অপশনটিতে যেতে হবে?**

a) Save b) Save as
c) Close d) কোনটিই নয় ***ans.* B**

***Solution:*** Save as হল তৈরিকৃত ডকুমেন্ট নতুন কোন নামে, ফরম্যাটে অথবা লোকেশনে সংরক্ষণ করার অপশন।

**Q. কোন একটি ফাইল এর সাইজ কত তা কোন Option টির মাধ্যমে জানা যায়?**

a) File size b) File menu
c) Properties d) Open ***ans.* C**

**Q. Gmail এর ইনবক্স হতে কোন মেইল ডিলিট করলে কোথায় খুজে পাওয়া যায়?**

a) Spam b) Trash
c) Delete d) Starred ***ans.* B**

***Solution:*** ই-মেইল ডিলিট হয়ে গেলে দ্রুত Trash folder থেকে সেটি Restore করে নেয়া যায়। এক্ষেত্রে মেইলটি সিলেক্ট করে Move বাটনে ক্লিক করে Inbox সেন্ট করলেই হয়ে যাবে। অর্থাৎ প্রথমে ব্রাউজারে আপনার Yahoo Mail লগইন করতে হবে। এরপর বামপাশে Navigation pane থেকে Trash ফোল্ডারে ক্লিক করতে হবে। প্রয়োজনীয় মেইলটি সিলেক্ট করতে হবে এবং সেখানে একটি চেক বক্স দেখাবে সেটিতে টিক মার্ক দিতে হবে। এবার "Restore to Inbox" ক্লিক করলেই হবে।

**Q. RAM কোথায় থাকে?**

a) প্রিন্টারে b) সিপিইউতে
c) মনিটরে d) কীবোর্ডে ***ans.* B**

***Solution:*** RAM এর পূর্ণরূপ হল Random Access Memory। এটিকে বিভিন্ন সময়ে বিভিন্ন নামে ডাকা হয়। যেমনঃ System memory, Primary memory বা Main memory. এটি কম্পিউটারের Motherboard এ পাওয়া যায়। এটি মূলত CPU অভ্যন্তরীণ মেমোরি হিসেবে কাজ করে। এটি একটি কম্পিউটারের অস্থায়ী স্টোরেজ। কম্পিউটারে হার্ডড্রাইভে। যেমন ডাটা স্টোর হয়ে থাকে ঠিক তেমনি কম্পিউটারের র‍্যামে ও ডেটা স্টোর হয়ে থাকে।

**Q. কোনটি ইনপুট ডিভাইস নয়?**

a) মাউস b) ওয়েবক্যাম
c) প্রিন্টার d) কোনটিই নয় ***ans.* C**

***Solution:*** কিছু ইনপুট ডিভাইস হলোঃ Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR) ইত্যাদি।

**Q. কোন বিষয় দর্শকদের সামনে উপস্থাপনের জন্য ব্যবহার করা হয়?**

a) MS word b) Excel
c) PowerPoint d) Outlook ***ans.* C**

***Solution:*** পাওয়ার পয়েন্ট হলো একটি প্রেজেন্টেশন প্রোগ্রাম। এটি একটি গ্রাফিক্স প্যাকেজ প্রোগ্রাম। PowerPoint এর সাহায্যে পণ্যের বিজ্ঞাপন, মিটিংয়ের আলোচ্য বিষয়, উৎপাদন প্রতিবেদন, ডেটা উপস্থাপনা, গ্রাচার্ট উপস্থাপন ইত্যাদি কাজ করা যায়।

**Q. এক্সেল $C_9C_{10}C_{11}$ ও $C_{12}$ সেল ৪টির সংখ্যাগুলোকে যোগ করার ফরমোলা কী?**

a) SUM = (C9 + C12) b) =SUM (C9:C12)
c) SUM (C9 + C12) d) SUM (C9:C12) ***ans.* B**

**Q. মেট্রোরেল কত তারিখে উদ্বোধন করা হয়?**

a) ২৮ ডিসেম্বর ২০২২ b) ২৮ নভেম্বর ২০২২
c) ১০ জানুয়ারি ২০২৩ d) ৬ জুন ২০২২ ***ans.* A**

***Solution:*** বাংলাদেশের প্রথম মেট্রোরেলের যাত্রা শুরু হয়েছে ২৮ ডিসেম্বর ২০২২ সালে। প্রথম চালকের নাম ছিলো মরিয়ম আফিজা আর প্রথম যাত্রী ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**Q. পদ্মা সেতু কোন দুটি জেলাকে সংযুক্ত করেছে?**

a) মানিকগঞ্জ ও মাদারীপুর b) মুন্সিগঞ্জ ও ফরিদপুর
c) মুন্সিগঞ্জ ও শরিয়তপুর d) মানিকগঞ্জ ও ফরিদপুর
***ans.* C**

***Solution:*** পদ্মা নদীর ওপর নির্মিত পদ্মা সেতু একটি বহুমুখী সড়ক ও রেল সেতু, এটি বাংলাদেশের দীর্ঘতম সেতু। সেতুটি মুন্সিগঞ্জের মাওয়া, লৌহজংকে শরীয়তপুরের জাজিরা প্রান্তের সঙ্গে সংযুক্ত করেছে। এর ফলে দেশের দক্ষিণ-পশ্চিম প্রান্ত উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে যুক্ত হয়েছে।

**Q. রামু উপজেলা কোন জেলায় অবস্থিত?**

a) কক্সবাজার b) খাগড়াছড়ি
c) রাঙ্গামাটি d) বান্দরবান ***ans.* A**

***Solution:*** রামু উপজেলা কক্সবাজার জেলায় অবস্থিত। প্রশাসন রামু থানা গঠিত হয় ১৯০৮ সালে এবং থানাকে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৩ সালে।

**Q. বাংলাদেশে ইন্টারনেট ব্যবহার সবার জন্য উন্মুক্ত করা হয়-**

a) ১৯৯০ সালে b) ১৯৯৬ সালে
c) ১৯৯৮ সালে d) ২০০১ সালে ***ans.* B**

***Solution:*** বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে। উল্লেখ্য, টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট এর শব্দগত বিশ্লেষণ করলে তাকে International Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে শুরু হলেও এর প্রকৃত যাত্রা আরম্ভ হয় ১৯৬৯ সাল থেকে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সে বছর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। এটি কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ।

**Q. বাংলাদেশের জাতীয় খেলা কোনটি?**

a) ফুটবল b) হাডুডু
c) ক্রিকেট d) হকি ***ans.* B**

***Solution:*** বাংলাদেশের জাতীয় খেলা হা-ডু-ডু কে 'কাবাডি' নাম করণ করা হয় ১৯৭২ সালে।

Recent Publication

## ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পদের নামঃ মাঠ সংগঠক/ সহকারী হিসাব রক্ষক
তারিখঃ ২৫.০৩.২০২৩: সময়ঃ ৬০ মিনিট: পূর্ণমানঃ ১০০

**Q.** মোনালিসা চিত্রকর্মটি কোন শিল্পীর আঁকা?
a) মাইকেল অ্যাঞ্জেলো b) পাবলো পিকাসো
c) লিওনার্দো দ্য ভিঞ্চি d) ভ্যানগগ **ans. C**

**Solution:** মাদোনা লিসা জেরার দিনিকে কল্পনা করে 'মোনালিসা' চিত্রকর্মটি অঙ্কন করেন লিওনার্দো দ্য ভিঞ্চি। তাঁর কিছু বিখ্যাত চিত্রকর্ম হলোঃ La Gioconda, মেডুসা, দ্য ক্যাপটিজম অব খ্রিস্ট, দ্য ম্যাডোনা অব দ্য কারনেশন, দ্য ভার্জিন অব দ্য রকস্।

**Q.** স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
a) ৭টি b) ১১টি
c) ৯টি d) ১৭টি **ans. B**

**Solution:** স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে ১১টি (বিভক্ত করেন কর্নেল এম এ জি ওসমানী) সেক্টরে বিভক্ত করা হয়েছিল ১১ জুলাই ১৯৭১ সালে। উল্লেখ্য, মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে ৬৪টি সাব-সেক্টরে ভাগ করা হয়। ১০নং সেক্টর সরাসরি প্রধান সেনাপতির অধীনে ছিল। সম্মুখ সমরে পাকিস্তান সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য ৩টি (জেড ফোর্স, কে ফোর্স, এস ফোর্স) নিয়মিত ব্রিগেড গঠন করা হয়।

**Q.** নিচে উল্লিখিত বাংলাদেশের দীর্ঘতম রেলসেতু কোনটি?
a) ব্রহ্মপুত্র b) তিস্তা সেতু
c) ভৈরব সেতু d) হার্ডিঞ্জ সেতু **ans. D**

**Q.** দোয়েল চত্বর স্থাপত্যের স্থপতি কে?
a) হামিদুজ্জামান খান b) আজিজুল জলিল পাশা
c) শামীম শিকদার d) নিতুন কুন্ডু **ans. B**

**Solution:** বাংলাদেশের বিভিন্ন স্থাপত্য, স্থপতি ও স্থাপত্যের অবস্থানঃ

| স্থাপত্য | স্থপতি | স্থান |
|---|---|---|
| কেন্দ্রীয় শহীদ মিনার | হামিদুর রহমান | ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় প্রাঙ্গণ |
| জাতীয় স্মৃতিসৌধ | মইনুল হোসেন | সাভার, ঢাকা |
| জাতীয় সংসদ ভবন | লুই আইকান | শেরে বাংলা নগর, ঢাকা |
| মুজিবনগর স্মৃতিসৌধ | তানভীর কবির | বৈদ্যনাথ (মেহেরপুর) |
| অপরাজেয় বাংলা | সৈয়দ আব্দুল্লাহ খালিদ | ঢাকা বিশ্ববিদ্যালয় (কলাভবন) |
| কেন্দ্রীয় গ্রন্থাগার | শামসুল ওয়ারেস | ঢাকা বিশ্ববিদ্যালয় (TSC) |
| কাঁকনটাদ | [illegible] | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| দোয়েল চত্বর | [illegible] | কার্জন হল, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| সাবাস বাংলাদেশ | [illegible] | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| সংশপ্তক | [illegible] | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |

**Q.** ম্যানগ্রোভ বনাঞ্চল বলতে কী বোঝেন?
a) কেওড়াবন b) উপকূলীয় বন
c) শাল বন d) মানবসৃষ্ট বন **ans. B**

**Solution:** লোনা পানি বা কাদার মধ্যে জেগে থাকা খুঁটির মতো এক ধরনের শ্বাস গ্রহণকারী শিকড়বিশিষ্ট গাছকে ম্যানগ্রোভ বলে। বাংলাদেশে ম্যানগ্রোভ বনাঞ্চল দুই ধরনের রয়েছেঃ ১. প্রাকৃতিক বন (সুন্দরবন) এবং উপকূলীয় বনায়ন।

**Q.** ঐতিহাসিক পানাম নগর কোথায় অবস্থিত?
a) নওগাঁর বৌদ্ধবিহারে b) কুমিল্লার ময়নামতিতে
c) বগুড়ার মহাস্থানগড়ে d) সোনারগাঁ **ans. D**

**Solution:** পানাম নগর নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁওতে অবস্থিত একটি প্রাচীন শহর। সোনারগাঁও এর ২০ বর্গ কিলোমিটার এলাকাজুড়ে এই নগরীটি গড়ে ওঠে। সুলতানী আমলে 'পানাম' ছিল সোনারগাঁও এর রাজধানী।

**Q.** মৌমাছির চাষকে কী বলা হয়?
a) হর্টিকালচার b) এপিকালচার
c) পিসিকালচার d) সেরিকালচার **ans.B**

**Solution:** বিজ্ঞানসম্মত উপায়ে মৌমাছি প্রতিপালন এবং মৌমাছির মধু সংগ্রহ করাকে এপিকালচার বলে। উল্লেখ্য, বিজ্ঞানভিত্তিক উপায়ে মৎসচাষ তথা মৎস্য পালন, আহরণ ও সংরক্ষণ পদ্ধতিকে পিসিকালচার বলে। মাছ ছাড়াও বিভিন্ন শামুক, ঝিনুক, চিংড়ি, কাঁকড়া ইত্যাদি অর্থনৈতিক গুরুত্বসম্পন্ন প্রাণীদের চাষ অর্থাৎ প্রতিপালন, আহরণ, সংরক্ষণ ইত্যাদি পিসিকালচারের অন্তর্ভুক্ত। আর বৈজ্ঞানিক পদ্ধতিতে রেশম পোকার চাষপদ্ধতিকে বলে সেরিকালচার। তুঁতজাত রেশম মথের প্রতিপালন এবং এর গুটি থেকে অপরিশোধিত রেশম নিষ্কাশন ও পরিশোধন করে ব্যবহারোপযোগী পণ্যে পরিণত করার সার্বিক পদ্ধতিই সেরিকালচার নামে পরিচিত।

**Q.** CPU এর পূর্ণরূপ কী?
a) Computer Process Unit
b) Computer Power Unit
c) Central Processing Unit
d) Central powe Unit **ans. C**

**Solution:** উল্লেখ্য, কম্পিউটারের ব্রেইন বা মস্তিষ্ক হলো CPU (Central Processing Unit). বর্তমানে চতুর্থ প্রজন্মের কম্পিউটার বাজারে প্রচলিত আছে। আর কম্পিউটারকে ডিজিটাল কম্পিউটার বলার কারণঃ

*i.* সংখ্যা (বাইনারি অংক ০ এবং ১) ব্যবহার করে সমস্যার সমাধান।
*ii.* Very Large Scale Integration (VLSI) এর ব্যবহার।
*iii.* উন্নত ধরনের High Level প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজের ব্যবহার।

**Q.** নিচের কোনটি ইনপুট ডিভাইস?
a) মনিটর b) মাউস
c) স্পিকার d) প্রিন্টার **ans.B**

**Solution:** **Input Device:** Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Scanner, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR) ইত্যাদি। আর **Output Device:** Monitor, Graphic Plotter, Printer, Speaker, Projector ইত্যাদি।

**Q.** বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১ এর মেয়াদ কত বছর?
a) ১০ b) ১২
c) ১৫ d) ১৮ **ans.C**

**Solution:** মহাকাশে স্যাটেলাইটের কার্যকারিতার একটি নির্দিষ্ট মেয়াদকাল থাকে। ৩,৬০০ কেজি ওজনের বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মেয়াদকাল হবে ১৫ বছর।

**Q.** বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

a) ১৩৬ b) ১৩৯

c) ১৪০ d) ১৪২ ***ans.*** **A**

***Solution:*** ১৯৭৪ সালের মধ্যেই বাংলাদেশ বিশ্বের অধিকাংশ রাষ্ট্র ও জাতিসংঘসহ প্রায় সকল আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি লাভ করে। সাধারণ পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য হিসেবে যোগদান করে।

**Q.** কোন সংস্থা একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করেছে?

a) WHO b) UNICEF

c) UNESCO d) ILO ***ans.*** **C**

***Solution:*** ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। এটি ছিল ইউনেস্কোর ৩০তম সাধারণ অধিবেশন। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২০০০ সালে ১৮৮টি দেশে।

**Q.** কোন দেশের প্রধানমন্ত্রী বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী?

a) বাংলাদেশ b) শ্রীলংকা

c) ভারত d) পাকিস্তান ***ans.*** **B**

***Solution:*** বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী হলেন শ্রীমাভো বন্দরনায়েকে (শ্রীলংকা)। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ছিলেন বেগম খালেদা জিয়া; ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী ছিলেন ইন্দিরা গান্ধী এবং বেনজির ভুট্টো ছিলেন পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী।

**Q.** বিশ্বের দীর্ঘতম নদীর নাম কী?

a) নীলনদ b) গঙ্গা

c) সিন্ধু d) টেমস ***ans.*** **A**

***Solution:*** মিশরে অবস্থিত পৃথিবীর দীর্ঘতম নদী 'নীল নদ'। উল্লেখ্য, পৃথিবীর বৃহত্তম নদী 'আমাজান'। পৃথিবীর গভীরতম নদী 'কঙ্গো নদী'। ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা'।

**Q.** ইতিহাসের জনক কে?

a) হিরোডোটাস b) আরিস্টটল

c) জর্জ ওয়াশিংটন d) অ্যাডাম স্মিথ ***ans.*** **A**

***Solution:*** এক নজরে দেখে নিন বিশ্বের বিভিন্ন বিষয়ের জনকের নাম: ১. আধুনিক শিক্ষার জনক সক্রেটিস। ২. অর্থনীতির জনক অ্যাডাম স্মিথ। ৩. আধুনিক অর্থনীতির জনক পল স্যামুয়েলসন। ৪. আধুনিক গণতন্ত্রের জনক জন লক। ৫. আধুনিক জোর্তি বিজ্ঞানের জনক কোপার্নিকাস। ৬. আধুনিক মনোবিজ্ঞানের জনক সিগমুন্ড ফ্রয়েড। ৭. আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক নিকোলো মেকিয়াভেলি। ৮. ইংরেজি নাটকের জনক শেক্সপিয়র। ৯. ইতিহাসের জনক হিরোডোটাস। NB: বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক থুকিডাইডিস। ১০. ইন্টারনেটের জনক ভিনটন জি কার্ফ।

**Q.** বিশ্ব নারী দিবস কবে পালিত হয় কোন তারিখ?

a) ১০ মার্চ b) ৮ মার্চ

c) ১০ জানুয়ারি d) ৮ জানুয়ারি ***ans.*** **B**

***Solution:*** জাতিসংঘ ১৯৭৫ সালে আন্তর্জাতিক নারী বর্ষে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করা শুরু করে। জাতিসংঘ ১৯৭৭ সালে দিনটিকে আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে স্বীকৃতি দেয়।

**Q.** কোথায় সাঁতার কাটা সহজ?

a) পুকুরে b) বিলে

c) নদীতে d) সাগরে ***ans.*** **D**

***Solution:*** সাগরের পানিতে প্লাবতা বেশি হওয়ায় সাগরের পানিতে সাতার কাটা বেশি সহজ। সাগরের পানির ঘনত্ব সবচেয়ে বেশি হওয়ায় সমুদ্রের পানিতে বেশি উর্ধ্বমুখী বল পাওয়া যায়।

**Q.** পদ্মাসেতু নিচের কোন দুইটি জেলাকে সংযুক্ত করেছে?

a) শরীয়তপুর ও ফরিদপুর b) নরসিংদী ও মুন্সিগঞ্জ

c) মাদারীপুর ও মুন্সিগঞ্জ d) মুন্সিগঞ্জ ও শরীয়তপুর ***ans.*** **D**

***Solution:*** পদ্মা সেতু মুন্সিগঞ্জের মাওয়া এবং শরীয়তপুরের জাজিরাকে সংযুক্ত করেছে।

**Q.** কে ভাষা শহিদ নন?

a) নূর হোসেন b) রফিক

c) জব্বার d) সালাম ***ans.*** **A**

***Solution:*** নূর হোসেন একজন অটোরিকশা চালক ছিলেন। ১৯৮৭ সালের এরশাদ বিরোধী আন্দোলনে শহিদ নূর হোসেনের স্মরণে প্রতি বছর ১০ নভেম্বর পালন করা হয়। আন্দোলনের সময় তিনি বুকে 'স্বৈরাচার নিপাত যাক' এবং পিঠে 'গণতন্ত্র মুক্তি পাক' স্লোগান লিখে মিছিলে যোগ দেন এবং একপর্যায় পুলিশের গুলিতে নিহত হন।

**Q.** ভাষা আন্দোলনের সূত্রপাত হয় কত সালে?

a) ১৯৪৮ b) ১৯৫২

c) ১৯৫০ d) ১৯৪৯ ***ans.*** **A**

**Q.** বাংলাদেশের মুজিবনগর সরকারের শপথ গ্রহণ কবে অনুষ্ঠিত হয়?

a) ২৫ মার্চ ১৯৭১ b) ১৭ এপ্রিল ১৯৭১

c) ১৬ ডিসেম্বর ১৯৭১ d) ৬ই জুন ১৯৭১ ***ans.*** **B**

***Solution:*** যুদ্ধরত স্বাধীন বাংলাদেশকে পরিচালনা এবং মুক্তিযুদ্ধে নেতৃত্বদানের জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল অস্থায়ী সরকার গঠন করা হয়, যা মুজিবনগর সরকার নামে পরিচিত। কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার ভবেরপাড়া ইউনিয়নের বৈদ্যনাথতলা গ্রামের আমবাগানে ১৯৭১ সালের ১৭ এপ্রিল অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে। মুজিবনগর সরকারের নেতৃত্বে সংগঠিত ও সুপরিকল্পিত ভাবে শুরু হয় মুক্তিসংগ্রাম।

**Q.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মসাল কত?

a) ১৯১৭ b) ১৯২০

c) ১৯৩৪ d) ১৯২৬ ***ans.*** **B**

***Solution:*** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ (বাংলা ১৩২৬ বঙ্গাব্দ, আরবি ১৩৩৮ হিজরি) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে মঙ্গলবার রাত ৮ ঘটিকায় জন্মগ্রহণ করেন।

Recent Publication

**Q.** মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?

a) একটি কালো মেয়ের কথা b) তেইশ নম্বর চলচ্চিত্র

c) আয়নামতির পারা d) ইছামতী **ans. A**

**Solution:** 'একটি কালো মেয়ের কথা' উপন্যাসটি মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস। তারাশঙ্কর বন্দোপাধ্যায় লিখিত উপন্যাসটি ১৯৭১ সালে কলকাতার একটি পত্রিকা উল্টোরথ এর পূজাসংখ্যায় প্রথম প্রকাশিত হয়।

**Q.** বাংলাদেশের শীতলতম স্থানের নাম কী?

a) শ্রীমঙ্গল b) লালাখাল

c) লালপুর d) লালমাই **ans. A**

**Solution:** বাংলাদেশের শীতলতম স্থান হলো মৌলভিবাজারের শ্রীমঙ্গল। উল্লেখ্য, বাংলাদেশের সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয় সিলেটের লালখালে এবং সবচেয়ে কম বৃষ্টিপাত হয় নাটোরের লালপুরে।

**Q.** বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে সীমান্তবর্তী নদী কোনটি?

a) নাফ b) জিঞ্জিরাম

c) কর্ণফুলী d) গোমতী **ans. A**

**Solution:** নাফ নদী বান্দরবানের নাইখ্যাংছড়ি দিয়ে প্রবেশ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। নদীটি মিয়ানমার ও বাংলাদেশকে (কক্সবাজার) পৃথক করেছে।

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

পদের নাম: ট্রাফিক/ কার্গো হেলপার

তারিখ: ২৫.০৩.২০২৩; সময়: ৪০ মিনিট; পূর্ণমান: ৮০

**Q.** বিশুদ্ধ পানির $p^H$ কত?

a) ৮ b) ৭

c) ৬ d) ৫ **ans. B**

**Solution:** বিশুদ্ধ পানির $p^H$ মান ৭।

**Q.** সর্বজনীন দ্রাবক কোনটি?

a) এসিড b) পানি

c) অক্সিজেন d) ক্ষার **ans. B**

**Solution:** পানি জৈব ও অজৈব উভয় ধরনের যৌগকে দ্রবীভূত করে বলে একে সর্বজনীন দ্রাবক (Universal Solven) বা সর্বজনীন দ্রাবক বলা হয়।

**Q.** বরফের গলনাঙ্ক কত ডিগ্রি সেলসিয়াস?

a) ০ ডিগ্রি b) ৯৯-৯৮ ডিগ্রি

c) ৪ ডিগ্রি d) ১০০ ডিগ্রি **ans. A**

**Solution:** কোনো পদার্থ যে তাপমাত্রায় গলতে শুরু করে তাকে গলনাঙ্ক বলে। প্রায় সব পদার্থের জন্য গলনাঙ্ক এবং হিমাঙ্ক সমান। ১ বায়ুমণ্ডলীয় চাপে বরফের গলনাঙ্ক ০ প্রায় ডিগ্রি সেলসিয়াস।

**Q.** ভূপৃষ্ঠের কত ভাগ মিঠা পানি?

a) ১% b) ২%

c) ৩% d) ৪% **ans. A**

**Solution:** ভূ-পৃষ্ঠের শতকরা ৭৫% (এর ৭% লবণাক্ত, ১% মিঠা পানি) পানি দ্বারা আবৃত থাকে। ব্যবহার উপযোগী পানি মাত্র ১%।

**Q.** কোনটি তেজস্ক্রিয় পদার্থ?

a) রেডিয়াম b) ম্যাঙ্গানিজ

c) জিংক d) ক্লোরিন **ans. A**

**Solution:** যে সকল পদার্থ হতে তেজস্ক্রিয় রশ্মি নির্গত হয় তাকে তেজস্ক্রিয় পদার্থ বলে। যেমনঃ ইউরেনিয়াম, রেডিয়াম ইত্যাদি।

**Q.** কোনটি ওয়েব ব্রাউজার?

a) স্কাইপ b) ক্রোম

c) ভাইবার d) ফেসবুক **ans. B**

**Solution:** যে সফটওয়্যার এর সাহায্যে পৃথিবীর বিভিন্ন দেশের সার্ভারে রাখা পরস্পর সংযুক্ত ওয়েবপেজগুলো ব্রাউজ করা বা দেখা যায় তাকে ওয়েব ব্রাউজার বলে। কিছু জনপ্রিয় ওয়েব ব্রাউজার হলোঃ Google Chrome, Mozilla Firefox, Internet Explorer, Apple Safari ইত্যাদি।

**Q.** অ্যাকচুয়েটর হলো-

a) পাওয়ার সিস্টেম b) হাত পা নাড়ানোর ব্যবস্থা

c) অনুভূতি প্রকাশের d) কোনটিই নয় **ans. B**

**Solution:** একচুয়েটর এমন এক ধরনের মোটর, যা স্বয়ংক্রিয়ভাবে সুবাহো ও যান্ত্রিকভাবে নিয়ন্ত্রণ করা যায়। রোবটের হাত পা অথবা বিশেষভাবে তৈরি কোনো অঙ্গ প্রত্যঙ্গের নড়াচড়া করার জন্য কতগুলো বৈদ্যুতিক মটরের সমন্বয়ে তৈরি বিশেষ ব্যবস্থা হলো অ্যাকচুয়েটর। একে রোবটের হাত ও পায়ের পেশি বলেও অভিহিত করা হয়।

**Q.** অপটিক্যাল ফাইবার ক্যাবলে কী ধরনের সিগন্যাল ট্রান্সমিট থাকে?

a) ইলেক্ট্রিক্যাল সিগন্যাল b) লাইট সিগন্যাল

c) ম্যাগনেটিক সিগন্যাল d) রেডিও সিগন্যাল **ans. B**

**Solution:** অপটিক্যাল ফাইবার ক্যাবল ইলেক্ট্রিক্যাল সিগনালের পরিবর্তে আলোক বা লাইট সিগন্যাল ট্রান্সমিট করে। এতে আলোকের পূর্ণ আভ্যন্তরীণ প্রতিফলন পদ্ধতিতে ডেটা উৎস থেকে গন্তব্যে গমন করে। পরিবেশের তাপ-চাপ ইত্যাদি দ্বারা প্রভাবিত হয় না। অত্যাধিক উচ্চ গতিতে ডেটা ট্রান্সমিট করতে পারে।

**Q.** বাইনারি সংখ্যা পদ্ধতির বেইজ কত?

a) ১৬ b) ১০

c) ৮ d) ২ **ans. D**

**Solution:** বাইনারি সংখ্যা পদ্ধতির ভিত্তি বা বেইজি ২টি। অর্থাৎ এতে মোট ২টি অংক ব্যবহার করা হয়। এগুলো হলো ০ এবং ১। এগুলোকে এক একটি বিট (Bit) বলা হয়। Bit এসেছে Bits থেকে, যা আবার এসেছে Binary digits থেকে।

**Q.** এইচটিএমএল (HTML) কী?

a) ওয়েব ব্রাউজার b) ডেটা উপস্থাপনের ভাষা

c) প্রোগ্রামিং ভাষা d) ডেটাবেজ ভাষা **ans. B**

**Solution:** HTML এক ধরনের Script ল্যাঙ্গুয়েজ। যার পূর্ণ নাম Hyper Text Mark Language. এটা কোন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ না, একে বলা হয় Markup ল্যাঙ্গুয়েজ। HTML এর সাহায্যে ওয়েবসাইট (World Wide Web:

Recent Publications

www) এর তথ্য প্রকাশ করা হয়। ওয়েব ডেভেলপার বা ডিজাইনার হতে হলে সর্ব প্রথম এই ল্যাঙ্গুয়েজটি সম্পর্কে পূর্ণ জান রাখতে হবে। ওয়েবসাইটকে প্রাণবন্ত করতে হলে আরও কিছু ল্যাঙ্গুয়েজ জানা থাকা প্রয়োজন। যেমনঃ CSS, java script ইত্যাদি।

**Q. আন্তর্জাতিক শ্রম সংস্থার সংক্ষিপ্ত রূপ কী?**

a) IDA b) IFA
c) IMA d) ILO **ans. D**

**Solution:** ILO এর পূর্ণরূপ হলো International Labour Organization বা আন্তর্জাতিক শ্রম সংস্থা। এটি ১১ এপ্রিল ১৯১৯ সালে প্রতিষ্ঠিত হয়। ILO জাতিসংঘের বিশেষ সংস্থার পর্যাদা লাভ করে ১৪ ডিসেম্বর ১৯৪৬ সালে। ILO এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ডে অবস্থিত।

**Q. 'লেডি উইথ দ্য ল্যাম্প' হিসেবে পরিচিত কে?**

a) সরোজিনি নাইডু b) হেলেন কিলার
c) ফ্লোরেন্স নাইটিঙ্গেল d) মাদার তেরেসা **ans. C**

**Solution:** ১৮২০ সালে 'লেডি উইথ দ্য ল্যাম্প' হিসেবে পরিচিত মহীয়সী নারী ফ্লোরেন্স নাইটিঙ্গেল। ১৮৫৪ সালে যখন ব্রিটেন, রাশিয়া এবং ফ্রান্সের মধ্যে যুদ্ধ শুরু হয়, তখন ৩৮ জন সেবিকাসহ যুদ্ধক্ষেত্রে আহতদের সেবায় নিজেকে নিয়োজিত করেন ফ্লোরেন্স নাইটিঙ্গেল। ক্রিমিয়া ওয়ার বা ক্রিমিয়ার যুদ্ধ নামে পরিচিত এই যুদ্ধ চলেছিল দুই বছর ধরে। দুই বছরই নাইটিঙ্গেল ও তাঁর দলের সেবিকারা আহতদের সেবা দিয়ে গেছেন ক্লান্তিহীনভাবে।

**Q. বাংলা সনের ৩১ দিনের মাস কয়টি?**

a) ৪ মাস b) ৩ মাস
c) ৬ মাস d) ৫ মাস **ans. C**

**Solution:** বাংলাদেশে নতুন বর্ষপঞ্জি অনুযায়ী এখন থেকে বাংলা বছরের প্রথম ছয় মাস ৩১ দিনে হবে। এর আগে বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র বছরের প্রথম এই পাঁচ মাস ৩১ দিন গণনা করা হত। এখন ফাল্গুন মাস ছাড়া অন্য পাঁচ মাস ৩০ দিনে গণনা করা হবে। ফাল্গুন মাস হবে ২৯ দিনের, কেবল লিপইয়ারের বছর ফাল্গুন ৩০ দিনের মাস হবে।

**Q. বিমান বাংলাদেশের প্রতিষ্ঠা কবে?**

a) ৫ আগস্ট ১৯৭২ b) ৪ জানুয়ারি ১৯৭২
c) ৪ জানুয়ারি ১৯৭৩ d) ৫ মে ১৯৭৩ **ans. B**

**Solution:** রাষ্ট্রপতি অধ্যাদেশ নং ১২৬ অনুসারে ১৯৭২ সালের ৪ জানুয়ারি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স গঠিত হয়। সাবেক পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের ২৫০০ কর্মচারী ও কিছু সংখ্যক কর্মকর্তা এবং বোয়িং ৭০৭ কমান্ডার ও ৭ জন অন্যান্য পাইলটের সমন্বয়ে প্রতিষ্ঠানটি গঠিত হয়। প্রাথমিকভাবে এর নাম ছিল এয়ার বাংলাদেশ ইন্টারন্যাশনাল।

**Q. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম কবে?**

a) ১০ জানুয়ারি ১৯২০ b) ১৭ মার্চ ১৯২০
c) ১৫ আগস্ট ১৯২০ d) ১৭ মার্চ ১৯২৫ **ans. B**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ (বাংলা ১৩২৬ বঙ্গাব্দ, আরবি ১৩৩৮ হিজরি) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে মঙ্গলবার রাত ৮ ঘটিকায় জন্মগ্রহণ করেন।

## বাংলাদেশ নির্বাচন কমিশন

পদের নামঃ অফিস সহায়ক
তারিখঃ ৩১.০৩.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. বাংলাদেশের জাতীয় সংসদের মোট আসন সংখ্যা কতটি?**

a) ৩০০ b) ৩৫০
c) ৩২০ d) ৩৬০ **ans. B**

**Solution:** বাংলাদেশ জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা ৩৫০টি। এর মধ্যে নারী ৫০টি হলো সংরক্ষিত আসন।

**Q. বাংলাদেশের উষ্ণতম স্থান কোনটি?**

a) কক্সবাজারের মহেশখালী b) সিলেটের লালাখান
c) নাটোরের লালপুর d) রাজশাহী **ans. C**

**Solution:** বাংলাদেশের সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয় সিলেটের লালখানে এবং সবচেয়ে কম বৃষ্টিপাত বা উষ্ণতম হলো নাটোরের লালপুর।

**Q. FIFA এর কার্যালয় কোথায় অবস্থিত?**

a) সুইজারল্যান্ড b) ইংল্যান্ড
c) ব্রাজিল d) যুক্তরাষ্ট্র **ans. A**

**Solution:** সুইজারল্যান্ডের রাজধানী জুরিখে ফিফা এর প্রধান কার্যালয় অবস্থিত।

**Q. সোমপুর বিহার কোন জেলায় অবস্থিত?**

a) রাজশাহী b) নওগাঁ
c) জয়পুরহাট d) কুমিল্লা **ans. B**

**Solution:** নওগাঁ জেলার বদলগাছি উপজেলার পাহাড়পুরে অবস্থিত সোমপুর বিহার। এটি পাহাড়পুর বিহার নামেও পরিচিত। এটি একটি বৌদ্ধ বিহার। এতে ৬৩টি মূর্তি পাওয়া যায়।

**Q. পৃথিবীর সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি?**

a) স্বর্ণ b) হীরা
c) সিলভার d) প্লাটিনাম **ans. D**

**Solution:** পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ও ভারী ধাতু প্লাটিনাম; বেশি প্রাপ্ত ধাতু লোহা। উল্লেখ্য, সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম; সক্রিয় ধাতু পটাসিয়াম। পানি অপেক্ষা হালকা ধাতু সোডিয়াম। স্বাভাবিক তাপমাত্রায় তরল ধাতু পারদ ও সিজিয়াম। সবচেয়ে ভারি তরল পারদ। পারদের গলনাংক সবচেয়ে কম। সর্বোচ্চ গলনাংকের ধাতু টাংস্টেন। ধাতু হিসেবে প্রকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় অ্যালুমিনিয়াম। সবচেয়ে ক্ষয়প্রাপ্ত ধাতু দস্তা।

**Q. সেন্টমার্টিন কী প্রকৃতির দ্বীপ?**

a) প্রবাল দ্বীপ b) কৃত্রিম দ্বীপ
c) ব-দ্বীপ d) আগ্নেয় দ্বীপ **ans. A**

**Solution:** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন।

Recent Publication

**Q.** বাংলাদেশ নির্বাচন কমিশন একটি –

a) সায়ত্তশাসিত প্রতিষ্ঠান b) সাংবিধানিক প্রতিষ্ঠান
c) বেসরকারি প্রতিষ্ঠান d) সরকারি প্রতিষ্ঠান ***ans.*** **B**

***Solution:*** পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের একটি প্রতিষ্ঠান হলো পরিকল্পনা কমিশন। উল্লেখ্য, নির্বাচন কমিশন, সরকারি কর্মকমিশন, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় হলো সাংবিধানিক প্রতিষ্ঠান।

**Q.** ২১শে ফেব্রুয়ারিকে মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে

a) ইউনেস্কো b) আইএমএফ
c) ইউনিসেফ d) আইএলও ***ans.*** **A**

***Solution:*** ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। এটি ছিল ইউনেস্কোর ৩০তম সাধারণ অধিবেশন। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২০০০ সালে ১৮৮টি দেশে।

**Q.** জাতীয় ভোটার দিবস পালিত হয়-

a) ২ জানুয়ারি b) ১ এপ্রিল
c) ১৭ অক্টোবর d) ২ মার্চ ***ans.*** **D**

***Solution:*** জাতীয় ভোটার দিবস পালিত হয় ২ মার্চ। আর জাতীয় সমাজসেবা দিবস পালিত হয় ২ জানুয়ারি।

**Q.** রূপপুর পারমানবিক কেন্দ্র কোথায় অবস্থিত?

a) কেরাণীগঞ্জ, ঢাকা b) ভেড়ামারা, কুষ্টিয়া
c) বাঁশখালী, চট্টগ্রাম d) ঈশ্বরদী, পাবনা ***ans.*** **D**

***Solution:*** পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। রাশিয়ার রাষ্ট্রীয় আণবিক শক্তি কর্পোরেশন (রয়টাস) এই প্রকল্পটি বাস্তবায়ন করছে।

**Q.** বঙ্গবন্ধু স্যাটেলাইট - ১ কিসের নাম?

a) নৌ-জাহাজের নাম b) মহাকাশযানের নাম
c) উপগ্রহের নাম d) সেতুর নাম ***ans.*** **C**

***Solution:*** বঙ্গবন্ধু স্যাটেলাইট বাংলাদেশের একটি কৃত্রিম উপগ্রহের নাম। বাংলাদেশ ৫৭তম দেশ হিসেবে কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করে। বাংলাদেশ সময় ১২ মে ২০১৮ সালে ১১ মে রাত ২ টা ১৪ মিনিটে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে স্পেসএক্স এর ফ্যালকন-৯ রকেটে করে উৎক্ষেপন করা হয়।

**Q.** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কতটি সেক্টরে বিভক্ত ছিল?

a) ১১টি b) ১০টি
c) ৮টি d) ৯টি ***ans.*** **A**

***Solution:*** ১০ এপ্রিল সরকার ৪টি সামরিক জোনে বাংলাদেশকে ভাগ করে ৪ জন সেক্টর কমান্ডার নিযুক্ত করে। ১১ এপ্রিল তা পুনর্গঠিত করে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। এ ছাড়া বেশ কিছু সাব-সেক্টর এবং তিনটি ব্রিগেড ফোর্স গঠিত হয়।

**Q.** বাংলাদেশের সর্বোচ্চ পদ?

a) রাষ্ট্রপতি b) প্রধানমন্ত্রী
c) স্পিকার d) কোনটিই নয় ***ans.*** **A**

***Solution:*** সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী হলেন রাষ্ট্রপতি। উল্লেখ্য, বাংলাদেশের প্রতিরক্ষা বিভাগের সর্বাধিনায়ক রাষ্ট্রপতি।

**Q.** বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার কবে ঘোষণা করা হয়?

a) ১৬ ডিসেম্বর ১৯৭১ b) ৩ মার্চ ১৯৭১
c) ২৬ মার্চ ১৯৭১ d) ২ মার্চ ১৯৭১ ***ans.*** **B**

***Solution:*** ৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপস্থিতিতে 'স্বাধীনতার ইশতেহার' ঘোষণা করে ছাত্র সংগ্রাম পরিষদ।

**Q.** বাংলাদেশের সর্বোচ্চ জাতীয় বেসামরিক পদক কোনটি?

a) একুশে পদক b) বাংলা একাডেমি পদক
c) স্বাধীনতা পদক d) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** বাংলাদেশে সর্বোচ্চ জাতীয় এবং সর্বোচ্চ বেসামরিক পদক 'স্বাধীনতা পদক'। ১৯৭৭ সাল থেকে এই পদক দেওয়া হচ্ছে। উল্লেখ্য, 'একুশে পদক' হলো জাতীয় এবং দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। আর 'বাংলা একাডেমি পদক' হলো বাংলা সাহিত্যের সর্বোচ্চ পুরস্কার।

**Q.** বাংলাদেশের ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?

a) ১৬ বছর b) ১৮ বছর
c) ১৯ বছর d) ২১ বছর ***ans.*** **B**

***Solution:*** ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স = ১৮ বছর। বাংলাদেশের প্রধানমন্ত্রী হবার ন্যূনতম বয়স ২৫ বছর। রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার সর্বনিম্ন বয়স = ৩৫ বছর। স্পিকার ও ডেপুটি স্পিকার হওয়ার সর্বনিম্ন বয়স = ২৫ বছর। মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী হওয়ার সর্বনিম্ন বয়স = ২৫ বছর। জাতীয় সংসদের সংসদ সদস্য নির্বাচিত হওয়ার বয়স = ২৫ বছর।

**Q.** 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?

a) ঢাকা বিশ্ববিদ্যালয়ে b) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
c) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে d) রেসকোর্স ময়দানে ***ans.*** **C**

***Solution:*** বাংলাদেশের বিভিন্ন স্থাপত্য, স্থপতি ও স্থাপত্যের অবস্থানঃ

| স্থাপত্য | স্থপতি | স্থান |
|---|---|---|
| কেন্দ্রীয় শহিদ মিনার | হামিদুর রহমান | ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণ |
| জাতীয় স্মৃতিসৌধ | মঈনুল হোসেন | সাভার, ঢাকা |
| জাতীয় সংসদ ভবন | লুই আইকান | শের-ই-বাংলা নগর, ঢাকা |
| মুজিবনগর স্মৃতিসৌধ | তানভীর কবির | মুজিবনগর (মেহেরপুর) |
| অপরাজেয় বাংলা | সৈয়দ আব্দুল্লাহ খালেদ | ঢাকা বিশ্ববিদ্যালয় (কলাভবন) |
| ঘোষণাপত্র স্বাধীনতা | শামীম সিকদার | ঢাকা বিশ্ববিদ্যালয় (TSC) |
| বাঁকাটাস | হামিদুজ্জামান খান | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| দোয়েল চত্বর | আমিনুল জলিল পাশা | কার্জন হল, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| সাবাস বাংলাদেশ | নিতুন কুন্ডু | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| সংশপ্তক | হামিদুজ্জামান | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |

**Q.** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) কত সালের মধ্যে অর্জন করতে হবে?

a) ২০৫০ b) ২০৩০
c) ২০৪১ d) ২০৪৫ ***ans.*** **B**

***Solution:*** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অফিসিয়াল নাম হলো Transforming our world. ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও লক্ষ্যমাত্রাগুলি পূরণের অঙ্গীকার নিয়ে জাতিসংঘভূক্ত, 193 টি দেশ The Sustainable Development Goals (SDGs) এর এই চুক্তিতে স্বাক্ষর করে। উল্লেখ্য SDGs এর বৈশ্বিক লক্ষ্য 17 টি এবং লক্ষ্যমাত্রা 169 টি।

Recent Publication

**Q.** সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ নির্বাচন কমিশন গঠিত হয়?

a) ১১৭ b) ১১৮
c) ১০২ d) ১২০ ***ans.* B**

***Solution:*** বাংলাদেশের কয়েকটি সাংবিধানিক প্রতিষ্ঠান গঠনের অনুচ্ছেদ ঃ

| | |
|---|---|
| জাতীয় সংসদ সচিবালয় (৬৫) | সুপ্রিম কোর্ট (৯৪) |
| নির্বাচন কমিশন (১১৮) | সরকারি কর্ম কমিশন (১৩৭) |

**Q.** ভিটামিন 'এ' এর অভাবে কোন রোগ হয়?

a) বুদ্ধিহীনতা b) কম ওজন
c) খর্বাকৃতি d) অন্ধত্ব ***ans.* D**

***Solution:*** ভিটামিন 'এ' এর অভাবে রাতকানা রোগ হয়।
ভিটামিন 'ডি' এর অভাবে গলগন্ড রোগ হয়।
ভিটামিন 'বি১' এর অভাবে বেরিবেরি রোগ হয়।

## বাংলাদেশ নির্বাচন কমিশন

পদের নামঃ অফিস সহকারী - কাম - কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখঃ ০৭.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q.** মুজিবনগর সরকার গঠিত হয় কত তারিখে?

a) ১৭ এপ্রিল ১৯৭১ b) ২৭ এপ্রিল ১৯৭১
c) ১০ এপ্রিল ১৯৭১ d) ৭ এপ্রিল ১৯৭১ ***ans.* C**

***Solution:*** যুদ্ধরত স্বাধীন বাংলাদেশকে পরিচালনা এবং মুক্তিযুদ্ধে নেতৃত্বদানের জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল অস্থায়ী সরকার গঠন করা হয়, যা মুজিবনগর সরকার নামে পরিচিত। কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার ভবেরপাড়া ইউনিয়নের বৈদ্যনাথতলা গ্রামের আমবাগানে ১৯৭১ সালের ১৭ এপ্রিল অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে।

**Q.** ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?

a) ওয়াশিংটর ডিসি b) লন্ডন
c) লিও d) প্যারিস ***ans.* C**

***Solution:*** ইন্টারপোল এর সদর দপ্তর লিওঁ, ফ্রান্সে অবস্থিত। প্রতিষ্ঠাকালীন এর সদর দপ্তর ছিলো ভিয়েনা, অস্ট্রিয়াতে। উল্লেখ্য, Interpol এর পূর্ণরূপ হলো International Criminal Police Organization বা আন্তর্জাতিক পুলিশ সংস্থা। Interpol নামকরণ করা হয়েছে International এর Inter এবং Police এর Pol নিয়ে। Interpol পরিচালিত হয় জেনারেল অ্যাসেম্বলি নামক একটি কমিটির মাধ্যমে। বাংলাদেশ ১৪ অক্টোবর ১৯৭৬ সালে Interpol এর সদস্যপদ লাভ করে।

**Q.** বাংলাদেশের বৃহত্তম হাওরের নাম কী?

a) হাকালুকি b) হাইচর
c) টাঙ্গুয়ার হাওর d) চলনবিল ***ans.* A**

***Solution:*** দেশের বৃহত্তম হাওর হলো 'হাকালুকি হাওর'। এটি সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ ও বিয়ানিবাজার এবং মৌলভীবাজার জেলার বড়লেখা, ও কুলাউড়া উপজেলায় অবস্থিত। এর আয়তন ২৪,২৯২ হেক্টর। আর ক্ষুদ্রতম হাওর হলো 'বুরবুক হাওর'। এটি সিলেটের জৈন্তাপুর অবস্থিত। এর আয়তন ৪১ হেক্টর।
উল্লেখ্য, 'চলন বিল' পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী ও নাটোর জেলায় বিস্তৃত। এর আয়তন ৩৬৮ বর্গকিলোমিটার

**Q.** কোনটি নবায়নযোগ্য শক্তির উৎস?

a) তেল b) গ্যাস
c) কয়লা d) সমুদ্রের ঢেউ ***ans.* D**

***Solution:*** সৌরশক্তি, বায়ুশক্তি, সমুদ্রস্রোত, পারমাণবিক শক্তি ইত্যাদি হতে নবায়নযোগ্য শক্তি পাওয়া যায়। এ শক্তির উৎস অফুরন্ত, একবার ব্যবহারের পর শক্তিউৎস নিঃশেষ হয়ে যায় না। সৌরশক্তি নবায়নযোগ্য শক্তির প্রধান উৎস।

**Q.** ঐতিহাসিক ছয় দফা কোথায় ঘোষণা করা হয়?

a) লাহোর b) ঢাকা
c) করাচি d) ইসলামাবাদ ***ans.* A**

***Solution:*** ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধীদলীয় নেতারা একটি সম্মেলনের আহ্বান করেন। আওয়ামী লীগের শীর্ষ নেতাদের নিয়ে বঙ্গবন্ধু লাহোর পৌছান। সম্মেলনে বঙ্গবন্ধু ঐতিহাসিক 'ছয় দফা' প্রস্তাব পেশ করলে সম্মেলনের নেতৃবৃন্দ তা প্রত্যাখ্যান করেন। বঙ্গবন্ধু সম্মেলন বর্জন করেন এবং ছয় দফা সাংবাদিকদের সামনে প্রকাশ করে ঢাকায় ফিরে আসেন। একুশে ফেব্রুয়ারি বঙ্গবন্ধুর নামে 'আমাদের বাঁচার দাবিঃ ছয়-দফা কর্মসূচী' শীর্ষক একটি পুস্তিকা প্রকাশ করা হয়।

**Q.** অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ কত?

a) জুলাই ২০২২ থেকে জুন ২০২৭
b) জুলাই ২০২০ থেকে জুন ২০২৫
c) জুলাই ২০১৭ থেকে জুন ২০২২
d) জুলাই ২০২১ থেকে জুন ২০২৬ ***ans.* B**

***Solution:*** সোভিয়েত ইউনিয়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবর্তক রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট স্ট্যালিন (১৯২১ সালে)। বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহঃ

| পরিকল্পনা | মেয়াদকাল |
|---|---|
| প্রথম | ১৯৭৩-৭৮ |
| দ্বিতীয় | ১৯৮০-৮৫ |
| তৃতীয় | ১৯৮৫-৯০ |
| চতুর্থ | ১৯৯০-৯৫ |

| পরিকল্পনা | মেয়াদকাল |
|---|---|
| পঞ্চম | ১৯৯৭-০২ |
| ষষ্ঠ | ২০১১-১৫ |
| সপ্তম | ২০১৬-২০ |
| অষ্টম | ২০২০-২৫ |

**Q.** কোন দেশে প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে?

a) যুক্তরাজ্যে b) যুক্তরাষ্ট্রে
c) জার্মানিতে d) ভারতে ***ans.* A**

**Q.** দহগ্রাম ছিটমহল কোথায় অবস্থিত?

a) কুড়িগ্রাম b) গাইবান্ধা
c) লালমনিরহাট d) রংপুর ***ans.* C**

***Solution:*** দহগ্রাম ছিটমহলটি বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রামে অবস্থিত। এর আয়তন ৩৫ বর্গমাইল। বর্তমানে এটি একটি ইউনিয়ন। এটি উদ্বোধন করা হয় ১৯৮৯ সালের ১৯ আগস্টে। উল্লেখ্য, ছিটমহল দ্বারা এমন অঞ্চল বা ভূখণ্ডকে বোঝায় যা একটি স্বাধীন রাষ্ট্রের মূল ভূখণ্ডের অভ্যন্তরে বিচ্ছিন্ন অবস্থায় অবস্থিত অন্য কোনো স্বাধীন রাষ্ট্রের অন্তর্ভুক্ত এলাকা। বাংলাদেশের অভ্যন্তরে ভারতের ১১১টি এবং ভারতের অভ্যন্তরে বাংলাদেশের ৫১টি সহ মোট ১৬২টি ছিটমহল ছিল। ১ আগস্ট, ২০১৫ সালে ভারত-বাংলাদেশের ছিটমহল বিনিময়ের ফলে সেখানের মানুষ ৬৮ বছরের অবরুদ্ধ এবং নাগরিকত্বহীনতা থেকে মুক্তি পায়।

Recent Publications

**Q.** ভোটার হিসেবে অন্তর্ভুক্তির যোগ্যতা সংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদ কোনটি?

a) ১১৯ b) ১২০
c) ১২১ d) ১২২ ***ans.* D**

***Solution:*** সংবিধানের সপ্তম ভাগ (নির্বাচন) এর ১২২নং অনুচ্ছেদে আছে 'ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা'। উল্লেখ্য, ১১৯নং অনুচ্ছেদে আছে, নির্বাচন কমিশনের দায়িত্ব', ১২০নং অনুচ্ছেদে আছে, 'নির্বাচন কমিশনের কর্মচারীগণ', ১২১নং অনুচ্ছেদে আছে, 'প্রতি এলাকার জন্য একটি মাত্র ভোটার-তালিকা'।

**Q.** ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয়–

a) হোয়াইট হল b) হোয়াইট হাউজ
c) পার্লামেন্ট d) হাউস অব লর্ডস ***ans.* A**

***Solution:*** ইংল্যান্ডের রাজধানী লন্ডন শহরে অবস্থিত ব্রিটিশ সরকারের কার্যালয় ও রানীর সাবেক বাসভবন হলো হোয়াইট হল।

**Q.** সাগরকন্যা কোন এলাকার ভৌগলিক নাম?

a) টেকনাফ b) কক্সবাজার
c) পটুয়াখালী d) খুলনা ***ans.* C**

***Solution:*** পটুয়াখালীর ভৌগোলিক নাম 'সাগরকন্যা'। বাংলাদেশের আরো কিছু অঞ্চলের ভৌগোলিক নাম নিম্নে দেয়া হলো:

| উপনাম | প্রকৃত নাম |
|---|---|
| ঈশের রাণি | ভোলা |
| বাংলার কুয়েত | খুলনা |
| সাগর ঈশ | ভোলা |
| পাহাড়ি কন্যা | বান্দরবন |
| সাগর কন্যা | পটুয়াখালী |
| চায়ের রাজধানী | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

**Q.** কম্পিউটারের কি-বোর্ড একটি–

a) ইনপুট ডিভাইস b) আউটপুট ডিভাইস
c) ইন্টারনাল ডিভাইস d) কোনটি নয় ***ans.* A**

***Solution:*** কম্পিউটারকে নির্দেশনা বা ডেটা প্রদানের জন্য যে সমস্ত যন্ত্র ব্যবহৃত হয় সেগুলোকে ইনপুট ডিভাইস বলে। ইনপুট যন্ত্রাংশের মাধ্যমে প্রাপ্ত তথ্যসমূহ প্রেরণ করা হয়। এরপর প্রক্রিয়াকরণ অংশে প্রক্রিয়াজাত হয়ে আউটপুট ডিভাইসের মাধ্যমে ফলাফল প্রদান করা হয়। যেমনঃ Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Scanner, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR) ইত্যাদি।

**Q.** কতজন প্রতিনিধি নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত?

a) ৯ b) ১২
c) ১৩ d) ১৫ ***ans.* C**

***Solution:*** ইউনিয়ন পরিষদ গঠিত হয় ১৩জন প্রতিনিধি নিয়ে (১ জন চেয়ারম্যান, ৯টি ওয়ার্ডে ৯ জন সদস্য এবং সংরক্ষিত আসনে ৩জন নির্বাচিত নারী সদস্য নিয়ে)।

**Q.** Representation of the people's Order, ১৯৭২ কোন ধরনের বিধান?

a) জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত
b) নির্বাচন কমিশন গঠন সংক্রান্ত
c) সিটি কর্পোরেশন নির্বাচন সংক্রান্ত
d) রাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত ***ans.* A**

**Q.** বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস প্রজনন কেন্দ্র কোনটি?

a) হালদা নদী b) মহুরী নদী
c) কর্ণফুলী নদী d) সাঙ্গু নদী ***ans.* A**

***Solution:*** বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র হালদা নদী। উল্লেখ্য, হালদা নদী বাংলাদেশের পূর্ব পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি ১০৬ কিলোমিটার দীর্ঘ। নদীটি বাদনাতলী ইউনিয়নের পাহাড়ি এলাকা থেকে উৎপন্ন।

**Q.** ইউনিয়ন ডিজিটাল সেন্টার কী?

a) ইউনিয়ন পর্যায়ে তথ্য সেবা কেন্দ্র
b) ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার
c) হাই - টেক পার্ক d) কোনটিই নয় ***ans.* A**

***Solution:*** দেশের প্রায় সবকয়টি ইউনিয়নে চালু হয়েছে "ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র বা ইউনিয়ন ডিজিটাল সেন্টার"। এসব সেবাকেন্দ্রে জন্ম নিবন্ধন, বিদ্যুৎসহ বিভিন্ন বিল পরিশোধ, ভর্তিসংক্রান্ত তথ্য, ভর্তি ফরম পূরণ, মোবাইল ব্যাংকিংসহ দৈনন্দিন প্রায় ৬০ ধরনের সেবা পাওয়া যাচ্ছে। কখন, কোন ফসল বপন করতে হবে, কিভাবে রোগবালাই প্রতিরোধ করা যাবে, কৃষিসংক্রান্ত এসব তথ্য সহজেই জানতে পারছেন কৃষকরা এই ডিজিটাল সেবা কেন্দ্রর মাধ্যমে।

**Q.** চ্যাটজিপিটি একটি

a) প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ b) কৃত্রিম বুদ্ধিমত্তা
c) ম্যালওয়ার d) সোশ্যাল মিডিয়া ***ans.* B**

***Solution:*** চ্যাটজিপিটি একটি কৃত্রিম বুদ্ধিমত্তা। উল্লেখ্য, Chat GPT হল একটি প্রাক-প্রশিক্ষিত ভাষা মডেল যা OpenAI দ্বারা তৈরি এক ধরনের চ্যাটবট। এটি GPT-3 (জেনারেটিভ প্রি-ট্রেইনড ট্রান্সফরমার ৩) মডেলের একটি রূপ যা কথোপকথন এবং ভাষা বোঝার কাজ যেমনঃ টেক্সট জেনারেশন, প্রশ্নের উত্তর দেওয়া এবং ভাষা অনুবাদের জন্য সুপ্রশিক্ষিত। Chat GPT এর পূর্ণরূপ হল Chat Generative Pre-trained Transformer.

**Q.** বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনে জনপ্রতিনিধি হওয়ার নূন্যতম বয়স কত?

a) ১৮ বছর b) ২০ বছর
c) ২৫ বছর d) ৩৫ বছর ***ans.* C**

***Solution:*** বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনে জনপ্রতিনিধি হওয়ার নূন্যতম বয়স ২৫ বছর। উল্লেখ্য, বাংলাদেশের সংবিধানের ৬৬(১) অনুযায়ী সংসদ সদস্য পদে নির্বাচনে প্রার্থী হওয়ার সর্বনিম্ন বয়স ২৫ বছর

Recent Publication

**Q. দহগ্রাম ছিটমহল কোথায় অবস্থিত?**

a) কুড়িগ্রাম b) গাইবান্ধা
c) লালমনিরহাট d) রংপুর **ans. C**

**Solution:** দহগ্রাম ছিটমহলটি বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রামে অবস্থিত। এর আয়তন ৩৫ বর্গমাইল। বর্তমানে এটি একটি ইউনিয়ন। এটি উদ্বোধন করা হয় ১৯৮৯ সালের ১৯ আগস্টে। উল্লেখ্য, ছিটমহল দ্বারা এমন অঞ্চল বা ভূখণ্ডকে বোঝায় যা একটি স্বাধীন রাষ্ট্রের মূল ভূখণ্ডের অভ্যন্তরে বিচ্ছিন্ন অবস্থায় অবস্থিত অন্য কোনো স্বাধীন রাষ্ট্রের অন্তর্ভুক্ত এলাকা। বাংলাদেশের অভ্যন্তরে ভারতের ১১১টি এবং ভারতের অভ্যন্তরে। বাংলাদেশের ৫১টি সহ মোট ১৬২টি ছিটমহল ছিল। ১ আগস্ট, ২০১৫ সালে ভারত-বাংলাদেশের ছিটমহল বিনিময়ের ফলে সেখানের মানুষ ৬৮ বছরের অবরুদ্ধ এবং নাগরিকত্বহীনতা থেকে মুক্তি পায়।

**Q. ভোটার হিসেবে অন্তর্ভুক্তির যোগ্যতা সংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদ কোনটি?**

a) ১১৯ b) ১২০
c) ১২১ d) ১২২ **ans. D**

**Solution:** সংবিধানের সপ্তম ভাগ (নির্বাচন) এর ১২২নং অনুচ্ছেদে আছে 'ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা'। উল্লেখ্য, ১১৯নং অনুচ্ছেদে আছে, নির্বাচন কমিশনের দায়িত্ব', ১২০নং অনুচ্ছেদে আছে, 'নির্বাচন কমিশনের কর্মচারীগণ', ১২১নং অনুচ্ছেদে আছে, 'প্রতি এলাকার জন্য একটি মাত্র ভোটার-তালিকা'।

**Q. যুক্তরাষ্ট্রের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয়-**

a) হোয়াইট হল b) হোয়াইট হাইজ
c) পার্লামেন্ট d) ক্যাপিটাল হিল **ans. A**

**Solution:** যুক্তরাজ্যের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয় হোয়াইট হল। এটি লন্ডনে অবস্থিত ব্রিটিশ সরকারের কার্যালয় ও রানীর সাবেক বাসভবন। উল্লেখ্য, হোয়াইট হাউস হলো মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন।

**Q. সাগরকন্যা কোন এলাকার ভৌগলিক নাম?**

a) টেকনাফ b) কক্সবাজার
c) পটুয়াখালী d) খুলনা **ans. C**

**Solution:** পটুয়াখালীর ভৌগোলিক নাম 'সাগরকন্যা'। বাংলাদেশের আরো কিছু অঞ্চলের ভৌগোলিক নাম নিম্নে দেয়া হলো:

| উপনাম | প্রকৃত নাম |
|---|---|
| বাঁশের রানি | জোলা |
| বাংলার কুয়েত | খুলনা |
| সাগর ছাঁপ | জোলা |
| পাহাড়ি কন্যা | বান্দরবন |
| সাগর কন্যা | পটুয়াখালী |
| ঢাকের রাজধানী | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

**Q. ক্লাউড কম্পিউটিং (cloud computing) কী?**

a) ইন্টারনেট ভিত্তিক ডাটাস্টোরিং b) নেটওয়ার্কি সুবিধা
c) কৃত্রিম বুদ্ধিমত্তা d) উপরের সবগুলো **ans. A**

**Solution:** ক্লাউড কম্পিউটিং হলো ইন্টারনেট ভিত্তিক একটি কম্পিউটিং ব্যবস্থা যেখানে কম্পিউটারের সমস্ত ডেটা এবং সফটওয়্যার নিজের কম্পিউটারে না রেখে, ইন্টারনেটের মাধ্যমে বিভিন্ন অ্যাপ অথবা নেটওয়ার্কে জমা করে রাখা হয়। ক্লাউড কম্পিউটিং সিস্টেম শুধু ডেটা জমা করে রাখার সুবিধা দেয় না, বরং ইন্টারনেটের সাহায্যে এসব ডেটা ম্যানেজ, প্রসেস এবং অ্যাক্সেস করার সুবিধাও দিয়ে থাকে। ডেটা স্টোরেজ, সার্ভার, ডেটাবেস, নেটওয়ার্কিং এবং সফটওয়্যার এর মত টুলস এবং অ্যাপ্লিকেশন ক্লাউড কম্পিউটিং এর পরিষেবার অন্তর্ভুক্ত। এই ক্ষেত্রে, ক্লাউড ভিত্তিক স্টোরেজ ব্যবহারকারীদের ডেটা এবং ফাইল সমূহ রিমোট সার্ভারে সংরক্ষণ করে রাখে। ফলে, ব্যবহারকারীরা ইন্টারনেটের মাধ্যমে দূরবর্তী যেকোনো স্থানে বসে যেকোনো ডিভাইসের সাহায্যে সার্ভারে সঞ্চিত ফাইল অথবা অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করতে পারেন।

**Q. কতজন প্রতিনিধি নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত?**

a) ৯ b) ১২
c) ১৩ d) ১৫ **ans. C**

**Solution:** ইউনিয়ন পরিষদ গঠিত হয় ১৩জন প্রতিনিধি নিয়ে (১ জন চেয়ারম্যান, ৯টি ওয়ার্ডে ৯ জন সদস্য এবং সংরক্ষিত আসনে ৩জন নির্বাচিত নারী সদস্য নিয়ে)।

**Q. Representation of the people's Order, ১৯৭২ কোন ধরণের বিধান?**

a) জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত
b) নির্বাচন কমিশন গঠন সংক্রান্ত
c) সিটি কর্পোরেশন নির্বাচন সংক্রান্ত
d) রাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত **ans. A**

**Q. বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস প্রজনন কেন্দ্র কোনটি?**

a) হালদা নদী b) মহুরী নদী
c) কর্ণফুলী নদী d) সাঙ্গু নদী **ans. A**

**Solution:** বাংলাদেশের সবচেয়ে প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র হালদা নদী। উল্লেখ্য, হালদা নদী বাংলাদেশের পূর্ব পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি ১০৬ কিলোমিটার দীর্ঘ। নদীটি বাদনাতলী ইউনিয়নের পাহাড়ি এলাকা থেকে উৎপন্ন।

**Q. হাইটেক পার্ক কী?**

a) তথ্য প্রযুক্তি কেন্দ্র b) আধুনিক লাইব্রেরি
c) বিনোদন কেন্দ্র d) কোনটিই নয় **ans. A**

**Solution:** তথ্য প্রযুক্তি তথা আইটি সংক্রান্ত সকল ধরনের কাজ সম্পাদন করা, আইটিকে ব্যবসা হিসাবে প্রতিষ্ঠা করা, আইটি সেক্টরে সকল সুযোগ-সুবিধা তৈরি, তথ্য প্রযুক্তি সংক্রান্ত সকল আমদানী, রপ্তানীর সুবিধা সম্বলিত যে পার্ক গড়ে তোলা হয় তাকেই হাইটেক পার্ক বলে।

**Q. চ্যাটজিপিটি একটি**

a) প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ b) কৃত্রিম বুদ্ধিমত্তা
c) ম্যালওয়ার d) সোশ্যাল মিডিয়া **ans. B**

Recent Publication

**Solution:** চ্যাটজিপিটি একটি কৃত্রিম বুদ্ধিমত্তা। উল্লেখ্য, Chat GPT হল একটি প্রাক-প্রশিক্ষিত ভাষা মডেল যা OpenAI দ্বারা তৈরি এক ধরনের চ্যাটবট। এটি GPT-3 (জেনারেটিভ প্রি-ট্রেইনড ট্রান্সফরমার ৩) মডেলের একটি রূপ যা কথোপকথন এবং ভাষা বোঝার কাজ যেমনঃ টেক্সট জেনারেশন, প্রশ্নের উত্তর দেওয়া এবং ভাষা অনুবাদের জন্য সুপ্রশিক্ষিত। Chat GPT এর পূর্ণরূপ হল Chat Generative Pre-trained Transformer.

**Q. বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনে জনপ্রতিনিধি হওয়ার নূন্যতম বয়স কত?**

a) ১৮ বছর b) ২০ বছর
c) ২৫ বছর d) ৩৫ বছর **ans. C**

**Solution:** বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনে জনপ্রতিনিধি হওয়ার নূন্যতম বয়স ২৫ বছর। উল্লেখ্য, বাংলাদেশের সংবিধানের ৬৬(১) অনুযায়ী সংসদ সদস্য পদে নির্বাচনে প্রার্থী হওয়ার সর্বনিম্ন বয়স ২৫ বছর হতে হবে। আর সংবিধানের ৪৮(৪)ক অনুযায়ী রাষ্ট্রপতি হওয়ার সর্বনিম্ন বয়স ৩৫ বছর হতে হবে। সংবিধান অনুযায়ী প্রধান বিচারপতির অবসরসীমা ৬৭ বছর। সংবিধান অনুযায়ী PSC এর চেয়ারম্যানের অবসরসীমা ৬৭ বছর।

**Q. সর্বশেষ জনশুমারী অনুযায়ী বাংলাদেশের সাক্ষরতার হার কত?**

a) ৭৬.৫৬% b) ৭০.৪২%
c) ৭২.৮২% d) ৭৪.৬৬% **ans. D**

**Solution:** জনশুমারী ২০২২ অনুযায়ী বাংলাদেশের সাক্ষরতার হার ৭৪.৬৬% (পুরুষ ৭৭% এবং নারী ৭৬%)।

**Q. 'Leaving no one behind' কোনটির মূলনীতি?**

a) এমডিজি b) এসডিজি
c) রূপকল্প ২০২১ d) ডেল্টাপ্লান **ans. B**

## স্বাস্থ্য অধিদপ্তর

পদের নামঃ মেডিকেল টেকনিশিয়ান
তারিখঃ ১৫.০৪.২০২৩; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে রাজধানী ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল?**

a) ২ নম্বর b) ৩ নম্বর
c) ৮ নম্বর d) ৭ নম্বর **ans. A**

**Solution:** মহান মুক্তিযুদ্ধকালে ঢাকা শহর ২ নম্বর সেক্টরের অধীন ছিল। সেক্টর নং ০২: নোয়াখালী, কুমিল্লা, আখাউড়া, ভৈরব, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর। মেজর খালেদ মোশাররফ (এপ্রিল-সেপ্টেম্বর) কাপ্টেন এ.টি.এম. হায়দার (সেপ্টেম্বর-ডিসেম্বর) সেক্টর কমান্ডার ছিলেন।

**Q. কোন আন্তর্জাতিক সংস্থা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'ভ্যাকসিন হিরো' পদকে ভূষিত করে?**

a) GAVI b) UNESCO
c) UNICEF d) UNHCR **ans. A**

**Solution:** ২৩ সেপ্টেম্বর, ২০১৯ সালে টিকাদান কর্মসূচিতে বাংলাদেশের সফলতার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'ভ্যাকসিন হিরো' পুরস্কার দিয়েছে গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিনেশন এবং ইমিউনাইজেশন (জিএভিআই)।

**Q. জিডিপি অনুসারে বর্তমানে বাংলাদেশ পৃথিবীর কততম অর্থনীতির দেশ?**

a) ৩৩ তম b) ৩৪ তম
c) ৩৫ তম d) ৩৬ তম **ans. C**

**Solution:** বৈশ্বিক জিডিপির তালিকা অনুযায়ী বাংলাদেশের অর্থনীতির অবস্থান ৩৫তম। বাংলাদেশের জিডিপির আকার এ সময় ছিল ৪৬০ বিলিয়ন ডলার বা ৪৬ হাজার কোটি ডলার। বাংলাদেশের ঠিক আগেই রয়েছে সংযুক্ত আরব আমিরাত, মিসর ও অস্ট্রিয়ার মতো দেশ। আর ঠিক পরেই আছে মালয়েশিয়া, সিঙ্গাপুর ও ভিয়েতনাম।

**Q. পদ্মা নদীর উৎপত্তিস্থল কোথায়?**

a) মানস সরোবরে b) গঙ্গোত্রী হিমবাহে
c) নাগা-মনিপুরে d) লুসাই পাহাড়ে **ans. B**

**Solution:** পদ্মা নদীর উৎপত্তি হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ। পদ্মা নদী ভারতের গঙ্গা আর বাংলাদেশে পদ্মা নামে পরিচিত। পদ্মা নদী ভারতের কিছু জেলা অতিক্রম করে বাংলাদেশে রাজশাহী জেলা দিয়ে প্রবেশ করেছে।

**Q. বাল্টিক সাগরের তীরবর্তী দেশ কোনটি?**

a) ডেনমার্ক b) যুক্তরাজ্য
c) সুইডেন d) নরওয়ে **ans. C**

**Solution:** বাল্টিক সাগরের পশ্চিম তীরবর্তী দেশ সুইডেন। এর পূর্বতীরবর্তী দেশ সমূহ হলো ইস্তেনিয়া, লাতভিয়া, লিথুনিয়া ও ফিনল্যান্ড।

**Q. পদ্মা সেতু দিয়ে পরীক্ষামূলক ভাবে ভাঙ্গা থেকে মাওয়া পর্যন্ত ট্রেন চলে কবে?**

a) ৩ এপ্রিল b) ৪ এপ্রিল
c) ৫ এপ্রিল d) ৬ এপ্রিল **ans. B**

**Q. ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের দ্রুততম সেঞ্চুরি করা ক্রিকেটার কে?**

a) সাকিব আল হাসান b) তামিম ইকবাল
c) লিটন দাস d) মুশফিকুর রহিম **ans. D**

**Solution:** আয়ারল্যান্ডের বিপক্ষে ৬০ বলে সেঞ্চুরি করেন মুশফিকুর রহিম।

**Q. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'ঘরে ঘরে দূর্গ গড়ে তোলো - - -' এ ডাক দেন কবে?**

a) ২ মার্চ, ১৯৭১ b) ৭ মার্চ, ১৯৭১
c) ২৫ মার্চ, ১৯৭১ d) ২৬ মার্চ, ১৯৭১ **ans. B**

**Q. মুঘল সাম্রাজ্যের শেষ স্বাধীন সম্রাট কে ছিলেন?**

a) আওরঙ্গজেব b) জাহাঙ্গীর
c) বাহাদুর শাহ জাফর d) শের শাহ **ans. C**

**Solution:** সম্রাট বাহাদুর শাহ্ জাফর বা ২য় বাহাদুর শাহ্ (অক্টোবর ২৪, ১৭৭৫ - নভেম্বর ৭, ১৮৬২) মুঘল সাম্রাজ্যের শেষ সম্রাট।

Recent Publications

**Q. ইন্টারপোলের সদর দপ্তর কোথায়?**

a) যুক্তরাষ্ট্র b) জার্মানী
c) সুইজারল্যান্ড d) ফ্রান্স **ans. D**

**Solution:** ইন্টারপোল এর সদর দপ্তর লিওঁ, ফ্রান্সে অবস্থিত। প্রতিষ্ঠাকালীন এর সদর দপ্তর ছিলো ভিয়েনা, অস্ট্রিয়াতে। উল্লেখ্য, Interpol এর পূর্ণরূপ হলো International Criminal Police Organization বা আন্তর্জাতিক পুলিশ সংস্থা। Interpol নামকরণ করা হয়েছে International এর Inter এবং Police এর Pol নিয়ে। Interpol পরিচালিত হয় জেনারেল অ্যাসেম্বলি নামক একটি কমিটির মাধ্যমে। বাংলাদেশ ১৪ অক্টোবর ১৯৭৬ সালে Interpol এর সদস্যপদ লাভ করে।

**Q. আলেকজান্দ্রিয়া কোন দেশের সমুদ্র বন্দর?**

a) মিশর b) যুক্তরাষ্ট্র
c) বাহরাইন d) ইরান **ans. A**

**Solution:** মিশরের সমুদ্রবন্দরগুলো হলোঃ সুয়েজ, আলেকজান্দ্রিয়া, পোর্ট সৈয়দ।

**Q. এস্তোনিয়ার রাজধানী কোথায়?**

a) রিগা b) তাল্লিন
c) হেলসিংকী d) মিনস্ক **ans. B**

**Q. স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা কোথায় উত্তোলন করা হয়?**

a) ঢাকা বিশ্ববিদ্যালয়ে b) রেসকোর্স ময়দানে
c) জাতীয় স্মৃতিসৌধে d) মুজিব নগরে **ans. A**

**Solution:** ১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের পশ্চিম দিকের গেটে প্রথমবারের মতো পতাকা উত্তোলন করেন ছাত্রনেতা আ.স.ম আবদুর রব। আর দেশের বাইরে ভারতের কলকাতাস্থ বাংলাদেশ মিশনে এম. হোসেন আলী ১৮ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন।

**Q. এশীয় উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর কোথায়?**

a) নয়াদিল্লী b) টোকিও
c) ম্যানিলা d) জেদ্দা **ans. C**

**Solution:** ADB এর পূর্ণরূপ হলো Asian Development Bank. এর সদর দপ্তর ফিলিপাইনের ম্যানিলায় অবস্থিত।

**Q. স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম মুসলিম দেশ কোনটি?**

a) কুয়েত b) সৌদি আরব
c) ইরাক d) ইরান **ans. C**

**Solution:** বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দানকারী মুসলিম দেশ হলো সেনেগাল (১ ফেব্রুয়ারি ১৯৭২)। কিন্তু, প্রশ্নের অপশনগুলোর মধ্যে ইরাক স্বীকৃতি দেয় ৮ জুলাই ১৯৭২ সালে। তাই সঠিক উত্তর হবে অপশন *c*). উল্লেখ্য,

| | দেশ | তারিখ |
|---|---|---|
| প্রথম দেশ | ভুটান | ৬ ডিসেম্বর ১৯৭১ |
| আরব দেশ | ইরাক | ৮ জুলাই ১৯৭২ |
| উপসাগরীয় দেশ | কুয়েত | ৪ নভেম্বর ১৯৭৩ |
| ইউরোপীয় দেশ | পূর্ব জার্মানি | ১১ জানুয়ারি ১৯৭২ |
| উত্তর আমেরিকার দেশ | বার্বাডোস | ২০ জানুয়ারি ১৯৭২ |
| দক্ষিণ আমেরিকার দেশ | গেনিজুয়েলা | ২ মে ১৯৭২ |
| ওশেনিয়া দেশ | টোঙ্গা | ২৪ জানুয়ারি ১৯৭২ |
| এশীয় মুসলিম দেশ | ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া | ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ |

**Q. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড স্টেশন কোথায় অবস্থিত?**

a) গাজীপুর b) ঢাকা
c) বান্দরবান d) চট্টগ্রাম **ans. A**

**Solution:** বঙ্গবন্ধু ১ এর গ্রাউন্ড স্টেশন স্থাপন করা হয়েছে গাজীপুরের জয়দেবপুর ও রাঙামাটির বেতবুনিয়ায়।

**Q. মানুষের হৃদপিন্ডে কতটি প্রকোষ্ঠ থাকে?**

a) ২টি b) ৪টি
c) ৬টি d) ৮টি **ans. B**

**Solution:** মানুষের হৃদপিণ্ড সম্পূর্ণভাবে চারটি প্রকোষ্ঠে বিভক্ত। উপরের দুটি পাতলা প্রাচীরযুক্ত ডান ও বাম অলিন্দ এবং নিচের দুটি পুরু প্রাচীরযুক্ত ডান ও বাম নিলয়।

**Q. কোনটি এন্টিবায়োটিক?**

a) ইনসুলিন b) পেপসিন
c) পেনিসিলিন d) ইথিলিন **ans. C**

**Solution:** পেনিসিলিন হলো একটি অ্যান্টিবায়োটিক গ্রুপ। এদেরকে সাধারণত পেনিসিলিয়াম নামক ছত্রাক (প্রধানত পেনিসিলিয়াম ক্রাইসোজেনাম ও পেনিসিলিয়াম রুবেন্স) থেকে তৈরি করা হয়। বেশির ভাগ পেনিসিলিনই প্রাকৃতিক উপায়ে আহরণ করা হয়।

**Q. মানুষের রক্তের pH-**

a) ৭ b) ৭.৬
c) ৭.৪ d) ৭.৮ **ans. C**

**Solution:** মানুষের রক্ত এক ধরনের অস্বচ্ছ, সামান্য ক্ষারীয় আন্তঃকোষীয় তরল যোজক কলা। মানুষের রক্তের pH হলো ৭.২ - ৭.৪। কিন্তু অধিক গ্রহণযোগ্য মান ৭.৪। রক্তের উপাদান দুটি। যথাঃ রক্তরস ( ৫৫%) এবং রক্তকণিকা (৪৫%)।

**Q. দূরবর্তী স্থানে ইন্টারনেট সংযোগ দিতে কোনটি ব্যবহৃত হয়?**

a) DSL b) Modem
c) Satellite d) Dial Up **ans. C**

**Solution:** দূরবর্তী স্থানে ইন্টারনেট সংযোগ দিতে স্যাটেলাইট ব্যবহৃত হয়। আর Digital Subscriber Line (DSL) এ টেলিফোন তারের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়।

## পরিবেশ অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক
তারিখঃ ২৮.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. মুজিবনগর সরকার গঠিত হয় কত তারিখ?**

a) ১৭.০৪.১৯৭১ b) ০৭.০৪.১৯৭১
c) ১০.০৪.১৯৭১ d) ২৬.০৩.১৯৭১ **ans. C**

**Solution:** বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠন করা হয়েছিল ১০ এপ্রিল ১৯৭১ সালে। ১৯৭১ সালের ১৭ই এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবের-পাড়া গ্রামের আমবাগানে ঐ অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন আব্দুল মান্নান।

Recent Publication

**Q. বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?**

a) জাতীয় সংসদ b) শাসন বিভাগ
c) সুপ্রীম কোর্ট d) আইন মন্ত্রণালয় **ans. C**

**Solution:** উন্নয়নের জন্য গণতন্ত্র ও সুশাসনের বিকল্প নেই। আর গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠার জন্য নির্বাহী, আইন ও বিচার- এই তিন বিভাগের মধ্যে সম্পর্ক ও সমন্বয় খুবই জরুরি। সুপ্রিম কোর্ট সংবিধানের রক্ষক এবং চূড়ান্ত ব্যাখ্যা প্রদানকারী প্রতিষ্ঠান। সংবিধানের ১১১ অনুচ্ছেদ অনুযায়ী আপিল বিভাগ, সংবিধান ও আইনের যে ব্যাখ্যা প্রদান করে তা দেশের সব আদালতের জন্য বাধ্যতামূলক। শান্তি ও সঙ্কটে বাংলাদেশ সুপ্রিম কোর্ট সংবিধানের অভিভাবক ও রক্ষক হিসেবে মর্যাদাপূর্ণ ভূমিকা পালন করছে।

**Q. বাংলাদেশের আদমশুমারি প্রথম কবে অনুষ্ঠিত হয়?**

a) ১৯৭১ সালে b) ১৯৭৩ সালে
c) ১৯৭৫ সালে d) ১৯৭৪ সালে **ans. D**

**Solution:** বাংলাদেশে প্রথম আদমশুমারী হয় ১০-১৮ মে, ১৯৭৪ সালে। বাংলাদেশে এ পর্যন্ত আদমশুমারি হয় ৬ বার ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১, ২০২২।

**Q. বাংলাদেশের কোনটি ব্যাংক নোট নয়?**

a) ২ টাকা b) ১০ টাকা
c) ৫০ টাকা d) ১০০ টাকা **ans. A**

**Solution:** ১, ২ এবং ৫ টাকার নোট ব্যাংক নোট নয়। এই তিন নোটে অর্থ সচিবের সাক্ষর থাকে। বাকি নোটগুলো ব্যাংক নোট। নোটগুলোতে গভর্নরের সাক্ষর থাকে।

**Q. টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা কয়টি?**

a) ১১টি b) ১৭টি
c) ১৫ টি d) ১৯ টি **ans. B**

**Solution:** জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য ১৭টি এবং ১৬৯টি লক্ষ্যমাত্রা রয়েছে। উল্লেখ্য, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০১৬ - ২০৩০ পর্যন্ত ১৫ বছর নির্ধারণ করা হয়েছে।

**Q. জেনেভা কনভেশন হলো -**

a) মানবাধিকার চুক্তি b) সামরিক চুক্তি
c) যুদ্ধ চুক্তি d) অর্থনৈতিক চুক্তি **ans. C**

**Solution:** সুইজারল্যান্ডের অন্যতম শহর জেনেভায় এ পর্যন্ত মোট ৪টি মানবহিতৈষী আন্তর্জাতিক সম্মেলন (১৮৬৪, ১৯০৬, ১৯২৯, ১৯৪৯ সালে) অনুষ্ঠিত হয়। সর্বশেষ জনহিতকর বা মানবহিতৈষী সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯৪৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর। পৃথিবীর ৫৮টি দেশের প্রতিনিধিরা এ সম্মেলনে অংশগ্রহণ করেন। এ সম্মেলনে যুদ্ধবন্দি ও যুদ্ধাহত ব্যক্তিদের সাথে আচরণবিধির ওপর ৪টি আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তি ৪টি একত্রে 'জেনেভা কনভেনশন' নামে পরিচিত। এ চুক্তিতে বলা হয় যে, যুদ্ধবন্দিদের প্রতি মানবিক আচরণ করতে হবে, কোনো তথ্য উদ্ঘাটনের জন্য তাদের ওপর কোনো প্রকার শারীরিক বা মানসিক নির্যাতন চাপিয়ে দেয়া যাবে না, বন্দি হওয়ার পরপরই তাদের বিপজ্জনক এলাকা থেকে সরিয়ে নিতে হবে; অসুস্থ এবং যুদ্ধাহত বন্দিদের জাতীয়তা-ধর্ম-বর্ণ-রাজনৈতিক বিশ্বাস ইত্যাদি নির্বিশেষে খাদ্য, বস্ত্র ও চিকিৎসার সমান সুযোগ দিতে হবে, বন্দিদের প্রতি স্বসৈন্যদের ন্যায় আচরণ করতে হবে, যেসব যানবাহন বা উড়োজাহাজ চিকিৎসা সরঞ্জাম বা আহতদের বহন করছে সেসব যানবাহন বা উড়োজাহাজের নিরাপত্তা বিধান করতে হবে, বন্দিকারীরা সাধারণ বন্দিদের যুদ্ধবহির্ভূত কাজে লাগাতে পারবেন, তবে তা অমানবিক বা মাত্রাতিরিক্ত হতে পারবে না ইত্যাদি।

**Q. নারী বিষয়ক পত্রিকা 'বেগম' এর প্রথম সম্পাদক কে?**

a) নূরজাহান বেগম b) সুফিয়া কামাল
c) মুশতারী শফী d) সেলিনা হোসেন **ans. B**

**Solution:** 'বেগম পত্রিকা'র প্রতিষ্ঠাতা সম্পাদিকা ছিলেন বেগম সুফিয়া কামাল। পরবর্তীতে পত্রিকাটির সম্পাদনা শুরু করেন নূরজাহান বেগম। 'বেগম' এর প্রথম সংখ্যা ছাপা হয়েছিল ৫০০ কপি ও এর মূল্য ছিল চার আনা। ১৯৪৮ সালে কলকাতায় প্রথম 'ঈদসংখ্যা বেগম' প্রকাশিত হয়।

**Q. দূর থেকে আমরা কোন রং আগে দেখতে পাই?**

a) নীল b) সবুজ
c) হলুদ d) লাল **ans. D**

**Solution:** দৃশ্যমান আলোকরশ্মির মধ্যে লাল আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি।

**Q. BIMSTEC কোন ধরনের প্রতিষ্ঠান?**

a) সামরিক b) অর্থনৈতিক
c) রাজনৈতিক d) সাংবিধানিক **ans. B**

**Solution:** ৬ জুন ১৯৯৭ সালে থাইল্যান্ডের ব্যাংককে অর্থনৈতিক সম্ভাবনাময় ক্ষেত্রগুলো থেকে পূর্ণ সুবিধা ভোগ করার লক্ষ্যে সদস্য রাষ্ট্রগুলোর সাথে বৃহত্তর অর্থনৈতিক সহযোগিতা জোট Bay of Bengal Initiative for Multi Sectoral Technical and Economic Co-operation (BIMSTEC) গঠিত হয়। এর সদর দপ্তর ঢাকায়।

**Q. পদ্মা সেতুতে কয়টি স্প্যান আছে?**

a) ৪৫ টি b) ৪১ টি
c) ৫০ টি d) ৪৯ টি **ans. B**

**Solution:** পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মিটার। উল্লেখ্য, পদ্মা সেতুর পিলার বা খুঁটির সংখ্যা ৪২টি এবং স্প্যানের সংখ্যা ৪১টি আর লেন হলো ৪টি।

## বন অধিদপ্তর

পদের নাম: বন প্রহরী
তারিখ: ২৮.০৪.২০২৩; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ৬০

**Q. কোন রংয়ের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়?**

a) সাদা b) কালো
c) লাল d) ধূসর **ans. B**

**Solution:** কালো রঙের বস্তু তাপ শোষণ ও বিকিরণ ক্ষমতা অধিক। কাজেই কালো রঙের চায়ের কাপ হতে দ্রুত তাপ বিকিরিত হয়ে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়ে যায়। অন্যদিকে

Recent Publications

সাদা রঙের বস্তুর তাপ বিকিরণ করার ক্ষমতা খুবই কম। সেজন্য সাদা রঙের চায়ের কাপে ধীরে ধীরে তাপ বিকিরিত হয় এবং চা বেশিক্ষণ গরম থাকে।

**Q. টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা কয়টি?**

a) ১৮টি b) ২০টি
c) ১৭টি d) ১৬টি **ans. C**

**Solution:** টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা (SDG) এর মেয়াদ ২০১৬-৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

**Q. প্রথম শহিদ মিনার উদ্বোধন করা হয় ফেব্রুয়ারির কত তারিখে?**

a) ২১ b) ২২
c) ২৩ d) ২৪ **ans. D**

**Solution:** ২৪ ফেব্রুয়ারি সকালে ভাষাশহীদ শফিউরের বাবা অনানুষ্ঠানিকভাবে ওই শহীদ মিনারটির উদ্বোধন করেন। পরে ২৬ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে শহীদ মিনারটি উদ্বোধন করেন আবুল কালাম শামসুদ্দিন। বায়ান্নর একুশে ফেব্রুয়ারির রক্তাক্ত প্রহরের দুই দিন পর ২৩ ফেব্রুয়ারি রাতে আন্দোলনরত শিক্ষার্থীরা তৈরি করেন প্রথম শহীদ মিনার। সাঈদ হায়দার ছিলেন ওই শহীদ মিনারের নকশাকার।

**Q. রাষ্ট্র গঠনের মূল উপাদান কয়টি?**

a) ৪ b) ৩
c) ৫ d) ৬ **ans. A**

**Solution:** রাষ্ট্রের চারটি উপাদান হচ্ছে জনসমষ্টি, নির্দিষ্ট ভূখণ্ড, সরকার ও সার্বভৌমত্ব। রাষ্ট্র গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় উপাদান হচ্ছে সার্বভৌমত্ব।

**Q. পানি যখন ফুটতে থাকে তখন তার উষ্ণতার কী পরিবর্তন ঘটে?**

a) বাড়তে থাকে b) কমতে থাকে
c) একই থাকে d) কমবেশী হয় **ans. C**

**Solution:** পানি যখন ফুটতে থাকে তার উষ্ণতা একই থাকে। ক্রটনাঙ্ক হলো একটি তাপমাত্রা যাতে চাপের সাথে তরল পদার্থ বাষ্পে পরিণত হয়। অতঃএব, যে তাপমাত্রায় কোন তরল পদার্থ বাষ্পে পরিণত হতে শুরু করে তাকে উক্ত পদার্থের 'স্ফুটনাঙ্ক' বলা হয়। তাপ প্রয়োগের মাধ্যমে তরলের তাপমাত্রা বৃদ্ধি করতে থাকলে এক পর্যায়ে তাপমাত্রা স্থির হয়ে যায়।

**Q. সাতজন বীরশ্রেষ্ঠ এর মধ্যে প্রথম কে শহিদ হন?**

a) মোস্তফা কামাল b) রুহুল আমিন
c) মুন্সী আব্দুর রব d) মতিউর রহমান **ans. C**

**Solution:** বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বপ্রথম শহিদ হন ল্যান্সনায়েক বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ ৮ এপ্রিল ১৯৭১ সালে (রাঙামাটি জেলার নানিয়ার চর উপজেলার বুড়িঘাট এলাকার চিংড়ি খালের পাড়ে)। সিপাহি মোস্তফা কামাল শহিদ হন ১৮ এপ্রিল, ১৯৭১ সালে (দরুইন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া)। আর সর্বশেষ শহিদ হন ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে (রেহাইচর, চাঁপাইনবাবগঞ্জ)। উৎস: মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট।

**Q. বাংলাদেশের প্রথম ভৌগলিক নির্দেশক পণ্য কোনটি?**

a) মসলিন b) শীতল পাটি
c) জামদানি d) ইলিশ **ans. C**

**Solution:** কোনো একটা দেশের মাটি, পানি, আবহাওয়া ও মানুষের সৃজনশীলতা মিলে কোনো পণ্য তৈরি হলে তাকে বলা হয় সেই দেশের ভৌগোলিক নির্দেশক (জিওগ্রাফিক্যাল ইনডিকেশন বা জিআই) পণ্য। শুধু বাংলাদেশেই উৎপাদিত হয় এমন ১৫টি পণ্য আন্তর্জাতিক মেধাস্বত্ব কর্তৃপক্ষ থেকে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। বাংলাদেশে প্রথম বারের মতো জি-আই পণ্য হিসাবে ২০১৬ সালে স্বীকৃতি পেয়েছিল জামদানি।

**Q. কোনটি গ্রিন হাউজ গ্যাস?**

a) নাইট্রোজেন b) অক্সিজেন
c) কার্বন ডাই অক্সাইড d) হাইড্রোজেন **ans. C**

**Solution:** কার্বন-ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস-অক্সাইড, ওজোন ও পানির বাষ্প-এই কয়টি বায়বীয় পদার্থগুলিকে গ্রিন হাউস গ্যাস বলা হয় কারণ এরা পৃথিবীর জন্য একটি গ্রিন হাউস হিসেবে কাজ করছে।

**Q. কোন নদীর উৎপত্তি সিকিমের পাহাড় এলাকা থেকে?**

a) তিস্তা b) মেঘনা
c) পদ্মা d) কর্ণফুলী **ans. A**

**Solution:** তিস্তা নদীর উৎপত্তি হলো ভারতের পার্বত্য অঙ্গরাজ্য সিকিম হতে। আর পদ্মা নদীর উৎপত্তি হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ থেকে। মেঘনা নদীর উৎপত্তি আসামের বরাক পাহাড় হতে। ব্রহ্মপুত্রের উৎস হলো হিমালয় পর্বতের মানস সরোবর হতে।

**Q. সাগর মহাসাগর কোন ধরনের সম্পদ?**

a) ব্যক্তিগত b) সমষ্টিগত
c) আন্তর্জাতিক d) জাতীয় **ans. C**

**Q. পূর্ববাংলার মুক্তি সনদ কোনটি?**

a) ভাষা আন্দোলন b) ১৯৬৯ এর গণঅভ্যুত্থান
c) ছয় দফা আন্দোলন d) ২১ দফা **ans. C**

**Solution:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে বাঙালি জাতির মুক্তির সনদ নামে খ্যাত ঐতিহাসিক ছয় দফা ঘোষণা করেন।

**Q. পরিবার গঠনের পূর্বশর্ত কোনটি?**

a) মূল্যবোধ b) বিবাহ
c) নিয়মনীতি d) আত্মীয়তা **ans. B**

**Q. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?**

a) সি b) বি
c) কে d) ডি **ans. C**

**Solution:** ভিটামিন কে ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে। উল্লেখ্য, রক্তে ফাইব্রিনোজেন, প্রোথ্রোম্বিন, অনুচক্রিকা, থ্রম্বোপ্লাস্টিন ও ক্যালসিয়াম আয়ন থাকে। যখন কোন স্থান কেটে যায় তখন ফাইব্রিনোজেন ও

Recent Publication

অন্যান্য উপাদান মিলে জালকের মতো আবরণী তৈরি করে। এ প্রক্রিয়ার জন্য আরও বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ এবং ভিটামিন কে ও ক্যালসিয়াম আয়ন জড়িত থাকে। তবে রক্ত জমাট বাঁধার জন্য কোন হরমোনের প্রয়োজন নেই।

**Q. কীসের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়?**

a) প্রতিফলন b) প্রতিসরণ
c) প্রতিধ্বনি d) প্রতিসারন্ধ **ans. C**

**Solution:** প্রতিধ্বনির সাহায্যে সমুদ্রের গভীরতা বা কোনো কূপের গভীরতা সহজে নির্ণয় করা যায়। তবে সমুদ্রের গভীরতা মাপতে সমুদ্রের লোনা পানিতে শব্দের বেগ জানা থাকতে হবে। সোনার (SONAR) নামক যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা জানা যায়।

**Q. বাংলা একাডেমি কোন সালে প্রতিষ্ঠিত হয়?**

a) ১৯৬৫ b) ১৯৫৫
c) ১৯৭২ d) ১৯৫২ **ans. B**

**Solution:** বাংলা একাডেমি ১৯৫৫ খ্রিষ্টাব্দের ৩ ডিসেম্বর (১৭ অগ্রহায়ণ, ১৩৬২ বঙ্গাব্দ) প্রতিষ্ঠিত হয়। বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা, গবেষণা ও প্রচারের লক্ষ্যে তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমান বাংলাদেশে) এই একাডেমি প্রতিষ্ঠা করা হয়। রাষ্ট্রভাষা আন্দোলন-পরবর্তী কালের প্রেক্ষাপটে বাংলা একাডেমি প্রতিষ্ঠার দাবি ওঠে। তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন 'বর্ধমান হাউজ'-এ এই একাডেমির সদর দপ্তর স্থাপিত হয়। একাডেমির 'বর্ধমান হাউজে' একটি 'ভাষা আন্দোলন জাদুঘর' আছে।

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নামঃ ইলেকট্রিশিয়ান
তারিখঃ ০৫.০৫.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

**Q. ১০০ ওহম রোধের বৈদ্যুতিক বর্তনীতে ২.২ অ্যাম্পিয়ার কারেন্ট প্রবাহিত হলে সরবরাহ ভোল্টেজ কত?**

a) ২৪০ ভোল্ট b) ২২০ ভোল্ট
c) ২৩০ ভোল্ট d) ২২০ ভোল্ট **ans. D**

**Q. কারেন্টের একক কোনটি?**

a) ভোল্ট b) ওহম
c) অ্যাম্পিয়ার d) ফ্যারাড **ans. C**

**Solution:** কারেন্টের একক হলো অ্যাম্পিয়ার। উল্লেখ্য,

| | |
|---|---|
| আপেক্ষিক রোধের একক = ওহম-মিটার | CGS পদ্ধতিতে সৈর্ঘ্যের একক = সেন্টিমিটার |
| CGS পদ্ধতিতে ভরের একক = গ্রাম | তড়িৎ প্রবাহের একক = অ্যাম্পিয়ার |
| CGS পদ্ধতিতে বলের একক = ডাইন | বলের একক = নিউটন |
| তড়িৎ প্রবাহের ব্যবহারিক একক = নিউটন/ কুলম্ব | পদার্থের তর পরিমাপের আন্তর্জাতিক একক = কিলোগ্রাম |
| উজ্জ্বলতার একক = ওয়াট | চাপের একক = প্যাসকেল |
| বৈদ্যুতিক ক্ষমতার একক = ওয়াট | তাপের একক = জুল |

**Q. LED এর পূর্ণরূপ কোনটি?**

a) Light Emitting Diode
b) Light Emission Diode
c) Light Energy Diode
d) None of these **ans. A**

**Solution:** আলোক নিঃসারক ডায়োডকে ইংরেজিতে বলা হয় Light Emitting Diode. গ্যালিয়াম আর্সেনাইড ফসফাইড অর্ধপরিবাহক পদার্থের তৈরি একটি সম্মুখী ঝোঁক বিশিষ্ট P-n জাংশন ডায়োড দিয়ে আলোক নিঃসারক ডায়োড (LED) তৈরি করা হয়। সাধারণ বা স্বাভাবিক ডায়োডের মতোই ইলেকট্রন তাড়িত হয়ে P অঞ্চলে এবং হোল তাড়িত হয়ে n-অঞ্চলে প্রবেশ করে। ইলেকট্রন হোল যুগলের পুনর্মিলনে অতিরিক্ত শক্তি উৎপন্ন করে। যা আলো হিসেবে নিঃসৃত হয়। আলোর তীব্রতা অন্তর্গামী প্রবাহের সমানুপাতিক।

**Q. ইলেকট্রন প্রবাহের হার বলে**

a) কারেন্ট b) ভোল্টেজ
c) রেজিস্ট্যান্স d) কন্ডাকট্যান্স **ans. A**

**Q. সেমিকন্ডাক্টর জাতীয় পদার্থ হলো**

a) রাবার b) কপার
c) সিলিকন d) দস্তা **ans. C**

**Q. আমাদের দেশের বাসা বাড়ির বৈদ্যুতিক লাইনের বিভব পার্থক্য কত?**

a) 230v b) 130v
c) 220v d) 120v **ans. C**

**Q. শর্ট সার্কিট হলে কী হয়?**

a) কারেন্ট বাড়ে b) রেজিস্ট্যান্স বাড়ে
c) ইন্ডাকট্যান্স বাড়ে d) ভোল্টেজ বাড়ে **ans. A**

**Solution:** কোন কারণে বিপরীতধর্মী তড়িতের দুটি লাইনের মধ্যে সরাসরি সংযোগ ঘটলে সমগ্র লাইনের রোধ খুব কমে যায়। ফলে লাইনে তড়িৎ প্রবাহ হঠাৎ খুব বেড়ে যায়। এতে প্রচুর তাপ উৎপন্ন হয় এবং লাইনে আগুন ধরে যায়। একে শর্ট সার্কিট বলে।

**Q. ইন্ডাকশন মোটর কত প্রকার?**

a) ৩ b) ৪
c) ৫ d) ২ **ans. D**

**Q. এসি-কে ডিসি-তে রূপান্তরকরণের উপাদানের নাম কি?**

a) কম্যুটেটর b) ইনভার্টার
c) ক্যাপাসিটর d) স্টার্টার **ans. Note**

**Solution:** এসি-কে ডিসি-তে রূপান্তরকরণের উপাদানের নাম হলো Rectifier. উল্লেখ্য, Rectifier এমন একটি ডিভাইস যা এসি কারেন্টকে ডিসি কারেন্টে রূপান্তরিত করে এবং যে প্রক্রিয়ার মাধ্যেমে এসি কারেন্টকে ডিসি কারেন্টে রূপান্তরিত করা হয় যায় সেই প্রক্রিয়াকে Rectification বলে। Rectification প্রক্রিয়া ডায়োডের মাধ্যেম করা হয় বলে ডায়োডকে Rectifier বলা হয়।

**Q. বৈদ্যুতিক পাখার সংযোগের পর পাখাটি উল্টোদিক ঘুরলে কোনটির সংযোগ পরীক্ষা করতে হবে?**

a) রেগুলেটার b) সুইচ
c) ক্যাপাসিটর d) সবগুলো **ans. C**

**Q. প্লি-পিন সকেটের একটি পিন বড় রাখা হয় কেন?**

a) আর্থিং পয়েন্ট সহজে চেনার জন্য।
b) লিকেজ কারেন্ট দ্রুত মাটিতে নিয়ে যাওয়ার জন্য।
c) সংযোগ ঠিকমতো হওয়ার জন্য।
d) সবগুলো **ans. D**

Recent Publications

হতে হবে। আর সংবিধানের ৪৮(৪)ক অনুযায়ী রাষ্ট্রপতি হওয়ার সর্বনিম্ন বয়স ৩৫ বছর হতে হবে। সংবিধান অনুযায়ী প্রধান বিচারপতির অবসরসীমা ৬৭ বছর। সংবিধান অনুযায়ী PSC এর চেয়ারম্যানের অবসরসীমা ৬৭ বছর।

**Q. সর্বশেষ জনশুমারী অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?**

a) ১.২২% b) ১.১৪%
c) ২.১১% d) ১.৭৪% ***ans.* A**

***Solution:*** জনশুমারি ২০২২ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১.২২ শতাংশ।

**Q. 'Leaving no one behind' কোনটির মূলনীতি?**

a) এমডিজি b) এসডিজি
c) রূপকল্প ২০২১ d) ডেল্টাপ্লান ***ans.* B**

***Solution:*** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) হচ্ছে ভবিষ্যত বৈশ্বিক ও আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত কিছু লক্ষ্যমাত্রা, যা জাতিসংঘ প্রণয়ন করেছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস) মেয়াদ ২০১৫ সালে শেষ হয়ে যাওয়ার পর, সেগুলো টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের দ্বারা প্রতিস্থাপিত হয়েছে। SDGs এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। ২৫-২৭ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক UN Sustainable Development Summit এ বিভিন্ন দেশের সরকার প্রধানদের আলোচনার মধ্যমে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সম্মেলনের বিষয়বস্তু ছিলো Transforming our world: The 2030 Agenda for Sustainable Development.

## বাংলাদেশ নির্বাচন কমিশন

পদের নামঃ স্টোর কিপার
তারিখঃ ০৭.০৪.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

**Q. মুজিবনগর সরকার গঠিত হয় কত তারিখে?**

a) ১৭ এপ্রিল ১৯৭১ b) ২৭ এপ্রিল ১৯৭১
c) ১০ এপ্রিল ১৯৭১ d) ৭ এপ্রিল ১৯৭১ ***ans.* C**

***Solution:*** যুদ্ধরত স্বাধীন বাংলাদেশকে পরিচালনা এবং মুক্তিযুদ্ধে নেতৃত্বদানের জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল অস্থায়ী সরকার গঠন করা হয়, যা মুজিবনগর সরকার নামে পরিচিত। কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার ভবেরপাড়া ইউনিয়নের বৈদ্যনাথতলা গ্রামের আমবাগানে ১৯৭১ সালের ১৭ এপ্রিল অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে।

**Q. ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?**

a) ওয়াশিংটন ডিসি b) লন্ডন
c) লিও d) প্যারিস ***ans.* C**

***Solution:*** ইন্টারপোল এর সদর দপ্তর লিওঁ, ফ্রান্সে অবস্থিত। প্রতিষ্ঠাকালীন এর সদর দপ্তর ছিলো ভিয়েনা, অস্ট্রিয়াতে। উল্লেখ্য, Interpol এর পূর্ণরূপ হলো International Criminal Police Organization বা আন্তর্জাতিক পুলিশ সংস্থা। Interpol নামকরণ করা হয়েছে International এর Inter এবং Police এর Pol নিয়ে। Interpol পরিচালিত হয় জেনারেল অ্যাসেম্বলি নামক একটি কমিটির মাধ্যমে। বাংলাদেশ ১৪ অক্টোবর ১৯৭৬ সালে Interpol এর সদস্যপদ লাভ করে।

**Q. বাংলাদেশের বৃহত্তম হাওরের নাম কী?**

a) হাকালুকি b) হাইচর
c) টাঙ্গুয়ার হাওর d) চলনবিল ***ans.* A**

***Solution:*** দেশের বৃহত্তম হাওর হলো 'হাকালুকি হাওর'। এটি সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ ও বিয়ানিবাজার এবং মৌলভীবাজার জেলার বড়লেখা, ও কুলাউড়া উপজেলায় অবস্থিত। এর আয়তন ২৪,২৯২ হেক্টর। আর ক্ষুদ্রতম হাওর হলো 'বুরবুক হাওর'। এটি সিলেটের জৈন্তাপুর অবস্থিত। এর আয়তন ৪১ হেক্টর।
উল্লেখ্য, 'চলন বিল' পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী ও নাটোর জেলায় বিস্তৃত। এর আয়তন ৩৬৮ বর্গকিলোমিটার

**Q. কোনটি নবায়নযোগ্য শক্তির উৎস?**

a) তেল b) গ্যাস
c) কয়লা d) সমুদ্রের ঢেউ ***ans.* D**

***Solution:*** সৌরশক্তি, বায়ুশক্তি, সমুদ্রস্রোত, পারমাণবিক শক্তি ইত্যাদি হতে নবায়নযোগ্য শক্তি পাওয়া যায়। এ শক্তির উৎস অফুরন্ত, একবার ব্যবহারের পর শক্তিউৎস নিঃশেষ হয়ে যায় না। সৌরশক্তি নবায়নযোগ্য শক্তির প্রধান উৎস।

**Q. জাতীয় পাবলিক সার্ভিস ডে কবে?**

a) ২৩ জুন b) ২০ জুলাই
c) ১ জুলাই d) ২২ সেপ্টেম্বর ***ans.* Note**

***Solution:*** প্রতি বছর ২৩ জুলাই জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস পালন করা হয়।

**Q. অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ কত?**

a) জুলাই ২০২২ থেকে জুন ২০২৭
b) জুলাই ২০২০ থেকে জুন ২০২৫
c) জুলাই ২০১৭ থেকে জুন ২০২২
d) জুলাই ২০২১ থেকে জুন ২০২৬ ***ans.* B**

***Solution:*** উন্নয়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবর্তক রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট স্ট্যালিন (১৯২১ সালে)। বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহঃ

| পরিকল্পনা | মেয়াদকাল |
|---|---|
| প্রথম | ১৯৭৩-৭৮ |
| দ্বিতীয় | ১৯৮০-৮৫ |
| তৃতীয় | ১৯৮৫-৯০ |
| চতুর্থ | ১৯৯০-৯৫ |
| পঞ্চম | ১৯৯৭-০২ |
| ষষ্ঠ | ২০১১-১৫ |
| সপ্তম | ২০১৬-২০ |
| অষ্টম | ২০২০-২৫ |

**Q. বাংলাদেশের জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন কোনটি?**

a) ৩০ b) ৪৫
c) ৫০ d) ৫৫ ***ans.* C**

***Solution:*** বাংলাদেশের জাতীয় সংসদের সর্বমোট আসন সংখ্যা ৩৫০ জন। এর মধ্যে সরাসরি নির্বাচিত ৩০০ জন এবং বাকি ৫০ জন নারী সদস্য সংরক্ষিত আসন হতে নির্বাচিত হয়।

Recent Publication